ART. 11. A ship which is being overtaken by another shall show from her stern to such last-mentioned ship a white light or a flare-up light.

Sound Signals for Fog, &c.

ART. 12. A steam-ship shall be provided with a steam whistle, or other efficient steam sound signal, so placed that the sound may not be intercepted by any obstructions, and with an efficient fog horn to be sounded by bellows or other mechanical means, and also with an efficient bell. A sailing ship shall be provided with a similar fog horn and bell.

In fog, mist, or falling snow, whether by day or night, the signals described in this Article shall be used as follows, that is to say—

(a)—A steam-ship under way shall make with her steam whistle, or other steam sound signal, at intervals of not more than two minutes, a prolonged blast.

(b)—A sailing ship under way shall make with her fog horn, at intervals of not more than two minutes, when on the starboard tack one blast, when on the port tack two blasts in succession, and when with the wind abaft the beam three blasts in succession.

(c)—A steam ship and a sailing ship when not under way shall, at intervals of not more than two minutes, ring the bell.

Speed of Ships to be moderate in Fog, &c.

ART. 13. Every ship, whether a sailing ship or steam-ship, shall in a fog, mist, or falling snow go at a moderate speed.

Seering and Sailing Rules.

ART. 14. When two sailing ships are approaching one another, so as to involve risk of collision, one of them shall keep out of the way of the other as follows, viz.—

(a)—A ship which is running free shall keep out of the way of a ship which is close-hauled.

৯ ধারা। আড়কাঠীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাঠীর কর্ম্ম করিতে নিযুক্ত থাকিলে, অন্য জাহাজে যেং আলোক জ্বালিয়া রাখিতে হয় সেইং আলোক জ্বালিয়া রাখিবে না, কিন্তু দিঙ্মণ্ডলের সকল দিক্ হইতে দেখা যায় এরূপ একটি শাদা আলোক মাস্তুলের মাথায় জ্বালিয়া রাখিবে, এবং পনের মিনিটের অনধিক সময়ান্তরে এক বা একাধিক অত্যুজ্জ্বল আলোকও দেখাইবে।

আড়কাঠীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাঠীর কর্ম্ম করিতে নিযুক্ত না থাকিলে, অন্যান্য জাহাজের ন্যায় আলোক জ্বালিয়া রাখিবে।

১০ ধারা। মৎস্যধরিবার খোলা নৌকা ও অন্য প্রকারের খোলা নৌকা যৎকালে চলিতে থাকে, অন্য জাহাজাদির ন্যায়, তাহাতে পার্শ্বালোক জ্বালিয়া রাখিতে হইবে না; কিন্তু উহার পরিবর্ত্তে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে; এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থ যথাকালে ঐ লাণ্ঠন এরূপে দেখাইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা যাইবে না।

(খ) মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা লঙ্গর ফেলিয়া থাকিলে একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

(গ) মৎস্য ধরিবার জাহাজাদি মৎস্য ধরণার্থে জাল ফেলিয়া গড়াইয়া দিয়া যাইবার সময়ে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি লাল আলোক জ্বালিয়া রাখিবে।

(ঘ) ট্রলর অর্থাৎ যে জাহাজাদি টানা জাল ফেলিয়া যায় তাহা যৎকালে উক্ত কার্য্যে নিযুক্ত থাকে তাহাতে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি আলোক জ্বালিয়া রাখিতে হইবে। উপরের আলোকটি লাল ও নীচের আলোকটি সবুজ রঙ্গের হইবে। আর তাহাতে অন্য জাহাজাদির ন্যায় পার্শ্বালোকও রাখিতে হইবে; অথবা পার্শ্বালোক রাখিতে না পারা গেলে, ৭ ধারার বিধানমতে রঞ্জিণ আলোক অথবা এই ধারার (ক) প্রকরণমত লাল ও সবুজ রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

(ঙ) মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটী অত্যুজ্জ্বল আলোক ও ব্যবহার করিতে চাহিলে, তাহা নিবারণ করা যাইবে না।

(চ) সমুদ্রে মৎস্য ধরণ বিষয়ক ১৮৬৮ সালের ইঙ্গলণ্ডীয় আইনের তফসীলে ফ্রান্সের সহিত ইঙ্গলণ্ডের যে সন্ধিপত্র প্রদত্ত হইয়াছে. তাহার ১২ ও ১৩ ও ১৪ ধারার লিখিত আলোকের পরিবর্ত্তে এই ধারার লিখিত আলোক দিতে হইবে।

(ছ) পার্শ্বালোক ছাড়া এই ধারার আদেশমত সমুদয় আলোক এপ্রকারে নির্ম্মিত গোলাকার লাণ্ঠনে দিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে দেখা যায়।

১১ ধারা। পশ্চাদ্দিক্ হইতে অন্য একখান জাহাজ আসিয়া যে জাহাজকে ধরে, সেই জাহাজের পশ্চাদ্ভাগ হইতে প্রথমোক্ত জাহাজকে একটি শাদা আলোক বা অত্যুজ্জ্বল আলোক দেখাইবে।

কুয়াসা প্রভৃতিতে শব্দের সিকনেলের বিধি।

১২ ধারা। কলের জাহাজে বাষ্পঘটিত বাঁশী অথবা অন্য কার্য্যকর বাষ্পঘটিত শব্দের সিকনেল থাকিবে। তাহা এরূপে রাখিতে হইবে যে কোন বাধা দ্বারা শব্দে বিস্তারের প্রতিবন্ধকতা না হয় এতদ্ব্যতীত কুয়াসাকালীন কার্য্যকর শিঙ্গা থাকিবে, তাহা জাঁতা বা অন্য যন্ত্রদ্বারা বাজাইতে হইবে; আর একটি কার্য্যকর ঘণ্টা থাকিবে। পাইল ভরে গামি জাহাজেও তদ্রূপ কুয়াসাকালীন শিঙ্গা ও ঘণ্টা থাকিবে।

অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়, দিনেই হউক বা রাত্রিতেই হউক, এই ধারার বর্ণিত সিকনেলগুলি পশ্চাল্লিখিত মতে ব্যবহার করিতে হইবে, যথা,

(ক) কলের জাহাজ চলিবার সময়ে বাষ্পঘটিত বাঁশী বা অন্য বাষ্পঘটিত শব্দের সিকনেল দিয়া দুই মিনিটের অনধিক কালান্তর দীর্ঘস্থায়ি শব্দ করিবে।

(খ) পাইল ভরে গামী জাহাজ চলিবার সময়ে কুয়াসাকালীন শিঙ্গা দ্বারা দুই মিনিটের অনধিক কালান্তর, ডাইন দিকে গমন কালে একটিশব্দ ও বামদিকে গমন কালে ক্রমিক দুইটি শব্দ ও বায়ুর প্রতিকূলে গমন কালে ক্রমিক তিনটি শব্দ করিবে।

(গ) কলের জাহাজ ও পাইলভরে গামি জাহাজ যৎকালে না চলে, দুই মিনিটের অনধিক কালান্তর ঘণ্টা বাজাইবে।

কুয়াসা প্রভৃতিতে জাহাজের বেগ অল্প হইবার বিধি।

১৩ ধারা। কোন জাহাজ পাইলভরে গামি জাহাজই হউক বা কলের জাহাজই হউক, অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়ে অল্পবেগে চলিবে।

দূর হইতে দেখিবার ও পাইল তুলিয়া যাইবার বিধি।

১৪ ধারা। পাইলভরে গামি দুইখান জাহাজ যদি এরূপে পরস্পরের নিকটবর্ত্তী হইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে তন্মধ্যে একখান নিম্নলিখিত মতে অন্য খানির পথহইতে সরিয়া যাইবে, যথা,

(ক) কোন জাহাজ অনুকূল বায়ু পাইয়া চলিতে থাকিলে, বায়ুর প্রতিকূলগামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

(b)—A ship which is close-hauled on the port tack shall keep out of the way of a ship which is close-hauled on the starboard tack.

(c)—When both are running free with the wind on different sides the ship which has the wind on the port side shall keep out of the way of the other.

(d)—When both are running free with the wind on the same side, the ship which is to windward shall keep out of the way of the ship which is to leeward.

(e)—A ship which has the wind aft shall keep out of the way of the other ship.

ART. 15. If two ships under steam are meeting end on, or nearly end on, so as to involve risk of collision, each shall alter her course to starboard, so that each may pass on the port side of the other

This Article only applies to cases where ships are meeting end on, or nearly end on, in such a manner as to involve risk of collision, and does not apply to two ships which must, if both keep on their respective courses, pass clear of each other

The only cases to which it does apply are, when each of the two ships is end on, or nearly end on to the other, in other words, to cases in which by day each ship sees the mast of the other in a line, or nearly in a line, with her own; and by night, to cases in which each ship is in such a position as to see both the side lights of the other.

It does not apply by day to cases in which a ship sees another ahead crossing her own course; or by night, to cases where the red light of one ship is opposed to the red light of the other, or where the green light of one ship is opposed to the green light of the other, or where a red light without a green light, or a green light without a red light is seen ahead, or where both green and red lights are seen anywhere but ahead.

ART. 16. If two ships under steam are crossing so as to involve risk of collision, the ship which has the other on her own starboard side shall keep out of the way of the other.

ART. 17. If two ships, one of which is a sailing ship and the other a steam-ship, are proceeding in such directions as to involve risk of collision, the steam-ship shall keep out of the way of the sailing ship.

ART. 18 Every steam-ship when approaching another ship, so as to involve risk of collision, shall slacken her speed, or stop and reverse if necessary.

ART. 19. In taking any course authorized or required by these Regulations a steam-ship under way may indicate that course to any other ship which she has in sight by the following signals on her steam whistle, viz —

One short blast to mean—"I am directing my course to starboard."

Two short blasts to mean—"I am directing my course to port."

Three short blasts to mean—"I am going full speed astern."

The use of these signals is optional; but if they are used the course of the ship must be in accordance with the signal made.

ART. 20. Notwithstanding anything contained in any preceding Article every ship whether a sailing ship or steam-ship overtaking any other, shall keep out of the way of the overtaken ship.

ART. 21. In narrow channels every steam-ship shall, when it is safe and practicable, keep to that side of the fairway or midchannel which lies on the starboard side of such ship.

ART. 22. Where by the above rules one of two ships is to keep out of the way the other shall keep her course.

ART. 23. In obeying and construing these rules due regard shall be had to all dangers of navigation, and to any special circumstances which may render a departure from the above rules necessary in order to avoid immediate danger.

No Ship under any circumstances to neglect proper precautions.

ART. 24. Nothing in these rules shall exonerate any ship, or the owner, or master, or crew thereof, from the consequences of any neglect to carry lights or signals, or of any neglect to keep a proper look-out, or of the neglect of any precaution which may be required by the ordinary practice of seamen, or by the special circumstances of the case.

[*Government Gazette*, 27*th April* 1880.]

(খ) যে জাহাজ বায়ুর প্রতিকূলে বাম দিকে যাইতেছে, তাহা বায়ুর প্রতিকূলে ডাইন দিক্‌গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(গ) ভিন্ন২ পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুটি জাহাজ চলিতে থাকিলে, যে জাহাজের বাম পার্শ্ব হইতে বায়ু বহে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঘ) একই পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুটি জাহাজ চলিতে থাকিলে, বাতাসের দিকে যে জাহাজ থাকে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঙ) যে জাহাজের পিছে বাতাস লাগে, তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৫ ধারা। বাষ্পবলে গামি দুইখান জাহাজ যদি এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে প্রত্যেক জাহাজই এরূপে ডাইনে সরিয়া যাইবে যে একটি অন্যটির বাম দিকে চলিয়া যাইতে পারে।

যে স্থলে জাহাজদ্বয় এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কেবল সেই স্থলে এই ধারার বিধান খাটে; এবং যে স্থলে দুইখান জাহাজ আপন২ পথে থাকিলে পাশ দিয়া চলিয়া যাইবে, সেই স্থলে খাটে না।

যে স্থলে একখান জাহাজ অন্য আর একখান জাহাজের সহিত প্রান্তে২ অথবা প্রায় প্রান্তে২ মিলে অর্থাৎ যে স্থলে দিবাভাগে এক জাহাজের লোক অপর জাহাজের মাস্তুল আপন জাহাজের মাস্তুলের সহিত সমসূত্রে বা প্রায় সমসূত্রে দেখিতে পায়, এবং যে স্থলে রাত্রিকালে প্রত্যেক জাহাজ এরূপ স্থানে আইসে যে তাহা হইতে অন্য জাহাজের উভয় পার্শ্বালোক দেখা যায়, কেবল সেই স্থলেই এই ধারার বিধান খাটে।

দিবাভাগে যে স্থলে এক জাহাজ হইতে দেখা যায় যে সম্মুখদিকে তাহার পথ পার হইয়া অন্য জাহাজ যাইতেছে; অথবা রাত্রিকালে যে স্থলে এক জাহাজের লাল আলোক অন্য জাহাজের লাল আলোকের সম্মুখে পড়ে, কিম্বা এক জাহাজের সবুজ আলোক অন্য জাহাজের সবুজ আলোকের সম্মুখে পড়ে, কিম্বা সবুজ আলোক বিনা লাল আলোক বা লাল আলোক বিনা সবুজ আলোক সম্মুখ দিকে দেখা যায়, কিম্বা সম্মুখ দিকে না হইয়া অন্যত্র সবুজ ও লাল উভয় আলোকই দেখা যায়; সেই স্থলে এই ধারার বিধান খাটে না।

১৬ ধারা। যদি বাষ্পবলে গামি দুইখান জাহাজ পরস্পরের পথ এরূপে কাটিয়া যায় যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে যে জাহাজের ডাইন দিকে অন্য জাহাজ থাকে সেই জাহাজ সেই অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৭ ধারা। যদি এক খান পাইলভরে গামি জাহাজ ও এক খান কলের জাহাজ এরূপে কোন দিকে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কলের জাহাজ পাইলভরে গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৮ ধারা। কোন কলের জাহাজ যখন এরূপে অন্য কোন জাহাজের নিকটে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তখন আপন বেগ কমাইবে অথবা আবশ্যক হইলে বেগ বন্ধ করিবে ও উল্টাইয়া দিবে।

১৯ ধারা। এই বিধিমতে যে পথে যাইবার অনুমতি বা আদেশ আছে সেই পথে যাইবার সময়ে কোন কলের জাহাজ হইতে অন্য যে জাহাজ দেখা যায় সেই জাহাজের লোকদিগকে উক্ত পথ জ্ঞাপন করিবার নিমিত্ত বাষ্পঘটিত বাঁশীতে নিম্নলিখিত সিকনেল দেওয়া যাইতে পারিবে, অর্থাৎ,

একবার শব্দ করিবার অর্থ এই—"আমি ডাইন দিকে যাইতেছি"।

দুইবার শব্দ করিবার অর্থ এই—"আমি বাম দিকে যাইতেছি"।

তিনবার শব্দ করিবার অর্থ এই—"আমি পূর্ণবেগে পশ্চাদ্দিকে যাইতেছি।"

এই সকল সিকনেল ব্যবহার করা স্বেচ্ছাধীন। কিন্তু সিকনেল ব্যবহার করা গেলে, ঐ সিকনেল অনুসারে জাহাজ চালাইতে হইবে।

২০ ধারা। পূর্ব্ব কোন ধারায় ভাবান্তরের কথা থাকিলেও পাইলভরে গামী জাহাজই হউক বা কলের জাহাজই হউক, যে জাহাজ অন্য কোন জাহাজকে যাইয়া ধরে, সেই জাহাজ ধৃত জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

২১ ধারা। সঙ্কীর্ণ জলপ্রণালীতে নির্ব্বিঘ্ন ও সাধ্য হইলে, কলের জাহাজের ডাইন দিকে জল-পথের বা মধ্যনালার যে পার্শ্ব পড়ে, উক্ত জাহাজ সেই পার্শ্ব দিয়া চলিবে।

২২ ধারা। উপরি লিখিত বিধানক্রমে যে স্থলে দুইখান জাহাজের মধ্যে এক খানের পথ হইতে সরিয়া যাইতে হইবে, অপর খান আপন পথে চলিতে থাকিবে।

২৩ ধারা। এই বিধি পালন করিবার ও তাহার অর্থ করিবার সময়ে নৌযাত্রার সমুদয় বিপদের প্রতি ও উপস্থিত বিপদ এড়াইবার নিমিত্ত যে২ বিশেষ অবস্থায় উপরি লিখিত বিধান লঙ্ঘন করা আবশ্যক হয় সেই অবস্থার প্রতি যথোচিত মনোযোগ দিতে হইবে।

কোন অবস্থায় কোন জাহাজের যথোচিত সাবধান হইতে উপেক্ষা না করিবার কথা।

২৪ ধারা। আলোক বা সিকনেল লইতে উপেক্ষা করাতে, কিম্বা উপযুক্ত দৃষ্টি রাখিতে উপেক্ষা করাতে, কিম্বা নাবিকদের প্রচলিত রীতিক্রমে বা বিশেষ অবস্থানুসারে যে রূপ সাবধানতা আবশ্যক হয় তৎপ্রতি উপেক্ষা করাতে, যে ফলভোগ হয়, এই বিধির কোন কথায় কোন জাহাজ বা তাহার স্বামী বা কাপ্তান বা মাল্লারা সেই ফলভোগ হইতে মুক্ত হইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

Reservation of Rules for Harbours and Inland Navigation.

ART. 25. Nothing in these rules shall interfere with the operation of a special rule duly made by local authority relative to the navigation of any harbour, river, or inland navigation.

Special Lights for Squadrons and Convoys.

ART. 26. Nothing in these rules shall interfere with the operation of any special rules made by the Government of any nation with respect to additional station and signal lights for two or more ships of war, or for ships sailing under convoy.

SECOND SCHEDULE.

Austria-Hungary.	Italy.
Belgium.	Netherlands.
Chili.	Norway.
Denmark.	Portugal.
France.	Russia.
Germany.	Spain.
Great Britain.	Sweden.
Greece.	United States.

JUDICIAL DEPARTMENT.

No. 2459A.

The 12*th April* 1880.—The following gentlemen are appointed to be Honorary Magistrates for the Chandpore Bench in the district of Tipperah, and are vested with the powers of a Magistrate of the Third Class :—

Baboo Grish Chandra Chakravarti, Head Master, Chandpore School.
,, Guru Churn Guha, Putnidar.
,, Kali Chandra Roy, Zemindar.
,, Kali Komol Roy, Talookdar.
,, Kali Prosad Roy, Talookdar.
,, Prasana Coomar Mozoomdar, Sub-Inspector of Schools.
,, Ram Churn Dutta, Talookdar.
,, Sarat Chandra Das, Officiating Sub-Deputy Collector.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the trial of municipal cases within the limits of the Satkhira Municipality, and are vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Chandra Kanto Banerjee, Pleader.
,, Dwarkanath Banerjee, Mooktear.
,, Grish Chundra Bhor, Assistant Surgeon, Charitable Dispensary, Satkhira.
,, Rughunath Chandra, Native Doctor.
,, Sreenath Chuckerbutty, Gantidar.
,, Upendra Chundra Mookerjee, Head-master, Satkhira School.

The 14*th April* 1880.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Debigunge Bench of Magistrates in the district of Julpigoree, and are vested with the powers of a Magistrate of the Third Class :—

Baboo Hardyal Guho, Head Clerk and Sheristadar to the Manager of the Chucklajat Estates.

Baboo Rajendranarain Mookerjee, Jotedar and Mohajan of Saldanga.

The 15*th April* 1880.—Baboo Rampersad, Subordinate Judge, Shahabad, is allowed leave for three months, under Section 6, Supplement F to the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Moulvi Abdul Majid, temporary Sub-Deputy Collector, Purneah, is vested with the powers of a Magistrate of the Third Class.

[*Government Gazette*, 27*th April* 1880.]

বন্দরের ও আভ্যন্তরিক নৌযাত্রার বিধি সংরক্ষণের কথা।

২৫ ধারা। কোন বন্দরে বা নদীতে জল পথে গমনাগমন বা আভ্যন্তরিক নৌযাত্রা সম্বন্ধে স্থানীয় কর্তৃপক্ষ নিয়মিতরূপে যে বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

যুদ্ধ জাহাজের বহরে ও রক্ষিত জাহাজে বিশেষ আলোক দিবার বিধি।

২৬ ধারা। দুই কিম্বা ততধিক যুদ্ধ জাহাজের নিমিত্ত কিম্বা নৌসেনা রক্ষিত পাইলতরে গার্দ্দ জাহাজের নিমিত্ত কোন দেশের গবর্ণমেণ্ট অতিরিক্ত ষ্টেশন ও সিকনেল আলোক সম্পর্কীয় যে কোন বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

দ্বিতীয় তফসীল।

অষ্টিয়া হঙ্গেরী	ইতালী।
বেলজিয়ম।	নেদরলণ্ড।
চিলি।	নরওয়ে।
ডেনমার্ক।	পর্ত্তুগাল।
ফ্রান্স।	রুসিয়া।
জর্ম্মনি।	স্পেন।
গ্রেটব্রিটেন।	সুইডেন।
গ্রীস।	ইউনাইটেড ষ্টেটস্।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

২৪৫৯ A নম্বর।

১৮৮০ সাল ১২ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত চাঁদপুর বেঞ্চে অবৈতনিক ম্যাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

চাঁদপুর স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চক্রবর্ত্তী।
পত্তনীদার শ্রীযুত বাবু গুরুচরণ গুহ।
জমীদার শ্রীযুত বাবু কালীচরণ রায়।
তালুকদার শ্রীযুত বাবু কার্ত্তিকমল রায়।
,, ,, বাবু কালীপ্রসাদ রায়।
স্কুল সমূহের সব ইনস্পেক্টর শ্রীযুত বাবু প্রসন্নকুমার মজুমদার।
তালুকদার শ্রীযুত বাবু রামচরণ দত্ত।
একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শরচ্চন্দ্র দাস।

নিম্নলিখিত মহাশয়েরা সাতক্ষীরা মুনিসিপালিটীর সীমার মধ্যে মুনিসিপল মোকদ্দমার বিচার করিবার জন্যে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

উকীল শ্রীযুত বাবু চন্দ্রকান্ত বন্দ্যোপাধ্যায়।
মোক্তার শ্রীযুত বাবু দ্বারকনাথ বন্দ্যোপাধ্যায়।
সাতক্ষীরার দাতব্য ঔষধালয়ের আসিস্টাণ্ট সর্জ্জন শ্রীযুত বাবু গিরীশ চন্দ্র ভড়।
নেটিব ডাক্তর শ্রীযুত বাবু রঘুনাথ চন্দ্র।
গাঁতিদার শ্রীযুত বাবু শ্রীনাথ চক্রবর্ত্তী।
সাতক্ষীরা স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়।

১৮৮০ সাল ১৪ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা জলপাইগুড়ি জিলার অন্তর্গত দেবীগঞ্জের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

চাকলাজাত ইষ্টেটের কার্য্যাধ্যক্ষের প্রধান কেরাণী ও সিরিশ্তাদার শ্রীযুত বাবু হরদয়াল গুহ।
শালডাঙ্গার যোতদার ও মহাজন শ্রীযুত বাবু রাজেন্দ্র নারায়ণ মুখোপাধ্যায়।

১৮৮০ সাল ১৫ আপ্রিল।—শাহাবাদের সবর্ডিনেট জজ শ্রীযুত রামপ্রসাদ বাবু, যে তারিখে ছুটী লন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

পূরনিয়ার কিয়ৎকালীন সব—ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল মজিদ তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

The 16th April 1880.—Mr. O T. Barrow, Assistant Magistrate and Collector in charge of the Jajpore division of the Cuttack district, is vested with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

The 19th April 1880.—Baboo Kedar Nath Banerjee, temporary Sub-Deputy Collector Midnapore, is vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Poorna Chunder Shome, Officiating Moonsif of Howrah, is appointed to be a Moonsif in the district of Hooghly, and will be ordinarily stationed at Howrah.

Baboo Kanai Lal Mookerjee, Moonsif of Nicklee, in Mymensingh, on leave, is appointed to be a Moonsif in the district of Beerbhoom, and will be ordinarily stationed at Sooree.

Baboo Kanai Lal Mookerjee is vested with the powers of a Judge of the Small Cause Court for the trial of cases not exceeding Rs. 50 in value.

Moonshee Soda Nund, Moonsif of Hazaribagh, has been allowed leave of absence for one month under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 12th May 1880, or from such subsequent date as he may avail himself of it.

The 20th April 1880.—Baboo Jogesh Chunder Mitter, Moonsif, Alipore, 24-Pergunnahs, is appointed to act as a Subordinate Judge of Bhagulpore and Judge of the Small Cause Courts of Bhagulpore and Monghyr, during the absence, on leave, of Baboo Bolack Chand, or until further orders.

Baboo Khagendro Nath Mitter, Officiating Deputy Magistrate and Deputy Collector Dacca, is vested with the powers of a Magistrate of the Second Class.

Baboo Hurro Sunder Chuckerbutty, Second Moonsif, Sylhet, is transferred to Kureemgunge in that district.

Baboo Aswini Coomar Guho, Moonsif of Kureemgunge in Sylhet, is transferred to the Sudder Station of that district.

Baboo Gobind Chunder Bysack, B.L., Moonsif, Sylhet, is appointed to be a Moonsif in the district of Rungpore, and will be ordinarily stationed at the Sudder Station.

Baboo Huri Narain Roy, Moonsif of Sherepore in Mymensing, is promoted to the First Grade of Moonsifs.

Baboo Koylash Chunder Mozoomdar, Moonsif of Modifutgunge in Furreedpore, is promoted to the Second Grade of Moonsifs.

Baboo Juggut Chunder Dass is appointed to be a Moonsif of the Fourth Grade in Noakholly, and will be ordinarily stationed at Dewangunge. Baboo Juggut Chunder Dass will continue to act, until further orders, as Moonsif of Ishragunge in Mymensing.

Baboo Hur Mohun Bose, B.L., is appointed to act as a Moonsif in the district of Noakholly during the absence, on deputation, of Baboo Juggut Chunder Dass, or until further orders, and will be ordinarily stationed at Dewangunge.

Baboo Tara Churn Sen, B.L., is appointed to be a Moonsif of the Fourth Grade in the district of Cuttack. Baboo Tara Churn Sen will act, until further orders, as a Moonsif in the district of Midnapore, and will be ordinarily stationed at Nemal.

Baboo Triguna Prosonno Bose, Moonsif of Cuttack, is vested with the powers of a Small Cause Court Judge for the trial of suits not exceeding Rs. 25 in value.

HORACE A. COCKERELL,
Secy to the Govt. of Bengal.

[*Government Gazette, 27th April* 1880.]

১৮৮০ সাল ১৬ আপ্রিল।—কটক জিলার অন্তর্গত যাজপুর মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ও, টি, বারো সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারা লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১৯ আপ্রিল।—মেদিনীপুরের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ বন্দ্যোপাধ্যায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

হাবড়ার একটিং মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সোম হুগলী জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ হাবড়ায় অবস্থাপিত হইবেন।

ময়মনসিংহের অন্তর্গত নিকলীর ছুটীপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত বাবু কানাই লাল মুখোপাধ্যায় বীরভূম জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সিউড়ীতে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু কানাইলাল মুখোপাধ্যায় ছোট আদালতের বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

হাজরীবাগের মুনসেফ শ্রীযুত সদানন্দ বাবু ১৮৮০ সালের মে মাসের ১১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে তিনি লন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৮০ সালের ২০ আপ্রিল।—শ্রীযুত বলাইচাঁদ বাবুর ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ২৪ পরগনার অন্তর্গত আলিপুরের মুনসেফ শ্রীযুত বাবু যোগেশচন্দ্র মিত্র, ভাগলপুরের সবর্ডিনেট জজের এবং ভাগলপুর ও মুঙ্গেরের ছোট আদালতের জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ঢাকার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু খগেন্দ্রনাথ মিত্র দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ছিলটের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু হরসুন্দর চক্রবর্ত্তী উক্ত জিলার অন্তর্গত করিমগঞ্জে প্রেরিত হইলেন।

ছিলটের অন্তর্গত করিমগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু অশ্বিনীকুমার গুহ, উক্ত জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

ছিলটের মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসাক, বি, এল, রঙ্গপুর জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ তথাকার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

ময়মনসিংহের অন্তর্গত শেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু হরিনারায়ণ রায় মুনসেফদের প্রথম শ্রেণীভুক্ত হইবেন।

ফরীদপুরের অন্তর্গত মুলফৎগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মজুমদার মুনসেফদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু জগচ্চন্দ্র দাস নওয়াখালীতে চতুর্থ শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বেগমগঞ্জে অবস্থাপিত হইবেন। যাবৎ অন্য আজ্ঞা না হয় তিনি ময়মনসিংহের অন্তর্গত ঈশ্বরগঞ্জের মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু জগচ্চন্দ্র দাসের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু হরমোহন বসু, বি, এল, নওয়াখালী জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বেগমগঞ্জে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু তারাচরণ সেন বি, এল, কটক জিলার চতুর্থ শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইলেন। যাবৎ অন্য আজ্ঞা না হয় তিনি মেদিনীপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিবেন ও সামান্যতঃ সেখানে অবস্থাপিত হইবেন।

কটকের মুনসেফ শ্রীযুত বাবু দ্বিগুণাপ্রসন্ন বসু ছোট আদালতের বিচার্য্য ২২ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচারকরণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

হরেস এ, কক্রেল
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

IRRIGATION.

NOTIFICATION—ESTABLISHMENT.

Dated the 19th April 1880.

No. 52.—*Notifications.*—With reference to the orders marginally noted, Mr. J. P. Cleghorn, Assistant Engineer, Second Grade, left the Buxar Division of the Sone Circle on the afternoon of the 6th April 1880, to join his appointment in the Cossye Division of the South-Western Circle.

No 29, dated 15th March 1880.

No. 53.—With reference to the orders marginally noted, Mr. A. J. Oldham, Assistant Engineer, First Grade, joined the Nuddea Rivers Division on the afternoon of the 3rd April 1880

No. 38, dated 29th March 1880

No. 54.—*Transfer.*—Mr T. Butler, Assistant Engineer, Second Grade, is transferred, in the interests of the public service, from the Circular and Eastern Canals to the Cossye Division.

No 55 —*Notification* —With reference to the notification marginally noted, Mr. J. R. Swinden, Assistant Engineer, Second Grade, joined the Buxar Division on the afternoon of the 30th March 1880.

No 41 dated 5th April 1880

Dated the 20th April 1880

No. 56.—*Notification* —Mr A C. C Rogers, Assistant Engineer, First Grade, has been granted an extension of six months' furlough by Her Majesty's Secretary of State for India

C. TAYLOR,
Offg. Asst. Secretary,
for Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W Dept., Irrigation Branch

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

জল সেচন সম্পর্কীয়।

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৯ আপ্রিল।

৫২ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, ক্রেষর্ণ সাহেব দক্ষিণ পশ্চিম চক্রের অন্তর্গত কাঁসাই খণ্ডে আপন কর্ম্ম গ্রহণ করিবার জন্য ১৮৮০ সালের ৬ আপ্রিলের অপরাহ্নে শোনচক্রের অন্তর্গত বক্সার খণ্ড হইতে গমন করিলেন।

১৮৮০ সালের ১৫ মার্চের ২৬ নম্বর।

৫৩ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, ওলডহাম সাহেব ১৮৮০ সালের ৩ আপ্রিলের অপরাহ্নে নদীয়ার নদীখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮০ সালের ২৯ মার্চের ৩৮ নং।

৫৪ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, বটলর সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে সরকুলের ও পূর্ব্ব খাল খণ্ড হইতে কাঁসাই খণ্ডে প্রেরিত হইলেন।

৫৫ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, আর, সুইণ্ডেন সাহেব, ১৮৮০ সালের ৩০ মার্চের অপরাহ্নে বক্সার খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮০ সালের ৫ আপ্রিলের ৪১ নং।

১৮৮০ সাল ২০ আপ্রিল।

৫৬ নম্বর।—বিজ্ঞাপন।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব, প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, সি, সি, রজর্স সাহেবকে আর ছয় মাসের নিয়মিত ছুটী দিয়াছেন।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের, গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে।
সি, টেলর।
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

৹ গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 27, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৭ আপ্রিল।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following report of the Select Committee, together with the Bill as amended by them, is, by order of the President, published for general information.—

WE, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom *The Bill to make Vaccination compulsory* was referred, have the honor to make the following report.

We were favoured with the attendance of Drs. Charles and McLeod, and Mr Beverley, the Chairman of the Corporation.

We have extended the application of the Act in the first instance to the Port of Calcutta, and as regards its extension hereafter we have adopted a section from the Punjab Municipal Act, 1873, which it is understood will also be embodied in the Vaccination Bill now pending before the Governor-General's Council. This section gives every inhabitant of a town or area, in respect of which Government has declared its intention of extending the Act, power to object to such extension, and the local Government is bound thereupon to consider such objection. We have provided that the notification of extension shall be published in the Gazette, and proclaimed in the vernacular of the place affected in such manner as the Lieutenant-Governor may direct.

We have given definitions of the town, port, and suburbs of Calcutta. To meet the case of unprotected children who have no parents or guardians, we have made it clear that they come under the definition of unprotected persons.

In section 3 we have changed "three months" into "six months," and "within one year" to "within one year and three months."

In the last clause of the same section we have inserted words to show that a child may be vaccinated by a public vaccinator at its own dwelling.

In section 4 we have provided that a public vaccinator shall be bound to visit children for purposes of inspection and free of charge.

We have omitted the last clause of section 5 as unnecessary.

In section 6 we have required the endorsement of the Superintendent of Vaccination to the certificate of insusceptibility of vaccination.

In section 13 we have given the Health Officer the powers of the Superintendent of Vaccination in respect of all unprotected persons arriving in the port of Calcutta.

In section 14 we have given the Corporation of Calcutta a general power to appoint public vaccine stations and public vaccinators, and in the following section we have empowered them to make rules for certain purposes.

In case the work thrown on Registrars of Births, by sections 19 to 23, should prove too onerous, we have given the Lieutenant-Governor power to entrust their duties in connection with vaccine registration to other officers.

In section 26 we have made it clear that the Magistrate may, whether the child is produced or not before him, order it to be vaccinated, and that if the child is vaccinated in his presence the parent or guardian thereof may be fined a sum not exceeding Rs. 5.

[*Government Gazette, 27th April* 1880.]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপি সমেত শ্রীযুত প্রেসিডেন্ট সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার নিম্নস্বাক্ষরকারী সদস্য আমাদের হস্তে গোবীজের টিকাদান অনুল্লংঘনীয় করিবার আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়; আমরা সসম্ভ্রমে তৎসম্বন্ধে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।—

ডাক্তর শ্রীযুত চার্লস সাহেব ও মাকলিয়ড সাহেব ও সমবারিত সমাজের সভাপতি শ্রীযুত বেবরলী সাহেব অনুগ্রহ করিয়া আমাদের নিকটে উপস্থিত হইয়াছিলেন।

আমরা আইনের ব্যাপ্তি স্থল বৃদ্ধি করিয়া ইহা প্রথমেই কলিকাতা বন্দরের প্রতি বর্ত্তাইয়াছি, এবং পরে ইহার ব্যাপ্তি বাড়াইবার সম্বন্ধে আমরা ১৮৭৩ সালের পঞ্জাব মুনিসিপল আইনের একটি ধারা গ্রহণ করিয়াছি। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় এক্ষণে গোবীজে টিকাদানের যে পাণ্ডুলিপি উপস্থিত আছে, ঐ ধারাটি তাহারও অঙ্গীভূত হইবে বলিয়া জানা গিয়াছে। যে নগরে বা স্থানে গবর্ণমেণ্ট এই আইন চালাইবার অভিপ্রায় প্রকাশ করেন, এই ধারায় সেই নগরের বা স্থানের প্রত্যেক অধিবাসিকে ঐ আইন চালান সম্বন্ধে আপত্তি করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে। আপত্তি হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা বিবেচনা করিয়া দেখিতে বাধ্য হইবেন। আমরা বিধান করিয়াছি যে আইন চালাইবার বিজ্ঞাপন গেজেটে প্রকাশ করা যাইবে, এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে আইন চালাইবার স্থানের চলিত ভাষায় তাহার ঘোষণা করা যাইবে।

আমরা কলিকাতা নগরের ও বন্দরের ও কলিকাতার শাখানগরের অর্থ নির্দ্দেশ করিয়া দিয়াছি। যে সকল অরক্ষিত শিশুদের জনয়িতা বা অভিভাবক নাই, তাহাদের সম্বন্ধে আমরা স্পষ্ট করিয়া লিখিয়া দিয়াছি যে তাহারা অরক্ষিত ব্যক্তিদের লক্ষণের অন্তর্গত।

৩ ধারায় আমরা "তিন মাস" কথার পরিবর্ত্তে "ছয় মাস" করিয়াছি, এবং "এক বৎসর মধ্যে" এই কথার পরিবর্ত্তে "এক বৎসর তিন মাস মধ্যে" এই পাঠ করিয়াছি।

কোন শিশুকে তাহার গৃহেই গোবীজের সরকারী টিকাদার টিকা দিতে পারেন, ইহা বুঝাইবার নিমিত্ত আমরা ঐ ধারার শেষ প্রকরণে কএকটি শব্দ বসাইয়াছি।

৪ ধারায় আমরা বিধান করিয়াছি যে, গোবীজের সরকারী টিকাদার শিশুদিগকে পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্ত বিনামূল্যে তাহাদিগকে দেখিতে যাইবেন।

আমরা অনাবশ্যক জ্ঞান করিয়া ৫ ধারার শেষ প্রকরণটি উঠাইয়া দিয়াছি।

৬ ধারায় আমরা গোবীজের টিকাগ্রহণাক্ষমতার সর্টিফিকেটে গোবীজে টিকাদানের সুপরি-ন্টেণ্ডেণ্ট সাহেবের পৃষ্ঠলিপি করিবার আদেশ করিয়াছি।

কলিকাতাবন্দরে যে সকল অরক্ষিত ব্যক্তি আইসে, তাহাদের সম্বন্ধে আমরা ১৩ ধারায় স্বাস্থ্য-রক্ষক সাহেবের প্রতি গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতা দিয়াছি।

১৪ ধারায় আমরা কলিকাতার সমবারিত সমাজের প্রতি গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন স্থাপন ও গোবীজের সরকারী টিকাদার নিয়োগ করিবার সাধারণক্ষমতা অর্পণ করিয়াছি, এবং পরবর্ত্তি ধারায় কোন২ কার্য্যনিমিত্ত বিধি প্রণয়ন করিবার ক্ষমতাও তাঁহাদিগকে দিয়াছি।

১৯ অবধি ২৩ পর্য্যন্ত ধারায় জন্মের রেজিষ্ট্রারদের প্রতি যে কার্য্যভার অর্পিত হইয়াছে, তাহা অত্যন্ত গুরু হইয়া উঠিলে, গোবীজের টিকাদান রেজিষ্টরীকরণ সম্বন্ধে তাহাদের যে২ কর্ম্ম করিতে হয়, অন্য কার্য্যকারকদের প্রতি সেই২ কর্ম্মের ভার অর্পণ করিবার ক্ষমতা আমরা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে দিয়াছি।

২৬ ধারায় আমরা স্পষ্ট করিয়া ব্যক্ত করিয়াছি যে, মাজিষ্ট্রেটের সম্মুখে শিশুকে উপস্থিত করা যাউক বা না যাউক, তিনি গোবীজে তাহার টিকা দিবার আজ্ঞা করিতে পারিবেন, এবং তাঁহার সম্মুখে গোবীজে ঐ শিশুর টিকা দেওয়া গেলে, জনয়িতার বা অভিভাবকের ৫০ পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

We have limited the period of a prosecution under section [illegible], to twelve months from the commission of the offence.

We have struck out section 30.

In section 33 we have omitted (*a*), and empowered the Lieutenant-Governor to regulate the fees to be paid outside Calcutta, the Corporation being empowered, under section 15, to fix the scale in the town of Calcutta.

We have made a few verbal alterations, and recommend that the Bill as amended by us be passed.

A. MACKENZIE.
KRISTODAS PAL.
J. B. KNIGHT.
PEARY MOHUN MOOKERJEE.
C. D. FIELD.
J. O'KINEALY.
SYED AMEER HOSEIN.

The 25*th March* 1880.

[*Government Gazette*, 27*th April* 1880.]

২৮ ধারামতে যে অভিযোগ করা যায়, আমরা অপরাধ করণাবধি বার মাস পর্য্যন্ত তাহার মিয়াদের সীমা করিয়াছি।

আমরা ৩০ ধারা উঠাইয়া দিয়াছি।

৩১ ধারায় আমরা (ক) প্রকরণটি উঠাইয়া দিয়াছি, এবং কলিকাতার বাহিরে যে ফী দিতে হইবে তাহার বিধান করিবার ক্ষমতা শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে দিয়াছি। কলিকাতা নগরে যে হার হইবে, তাহা ধার্য্য করিবার ক্ষমতা ১৫ ধারায় সমবায়িত সমাজের প্রতি অর্পিত হইয়াছে।

আমরা ভাষাগত কএকটি পরিবর্ত্তন করিয়াছি, এবং আমাদের পরামর্শ এই যে পাণ্ডুলিপি আমাদের কৃত সংশোধিতাকারে বিধিবদ্ধ হউক।

এ, মাকেঞ্জি
কৃষ্ণদাস পাল।
জে, বি, নাইট।
প্যারীমোহন মুখোপাধ্যায়।
সি, ডি, ফীল্ড।
জে, ওকিনেলী।
১৮৮০ সাল ২৫ মার্চ।　　সৈয়দ আমীর হোসেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

A Bill to make Vaccination compulsory.

Preamble.

WHEREAS it is expedient to make vaccination compulsory in the Town, Port, and Suburbs of Calcutta, and in other towns and selected local areas in the territories administered by the Lieutenant-Governor of Bengal, to which this Act may be hereafter extended: It is hereby enacted as follows:—

PRELIMINARY.

Short title.

1. This Act may be called "The Bengal Vaccination Act, 1880,"

Extent.

It applies in the first instance only to the Town, Port, and Suburbs of Calcutta as hereinafter defined.

Power to extend Act to towns and local areas.

But the Lieutenant-Governor may, by notification published in the *Calcutta Gazette*, declare his intention to extend this Act, or any of its provisions, to any town or selected local area in the territories administered by him.

Any inhabitant of such town or area objecting to such extension may, within six weeks from the said publication, send his objection in writing to the Secretary to the Government of Bengal, and the Lieutenant-Governor shall take such objection into consideration.

When six weeks from the said publication have expired, the Lieutenant-Governor, if no such objections have been sent as aforesaid, or (where such objections have been so sent in) if in his opinion they are insufficient, may by like notification effect the proposed extension.

The Lieutenant-Governor shall cause the substance of any notification mentioned in this section to be proclaimed and notified within the town or area affected by the same, in the vernacular of such town or area, by such means, and in such manner as he may direct.

Commencement.

This Act shall come into force from the day on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General; but its operation in any place may at any time be suspended by the Lieutenant-Governor by notification in the said *Gazette*.

[*Government Gazette, 27th April* 1880.]

গোবীজে টিকাদান অনুল্লংঘনীয় করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরে ও বন্দরে ও কলিকাতার শাখানগরে ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত অন্য যে নগরে ও নির্ব্বাচিত স্থানে এই আইন পরে চালান যায় তথায় গোবীজে টিকাদান অনুল্লংঘনীয় করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি

এই আইন প্রথমতঃ কেবল পশ্চাল্লিখিতরূপে নির্দ্দিষ্ট কলিকাতা নগরে ও বন্দরে ও কলিকাতার শাখা নগরে প্রচলিত হইবে;

কোন নগরে বা স্থানে আইন চালাইতে পারিবার কথা।

কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাঁহার শাসনাধীন দেশের অন্তর্গত কোন নগরে বা নির্ব্বাচিত স্থানে এই আইন কিম্বা ইহার কোন বিধান চালাইবার অভিপ্রায় প্রকাশ করিতে পারিবেন।

ঐ আইন চালাইবার সম্বন্ধে উক্ত নগর বা স্থানবাসী কাহারও আপত্তি থাকিলে, তিনি উক্ত কথা প্রকাশ হওনাবধি ছয় সপ্তাহ মধ্যে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী সাহেবের নিকট আপত্তি লিখিয়া পাঠাইতে পারিবেন, এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত আপত্তি বিবেচনা করিয়া দেখিবেন।

উক্ত কথা প্রকাশ হওনাবধি ছয় সপ্তাহ গত হইলে পূর্ব্বোক্তরূপ কোন আপত্তি পাঠান না গেলে, অথবা তদ্রূপ আপত্তি পাঠান গেলেও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মতে তাহা যথেষ্ট না হইলে, তিনি পূর্ব্বোক্তরূপ জ্ঞাপন পত্র দ্বারা আইন চালাইবার প্রস্তাব ফলবৎ করিতে পারিবেন।

এই ধারার উল্লিখিত কোন বিজ্ঞাপন যে নগর বা স্থান সম্পর্কীয় হয়, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ বিজ্ঞাপনের মর্ম্ম সেই নগরের বা স্থানের চলিত ভাষায় তথায় যে উপায়ে ও যে প্রকারে ঘোষণা ও প্রচার করিবার আজ্ঞা করেন সেই উপায়ে ও সেই প্রকারে ঘোষণা ও প্রচার করাইবেন।

আরম্ভ।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায়, সেই তারিখ অবধি প্রবল হইবে; কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে কোন সময়ে কোন স্থানে ইহার কার্য্য স্থগিত করিতে পারিবেন।

2. In this Act—unless there be something repugnant in the subject or context—

Interpretation clause.

"Town of Calcutta" includes all places within the local limits of the ordinary original jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal:

"Town of Calcutta."

"Port of Calcutta" means the Port of Calcutta subject to the jurisdiction of the Commissioners appointed under Bengal Act V of 1870:

"Port of Calcutta."

"Suburbs of Calcutta" means the suburbs defined by the notification of the 10th September 1877, and published in the *Calcutta Gazette* of the 26th September 1877:

"Suburbs of Calcutta."

"Parent" includes the father and mother of a legitimate child, and the mother of an illegitimate child:

"Parent"

"Guardian" means any person to whom the care, nurture, or custody of any child falls by law, or by natural right or recognized usage, or who has accepted or assumed the care, nurture, or custody of any child, or to whom the care or custody of any child has been entrusted by any authority lawfully authorized in that behalf:

"Guardian"

"Public vaccinator" means any vaccinator appointed under this Act, or any person duly authorized to act for such public vaccinator:

"Public vaccinator."

"Medical practitioner" means any person duly qualified by a diploma, degree, or license, to practise in medicine or surgery, or specially licensed by the Lieutenant-Governor to practise vaccination and grant certificates under the provisions of this Act.

"Medical practitioner"

"Unprotected child" means a child who has not been protected from small-pox by having had that disease either naturally or by inoculation, or by having been successfully vaccinated, and who has not been certified under the provisions of this Act to be insusceptible of vaccination:

"Unprotected child"

"Unprotected person" includes a child who has no parent or guardian, and means a person who has not been protected from small-pox by having had that disease either naturally or by inocula-

"Unprotected person."

২ ধারা। এই আইনে বিষয় বিবেচনার বা পূর্ব্বাপর কথা দ্বারা ভাবান্তর বোধ না হইলে,

অর্থকরণের ধারা।

"কলিকাতা নগর" শব্দে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদৌ নিরূপিত বিচারাধিপত্যের সীমান্তর্গত সমুদয় স্থান গণ্য।

"কলিকাতা নগর।"

"কলিকাতা বন্দর" শব্দে ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনমতে নিযুক্ত কমিশনরদের আধিপত্যাধীন কলিকাতা বন্দর বুঝাইবে।

"কলিকাতার বন্দর।"

"কলিকাতার শাখানগর" শব্দে ১৮৭৭ সালের ১০ সেপ্টেম্বরের যে বিজ্ঞাপন ১৮৭৭ সালের ২ অক্টোবরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায়, সেই বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট শাখানগর বুঝাইবে।

"কলিকাতার শাখানগর।"

"জনয়িতা" শব্দে ঔরস সন্তানের পিতা ও মাতা ও জারজ সন্তানের মাতা বুঝাইবে।

"জনয়িতা।"

আইন বা স্বাভাবিক স্বত্ব বা প্রচলিত রীতিক্রমে যে ব্যক্তির উপর কোন শিশুর যত্ন বা পালন বা রক্ষা করিবার ভার পড়ে, অথবা যে ব্যক্তি কোন শিশুর যত্ন বা পালন বা রক্ষা করিবার ভার গ্রহণ করেন বা লন, কিম্বা আইনমতে এতদর্থে ক্ষমতাপন্ন কোন কর্ত্তৃপক্ষ যে ব্যক্তির প্রতি কোন শিশুর যত্ন বা রক্ষা করিবার ভার অর্পণ করেন, "অভিভাবক" শব্দে তাঁহাকে বুঝাইবে।

"অভিভাবক।"

"গোবীজের সরকারী টিকাদার" শব্দে এই আইনমতে নিযুক্ত কোন টিকাদার বুঝাইবে, এবং যে কোন ব্যক্তি উক্ত সরকারী টিকাদারের কর্ম্ম করিতে নিয়মিতরূপে ক্ষমতাপন্ন হন তাঁহাকেও বুঝাইবে।

"গোবীজের সরকারী টিকাদার।"

"চিকিৎসক" শব্দে ডিপ্লোমা বা ডিগ্রী বা লাইসেন্স পাইয়া ঔষধ প্রয়োগ বা অস্ত্র চিকিৎসা করিতে নিয়মিতরূপে ক্ষমতাপন্ন ব্যক্তি অথবা এই আইনের বিধানমতে গোবীজের টিকা ও সর্টিফিকেট দিবার বিশেষ লাইসেন্স শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে ব্যক্তিকে দেন সেই ব্যক্তি বুঝাইবে।

"চিকিৎসক।"

আপনা আপনি অথবা বসন্ত বীজের টিকাযোগে বসন্ত রোগ না হওয়াতে অথবা গোবীজের সফলরূপ টিকা না হওয়াতে যে শিশু বসন্তের আক্রমণ হইতে রক্ষিত নহে এবং যে গোবীজের টিকা গ্রহণাক্ষম বলিয়া এই আইনের বিধানমতে সর্টিফিকেট পায় নাই, তাহাকে "অরক্ষিত শিশু" বলা যায়।

"অরক্ষিত শিশু।"

যে শিশুর জনয়িতা বা অভিভাবক নাই "অরক্ষিত ব্যক্তি" শব্দে সেই শিশু গণ্য, এবং আপনা আপনি অথবা বসন্ত বীজের টিকাযোগে বসন্তরোগ না হওয়াতে যে ব্যক্তি বসন্তের আক্রমণ হইতে রক্ষিত নহে ও যে

"অরক্ষিত ব্যক্তি।"

tion, or by having been successfully vaccinated, and who has not been certified under this Act to be insusceptible of vaccination:

"Section."

"Section" means a section of this Act.

VACCINATION OF CHILDREN.

Parent or guardian of children born in compulsory limits,

3. The parent or guardian of every child born in any place to which this Act applies as above provided or may hereafter be extended shall, within one year after the birth of such child; and

and of unprotected children brought to reside in such limits,

the parent or guardian of every unprotected child under the age of fourteen years brought to reside, whether temporarily or permanently, in such place aforesaid shall, within six months after such child's arrival in such place, or, if the child be at the time of its arrival less than one year old, within one year and three months after its birth; and

or living in such limits at the date of this Act coming into force,

the parent or guardian of every unprotected child living in such place at the date of this Act coming into force therein, and whose age at such date exceeds one year, but does not exceed fourteen years, shall, within six months from the said date,

must procure their vaccination.

take it, or cause it to be taken, to a public vaccine station to be vaccinated, or shall, within such period as aforesaid, cause it to be vaccinated by some medical practitioner or public vaccinator,

Public vaccinator is bound to vaccinate all children brought to him.

and any public vaccinator to whom such child, or to whom any child under the age of fourteen years, is brought for vaccination, at such vaccine station, or who is requested to vaccinate such child elsewhere than at a public vaccine station, is hereby required, with all reasonable despatch, subject to the conditions hereinafter mentioned, to vaccinate such child.

Inspection.

4. At an appointed hour, upon the same day in the following week, after vaccination shall have been performed by a public vaccinator or a medical practitioner, or on an earlier day if the public vaccinator or medical practitioner so desires, the parent or guardian shall cause the child to be inspected by the public vaccinator or medical

গোবীজের টিকা গ্রহণাক্ষম বলিয়া এই আইনের বিধানমতে সর্টিফিকেট পায় নাই, তাহাকে "অরক্ষিত ব্যক্তি" বলা যায়।

"ধারা।"

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

গোবীজে শিশুদের টিকা দিবার বিধি।

নির্দ্দিষ্ট সীমার মধ্যে জাত শিশুদের,

৩ ধারা। যে কোন স্থানে এই আইন পূর্ব্বোক্ত বিধানমতে প্রচলিত হয় বা পরে চালান যায়, সেই স্থানজাত প্রত্যেক শিশুর জনয়িতা বা অভিভাবক উক্ত শিশুর জন্মের পর এক বৎসর মধ্যে; ও

উক্ত সীমার মধ্যে বাস করিবার নিমিত্ত আনীত অরক্ষিত শিশুদের,

চতুর্দ্দশ বৎসরের ন্যূনবয়স্ক যে প্রত্যেক অরক্ষিত শিশু কিয়ৎকালের জন্য বা স্থায়িভাবে পূর্ব্বোক্ত স্থানে বাস করিবার নিমিত্ত আনীত হয়, তাহার জনয়িতা বা অভিভাবক উক্ত শিশুর ঐ স্থানে পঁহুছিবার পর ছয় মাস মধ্যে, অথবা পঁহুছিবার সময়ে শিশুর বয়স এক বৎসরের কম হইলে, উহার জন্মের পর এক বৎসর তিন মাস মধ্যে; ও

ও এই আইন প্রবর্ত্ত হইবার তারিখে উক্ত সীমার মধ্যে যে অরক্ষিত শিশুরা থাকে তাহাদের জনয়িতা ও অভিভাবক,

এই আইন যে তারিখে উক্ত স্থানে প্রচলিত হয়, সেই তারিখে তথায় যে প্রত্যেক অরক্ষিত শিশু থাকে ও যাহার বয়স ঐ তারিখে এক বৎসরের অধিক কিন্তু চতুর্দ্দশ বৎসরের অনধিক হয়, তাহার জনয়িতা বা অভিভাবক উক্ত তারিখ অবধি ছয় মাস মধ্যে,

গোবীজে তাহাদের টিকা দেওয়াইবেন ইহার কথা।

ঐ শিশুকে গোবীজে টিকা দিবার নিমিত্ত গোবীজের টিকাদানের কোন সরকারী ষ্টেশনে লইয়া বা লওয়াইয়া যাইবেন, অথবা পূর্ব্বোক্ত কালমধ্যে কোন চিকিৎসক বা গোবীজের কোন সরকারী টিকাদার দ্বারা তাহার গোবীজের টিকা দেওয়াইবেন।

গোবীজের সরকারী টিকাদারের নিকট যে সকল শিশু আনীত হয়, উঁহার তাহাদিগকে গোবীজে টিকা দিতে হইবার কথা।

ঐ প্রকার গোবীজে টিকাদানের ষ্টেশনে গোবীজের যে সরকারী টিকাদারের নিকট উক্তরূপ শিশু বা চতুর্দ্দশ বৎসরের ন্যূনবয়স্ক কোন শিশু গোবীজে টিকাদান নিমিত্ত আনীত হয়, অথবা গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন ছাড়া অন্যত্র উক্তরূপ শিশুকে টিকা দিবার নিমিত্ত যাঁহার নিকট অনুরোধ হয়, তাঁহার প্রতি এতদ্দ্বারা আদেশ করা যাইতেছে যে, নিম্নলিখিত নিয়মাধীনে যুক্তিমত যত শীঘ্র হইতে পারে গোবীজে ঐ শিশুর টিকা দিবেন।

দেখিবার কথা।

৪ ধারা। গোবীজের সরকারী কোন টিকাদার বা কোন চিকিৎসক গোবীজের টিকা দিলে, পরবর্ত্তি সপ্তাহের সেই বারে অথবা সরকারী টিকাদারের বা চিকিৎসকের ইচ্ছামত তৎপূর্ব্ব কোন বারে নির্দ্দিষ্ট সময়ে উক্ত জনয়িতা বা অভিভাবক, যে সরকারী টিকাদার বা চিকিৎসক টিকা দেন, তিনি যাহাতে উক্ত কার্য্যের ফল নির্ণয় করিতে পারেন তন্নিমিত্ত তাঁহার দ্বারা ঐ

practitioner by whom the operation was performed, that the result of the operation may be ascertained; and it shall be the duty of any public vaccinator who has vaccinated a child elsewhere than at a public vaccine station to visit the child at the time and for the purpose abovementioned, whether he is requested to do so or not.

Repetition of vaccination

In the event of the vaccination being unsuccessful, such parent or guardian shall, if the public vaccinator or medical practitioner so direct, cause the child to be forthwith again vaccinated, and subsequently inspected as on the previous occasion.

No fee shall be charged by a public vaccinator for anything done by him under this section.

If child be unfit for vaccination, certificate in form A to be given,

5. If any public vaccinator or medical practitioner shall be of opinion that any child is not in a fit state to be vaccinated, he shall forthwith deliver to the parent or guardian of such child a certificate under his hand according to the form of Schedule A hereto annexed, or to the like effect, that the child is then in a state unfit for vaccination.

which shall remain in force for three months but shall be renewable

The said certificate shall remain in force for three months only, but shall be renewable for successive periods of three months until a public vaccinator or medical practitioner shall deem the child to be in a fit state for vaccination, when the child shall, with all reasonable despatch, be vaccinated and a certificate of successful vaccination given in the form of Schedule C hereto annexed, according to the provisions of section 7, if warranted by the result.

Provision for giving certificates of insusceptibility of successful vaccination

6. If any public vaccinator or medical practitioner shall find that a child whom he has three times unsuccessfully vaccinated is insusceptible of successful vaccination, or that the child brought to him for vaccination has already been successfully inoculated or had the small-pox, he shall deliver to the parent or guardian of such child a certificate under his hand, according to the form of Schedule B hereto annexed, or to the like effect, and if the Superintendent of Vaccination be satisfied that such child is insusceptible of successful vaccination, he shall endorse such certificate, and the parent or guardian shall thenceforth not be required to cause the child to be vaccinated.

শিশুর পরীক্ষা করাইবেন। গোবীজের টিকাদানের সরকারী ষ্টেশন ছাড়া অন্যত্র গোবীজের কোন সরকারী টিকাদার গোবীজে কোন শিশুর টিকা দিলে, তাঁহাকে অনুরোধ করা যাউক বা না যাউক, পূর্ব্বোক্ত সময়ে পূর্ব্বোক্ত কার্য্য নিমিত্ত তাঁহার ঐ শিশুকে দেখিতে হইবে।

গোবীজে পুনর্ব্বার টিকাদানের কথা।

গোবীজের টিকাদান ফলবৎ না হইয়া থাকিলে, যদি উক্ত সরকারী টিকাদার বা চিকিৎসক আদেশ করেন, উক্ত জনয়িতা বা অভিভাবক তৎক্ষণাৎ ঐ শিশুকে পুনর্ব্বার গোবীজের টিকা দেওয়াইবেন ও পূর্ব্ববারের মত পরে দেখাইবেন।

এই ধারামতে গোবীজের কোন সরকারী টিকাদার যাহা কিছু করেন, তজ্জন্য কোন ফী লইবেন না।

শিশু গোবীজে টিকা দিবার যোগ্য না হইলে A পাঠে সর্টিফিকেট দিবার কথা।

৫ ধারা। কোন শিশুর গোবীজের টিকা হইবার যোগ্য অবস্থা নয়, গোবীজের কোন সরকারী টিকাদারের বা চিকিৎসকের এরূপ মত হইলে, তিনি উক্ত শিশুর গোবীজের টিকা হইবার যোগ্য অবস্থা নয়, এই আইনের A তফসীলের পাঠে বা সেই মর্ম্মে আপন স্বাক্ষরযুক্ত এরূপ সর্টিফিকেট লিখিয়া তৎক্ষণাৎ ঐ শিশুর জনয়িতাকে বা অভিভাবককে দিবেন।

সর্টিফিকেট তিন মাস প্রবল থাকিবার, কিন্তু নূতন করিয়া লওয়া যাইতে পারিবার কথা।

উক্ত সর্টিফিকেট কেবল তিন মাস প্রবল থাকিবে, কিন্তু যত কাল গোবীজের কোন সরকারী টিকাদার বা কোন চিকিৎসক ঐ শিশুর গোবীজের টিকা দিবার যোগ্য অবস্থা হইয়াছে বলিয়া জ্ঞান না করেন, ততকাল ক্রমিক তিনং মাসের নিমিত্ত ঐ সর্টিফিকেট নূতন করিয়া লওয়া যাইতে পারিবে। ঐরূপ অবস্থা হইলে, ঐ শিশুর যুক্তিমত যত শীঘ্র হইতে পারে গোবীজে টিকা দেওয়া যাইবে, এবং ফল প্রাপ্ত হইলে, ৭ ধারার বিধানমতে এই আইনের C তফসীলের পাঠে গোবীজের সফল টিকা হইবার সর্টিফিকেট দেওয়া যাইবে।

গোবীজের সফলরূপ টিকা গ্রহণাক্ষমতার সর্টিফিকেট দিবার কথা।

৬ ধারা। যদি গোবীজের সরকারী টিকাদার বা চিকিৎসক কোন শিশুকে তিনবার গোবীজের টিকা দিয়া কোন ফল না পাইয়া নির্ণয় করেন যে ঐ শিশু সফলরূপ গোবীজের টিকা গ্রহণাক্ষম, অথবা যদি তিনি নির্ণয় করেন যে, তাঁহার নিকটে গোবীজের টিকা দিবার নিমিত্ত যে শিশুকে আনা গিয়াছে, তাহার বসন্ত বীজের সফলরূপ টিকা বা বসন্ত রোগ হইয়াছিল, তাহা হইলে তিনি উক্ত শিশুর জনয়িতাকে বা অভিভাবককে এই আইনের B তফসীলের পাঠে বা সেই মর্ম্মে আপন স্বাক্ষরযুক্ত সর্টিফিকেট দিবেন, এবং ঐ শিশু সফলরূপ গোবীজের টিকাগ্রহণাক্ষম, গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এইরূপ হৃদ্বোধ জন্মিলে, তিনি ঐ সর্টিফিকেটের পৃষ্ঠলিপি লিখিবেন, এবং তদবধি উক্ত জনয়িতার বা অভিভাবকের প্রতি ঐ শিশুর গোবীজে টিকা দেওয়াইবার আজ্ঞা করা যাইবে না।

7. Every public vaccinator or medical practitioner who shall have performed the operation of vaccination upon any child and shall have ascertained that the same has been successful, shall deliver to the parent or guardian of such child a certificate according to the form of Schedule C hereto annexed, or to the like effect, certifying that the said child has been successfully vaccinated.

Provision for giving certificates of successful vaccination.

8. No fee or remuneration shall be charged by any public vaccinator to the parent or guardian of any child for any such certificate as aforesaid, nor for any vaccination done by him in pursuance of this Act at a public vaccine station:

No fee to be charged for vaccination at a public vaccine station or for certificates.

But when a public vaccinator attends at the request of the parent or guardian elsewhere than at a public vaccine station for the purpose of vaccinating a child, he shall be paid a fee not exceeding eight annas, such fee to be devoted to the purpose in the next succeeding section mentioned.

9. All such fees shall, in Calcutta, be paid in by the public vaccinator to the credit of the Corporation of the Town of Calcutta, and be by them appropriated for the purposes of this Act. In places out-side Calcutta such fees shall be appropriated as the Lieutenant-Governor may from time to time direct.

Fees how to be appropriated.

10. The Superintendent of Vaccination as hereinafter appointed or any of his assistants may from time to time inspect the vaccination of any child whether performed by a public vaccinator or medical practitioner, and may, if he think fit, direct that such child be forthwith again vaccinated.

Superintendent of Vaccination or his Assistants may inspect vaccination of child.

VACCINATION OF UNPROTECTED PERSONS.

11. Every unprotected person may, whenever the said Superintendent of Vaccination shall deem it advisable, be served with a notice in the form in Schedule D hereto annexed, requiring him within 15 days after the service of the same to submit himself to a public vaccinator or medical practitioner to be vaccinated, and every such person

Unprotected persons to be vaccinated.

৭ ধারা। গোবীজের কোন সরকারী টিকাদার বা কোন চিকিৎসক কোন শিশুর গোবীজে টিকা দিয়া তাহা সফল হইয়াছে জানিলে, উক্ত শিশুর গোবীজে টিকাদান সফল হইয়াছে এইরূপ শংসিত কথা লিখিয়া এই আইনের C তফসীলের পাঠে বা সেই মর্ম্মে উক্ত শিশুর জনয়িতাকে বা অভিভাবককে সর্টিফিকেট দিবেন।

গোবীজেটিকাদান সফল হইবার সর্টিফিকেট দিবার কথা।

৮ ধারা। গোবীজের কোন সরকারী টিকাদার পূর্ব্বোক্ত সর্টিফিকেট নিমিত্ত অথবা এই আইনমতে গোবীজে টিকাদানের সরকারী কোন স্টেশনে ঐ টিকা দিবার নিমিত্ত কোন শিশুর জনয়িতার বা অভিভাবকের নিকট কোন ফী বা পারিশ্রমিক লইবেন না।

গোবীজের টিকা দানের সরকারী ষ্টেশনে টিকা দিবার নিমিত্ত বা সর্টিফিকেটের নিমিত্ত কোন ফী না লইতে হইবার কথা।

কিন্তু গোবীজের কোন সরকারী টিকাদার গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন ছাড়া অন্য কোন স্থানে জনয়িতার বা অভিভাবকের অনুরোধক্রমে কোন শিশুর গোবীজে টিকা দিতে গেলে, তাঁহাকে আট আনার অনধিক ফী দেওয়া যাইবে। ঐ ফী পশ্চাদ্বর্ত্তি ধারার লিখিত কার্য্যে ব্যয় করা যাইবে।

৯ ধারা। কলিকাতা নগরে উক্তরূপ সমুদয় ফী গোবীজের সরকারী টিকাদার কলিকাতা নগরের সমবায়িত সমাজের নামে জমা করিয়া দিবেন, এবং ঐ সমাজ তাহা এই আইনের কার্য্যসাধনার্থে প্রয়োগ করিবেন। কলিকাতার বাহিরে উক্ত ফী শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যেরূপ আদেশ করেন তদনুসারে প্রয়োগ করা যাইবে।

ফী কিরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।

১০ ধারা। পশ্চাল্লিখিতমতে নিযুক্ত গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অথবা তাঁহার সহকারী কোন কর্ম্মকারক সময়েং কোন শিশুর টিকাদান কার্য্য দেখিতে পারিবেন, ঐ কার্য্য গোবীজের কোন সরকারী টিকাদারই করুন বা কোন চিকিৎসকই করুন, এবং উচিত বোধ করিলে ঐ শিশুকে তৎক্ষণাৎ গোবীজে পুনর্ব্বার টিকা দিবার আদেশ করিতে পারিবেন।

গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বা তাঁহার সহকারী কর্ম্মকারকের শিশুর টিকাদান দেখিতে পারিবার কথা।

গোবীজে অরক্ষিত ব্যক্তিদের টিকা দিবার বিধি।

১১ ধারা। গোবীজে টিকাদানের উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বিহিত বোধ করিলে, এই আইনের D তফসীলের পাঠে কোন অরক্ষিত ব্যক্তির উপর নোটিস জারী করিতে পারিবেন। তাহাতে তাঁহার প্রতি এই আদেশ থাকিবে যে ঐ নোটিস জারী হইবার পর ১৫ দিনের মধ্যে কোন সরকারী টিকাদারের বা চিকিৎসকের নিকট গোবীজের টিকা গ্রহণার্থে উপস্থিত হন; এবং

অরক্ষিত ব্যক্তিদিগকে গোবীজের টিকা দিবার কথা।

shall within the said period submit himself to a public vaccinator or medical practitioner for vaccination.

Former sections applicable.

12. The provisions of sections 3 to 10 (both inclusive) shall apply with the necessary alterations to the case of unprotected persons.

Health Officer of Port may cause vaccination of unprotected persons on their arrival

13. The powers conferred by sections 11 and 30 upon the said Superintendent of Vaccination may in the case of unprotected persons arriving in the port of Calcutta be exercised by the Health Officer of the said Port immediately upon their arrival.

PROCEDURE APPLICABLE TO THE TOWN OF CALCUTTA ONLY

Establishment.

Public vaccine stations

14. For the purposes of this Act the Corporation of the Town of Calcutta (hereinafter called the Corporation) shall, subject to the approval of the Lieutenant-Governor, appoint such stations for the performance of vaccination as they shall from time to time deem fit. Such stations shall be called "public vaccine stations."

Appointment of public vaccinators, &c

The Corporation shall appoint such public vaccinators and vaccination establishments for carrying out the purpose of this Act as they shall from time to time deem fit.

Notification of districts and stations

The positions of the public vaccine stations fixed under the provisions of this section, and the days and hours of the public vaccinator's attendance at each station, shall be published from time to time in such manner as the Corporation may direct.

Power of Corporation to make rules

15. The Corporation may from time to time make such rules, consistent with this Act, as they may deem fit, for regulating the expenses of such vaccination establishments aforesaid, the payment of public vaccinators, and the realization and scale of fees under this Act.

Superintendent of Vaccination

16. The Health Officer for the town of Calcutta shall be *ex-officio* Superintendent of Vaccination for the said Town. Such officer, subject to the orders of the Lieutenant-Governor, shall have a general control over all the proceedings of public vaccinators, and shall perform such duties, in connection with public

তদ্রূপ প্রত্যেক ব্যক্তি উক্ত সময়ের মধ্যে কোন সরকারী টিকাদারের বা চিকিৎসকের নিকট গোবীজের টিকা গ্রহণার্থে উপস্থিত হইবেন।

পূর্ব্ব লিখিত ধারাগুলি খাটিবার কথা।

১২ ধারা। ৩ অবধি ১০ পর্য্যন্ত সমুদয় ধারার বিধান আবশ্যক পরিবর্ত্তন সহ অরক্ষিত ব্যক্তিদের সম্বন্ধেও খাটিবে।

অরক্ষিত ব্যক্তিরা আসিবামাত্র বন্দরের স্বাস্থ্যরক্ষক সাহেবের তাহাদিগকে গোবীজে টিকা দিতে পারিবার কথা।

১৩ ধারা। উক্ত গোবীজের টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি ১১ ও ৩০ ধারায় যেই ক্ষমতা অর্পিত হইল, কলিকাতা বন্দরে যে অরক্ষিত ব্যক্তিরা আইসে আসিবামাত্র তাহাদের সম্বন্ধে উক্ত নগরের স্বাস্থ্যরক্ষক সাহেব সেইই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

কেবল কলিকাতা নগরের নিমিত্ত বিশেষ কার্য্যপ্রণালীর বিধি।

সেরেস্তার কথা।

গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশনের কথা।

১৪ ধারা। এই আইনের কার্য্যপক্ষে (অতঃপর সমবায়িত সমাজ নামে অভিহিত) কলিকাতা নগরের সমবায়িত সমাজ, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনের অপেক্ষায়, গোবীজে টিকাদানের নিমিত্ত যেং ষ্টেশন সময়েং উপযুক্ত বোধ করেন সেইং ষ্টেশন নিরূপণ করিবেন। উক্তরূপ ষ্টেশনগুলি "গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন" নামে খ্যাত হইবে।

সরকারী টিকাদারাদির নিয়োগের কথা।

সমবায়িত সমাজ সময়েং যেরূপ উচিত বোধ করেন, এই আইনের উদ্দেশ্য সফল করণার্থ তদ্রূপ গোবীজের সরকারী টিকাদারদল ও গোবীজে টিকাদানের সেরেস্তা নিযুক্ত করিবেন।

পল্লীর ও ষ্টেশনের সম্বাদ দিবার কথা।

এই ধারার বিধানমতে গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশনের যেং স্থান নির্দ্দেশ করা যায়, এবং প্রত্যেক ষ্টেশনে গোবীজের সরকারী টিকাদারের উপস্থিত থাকিবার যেং দিন ও ঘণ্টা নিরূপণ করা যায়, সমবায়িত সমাজ যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে তাহার সম্বাদ সময়েং প্রকাশ করা যাইবে।

সমবায়িত সমাজের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

১৫ ধারা। গোবীজে টিকাদানের পূর্ব্বোক্ত সেরেস্তার ব্যয়ের ও গোবীজের সরকারী টিকাদারদের প্রাপ্তির ও এই আইনমত ফী আদায় করণের ও তাহার হারের বিধান নিমিত্ত সমবায়িত সমাজ যেরূপ উচিত বোধ করেন, সময়েং এই আইন সঙ্গত তদ্রূপ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্টের কথা।

১৬ ধারা। কলিকাতা নগরের স্বাস্থ্যরক্ষক সাহেব স্বীয় পদোপলক্ষে উক্ত নগরের গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাধীনে গোবীজে সরকারী টিকাদারদের সকল কার্য্যের উপর উক্ত কার্য্যকারকের সাধারণ কর্ত্তৃত্ব থাকিবে, এবং এই আইনে যে সকল কর্ম্ম নির্দ্দিষ্ট হইল

vaccination in addition to those prescribed by this Act, as shall be required by the Lieutenant-Governor.

তদতিরিক্ত তিনি গোবীজের সরকারী টিকাদান সম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশমত সমুদয় কর্ম্ম করিবেন।

The Lieutenant-Governor may appoint, if necessary, one or more assistants to be Superintendent, and from time to time remove any such assistant.

Assistant Superintendents

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, আবশ্যক হইলে, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এক বা এতধিক সহকারী কর্ম্মকারক নিযুক্ত করিতে পারিবেন, ও সময়েং তদ্রূপ কোন সহকারী কর্ম্মকারককে অবসৃত করিতে পারিবেন।

সহকারী সুপরিন্টেণ্ডেণ্টের কথা।

17. The expenses of all vaccination establishments under this Act and of the supply of lymph in Calcutta, shall, unless the Lieutenant-Governor otherwise direct, be dferayed by the Corporation.

Expenses of establishments to be a charge on the Corporation.

১৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব প্রকার স্তরের আজ্ঞা না করিলে, এই আইনমত গোবীজে টিকাদানের সেরেস্তার ও কলিকাতায় বীজ যোগাইবার সমস্ত খরচ সমবায়িত সমাজ দিবেন।

সেরেস্তার খরচ সমবায়িত সমাজের দিতে হইবার কথা।

Registration.

রেজিষ্টরীকরণের কথা।

18. On the registration of the birth of any child under the provisions of Chapter X of the Calcutta Municipal Consolidation Act, 1876, or of any other law for the time being in force, the Registrar shall deliver to the person giving information of such birth a printed notice in the form of Schedule E hereto annexed, or to the like effect, and such notice shall have attached thereto the several forms of certificates prescribed by this Act.

Registrar of Births to give notice of the requirement of vaccination.

১৮ ধারা। কলিকাতার মুনিসিপেল আইন সংগ্রহ বিষয়ক ১৮৭৬ সালের আইনের ১০ অধ্যায়ের বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তাহার বিধানমতে কোন শিশুর জন্ম রেজিষ্টরী করা গেলে, যে ব্যক্তি ঐ জন্মের সংবাদ দেন রেজিষ্ট্রার তাঁহাকে এই আইনের E তফসীলের পাঠে অথবা সেই মর্ম্মের নোটিস দিবেন, এবং এই আইনের নির্দ্দিষ্ট ভিন্ন সর্টিফিকেটের পাঠ ঐ নোটিসের সঙ্গে লাগান থাকিবে।

গোবীজে টিকাদানের আবশ্যক নোটিস জন্মের রেজিষ্ট্রারের দিতে হইবার কথা।

19. Every public vaccinator or medical practitioner, who gives to any parent or guardian a certificate in any of the forms of the said Schedules A, B, and C shall, within twenty-one days after giving the same, transmit a duplicate thereof to the Registrar of Births of the district where the birth of the child on whose account such certificate was given has been registered; or if that be not known to him, or if the child was born out of the town of Calcutta, or his birth has not been registered in the said city, to the Registrar of the district within which the child was vaccinated or presented for vaccination.

Duplicates of all certificates to be transmitted to the Registrar.

১৯ ধারা। গোবীজের কোন সরকারী টিকাদান অথবা কোন চিকিৎসক পূর্ব্বোক্ত A বা B বা C তফসীলের পাঠে কোন জনকতাকে বা অভিভাবককে সর্টিফিকেট দিলে, তাহা দিবার পর একুশ দিনের মধ্যে তাহার দোকর লিপি, যে শিশুর নিমিত্ত সর্টিফিকেট দেওয়া যায় তাহার জন্ম যে পল্লীতে রেজিষ্টরী করা হইয়াছিল সেই পল্লীর জন্মের রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেন; কিম্বা ঐ কথা তাঁহার জানা না থাকিলে অথবা কলিকাতার বাহিরে শিশুর জন্ম হইয়া থাকিলে বা উক্ত নগরে তাহার জন্ম রেজিষ্টরী করা না হইয়া থাকিলে, যে পল্লীর মধ্যে ঐ শিশুকে গোবীজের টিকা দেওয়া যায় বা ঐ টিকা দিবার নিমিত্ত উপস্থিত করা যায় সেই পল্লীর রেজিষ্ট্রারের নিকট পাঠাইবেন।

রেজিষ্ট্রারের নিকট সমুদয় সর্টিফিকেটের দোকর লিপি পাঠাইবার কথা।

20. The Registrar of Births shall keep a book in such form as may from time to time be prescribed by the rules made under section 33, in which he shall enter minutes of the notices of vaccination given by him as herein required, and shall also register the duplicates of certificates transmitted to him as herein provided.

Registrar to keep a Vaccination Notice and Certificate Book.

২০ ধারা। ৩৩ ধারামত বিধিতে সময়েং যে পাঠ নির্দ্দিষ্ট হয়, জন্মের রেজিষ্ট্রার সেই পাঠে একখান বহী রাখিবেন এই আইনের আদেশমতে তিনি গোবীজে টিকাদানের যে নোটিস দেন, ঐ বহীতে তাহার চুম্বক কথা লিখিয়া রাখিবেন, এবং এই আইনের বিধানমতে সর্টিফিকেটের যে দোকর লিপি তাঁহার নিকট প্রেরিত হয় তাহাও ঐ বহীতে রেজিষ্টরী করিয়া রাখিবেন।

গোবীজে টিকাদানের নোটিসের ও সর্টিফিকেটের একখান বহী রেজিষ্ট্রারের রাখিবার কথা।

[*Government Gazette, 27th April* 1880.]

21. He shall also prepare and keep a duplicate of the Register of Births required to be kept by him under the provisions of the Calcutta Municipal Consolidation Act, 1876, or of any other law for the time being in force, with such additional columns as shall from time to time be prescribed by the rules made, under section 33, in which he shall record the date of every duplicate certificate in the form of the said Schedule B or Schedule C received by him concerning any child whose birth he has registered, and make an entry to the effect that the child has been vaccinated or is insusceptible of vaccination, as the case may be.

and also a duplicate Register of Births, with entries concerning vaccination,

২১ ধারা। কলিকাতার মুনিসিপাল আইন সংগ্রহ বিষয়ক ১৮৭৬ সালের আইনের বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তাহার বিধানমতে যে জন্মের রেজেষ্টর রাখিতে তাঁহার প্রতি আদেশ আছে, তিনি তাহার দোকর লিপি প্রস্তুত করিয়া রাখিবেন এবং ৩৩ ধারামতে প্রণীত বিধিতে সময়ে২ যেং অতিরিক্ত ঘর দিবার আদেশ থাকে, ঐ রেজিষ্টরে সেইং ঘর দিবেন। তাহাতে তিনি যে শিশুর জন্ম রেজিস্টরী করেন তৎসম্বন্ধে উক্ত B কি C তফসীলের পাঠে যে সার্টিফিকেটের দোকর লিপি পান তাহার তারিখ লিখিবেন ও ঐ শিশুকে গোবীজের টিকা দেওয়া গিয়াছে অথবা, স্থলবিশেষে, সে গোবীজের টিকাগ্রহণাক্ষম এই মর্ম্মের কথা লিখিবেন।

গোবীজের টিকাদানের কথাসহ জন্মের রেজিষ্টরের দোকরলিপি রাখিবার কথা।

22. He shall also keep a Register of Postponed Vaccinations in the form of Schedule F hereto annexed, in which he shall record the name of every child concerning whom he receives a duplicate certificate in the form of the said Schedule A, together with the date of such duplicate certificate and of each such successive duplicate certificate, if he receives more than one, and shall show the number and year of the entry, if any, in the Register of Births in which such child's birth has been registered.

and also a Register of Postponed Vaccinations.

২২ ধারা। গোবীজে টিকাদান স্থগিত রাখা গেলে, তিনি এই আইনের F তফসীলের পাঠে তাহারও রেজিষ্টর রাখিবেন। যে প্রত্যেক শিশুসম্বন্ধে তিনি উক্ত A তফসীলের পাঠে সর্টিফিকেটের দোকর লিপি পান তাহার নাম ও ঐ দোকরলিপির তারিখ ও একাধিক দোকর লিপি পাইলে পরং যে প্রত্যেক দোকর লিপি পান তাহার তারিখ ঐ রেজিস্টরে লিখিবেন, এবং জন্মের রেজিস্টরে উক্ত শিশুর জন্ম রেজিস্টরী করা গিয়া থাকিলে তাহার নম্বর ও সালও লিখিতে হইবে।

গোবীজে টিকাদান স্থগিত রাখা গেলে তাহারও রেজিষ্টর রাখিবার কথা।

23. Every Registrar shall transmit on or before the fifteenth of every month to the Superintendent of Vaccination a return, in such form as may from time to time be prescribed by the rules made, under section 33, of all cases in which duplicate certificates have not been duly received by him in pursuance of the provisions of this Act during the last preceding month.

Transmission of returns to Superintendent.

২৩ ধারা। পূর্ব্ব মাসে এই আইনের বিধানক্রমে যে সকল স্থলে সর্টিফিকেটের দোকর লিপি নিয়মিতরূপে পাওয়া যায় নাই, ৩৩ ধারামতে প্রণীত বিধিতে সময়ে২ যেরূপ পাঠের আদেশ থাকে তদ্রূপ পাঠে প্রত্যেক রেজিষ্ট্রার প্রত্যেক মাসের ১৫ তারিখে বা তাহার পূর্ব্বে গোবীজ টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট সেই সকল স্থলসম্বন্ধীয় রিটর্ণ পাঠাইবেন।

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট রিটর্ণ পাঠাইবার কথা।

24. The Lieutenant-Governor may direct that the duties imposed on the Registrar of Births under sections 19, 20, 21, 22, and 23, shall be performed by any other person appointed by the Lieutenant-Governor.

Lieutenant-Governor may direct any person to perform duties of Registrar.

২৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে, ১৯, ২০, ২১, ২২, ও ২৩ ধারামতে জন্মের রেজিষ্ট্রারের প্রতি যে সকল কর্ম্ম করিবার আদেশ হইল, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিযুক্ত অন্য কোন ব্যক্তি সেই সকল কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের যে কোন ব্যক্তিকে রেজিষ্ট্রারের কর্ম্ম করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

Procedure applicable outside the Town of Calcutta.

কলিকাতা নগরের বহির্ভূত স্থানের কার্য্যপ্রণালীর বিধি।

25. In any municipality other than the town of Calcutta, and in any local area to which this Act may hereafter be extended, the Magistrate of the district may exercise all or any of the powers by this Act conferred upon the Corporation;

Powers of Corporation may be exercised in mofussil by Magistrate of the district;

২৫ ধারা। এই আইনে সমবায়িত সমাজের প্রতি যে সকল বা যে কোন ক্ষমতা অর্পিত হইল কলিকাতা নগর ভিন্ন কোন মুনিসিপালিটীতে ও যে কোন স্থানে ইহার পর এই আইন চালান যায় তথায় জিলার মাজিষ্ট্রেট সাহেব সেই সকল বা তদ্রূপ কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

সমবায়িত সমাজের ক্ষমতাক্রমে মফঃসলে জিলার মাজেষ্টেট সাহেবের কার্য্য করিতে পারিবার কথা।

and the Civil Surgeon of the district or such other officer as the Lieutenant-Governor may from time to time appoint in that behalf shall exercise the powers and perform the duties by this Act assigned to the Superintendent of Vaccination.

and of Superintendent of Vaccination by Civil Surgeon.

আর এই আইনে গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি যে ২ ক্ষমতা ও কর্ত্তব্যতার অর্পিত হইল জিলার সিবিল সর্জন অথবা উক্ত কার্য্যপক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই২ ক্ষমতামতে কার্য্য করিয়া সেই২ কর্ত্তব্য পালন করিবেন।

গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতাক্রমে সিবিল সর্জনের কার্য্য করিতে পারিবার কথা।

PROSECUTIONS AND OFFENCES.

26. If the Superintendent of Vaccination shall notify in writing to a Magistrate that he has reason to believe from the statement of informant or otherwise that any child under the age of fourteen years is an unprotected child, and that he has given notice to the parent or guardian of such child to procure its being vaccinated, and that the said notice has been disregarded, such Magistrate may summon such parent or guardian to appear with the child before him, and if the Magistrate shall find, after such enquiry as he shall deem necessary that the child is an unprotected child, he may, whether the child has been produced or not, make an order directing such child to be vaccinated within a certain time. If the child is at any time produced before him the Magistrate may, unless the child is certified under section 5 to be in a state unfit for vaccination, order it to be vaccinated forthwith in his presence, and in that case may punish such parent or guardian for any recusancy under this clause with a fine which shall not exceed Rs. 5.

Magistrate may make an order for the vaccination of any unprotected child under 14 years.

অভিযোগের ও অপরাধের কথা।

২৬ ধারা। গোবীজে টিকাদানের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যদি লিখিয়া কোন মাজিষ্ট্রেটকে এইরূপ সংবাদ দেন যে, চতুর্দ্দশ বৎসরের কম বয়স্ক কোন শিশু অরক্ষিত শিশু বলিয়া বিশ্বাস করিবার কারণ দেখিয়া তিনি ঐ শিশুর গোবীজে টিকা দেওয়াইবার নিমিত্ত তাহার জনয়িতাকে বা অভিভাবককে নোটিস দিয়াছেন, কিন্তু উক্ত নোটিসের প্রতি অবহেলা করা গিয়াছে, তাহা হইলে উক্ত মাজিষ্ট্রেট ঐ শিশুর সহিত আপনার সম্মুখে উপস্থিত হইবার নিমিত্ত উক্ত জনয়িতাকে বা অভিভাবককে সমন দিতে পারিবেন, এবং উক্ত মাজিষ্ট্রেট যেরূপ তদন্ত আবশ্যক বোধ করেন সেইরূপ তদন্ত লইয়া উক্ত শিশুকে অরক্ষিত শিশু বলিয়া নির্ণয় করিলে, ঐ শিশুকে উপস্থিত করা যাউক বা না যাউক, তাহাকে নির্দ্দিষ্ট কোন সময়ের মধ্যে গোবীজের টিকা দিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন। যদি কোন সময়ে ঐ শিশুকে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করা যায়, তবে ঐ শিশু গোবীজের টিকাদানের যোগ্য অবস্থায় নাই ৫ ধারামতে এই সর্টিফিকেট না থাকিলে, ঐ মাজিষ্ট্রেট আপনার সম্মুখে তৎক্ষণাৎ গোবীজে ঐ শিশুর টিকা দিবার আজ্ঞা করিতে পারিবেন, ও তাহা করিলে এই প্রকরণমত আজ্ঞাবহেলন নিমিত্ত উক্ত জনয়িতার বা অভিভাবকের ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন।

চতুর্দ্দশ বৎসরের কম বয়স্ক কোন অরক্ষিত শিশুকে গোবীজের টিকা দিবার আজ্ঞা মাজিষ্ট্রেটের করিতে পারিবার কথা।

If at the expiration of the time appointed by the Magistrate the child shall not have been vaccinated, or shall not be shown to be then unfit to be vaccinated, or to be insusceptible of vaccination, the person upon whom such order shall have been made shall, unless he can show some reasonable ground for his omission to carry the order into effect, be punished with fine which may extend to fifty rupees:

Penalty for disobedience of such order.

উক্ত সময় গত হইলেও ঐ শিশুকে গোবীজের টিকা দেওয়া না গেলে অথবা সে তৎকালে গোবীজের টিকা দানের অযোগ্য বা উক্ত টিকাগ্রহণাক্ষম ইহা দেখান না গেলে, যে ব্যক্তির প্রতি উক্ত আজ্ঞা করা যায় আজ্ঞা পালন না করিবার যুক্তি সিদ্ধ কারণ দেখাইতে না পারিলে তাঁহার ৫০ পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

উক্ত আজ্ঞা অমান্য করিলে দণ্ডের কথা।

Provided that if the Magistrate shall be of opinion that the person is improperly brought before him, and shall refuse to make an order for the vaccination of the child, he may direct the said Superintendent to disclose the name of his informant, if any, and may order such informant to pay to such person such sum of money as the Magistrate shall consider a fair compensation for expenses and loss of time in attending before him.

Proviso for costs to person improperly summoned.

কিন্তু উক্ত ব্যক্তিকে অন্যায়পূর্ব্বক তাঁহার সম্মুখে আনা হইয়াছে মাজিষ্ট্রেট যদি এইরূপ বিবেচনা করেন ও ঐ শিশুকে গোবীজের টিকা দানের আজ্ঞা করিতে অস্বীকার করেন, তাহা হইলে তিনি উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি সম্বাদদাতা থাকিলে তাহার নাম প্রকাশ করিবার আদেশ দিতে পারিবেন, ও মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইতে উক্ত ব্যক্তির যে অর্থব্যয় ও সময়ক্ষয় হয় তাহার ক্ষতি পূরণস্বরূপ মাজিষ্ট্রেট যত টাকা ন্যায্য বোধ করেন ঐ ব্যক্তিকে তত টাকা দিবার নিমিত্ত সম্বাদদাতার প্রতি আজ্ঞা করিতে পারিবেন।

যে ব্যক্তিকে অন্যায়পূর্ব্বক সমন দেওয়া যায়, তাহার খরচা সংক্রান্ত উপবিধান।

[*Government Gazette, 27th April* 1880.]

27. If any parent or guardian intentionally omits to produce a child whom he has been summoned to produce under the last preceding section, he shall be liable to fine which may extend to Rs. 100, and to a further fine of Rs. 25 for every day during which the offence continues;

Penalty for not producing a child.

Provided that the aggregate amount of fine for such offence shall not exceed Rs. 1,000.

28. Whoever, in contravention of this Act,

(a) neglects without reasonable excuse to submit himself within 15 days after the service on him of the notice prescribed by section 11 to a public vaccinator or medical practitioner to be vaccinated, or after vaccination to be inspected, or

Penalty for neglect to be vaccinated.

(b) neglects without reasonable excuse to take, or cause a child to be taken to be vaccinated, or after vaccination to be inspected, or

Penalty for neglect to take child to be vaccinated, &c.

(c) neglects to fil up and sign and give to the parent or guardian of any child any certificate which such parent or guardian is entitled to receive from him, or to transmit a duplicate of the same to the Registrar of Births,

shall be punished for each such offence with fine which may extend to fifty rupees.

No prosecution under this section shall be instituted after the expiry of twelve months from the date on which the offence has been committed.

29. Whoever wilfully signs or makes, or procures the signing or making of, a false certificate or duplicate certificate under this Act, shall be punished with imprisonment of either description, within the meaning of the Indian Penal Code, for a term which may extend to six months, or with fine which may extend to one hundred rupees, or with both.

Penalty for making or signing false certificate

30. All offences under this Act shall be cognizable by a Magistrate, subject to the provisions of any law for the time being in force for the trial of offences, but no complaint of any such offences shall be entertained unless the prosecution be instituted by order of, or under authority from, the Lieutenant-Governor or the Superintendent of Vaccination.

Cognizance of offences under this Act.

31. In any prosecution for neglect to procure the vaccination of a child, it shall not be necessary in support thereof to prove that the defendant had

Prosecution for neglect

২৭ ধারা। পূর্ব্ব ধারামতে যে শিশুকে উপস্থিত করিবার সমন দেওয়া যায়, কোন জনয়িতা বা অভিভাবক তাহাকে উপস্থিত করিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করিলে, তাঁহার ১০০৲ একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড ও তদতিরিক্ত যত দিন অপরাধ হইতে থাকে দিন প্রতি ২৫ পঁচিশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

শিশুকে উপস্থিত না করিলে দণ্ডের কথা।

কিন্তু উক্ত অপরাধ জন্য মোট অর্থদণ্ড ১০০০৲ এক হাজার টাকার অধিক হইবে না।

২৮ ধারা। এই আইনের বিরুদ্ধে কোন ব্যক্তি

(ক) ১১ ধারার নির্দ্দিষ্ট নোটিস পাইয়া, যুক্তিসঙ্গত আপত্তি না থাকিলেও, ১৫ দিনের মধ্যে গোবীজের কোন সরকারী টিকাদারের বা কোন চিকিৎসকের নিকট গোবীজের টিকা গ্রহণার্থে উপস্থিত হইতে অথবা টিকা হইলে পর দেখাইতে উপেক্ষা করিলে; কিম্বা

গোবীজের টিকাগ্রহণ করিতে উপেক্ষা করিলে দণ্ডের কথা।

(খ) যুক্তিসঙ্গত আপত্তি না থাকিলেও, টিকা দিবার নিমিত্ত কোন শিশুকে লইয়া বা লওয়াইয়া যাইতে অথবা টিকা হইলে পর দেখাইতে উপেক্ষা করিলে; কিম্বা

গোবীজের টিকা দিবার নিমিত্ত শিশুকে লইয়া যাইতে উপেক্ষা করিলে, দণ্ডের কথা।

(গ) কোন শিশুর জনয়িতা বা অভিভাবক তাঁহার নিকট যে কোন সর্টিফিকেট পাইবার অধিকারী তাহা লিখিয়া ও স্বাক্ষর করিয়া উক্ত জনয়িতাকে বা অভিভাবককে দিতে অথবা তাহার নোকল লিপি জন্মের রেজিষ্ট্রারের নিকট পাঠাইতে উপেক্ষা করিলে;

তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত ৫০৲ পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

যে তারিখে অপরাধ করা যায় সেই তারিখ অবধি ১২ মাস গত হইলে পর এই ধারামত কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না।

২৯ ধারা। কেহ এই আইনমতে মিথ্যা সর্টিফিকেট বা সর্টিফিকেটের নোকল লিপি ইচ্ছা পূর্ব্বক স্বাক্ষরিত করিলে বা লিখিলে অথবা অন্যের দ্বারা স্বাক্ষরিত করাইলে বা লিখাইলে, তাঁহার ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অভিপ্রায়মত কোন প্রকারের ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড অথবা একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে।

মিথ্যা সর্টিফিকেট লিখিলে কি স্বাক্ষরিত করিলে, দণ্ডের কথা।

৩০ ধারা। অপরাধের বিচার সম্বন্ধীয় যৎকালে যে আইন প্রবল থাকে তাহার বিধানের নিয়মাধীনে, এই আইনমত সমুদয় অপরাধ মাজিষ্ট্রেটের বিচার্য্য হইবে; কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট-গবর্ণর সাহেবের বা গোবীজ টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞা বা অনুমতিক্রমে অভিযোগ উপস্থিত করা না গেলে, উক্তরূপ কোন অপরাধের নালিশ গ্রহণ করা যাইবে না।

এই আইনমত অপরাধের বিচার হইবার কথা।

৩১ ধারা। কোন শিশুকে গোবীজের টিকা দেওয়াইয়াতে উপেক্ষা জন্য যে অভিযোগ উপস্থিত করা যায়, তৎপ্রতিপোষণার্থ প্রতিবাদী রেজিষ্ট্রারের বা অন্য কোন কার্য্যকারকের নিকট এবং

উপেক্ষা জন্য অভিযোগের কথা।

received notice from the Registrar or any other officer of the requirements of the law in this respect; but if the defendant produce any such certificate as hereinbefore described, or the duplicate of the Register of Births or the Register of Postponed Vaccinations kept by the Registrar as hereinbefore provided, in which such certificate shall be duly entered, the same shall be a sufficient defence for him, except in regard to the certificate according to the form of the said Schedule A, when the time specified therein for the postponement of the vaccination shall have expired before the time when the information shall have been laid.

MISCELLANEOUS.

Annual return to be made of the number of children vaccinated, &c.

32. It shall be the duty of the Superintendent of Vaccination to show in an Annual Return the number of children successfully vaccinated, the number whose vaccination has been postponed, and the number certified to be insusceptible to successful vaccination during the year; and generally to fill up any forms that may be prescribed from time to time by the Lieutenant-Governor or the Corporation.

Lieutenant-Governor to make rules.

33. The Lieutenant-Governor may from time to time make rules or issue orders consistent with this Act—

(*a*) determining the qualifications to be required of public vaccinators;

(*b*) regulating the scale of fees to be paid outside the Town of Calcutta;

(*c*) regulating the gratuitous vaccination of such females as are by the custom of the country unable to attend at the public vaccine stations and are too poor to pay fees;

(*d*) providing for the supply of lymph;

(*e*) regulating the books and forms to be kept by the public vaccinators or by registrars, and also such forms as shall be required for the signature of medical practitioners under the provisions of this Act; and generally

(*f*) for the guidance of public vaccinators and others in all matters connected with the working of this Act.

All such rules or orders shall be published in the *Calcutta Gazette*.

SCHEDULE A.

(*See Section* 5)

I, the undersigned, hereby certify that in my opinion , the child of resident at , is not now in

সম্বন্ধে আইনের আদেশের নোটিস পাইয়াছেন, ইহা প্রমাণ করা আবশ্যক হইবে না। কিন্তু প্রতিবাদী পূর্ব্বোক্ত প্রকারের সর্টিফিকেট উপস্থিত করিলে, অথবা উক্ত সর্টিফিকেট রেজিষ্ট্রারের রক্ষিত পূর্ব্বনির্দ্দিষ্ট জন্মের যে রেজিষ্টরে বা গোবীজে টিকাদান স্থগিত রাখিবার যে রেজিষ্টরে নিয়মিতরূপে লিপিবদ্ধ থাকে তাহার নোকল লিপি উপস্থিত করিলে, তাহাই আত্ম-সমর্থনার্থ তাঁহার পক্ষে যথেষ্ট হইবে। কিন্তু উক্ত A তফসীলের পাঠের সর্টিফিকেটে গোবীজে টিকাদান স্থগিত রাখিবার যে সময় নির্দ্দিষ্ট থাকে, নালিশ করিবার পূর্ব্বে সেই সময় অতীত হইয়া থাকিলে, ঐ সর্টিফিকেটে কোন ফল হইবে না।

বিবিধ বিধি।

যতগুলি শিশুর গোবীজের টিকাপ্রভৃতি হইয়াছে, তাহার বার্ষিক রিটর্ণ দিবার কথা।

৩২ ধারা। বৎসরের মধ্যে গোবীজে টিকাদান যতগুলি শিশুর পক্ষে সফল হইয়াছে, যতগুলির স্থগিত রাখা গিয়াছে, এবং যতগুলি সফলরূপে উক্ত টিকা গ্রহণাক্ষম বলিয়া সর্টিফিকেট দেওয়া গিয়াছে, গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব একখান বার্ষিক রিটর্ণে তাহা দেখাইবেন; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বা সম্বায়িত সমাজ সময়ে২ যে কোন পাঠ নির্দ্দেশ করেন, সাধারণতঃ তাহাও পূরণ করিয়া দিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিধি প্রণয়ন করিবার কথা।

৩৩ ধারা। নিম্নলিখিত বিষয়ের নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ এই আইন সঙ্গত বিধি প্রণয়ন ও আজ্ঞা প্রচার করিতে পারিবেন;—

(ক) গোবীজের সরকারী টিকাদারের যোগ্যতা নিরূপণের নিমিত্ত।

(খ) কলিকাতা নগরের বাহিরে যে হারে ফী দিতে হইবে, তাহার বিধান করিবার নিমিত্ত।

(গ) যে সকল স্ত্রীলোক দেশাচারমতে গোবীজ টিকাদানের সরকারী ষ্টেশনে উপস্থিত হইতে পারে না অথচ নির্দ্ধন বলিয়া ফীও দিতে পারে না, বিনা মূল্যে গোবীজে তাহাদের টিকাদানের বিধান করিবার নিমিত্ত।

(ঘ) বীজ যোগাইবার বিধান করিবার নিমিত্ত।

(ঙ) গোবীজের সরকারী টিকাদারেরা ও রেজিষ্ট্রারেরা যে বহী ও পাঠ রাখিবেন তাহার বিধান করিবার নিমিত্ত, এবং এই আইনের বিধানমতে চিকিৎসকদের স্বাক্ষর করিবার নিমিত্ত যে২ পাঠ আবশ্যক হইবে সেই২ পাঠের বিধান করিবার নিমিত্ত। ও সাধারণতঃ

(চ) এই আইনের কার্য্যসংক্রান্ত সকল বিষয়ে গোবীজের সরকারী টিকাদার ও অন্যান্য ব্যক্তিদের কার্য্য পদ্ধতি প্রদর্শন নিমিত্ত।

এই সকল বিধি ও আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

A তফসীল।

(৫ ধারা দেখ।)

নিম্নস্বাক্ষরকারী আমি এতদ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে, আমার মতে, অমুক স্থান বাসী শ্রীঅমুকের

a fit and proper state to be vaccinated, and I do hereby recommend that the vaccination be postponed for the period of three months from this date.—Dated this day of
18 .

(Signature of Medical Practitioner or Public Vaccinator.)

SCHEDULE B.

(*See Section* 6)

I, the undersigned, hereby certify that I have three times unsuccessfully vaccinated , the child of , residing at (*or* that the child has already had small-pox, *as the case may be*), and I am of opinion that the said child is insusceptible of successful vaccination.—Dated this day of
18 .

(Signature of Medical Practitioner or Public Vaccinator.)

(Endorsement by Superintendent of Vaccination.)

SCHEDULE C.

(*See Section* 7.)

I, the undersigned, hereby certify that the child of , age , resident at, , has been successfully vaccinated by me —Dated this day of
18 .

(Signature of Medical Practitioner or Public Vaccinator.)

SCHEDULE D.

(*See Section* 11.)

To

Take notice that you are hereby required, under the provisions of the Bengal Vaccination Act, 1880, to submit yourself to a public vaccinator or medical practitioner within from the service of this notice for vaccination, and that in default of so doing you will be liable to a fine which may amount to Rs. 50.

The public vaccine station nearest your house is at . The days and hours for vaccination at that station are as follows :—

(*Here insert the days and hours when the public vaccinator is in attendance.*)

On your attending before a public vaccinator at the said station within the said hours on any of

শিশুসন্তান শ্রীঅমুক এক্ষণে গোবীজের টিকা দিবার যোগ্য অবস্থায় নাই, এবং আমি এই তারিখ অবধি তিন মাস তাহার টিকা দেওয়া স্থগিত রাখিলাম।
১৮ সাল তাং

(চিকিৎসকের বা গোবীজের সরকারী টিকাদারের স্বাক্ষর।)

B তকসীল।

(৬ ধারা দেখ।)

নিম্নস্বাক্ষরকারী আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে, অমুক স্থানবাসি শ্রীঅমুকের শিশুসন্তান শ্রীঅমুককে তিনবার গোবীজে টিকা দিয়া সফল হই নাই (অথবা, স্থলবিশেষে, ঐ শিশুর বসন্ত হইয়াছিল), এবং আমার মত এই যে উক্ত শিশু সফলরূপে গোবীজের টিকা গ্রহণাক্ষম।
১৮ সাল তাং

(চিকিৎসকের বা গোবীজের সরকারী টিকাদারের স্বাক্ষর।)

(গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পৃষ্ঠলিপি।)

C তকসীল।

(৭ ধারা দেখ।)

নিম্নস্বাক্ষরকারী আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে, অমুক স্থান বাসি শ্রীঅমুকের এত বৎসর বয়স্ক শিশুসন্তান শ্রীঅমুককে আমি গোবীজের যে টিকা দিয়াছিলাম তাহা সফল হইয়াছে।
১৮ সাল তাং

(চিকিৎসকের বা গোবীজের সরকারী টিকাদারের স্বাক্ষর।)

D তকসীল।

(১১ ধারা দেখ।)

শ্রীঅমুক সমীপেষু।

তোমাকে নোটিস দেওয়া যাইতেছে যে বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানমতে তোমার প্রতি এই আদেশ হইল যে তুমি এই নোটিস পাইবার পর এত দিনের মধ্যে গোবীজের টিকা গ্রহণার্থে গোবীজের কোন সরকারী টিকাদারের নিকট অথবা কোন চিকিৎসকের নিকট উপস্থিত হইবে, এবং তাহা না করিলে তোমার ৫০৲ পঞ্চাশ টাকা পর্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

অমুক স্থানে তোমার বাটীর অতি নিকটবর্ত্তী গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন আছে। সেই ষ্টেশনে টিকাদানের দিন ও ঘণ্টা নিম্নলিখিত রূপ :—

(যেং দিন যেং ঘটায় গোবীজের সরকারী টিকাদার উপস্থিত থাকেন, সেইং দিন ও ঘণ্টা এই খানে লিখ।)

উক্ত কোন দিনে ঐং ঘণ্টার মধ্যে উক্ত ষ্টেশনে, কিম্বা নগরস্থ গোবীজে টিকাদানের অন্য কোন সর-

the said days, or at any other public vaccine station in the town on the days and within the hours prescribed for public vaccination at such station, you will be vaccinated free of charge.

If you wish to be vaccinated at your own house the public vaccinator will attend there upon payment of a fee of

Dated the of 18 .

Superintendent of Vaccination,
or Civil Surgeon, as the case may be.

SCHEDULE E.

(*See Section* 18.)

To

(*Here insert the name of the parent, guardian, or other person who gives information of the child's birth.*)

Take notice that the child of (*here enter the mother's name*), whose birth has this day been registered, must be vaccinated under the provisions of the Bengal Vaccination Act, 1880, within one year from the date of its birth, under penalty.

The public vaccine station nearest to the house in which the child was born is at No.

The days and hours for vaccination at that station are as follows:—

(*Here insert the days and the hours when the public vaccinator is in attendance.*)

On your taking, or causing the child to be taken, to the public vaccinator at the said station within the said hours on any of the said days, or at any other public vaccine station in the city on the days and within the hours prescribed for public vaccination at such station, it will be vaccinated free of charge.

If you wish to have the child vaccinated at your own house the public vaccinator will attend there upon payment of a fee of

You should be careful to have one of the annexed forms of certificates filled in by the public vaccinator, or, if you employ a private medical practitioner to vaccinate the child by such medical practitioner, and to keep the same in your possession. Any such certificate will be granted to you by a public vaccinator free of charge.

Dated the of 18 .

Registrar of Births.

[*Government Gazette, 27th April* 1880.]

কারী ষ্টেশনে গোবীজের সরকারী টিকাদারের যেং দিন ও ঘণ্টা নির্দ্দিষ্ট থাকে তৎকালে তথায় গোবীজের কোন সরকারী টিকাদারের নিকটে উপস্থিত হইলে, বিনা মূল্যে তোমাকে গোবীজের টিকা দেওয়া যাইবে।

তুমি আপন গৃহে গোবীজের টিকা গ্রহণ করিতে চাহিলে, এত ফী দিলে গোবীজের সরকারী টিকাদার তথায় উপস্থিত হইবেন।

১৮ সাল তাং

গোবীজে টিকাদানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব,
অথবা, স্থলবিশেষে, সিবিল সর্জন।

E তফসীল।

(১৮ ধারা দেখ।)

শ্রী অমুক সমীপেষু।

(যে জনয়িতা, অভিভাবক, বা অন্য ব্যক্তি শিশুর জন্মের সংবাদ দেন, এই স্থানে তাঁহার নাম দিবে।)

তোমাকে নোটিস দেওয়া যাইতেছে যে শ্রীমতী অমুকের (এই স্থানে মাতার নাম দিবে) যে শিশু সন্তানের জন্ম অদ্য রেজিষ্টরী করা গেল, তাহাকে বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানমতে জন্মের তারিখ অবধি এক বৎসর মধ্যে গোবীজের টিকা দিতে হইবে, না দিলে দণ্ড হইবে।

যে গৃহে শিশুর জন্ম হইয়াছে তাহার অতি নিকটবর্ত্তী গোবীজে টিকাদানের সরকারী ষ্টেশন অমুক রাস্তার এত নং বাটীতে আছে। ঐ ষ্টেশনে টিকাদানের দিন ও ঘণ্টা নিম্নলিখিতমত।—

(যেং দিনে যেং ঘণ্টায় গোবীজের সরকারী টিকাদার উপস্থিত থাকেন এখানে তাহা লিখ।)

উক্ত কোন দিনে ঐ২ ঘণ্টার মধ্যে উক্ত ষ্টেশনে কিম্বা নগরস্থ গোবীজে টিকাদানের অন্য কোন সরকারী ষ্টেশনে গোবীজের সরকারী টিকাদানের যেং দিন ও ঘণ্টা নির্দ্দিষ্ট থাকে তৎকালে তথায় ঐ শিশুকে গোবীজের সরকারী টিকাদারের নিকট লইয়া বা লওয়াইয়া গেলে, বিনা মূল্যে গোবীজে তাহার টিকা দেওয়া যাইবে।

তুমি আপন গৃহে গোবীজে ঐ শিশুর টিকা দিতে চাহিলে, এত ফী দিলে গোবীজের সরকারী টিকাদার তথায় উপস্থিত হইবেন।

তুমি গোবীজের সরকারী টিকাদারের দ্বারা, কিম্বা উক্ত শিশুকে গোবীজের টিকা দিবার নিমিত্ত যদি তুমি কোন সামান্য চিকিৎসককে নিযুক্ত কর, ঐ চিকিৎসকের দ্বারা এতৎসংযুক্ত সর্টিফিকেটের এক খান পত্র সাবধানে পূরণ করাইয়া লইয়া আপনার নিকটে রাখিবে। গোবীজের কোন সরকারী টিকাদার বিনা মূল্যে তোমাকে ঐ সর্টিফিকেট দিবেন।

১৮ সাল তাং

জন্মের রেজিষ্ট্রার।

SCHEDULE F.

(*See Section 22.*)

Register of Postponed Vaccinations for the District of

Consecutive number.	NAME OF CHILD.	BIRTH.		Date of certificate of postponement.		Signature of Registrar.
		Year.	Number of entry in register.	1878.		
1	Ram Chunder Dass.	1878	12	May ..	10	H. O.

W. E. H. FORSYTH,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

F তফসীল।

(২২ ধারা দেখ।)

অমুক পল্লীর টিকাদান স্থগিত রাখিবার রেজিষ্টর।

ক্রমিক সংখ্যা।	শিশুর নাম।	জন্ম।		স্থগিত রাখিবার সার্টিফিকেটের তারিখ।	রেজিষ্ট্রারের স্বাক্ষর।
		বৎসর	রেজিষ্টরে লিখিত কথার নম্বর		
১	শ্রীরামচন্দ্র দাস	১৮৭৮	১২	১৮৭৮ মে। ১০	ক, চ

ডবলিউ, ই, এচ, ফরসাইথ,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

THE following report of the Select Committee, together with the Bill as amended by them, is, by order of the President, published for general information:—

WE, the undersigned members of the Select Committee to whom *The Bill to amend the law for the Recovery of certain Public Demands* was referred, have the honor to make the following report.

We have struck out the words which gave the Bill operation within the local limits of the Ordinary Original Jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal.

We have provided that a certificate made (1) for a balance of arrears of land revenue not realized by the sale of the estate upon which such arrears accrued, or (2) for arrears of revenue due by a farmer, may be contested in the Civil Court on the ground that no such arrears were due, if the judgment-debtor under the Certificate has paid the amount to the Collector within *one month* after service of notice or within *fifteen* days after any objection made by him has been rejected by the Revenue Authorities. Practically this is the existing law under the unrepealed section 12 of Regulation III of 1794. We have in consequence included this section in the schedule of repeals. The necessary result of this change is that a Certificate of the above description will be no longer absolute in the first instance. We have therefore dispensed with the terms "Absolute" and "Conditional."

We have retained the provisions by which rents in estates managed by the Court of Wards or the Revenue Authorities are recoverable under the provisions of the Bill: but we have provided the following safeguards in applying the Special Procedure to this class of cases:—

(1.) When these rents are payable, not to the Collector direct, but to a Manager, the Certificate, though made by the Collector, will be made upon the responsibility of the Manager.

(2.) The notice sent to the Collector, and on which the Certificate is made, must be verified as a plaint.

(3.) A court-fee will be payable on such notice as upon a plaint for the recovery of the same amount of rent. This was necessary to protect the public revenue from loss.

(4.) The judgment-debtor under such Certificate will be, not the Secretary of State for India, but the private individual on behalf of whom the estate is managed; and when he is a minor or lunatic, then such minor or lunatic by his next friend.

(5.) The protection given to the Collector and other public officers is not extended to managers, and the result of this and No. (4) will be, that the Secretary of State for India in Council will incur no liability in respect of either the making of such Certificates or of anything done under them.

(6.) We have excluded this class of cases from the operation of the provisions as to the attachment of movables when the Collector is satisfied that the judgment-debtor is likely to conceal, or remove, or dispose of his movable property.

We have made it clear by express language that a Certificate may not be made for any demand, the recovery of which is barred by any law of Limitation for the time being in force.

We have made more clear the procedure under which petitions of objection referred to the Revenue Authorities are to be heard and determined.

We have provided that petitions of objection may be referred for hearing to Assistant Commissioners and Extra Assistant Commissioners as well as to Deputy Collectors.

We have given the Collector (or Deputy Collector, &c.) power to deal with resistance to execution. This will enable him to dispose of objections made by persons dispossessed of immovable property by the execution proceedings.

We have provided that when a Certificate is set aside by a competent Civil Court, such Court may also set aside a sale of immovable property made in execution of such Certificate, directing the refund of the purchase-money with or without interest, as the Court may think fit; but only if the purchaser has been made or added as a party to such suit and so has had an opportunity of being heard. We think that the rule laid down in *Jan Ali* v. *Jan Ali Chaudhri* (1 B. L. R., A. C. 56) ought not to govern a sale made otherwise than under the regular provisions of the Code of Civil Procedure.

We have provided for a general power of supervision and control by Commissioners and the Board of Revenue.

We have made a few other minor alterations.

We recommend that the Bill as amended be passed.

H. L. DAMPIER.
J. O'KINEALY.
KRISTODAS PAL.*
PEARY MOHUN MOOKERJEE.
AMEER HOSSEIN.
C. D. FIELD.

The 26th March 1880.

* Dissenting as to the extension of the provisions of the Bill to Wards' estates.

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপিসমেত শ্রীযুক্ত প্রেসিডেণ্ট সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।

সিলেক্ট কমিটীর নিম্নস্বাক্ষরকারী সভ্য আমাদের প্রতি কোন২ রাজকীয় প্রাপ্য আদায় করিবার আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়। আমরা সসম্ভ্রমে তৎসম্বন্ধে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদিম নিয়মিত বিচারাধিপত্যের সীমান্তর্গত স্থানের মধ্যে যেং কথার পাণ্ডুলিপি কার্য্যকর হইবার বিধান ছিল, আমরা সেই কথাগুলি উঠাইয়া দিয়াছি।

আমরা বিধান করিয়াছি যে, (১) যে মহালের ভূমির রাজস্ব বাকী পড়ে সেই মহাল বিক্রয় দ্বারা বাকী টাকা আদায় করা না গেলে, ঐ টাকার নিমিত্ত ও (২) ইজারদারের স্থানে পাওনা বাকী রাজস্ব নিমিত্ত যে সর্টিফিকেট লেখা যায়, সর্টিফিকেটমত খাতক নোটিস পাইবার পর এক মাসের মধ্যে অথবা রাজস্ব বিষয়ক কর্তৃপক্ষেরা তৎকৃত আপত্তি অগ্রাহ্য করিবার পর পনের দিনের মধ্যে কালেক্টর সাহেবকে ঐ টাকা দিলে তদ্রূপ কোন টাকা পাওনা নাই বলিয়া দেওয়ানী আদালতে সেই সর্টিফিকেটের প্রতিবাদ করিতে পারিবেন। ১৭৯৪সালের ৩ আইনের যে ১২ ধারা রহিত করা যায় নাই, তৎক্রমে কার্য্যতঃ ইহাই বর্ত্তমান ব্যবস্থা। এই নিমিত্ত আমরা রহিত করিবার তফশীলে এই ধারা ধরিয়াছি। এই পরিবর্ত্তনের অবশ্যম্ভাবী ফল এই যে উক্ত প্রকারের সর্টিফিকেট আর প্রথমে চূড়ান্ত হইবে না। আমরা এই নিমিত্ত "চূড়ান্ত" ও "নিয়মাধীন" এই দুইটী শব্দ উঠাইয়া দিয়াছি।

[*Government Gazette, 27th April* 1880.]

ARRANGEMENT OF SECTIONS.

	Sections.
Preamble.	
Short title	1
Extent	1
Commencement	1
Construction of this Act	2
Repeal of Acts in Schedule	3
Certificate under Act VII (B.C.) of 1868 to be enforced under this Act	3
Definitions	4
When an estate or tenure has been sold for its own arrears; and the sale proceeds are insufficient to liquidate the same: or when arrears of revenue due from a farmer are not paid on latest date of payment the Collector of the district may make a Certificate of the unpaid arrears	5
Such Certificate shall have the same force and effect as a decree of a Civil Court as regards the remedies for enforcing it	6
Judgment-debtor may bring a suit in the Civil Court to contest his liability, if he has deposited the amount of the certificate	6
If no suit within a year or if suit brought be decided against judgment-debtor, Certificate to become absolute and to have effect of a decree of the Civil Court to all intents and purposes ...	6
When any arrear of a public demand is unpaid by the person liable to pay the same, the Collector of the district may make a Certificate of the unpaid demand	7
Such Certificate shall have the same effect as a decree of a Civil Court, but only as regards the remedies for enforcing the same	8
Judgment-debtor may bring suit within one year to have Certificate cancelled. If no suit, or if suit brought be decided against judgment-debtor, Certificate to become absolute and have effect of decree of Civil Court to all intents and purposes	8
In case of arrears of public demand payable to Officer other than Collector, such Officer may give notice to Collector ..	9
Such notice given by a manager to be verified and stamped as a plaint...	9
Collector may on receipt of such notice make a Certificate	9
When Certificate filed, notice to be given to judgment-debtor. Upon service of notice, Certificate to bind immovable property of judgment-debtor	10

ধারার নির্ঘণ্ট

	ধারা।
হেতুবাদ	
সংক্ষেপ নাম।	১
ব্যাপ্তি।	১
প্রারম্ভ	১
এই আইনের অর্থ করণের কথা	২
তফসীলের লিখিত আইনগুলি রহিত হইবার কথা...	৩
১৮৬৮ সালের বঙ্গীয় আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেট এই আইনমতে প্রবল [illegible]	
পরিভাষা	৪
কোন মহাল বা ভূসম্পত্তি তাহার বাকী রাজস্ব নিমিত্ত বিক্রীত হইলে ও বিক্রয়োৎপন্ন টাকায় তাহা শোধ না হইলে বা ... ... ইজারদারের স্থানে প্রাপ্য বাকী রাজস্ব টাকা দিবার শেষ দিনে দেওয়া না গেলে, জিলার কালেক্টর সাহেবের বাকী টাকার সর্টিফিকেট লিখিতে পারিবার কথা।	৫
উক্ত সর্টিফিকেট প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে উহা দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবার কথা	৬
সর্টিফিকেটের লিখিত টাকা জমা করিয়া দিলে, ডিক্রীমত খাতকের স্বীয় দায়ের প্রতিবাদ করণার্থ দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা। এক বৎসরের মধ্যে তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করা না গেলে, অথবা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট চূড়ান্ত হইবার ও সর্বপ্রকারে দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় ফলবৎ হইবার কথা।	
[illegible] প্রাপ্যের বাকী টাকা দিতে যে ব্যক্তি দায়ী সেই ব্যক্তি তাহা না দিলে, জিলার কালেক্টর সাহেবের অদত্ত প্রাপ্য টাকার সর্টিফিকেট লিখিতে পারিবার কথা	৭
সর্টিফিকেট প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে উহা দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ হইবার কথা। ...	৮
সর্টিফিকেটের প্রতিবাদ করণার্থে ডিক্রীমত খাতকের দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার ও এক বৎসর মধ্যে তদ্রূপ মোকদ্দমা করা না গেলে অথবা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট চূড়ান্ত হইবার কথা।	
কালেক্টর সাহেব ভিন্ন অন্য কার্য্যকারকের নিকট দেয় রাজকীয় প্রাপ্য বাকী থাকিলে উক্ত কার্য্যকারকের কালেক্টর সাহেবকে নোটিস দিতে পারিবার কথা।	৯
কোন কার্য্যাধ্যক্ষ ঐ নোটিস দিলে, তাহাতে আবেদন পত্রের ন্যায় সত্য পাঠ ও ইষ্টাম্প সংযোগ করিবার কথা।	
ঐ নোটিস পাইলে কালেক্টর সাহেবের সর্টিফিকট লিখিতে পারিবার কথা।	
সর্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে, ডিক্রীমত খাতককে নোটিস দিবার ও নোটিস জারী করা গেলে, সর্টিফিকেটক্রমে ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা	১০

	Sections.		ধারা
Copy of Certificate may be sent to Collector of another district to be filed in his office; and upon its being filed, Certificate shall bind immovable property situate in such district	10	অন্য জিলার কালেক্টর সাহেবের আফিসে গাঁথিয়া রাখিবার নিমিত্ত তাঁহার নিকট সর্টিফিকেটের প্রতিলিপি পাঠাইবার ও তাহা গাঁথিয়া রাখা গেলে সর্টিফিকেটক্রমে ঐ জিলার অন্তর্গত স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা	
Movable property of person, against whom Certificate has been made, may be attached at any time, if Collector satisfied that such person is likely to conceal, remove, or dispose of such property	11	যে ব্যক্তির বিরুদ্ধে সর্টিফিকেট লেখা যায়, সেই ব্যক্তি স্বীয় অস্থাবর সম্পত্তি লুকাইবে বা স্থানান্তর করিবে বা বিক্রয়াদি করিবে এরূপ সম্ভাবনা আছে বলিয়া কালেক্টর সাহেবের বোধ জন্মিলে কোন সময়ে ঐ সম্পত্তি ক্রোক করিতে পারিবার কথা .	১১
Any person served with notice under Section 10 may file a petition of objection	12	যে ব্যক্তির উপর ১০ ধারামতে নোটিস জারী করা যায় তাঁহার আপত্তির দরখাস্ত দিতে পারিবার কথা ...	১২
Day to be fixed for hearing such petition. Collector to determine the liability of the petitioner. Certain provisions of the Code of Civil Procedure to apply to the inquiry	13	দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবার ও কালেক্টর সাহেবের দরখাস্তকারির দায় নিরূপণ করিবার ও তদন্তের পক্ষে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোনং বিধান বর্ত্তিবার কথা	১৩
Costs of petition how realized	14	কিরূপে খরচা আদায় করা যাইবে, তাহার কথা ...	১৪
Collector may refer petition for hearing to Deputy Collector, Assistant Commissioner, &c., who shall have the same powers to hear it as the Collector	15	ডেপুটী কালেক্টর আসিষ্টান্ট কমিশ্যনর প্রভৃতির প্রতি কালেক্টর সাহেবের দরখাস্ত শুনিবার নিমিত্ত সমর্পণ করিতে পারিবার ও তাঁহাদের কালেক্টর সাহেবের মত ক্ষমতাক্রমে তাহা শুনিবার কথা ...	১৫
Appeal from Deputy Collector, Assistant Commissioner, &c., to Collector; and from Collector to Commissioner: stay of execution	16	ডেপুটী কালেক্টর আসিষ্টান্ট কমিশ্যনর প্রভৃতির নিকট হইতে কালেক্টর সাহেবের নিকট, ও কালেক্টর সাহেবের নিকট হইতে কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইবার ও জারী করণ স্থগিত রাখিবার কথা	১৬
Power of revision	17	সংশোধনের কথা	১৭
Certificate may be enforced after one month from notice, or when petition of objection disposed of	18	নোটিস দিবার এক মাস পরে অথবা আপত্তির দরখাস্তের নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা	১৮
Certificate may be enforced under the provisions of the Code of Civil Procedure as a decree for money	19	টাকার ডিক্রীর ন্যায় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানমতে সর্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা	১৯
Sale of immovable property may be set aside, if Certificate is set aside by a competent court. Proviso	20	উপযুক্ত আদালতে সর্টিফিকেট অসিদ্ধ করা গেলে, স্থাবর সম্পত্তি বিক্রয় অসিদ্ধ হইতে পারিবার কথা উপবিধান	২০
Register of Certificates to be kept in Collector's office and to be open to inspection on payment of fee of eight annas	21	সর্টিফিকেটের রেজিষ্টর কালেক্টর সাহেবের আফিসে রাখিবার ও আট আনা ফী দিলে তাহা দেখিতে পাইবার কথা	২১
Rules as to the payment of sums due under Certificates; and as to such payments being certified by Collectors	22	সর্টিফিকেটমত দেয় টাকা কিস্তী করিয়া দিতে পারিবার ও কিস্তির টাকা প্রদান রেজিষ্টরে লিখিবার কথা	২২
Collector, Deputy Collector, &c., or Public Officer of Government to be deemed to be acting judicially in the discharge of his duties under this Act	23	এই আইনমতে কর্ম্ম করিবার সময়ে কালেক্টর, ডেপুটী কালেক্টর, প্রভৃতি ও রাজকীয় কার্য্যকারক বিচারক স্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া জ্ঞান হইবার কথা	২৩
Collectors, &c., to be subject to the supervision and control of the Commissioners and Board in the discharge of their duties under this Act	24	এই আইনমতে আপনং কর্ম্ম করিবার সময়ে কালেক্টর প্রভৃতি কমিশ্যনরদের ও বোর্ডের তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বের অধীন হইবার কথা	২৪
First Schedule	Repeals.	প্রথম তফসীল।—যেং আইন রহিত হইল।	
Second do.	Forms.	দ্বিতীয় তফসীল।—পাঠ।	

AMENDED BILL.

A Bill to amend the Law for the Recovery of certain Public Demands.

Preamble.

WHEREAS it is expedient to amend the law for the recovery of certain dues and debts demandable by Public Officers: It is hereby enacted as follows:—

Short Title.

1. This Act may be called "The Public Demands' Recovery Act, 1880."

Extent.

It extends to all the territories for the time being administered by the Lieutenant-Governor of Bengal.

Commencement.

It shall come into operation on and after the date on which it shall be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Construction of this Act.

2. This Act, so far as is consistent with the tenor thereof, shall be construed as one with Act XI of 1859, passed by the Governor General in Council, and Act VII of 1868, passed by the Lieutenant-Governor of Bengal in Council. The powers given by this Act shall be deemed to be in addition to, and not in derogation of, any powers conferred by *any Act now being in force for the recovery of any due, debt, or demand to which the provisions of this Act are applicable.*

Repeal of Acts in Schedule.

3. The Acts specified in the first Schedule annexed to this Act are hereby repealed from and after the commencement of this Act, to the extent specified in the third column of that Schedule: provided that this repeal shall not affect—

(*a*) the past operation of any enactment hereby repealed, nor anything duly done or suffered thereunder:

(*b*) any liability created under any enactment hereby repealed.

Certificates under Act VII (B.C.) of 1868 to be enforced under this Act.

Every Certificate made under the provisions hereby repealed of Act VII of 1868, passed by the Lieutenant-Governor of Bengal in Council, may be enforced under the provisions of this Act.

Definitions.

4. In this Act, unless the context otherwise requires, *but not in the other Acts mentioned in Section 2*,

Government Gazette, 27th April 1880.]

সংশোধিত পাণ্ডুলিপি।

যোন২ রাজকীয় প্রাপ্য আদায়ের আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

প্রস্তাব।

রাজকীয় কার্য্যকারকদের দাওয়াযোগ্য কোন২ প্রাপ্য ও ঋণের টাকা আদায় করিবার আইন সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "রাজকীয় প্রাপ্য আদায়বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

এই আইন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যে২ দেশ থাকে তৎসমুদয়ের প্রতি বর্ত্তিবে।

আরম্ভ।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায়, সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

এই আইনের অর্থ করণের কথা।

২ ধারা। এই আইনের ভাবের সহিত যতদূর সঙ্গত হয়, এই আইন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৯ সালের ১১ আইনের ও মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ৭ আইনের অঙ্গীভূত বলিয়া ইহার অর্থ করিতে হইবে। যে কোন দেনা বা ঋণ বা প্রাপ্যের প্রতি এই আইনের বিধান বর্ত্তে, তাহা আদায় করণার্থ একণে যে কোন আইন বলবৎ আছে, এই আইনক্রমে প্রদত্ত ক্ষমতা সেই আইনক্রমে প্রদত্ত ক্ষমতার অতিরিক্ত বলিয়া জ্ঞান হইবে, তদ্বিরুদ্ধ বলিয়া নহে।

তফসীলের লিখিত আইনগুলি রহিত হইবার কথা।

৩ ধারা।—এই আইনের প্রচলনারম্ভাবধি এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইনগুলির যে পরিমাণ ঐ তফসীলের তৃতীয় ঘরে নির্দ্দিষ্ট হইল সেই পরিমাণ রহিত হইল। কিন্তু এই প্রকারে রহিত হওয়াতে,

(ক) যে কোন আইন এতদ্দারা রহিত করা গেল তাহার গত কার্য্যের বা তৎক্রমে নিয়মিতরূপে যাহা কিছু করা বা করিতে দেওয়া গিয়াছে তাহার, বা

(খ) যে কোন আইন এতদ্দারা রহিত করা গেল তৎক্রমে সৃষ্ট কোন দায়ের, কোন বিঘ্ন হইবে না।

১৮৬৮ সালের বঙ্গীয় আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেট এই আইনমতে প্রবল করিতে পারিবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ৭ আইনের যে২ বিধান এতদ্দারা রহিত করা গেল তৎক্রমে প্রদত্ত প্রত্যেক সর্টিফিকেট এই আইনের বিধানমতে প্রবল করা যাইতে পারিবে।

পরিভাষা।

৪ ধারা। পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তরের প্রয়োজন না হইলে, এই আইনে, (কিন্তু ২ ধারার উল্লিখিত অন্য কোন আইনে নহে),

"Collector" — *"Collector" means (a) the Collector of a District or any Officer specially appointed by the Lieutenant-Governor to perform the functions of a Collector under this Act; and (b) any Officer in charge of a Sub-division of a District whom the Collector of such District, with the sanction of the Commissioner, authorizes to perform such functions as aforesaid :*

"Section." — "Section" means a section of this Act.

5. In the following cases, that is to say—

When an estate or tenure has been sold for its own arrears; and the sale-proceeds are insufficient to liquidate the same; or

(1) when, under the provisions of Act XI of 1859, passed by the Governor-General in Council, or of Act VII of 1868, passed by the Lieutenant-Governor of Bengal in Council, an estate or tenure has been sold for the recovery of arrears of revenue due thereupon, and, after deducting the expenses of such sale, the balance of the sale-proceeds remaining is insufficient to liquidate the arrears of revenue in discharge of which such sale-proceeds may under the aforesaid provisions be applied;

when arrears of revenue due from a farmer are not paid on latest date of payment;

(2) when arrears of revenue due from a farmer on account of an estate held by him in farm are not paid on the latest day of payment fixed under the provisions of Section 3 of Act XI of 1859, passed by the Governor-General in Council;

the Collector of the district may make a certificate of the unpaid arrears.

the Collector may make under his hand, and in form No. 1 in the second Schedule annexed to this Act, a certificate of the amount of arrears so remaining unpaid, and may cause the same to be filed in his office.

Such certificate shall have the force and effect of a decree of a Civil Court as regards the remedies for enforcing it.

6. (a) Subject to the provisions of this Act, every certificate *made under the provisions of Section 5* shall, *as regards the remedies for enforcing the same and so far only*, have the force and effect of a decree of a Civil Court, and *the Secretary of State for India in Council* shall be deemed to be the decree-holder, and the person therein named as debtor shall be deemed to be the judgment-debtor.

"কালেক্টর।" — "কালেক্টর" শব্দে (ক) জিলার কালেক্টর সাহেবকে অথবা এই আইনমতে কালেক্টরের কর্ম্ম করিবার নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিশেষরূপে যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাকে এবং (খ) পূর্ব্বোক্তরূপ কর্ম্ম করিবার নিমিত্ত উক্ত জিলার কালেক্টর সাহেব কমিশনর সাহেবের অনুমতিগ্রহণ পূর্ব্বক মকস্বলের অধীকর্তা তার প্রাপ্ত যে কোন কার্য্যকারকের প্রতি ক্ষমতার্পণ করেন তাঁহাকে বুঝাইবে।

"ধারা।" — "ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

৫ ধারা। পশ্চাল্লিখিত স্থলে, অর্থাৎ,

কোন মহাল বা ভূসম্পর্ক তাহার বাকী রাজস্ব নিমিত্ত বিক্রীত হইলে ও বিক্রয়োৎপন্ন টাকায় তাহা শোধ না হইলে বা

(১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৯ সালের ১১ আইনের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ৭ আইনের বিধানমতে কোন মহাল বা ভূসম্পর্ক তাহার বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রীত হইলে, এবং বিক্রয়ের খরচ বাদ দিয়া বিক্রয়োৎপন্ন টাকার যাহা অবশিষ্ট থাকে, তদ্দ্বারা যে বাকী রাজস্ব দিবার নিমিত্ত পূর্ব্বোক্ত বিধানমতে উক্ত বিক্রয়োৎপন্ন টাকার প্রয়োগ হইতে পারে সেই বাকী রাজস্ব শোধ না হইলে;

ইজারদারের স্থানে প্রাপ্য বাকী রাজস্ব টাকা দিবার শেষ দিনে দেওয়া না গেলে;

(২) কোন ইজারদারের দখলে যে মহাল থাকে তন্নিমিত্ত তাঁহার স্থানে প্রাপ্য বাকী রাজস্ব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারার বিধানমতে নির্দ্দিষ্ট টাকা দিবার শেষ দিনে দেওয়া না গেলে;

জিলার কালেক্টর সাহেবের বাকী টাকার সর্টিফিকেট লিখিতে পারিবার কথা।

যত টাকা দিতে বাকী থাকে, কালেক্টর সাহেব এই আইনের দ্বিতীয় তফসীলের ১ নম্বর পাঠে আপন স্বাক্ষরযুক্ত তাহার সর্টিফিকেট লিখিয়া আপনার আফিসে গাঁথাইয়া রাখিতে পারিবেন।

উক্ত সর্টিফিকেট প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে উহা দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবার কথা।

৬ ধারা। (ক) এই আইনের বিধানের নিয়মাধীনে ৫ ধারার বিধানমতে প্রদত্ত প্রত্যেক সর্টিফিকেট, উহা প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে যতদূর হইতে পারে ততদূর পর্য্যন্ত দেওয়ানী আদালতের চূড়ান্ত ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ডিক্রীদার বলিয়া গণ্য হইবেন, এবং ঐ সর্টিফিকেটে ঋণী বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে তিনি ডিক্রীমতে খাতক বলিয়া গণ্য হইবেন।

Judgment-debtor may bring a suit in the Civil Court to contest his liability, if he has deposited the amount of the Certificate.

(b) Such judgment-debtor may at any time within one year after the service upon him of such notice as is mentioned in Section 10, bring a suit in the Civil Court to have the said Certificate cancelled on the ground that the arrears stated therein were not due by him; but no such suit shall be entertained unless such judgment-debtor has paid such amount to the Collector within one month after being served with the said notice, or, in any case in which he has filed a petition of objection under Section 12, then within fifteen days after such petition has been heard and determined.

If no such suit brought within one year, or if brought and decided against judgment-debtor, the Certificate to become absolute, and have effect of a decree of the Civil Court to all intents and purposes.

(c) If no such suit is instituted within the said period of one year, or of any such suit having been so instituted, is decided against such judgment-debtor, such certificate shall become absolute, and shall have to all intents and purposes the effect of a final decree of a Civil Court.

When any arrear of a Public Demand is unpaid by the person liable to pay the same,

7. **When** any arrears of the following Public Demands are unpaid by the person liable to pay the same, that is to say—

(1) any sum of money which by any law for the time being in force is declared to be recoverable or realizable as an arrear of revenue or land revenue, or by the process prescribed for the recovery of arrears of revenue or of the public or Government revenue:

(2) any sum of money due from the sureties of a farmer in respect of the revenue of the estate farmed by him.

(3) any such demand, money, fee, duty, arrear, fine, or costs as is mentioned in the following sections of the following Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council, that is to say—in Act VI of 1873, Section 50; in Act IV of 1875, Section 1; in Act V of 1875, Section 57; in Act III of 1876, Section 42, Section 73 and Section 85; in Act VII of 1876, Section 82; in Act VIII of 1876, Section 138; or in Act VII of 1878, Section 36:

(4) in the case of a person to whom the collection of tolls has been farmed under the provisions of Section 8 of "The Canals Act, 1864," or of the sureties of such person—any sum of money due in respect of such farm:

[*Government Gazette, 27th April* 1880.]

সর্টিফিকেটের লিখিত টাকা জমা করিয়া দিলে, ডিক্রীমত খাতকের দায়িত্ব সম্বন্ধে উজর কারণার্থ দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

(খ) তদ্রূপ ডিক্রীমত খাতকের উপর ১০ ধারার উল্লিখিত নোটিস জারী করা গেলে পর এক বৎসরের মধ্যে কোন সময়ে তিনি সর্টিফিকেটের লিখিত বাকী টাকা তাঁহার দেয় নহে বলিয়া উক্ত সর্টিফিকেট রহিত করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন; কিন্তু উক্ত নোটিস পাইবার পর এক মাসের মধ্যে অথবা ১২ ধারামতে তিনি আপত্তির দরখাস্ত করিয়া থাকিলে, ঐ দরখাস্ত শুনা গিয়া নিষ্পত্তি হইলে পর পনের দিনের মধ্যে, ডিক্রীমত খাতক উক্ত টাকা কালেক্টর সাহেবকে না দিলে, তদ্রূপ কোন মোকদ্দমা গ্রাহ্য করা যাইবে না।

একবৎসরের মধ্যে তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করা না গেলে, অথবা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট চূড়ান্ত হইবার ও সর্ব্বপ্রকারে দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় ফলবৎ হইবার কথা।

(গ) উক্ত এক বৎসর মিয়াদের মধ্যে তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা না গেলে, অথবা তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে উক্ত সর্টিফিকেট চূড়ান্ত হইবে, এবং সর্ব্বপ্রকারে দেওয়ানী আদালতের চূড়ান্ত ডিক্রীর ন্যায় ফলবৎ হইবে।

রাজকীয় প্রাপ্যের বাকী টাকা দিতে যে ব্যক্তি দায়ী সেই ব্যক্তি তাহা না দিলে,

৭ ধারা। নিম্নলিখিত রাজকীয় প্রাপ্যের বাকী টাকা দিতে যে ব্যক্তি দায়ী সেই ব্যক্তি তাহা না দিলে, অর্থাৎ

(১) যে কোন টাকা রাজস্বের বা ভূরাজস্বের বাকীর ন্যায় অথবা রাজস্বের বা রাজকীয় বা গবর্ণমেন্টের রাজস্বের বাকী আদায় করিবার নির্দ্দিষ্ট প্রণালীমতে আদায়করা বা প্রাপ্তহওয়া যাইতে পারে বলিয়া প্রচলিত কোন আইনে নির্দ্দেশ থাকে, সেই টাকা;

(২) কোন ইজারদার যে মহালের ইজারা লন তাহার রাজস্ব সম্বন্ধে ঐ ইজারদারের জামিনদের স্থানে যে কোন টাক পাওনা হয়, সেই টাকা;

(৩) মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনের নিম্নলিখিত ধারায়, অর্থাৎ, ১৮৭৩ সালের ৬ আইনের ৫০ ধারায়, ১৮৭৫ সালের ৪ আইনের ১ ধারায়, ১৮৭৫ সালের ৫ আইনের ৫৭ ধারায়, ১৮৭৬ সালের ৩ আইনের ৪২ ও ৭৩ ও ৮৫ ধারায় ১৮৭৬ সালের ৭ আইনের ৮২ ধারায়, ১৮৭৬, সালের ৮ আইনের ১৩৮ ধারায়, বা ১৮৭৮ সালের ৭ আইনের ৩৬ ধারায়, যে কোন প্রাপ্য বা টাকা বা ফী বা মাসুল বা বাকী বা জরিমানা বা খরচা উল্লিখিত হইয়াছে তাহা;

(৪) জলপ্রণালী বিষয়ক ১৮৬৪ সালের আইনের ৮ ধারার বিধানমতে যে ব্যক্তিকে টোল ইজারা করিয়া দেওয়া গিয়াছে, তাঁহার ও তাঁহার জামিনদের বেলা, ঐ ইজারা সম্পর্কীয় যে কোন টাকা পাওনা থাকে তাহা;

(5) in the case of a person having charge of a ferry subjected to the payment of a yearly rent—any arrear of such rent ascertained and certified as provided in Regulation VI of 1819, Section 10:

(6) any arrears of revenue or rent payable to the Secretary of State for India in Council from any ryot, or from any person holding any interest in land, pasturage, forest rights, fisheries, and the like, whether such interest is or is not transferable:

(7) in the case of property which, under the provisions of any law for the time being in force, *has been taken under the charge of, or* is managed by, the Court of Wards. or the Revenue Authorities on behalf of a private individual—any arrears of rent *or of other demands recoverable as rent*, whether such arrears became due before or after the management devolved upon such Court or such Authorities.

(8) any sum payable to a Public Officer of Government in respect of which the person liable to pay the same has agreed by a written instrument duly registered that it shall be recoverable under the provisions of this Act:

(9) any fee, duty, tax, or other demand, which by any Act passed hereafter shall be declared to be recoverable under the provisions of this Act.

the Collector of the district may make under his hand and in form No. 2 in the second Schedule annexed to this Act, a Certificate of the amount of such arrears so remaining unpaid, and may cause the same to be filed in his Office: *provided that no such Certificate shall be made in respect of any such demand, the recovery of which is barred by any law of Limitation for the time being in force.*

the Collector of the district may make a Certificate of the unpaid demand.

8. (*a*) Subject to the provisions of this Act, every Certificate made under the provisions of Section 7 shall, as regards the remedies for enforcing the same, and so far only, have the force and effect of a decree of a Civil Court. *In the cases other than case 7 mentioned in the said Section 7, the Secretary of State for India in Council, and in the said case 7 the private individual therein mentioned, or, if such private individual be a Minor, Lunatic or Ward of Court, then such Minor, Lunatic or Ward of Court by his next*

Such Certificate shall have the same effect as a decree of a Civil Court, as regards the remedies for enforcing the same.

(৫) বার্ষিক খাজানা দিবার নিয়মাধীন খেয়াঘাটের অধ্যক্ষতা কারক ব্যক্তির বেলা, ১৮১৯ সালের ৬ আইনের ১০ ধারার বিধানমতে ঐ খাজানার কোন বাকী টাকা নির্দিষ্ট হইয়া যাহার সর্টিফিকেট দেওয়া গেলে, ঐ টাকা;

(৬) কোন রায়তের নিকট বা ভূমি, চরাণীজমি, বনকর, জলকর প্রভৃতিতে যে ব্যক্তির কোন স্বার্থ থাকে, ঐ স্বার্থ হস্তান্তরযোগ্য হউক বা না হউক, সেই ব্যক্তির নিকট বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে কোন বাকী রাজস্ব বা খাজানা পাওনা হয়, তাহা;

(৭) প্রচলিত আইনের বিধানমতে সামান্য কোন ব্যক্তিরপক্ষে কোর্ট অবওয়ার্ডস বা রাজস্ব বিষয়ক কর্তৃপক্ষের যে কোন সম্পত্তির ভার গ্রহণ বা কার্য্যাধ্যক্ষতা করেন, সেই সম্পত্তির দেনা বাকী খাজানা বা খাজানার ন্যায় আদায়ের অন্য কোন প্রাপ্য, উহা উক্ত কোর্টের বা কর্তৃপক্ষে [illegible] কার্য্যাধ্যক্ষতা ভার অর্পিত হইবার পূর্ব্বে দেনা হইয়া থাকুক বা পরেই হইয়া থাকুক;

(৮) গবর্ণমেণ্টের রাজকীয় কার্য্যকারকের পাওনা যে টাকা দিতে যে ব্যক্তি দায়ী সেই টাকা এই আইনের বিধানমতে আদায় করা যাইতে পারিবে সেই ব্যক্তি নিয়মিতরূপে রেজিষ্টরী করা নিদর্শনপত্রদ্বারা এই বিষয়ে সম্মতি দিলে, ঐ টাকা;

(৯) ইহার পর প্রণীত কোন আইনে যে কোন ফী বা মাহুল বা টাক্স বা অন্য প্রাপ্য এই আইনের বিধানমতে আদায় করা যাইতে পারিবে বলিয়া নির্দ্দেশ থাকিবে তাহা;

জিলার কালেক্টর সাহেব, এই আইনের দ্বিতীয় তফসীলের ২ নম্বর পাঠে, তদ্রূপ যে বাকী টাকা দেওয়া না যায় স্বীয় স্বাক্ষরযুক্ত তাহার সর্টিফিকেট লিখিয়া আপনার আফিসে পাঠাইয়া রাখিতে পারিবেন; কিন্তু যৎকালে মিয়াদ বিষয়ক যে আইন চলিত থাকে, তদ্দ্বারা যাহা আদায় করিবার বাধা হয়, তদ্রূপ কোন প্রাপ্য সম্বন্ধে তদ্রূপ কোন সর্টিফিকেট লেখা যাইবে না।

জিলার কালেক্টর সাহেবের অদত্ত প্রাপ্য টাকার সর্টিফিকেট লিখিতে পারিবার কথা।

৮ ধারা। (ক) এই আইনের বিধানের নিয়মাধীনে ৭ ধারার বিধানমতে প্রদত্ত প্রত্যেক সর্টিফিকেট, উহা প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে যতদূর হইতে পারে ততদূর পর্য্যন্ত, দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে। উক্ত ৭ ধারার ৭ প্রকরণের উল্লিখিত স্থল ভিন্ন অন্য স্থলে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব, এবং উক্ত ৭ প্রকরণের লিখিত স্থলে তল্লিখিত সামান্য ব্যক্তি, অথবা ঐ ব্যক্তি অপ্রাপ্ত বয়স্ক বা ক্ষিপ্ত বা কোর্টের অনুপালিত হইলে, উক্ত অপ্রাপ্ত বয়স্ক বা ক্ষিপ্ত বা কোর্টের অনুপালিত ব্যক্তি আসন্ন

সর্টিফিকেট প্রবল করিবার প্রতিকার সম্বন্ধে উহা দেওয়ানী আদালতের ডিক্রীর ন্যায় বলবৎ হইবার কথা।

friend, shall be deemed to be the decree-holder, and in all the cases mentioned the person therein named as debtor shall be deemed to be the judgment-debtor.

Judgment-debtor may bring a suit in the Civil Court to contest the Certificate. If no such suit within one year, or if brought and decided against the judgment-debtor, Certificate to become absolute.

(*b*) *Such judgment-debtor may at any time* within one year after the service upon him of such notice as is mentioned in Section 10 bring a suit in the Civil Court to contest his liability to pay the amount stated in the said Certificate, and to have such Certificate cancelled. If no such suit is instituted within the said period of one year, or if any such suit having been instituted is decided against such judgment-debtor, such Certificate shall become absolute, and shall have to all intents and purposes the same force and effect as a final decree of a Civil Court.

In case of arrears of public demand payable to Officer other than Collector, such Officer may give notice to Collector.

9. (*a*) When any arrears of any of the public demands specified in Section 7 is unpaid by any person liable to pay such public demand to a Public Officer other than a Collector, *or when any such demand as is specified in the seventh clause of the said section is unpaid by any person liable to pay the same to a Manager appointed by the Court of Wards*, such Officer *or such Manager may* give to the Collector of the district, in which such person resides, *or in which such demand is payable*, a notice in writing in form No. 3 in the second Schedule annexed to this Act: *provided that no such notice may be given in respect of any such demand, the recovery of which is barred by any law of Limitation for the time being in force.*

Such notice given by a Manager to be verified and stamped as a plaint.

(*b*) *Every such notice given by a Manager shall be verified by such Manager in accordance with the provisions of the Code of Civil Procedure as to the verification of plaints, and there shall be payable in respect thereof a Court-fee of the same amount as is payable under the Court-fee Act for the time being in force in respect of a plaint for the recovery of a sum of money equal to that stated in such notice.*

Collector may on receipt of such notice make a Certificate.

(*c*) On receipt of such notice, such Collector, *if* satisfied that such demand is justly recoverable, may make under his hand, and in the form No. 2 in the second Schedule annexed to this Act, a Certificate of

বন্ধুর সহযোগে, ডিক্রীদার বলিয়া গণ্য হইবেন, এবং উল্লিখিত সকল স্থলে সর্টিফিকেটে ধণী বলিয়া যে ব্যক্তির নাম লেখা যায় তিনিই ডিক্রীমত খাতক বলিয়া গণ্য হইবেন।

সর্টিফিকেটের প্রতিবাদ করণার্থে ডিক্রীমত খাতকের দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার ও এক বৎসর মধ্যে তদ্রূপ মোকদ্দমা করা না গেলে অথবা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট চূড়ান্ত হইবার কথা।

(খ) উক্ত ডিক্রীমত খাতকের উপর ১০ ধারার উল্লিখিত নোটিস জারী করা গেলে পর এক বৎসরের মধ্যে তিনি উক্ত সর্টিফিকেটের লিখিত টাকা দিবার দায়ের প্রতিবাদ করণার্থ ও উক্ত সর্টিফিকেট রহিত করণার্থ দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। উক্ত এক বৎসর মিয়াদের মধ্যে তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা না গেলে, অথবা তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা গেলেও ডিক্রীমত খাতকের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে, ঐ সর্টিফিকেট চূড়ান্ত হইবে, এবং সর্ব্ব প্রকারে দেওয়ানী আদালতের চূড়ান্ত ডিক্রীর ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে।

কালেক্টর সাহেব ভিন্ন অন্য কার্য্যকারকের নিকট দেয় রাজকীয় প্রাপ্য বাকী থাকিলে উক্ত কার্য্যকারকের কালেক্টর সাহেবকে নোটিস দিতে পারিবার কথা।

৯ ধারা। (ক) ৭ ধারার নির্দ্দিষ্ট কোন রাজকীয় প্রাপ্যের বাকী টাকা দিতে যে ব্যক্তি দায়ী, তিনি তাহা কালেক্টর সাহেব ভিন্ন অন্য কোন রাজকীয় কার্য্যকারককে না দিলে, অথবা উক্ত ধারার ৭ প্রকরণের নির্দ্দিষ্ট কোন প্রাপ্য দিতে যে ব্যক্তি দায়ী তিনি তাহা কোর্ট অব ওয়ার্ডসের নিযুক্ত কার্য্যাধ্যক্ষকে না দিলে, উক্ত কার্য্যকারক বা কার্য্যাধ্যক্ষ যে জিলায় উক্ত ব্যক্তি বাস করেন বা উক্ত প্রাপ্য টাকা দেয় হয়, সেই জিলার কালেক্টর সাহেবকে এই আইনের দ্বিতীয় তফসীলের ৩ নম্বর পাঠে লিখিত নোটিস দিতে পারিবেন। কিন্তু যৎকালে মিয়াদ বিষয়ক যে আইন চলিত থাকে, তদ্দ্বারা যাহার বাধ হয়, এরূপ কোন প্রাপ্য সম্বন্ধে উক্তরূপ কোন নোটিস দেওয়া যাইবে না।

কোন কার্য্যাধ্যক্ষ ঐ নোটিস দিলে তাহাতে আবেদনপত্রের ন্যায় সত্য পাঠ ও ইষ্টাম্প সংযোগ করিবার কথা।

(খ) কোন কার্য্যাধ্যক্ষ তদ্রূপ নোটিস দিলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের আবেদনপত্রের সত্যপাঠ লিখন সম্বন্ধীয় বিধানমতে ঐ নোটিসে সত্য পাঠ লিখিবেন, এবং উক্ত নোটিসে যত টাকা লেখা থাকে তত্তুল্য টাকা আদায় করণার্থ আবেদনপত্র সম্বন্ধে আদালত তরফসুল বিষয়ক প্রচলিত আইনমতে যত টাকার কোর্ট ফী দিতে হয় তত টাকার কোর্ট ফী দিতে হইবে।

ঐ নোটিস পাইলে কালেক্টর সাহেবের সর্টিফিকেট লিখিতে পারিবার কথা।

(গ) উক্তরূপ নোটিস পাইলে, উক্ত প্রাপ্য যথার্থই আদায় করণযোগ্য কালেক্টর সাহেবের এরূপ বোধ জন্মিলে, তিনি এই আইনের দ্বিতীয় তফসীলের ২ নম্বর পাঠে, যে বাকী টাকা দেওয়া যায় নাই, স্বীয় স্বাক্ষর

the amount of such arrears, so remaining unpaid, and shall cause the same to be filed in this office.

(*d*) The provisions of Section 8 shall apply to every such Certificate.

When Certificate filed, notice to be given to judgment-debtor. Upon service of notice, Certificate to bind immovable property of judgment-debtor.

10. When a Certificate has been filed in the Office of a Collector under the provisions of Section 5, or Section 7, or Section 9, such Collector shall issue to the judgment-debtor *a copy of such Certificate and* a notice in form No. 4 in the second Schedule annexed to this Act. From and after the service of such notice, such Certificate shall bind all immovable property of such judgment-debtor situate within the jurisdiction of such Collector in the same manner and with like effect as if such immovable property had been attached under the provisions of Section 274 of the Code of Civil Procedure. A copy of such Certificate *may be transmitted by post to any other Collector* for the purpose of being filed in his Office, and as soon as it is so filed, such Certificate shall, if the aforesaid notice has been served, bind in like manner all immovable property of such judgment-debtor situate within the jurisdiction of such last-mentioned Collector.

Copy of Certificate may be sent to Collector of another district to be filed in his office, and upon its being filed, Certificate shall bind immovable property situate in such district.

11 If *in any case other than the case mentioned in clause 7 of Section* 7, the Collector is satisfied that any person against whom a Certificate has been filed under the provisions of Section 5, or Section 7, or Section 9, is likely to conceal, or remove, or dispose of the whole or any part of his movable property, and that the realization of the amount of such Certificate will in consequence be delayed or obstructed, he may at any time after making such Certificate direct an attachment of the whole or any part of the movable property of such person. Such attachment shall be made in the manner provided in the Code of Civil Procedure for attaching movable property, *and subject to the provisions of Section* 266 *of the same Code*. Such property may be sold for the purpose of satisfying such Certificate, if no petition of objection is filed under Section 12,

Movable property of person, against whom Certificate has been made, may be attached at any time if Collector satisfied that such person is likely to conceal, remove, or dispose of such property

যুক্ত তাহার সর্টিফিকেট লিখিয়া আপনার আফিসে গাঁথিয়া রাখিতে পারিবেন।

(ঘ) তদ্রূপ প্রত্যেক সর্টিফিকেটের প্রতি ৮ ধারার বিধান বর্ত্তিবে।

সর্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে, ডিক্রীমত খাতককে নোটিস দিবার ও নোটিস জারী করা গেলে সর্টিফিকেটক্রমে ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

১০ ধারা। ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে কোন কালেক্টর সাহেবের আফিসে কোন সর্টিফিকেট গাঁথিয়া রাখা গেলে উক্ত কালেক্টর সাহেব ডিক্রীমত খাতককে ঐ সর্টিফিকেটের একখণ্ড প্রতিলিপি ও এই আইনের দ্বিতীয় তফসীলের ৪ নম্বর পাঠে একখান নোটিস দিবেন। ঐ নোটিস জারী করা গেলে, উক্ত কালেক্টর সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত ডিক্রীমত খাতকের যে সকল স্থাবর সম্পত্তি থাকে তাহা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২৭৪ ধারার বিধানমতে ক্রোক করা গেলে যে প্রকারে ও যাদৃশ ফল সহ ঐ সমস্ত সম্পত্তি আবদ্ধ হইত, ঐ সর্টিফিকেটের বলেও সেই প্রকারে ও তাদৃশ ফলসহ আবদ্ধ হইবে। ঐ সর্টিফিকেটের এক খণ্ড প্রতিলিপি অন্য কোন কালেকটরের আফিসে গাঁথিয়া রাখিবার নিমিত্ত তাঁহার নিকট ডাকযোগে পাঠান যাইতে পারিবে, এবং তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে ঐ সর্টিফিকেটক্রমে, পূর্ব্বোক্তরূপ নোটিস জারী করা গেলে পর, শেষোক্ত কালেক্টরের বিচারাধীন স্থানের অন্তর্গত উক্ত ডিক্রীমত খাতকের সমুদয় সম্পত্তিও উক্তরূপে আবদ্ধ হইবে।

অন্য জিলার কালেক্টর সাহেবের আফিসে গাঁথিয়া রাখিবার নিমিত্ত তাঁহার নিকট সর্টিফিকেটের প্রতিলিপি পাঠাইবার ও তাহা গাঁথিয়া রাখা গেলে সর্টিফিকেটক্রমে ঐ জিলার অন্তর্গত স্থাবর সম্পত্তি আবদ্ধ হইবার কথা।

যে ব্যক্তির বিরুদ্ধে সর্টিফিকেট লেখা যায়, সেই ব্যক্তি স্বীয় অস্থাবর সম্পত্তি লুকাইবে বা স্থানান্তর করিবে বা বিক্রয়াদি করিবে এরূপ সম্ভাবনা আছে বলিয়া কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মিলে কোন সময়ে ঐ সম্পত্তি ক্রোক করিতে পারিবার কথা।

১১ ধারা। ৭ ধারার ৭ প্রকরণের উল্লিখিত স্থল ভিন্ন অন্য কোন স্থলে, যদি কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মে যে ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে যে ব্যক্তির বিরুদ্ধে সর্টিফিকেট গাঁথিয়া রাখা গিয়াছে, সেই ব্যক্তি আপনার সমস্ত অস্থাবর সম্পত্তি বা তাহার কোন অংশ লুকাইবে কি স্থানান্তর করিবে কি বিক্রয়াদি করিবে এরূপ সম্ভাবনা আছে এবং তন্নিবন্ধন উক্ত সর্টিফিকেটের লিখিত টাকা আদায় করিতে বিলম্ব কি বাধা হইবে, তাহা হইলে তিনি সর্টিফিকেট লিখিবার পর যে কোন সময়ে উক্ত ব্যক্তির সমস্ত অস্থাবর সম্পত্তি বা তাহার কোন অংশ ক্রোক করিবার আদেশ দিতে পারিবেন। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনে অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার যে প্রকার বিধান আছে তদনুসারে ও উক্ত আইনের ২৬৬ ধারার বিধানের নিয়মাধীনে ঐ ক্রোক করণ কার্য্য করিতে হইবে। ১২ ধারামতে আপত্তির দরখাস্ত দেওয়া না গেলে, অথবা তদ্রূপ দরখাস্ত দেওয়া গেলেও

or if any such petition is filed, then as soon as it has been heard and determined.

তাহার শুনানি হইয়া নিষ্পত্তি হইলে, ঐ সর্টিফিকেটের টাকা পরিশোধার্থ উক্ত সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে।

12. If any person, who has been served with a notice under Section 10, denies his liability to pay the whole or any part of the amount for which such Certificate has been made and filed against him, he may at any time within thirty days after service of such notice file a petition, denying his liability as aforesaid, before the Collector by whom such Certificate has been made. Such petition shall be in, or as nearly as possible in, the form No. 5 in the second Schedule annexed to this Act.

Any person served with notice under Section 10 may file a petition of objection.

১২ ধারা। যে কোন ব্যক্তির উপর ১০ ধারামত নোটিস জারী করা যায়, তিনি তাঁহার বিরুদ্ধে যে সর্টিফিকেট লিখিয়া গাঁথিয়া রাখা যায় তাহার সমস্ত কি কিয়দংশ টাকা দিতে আপনার দায় অস্বীকার করিলে, ঐ নোটিস জারী হইবার পর ত্রিশ দিনের মধ্যে যে কোন সময়ে যে কালেক্টর সাহেব ঐ সর্টিফিকেট লিখেন তাঁহার সম্মুখে পূর্ব্বোক্ত দায় অস্বীকার করণসূচক দরখাস্ত দিতে পারিবেন। ঐ দরখাস্ত এই আইনের দ্বিতীয় তফসীলের ৫ নম্বর পাঠে বা যত দূর সম্ভব তদ্রূপ পাঠে লিখিতে হইবে।

যে ব্যক্তির উপর ১০ ধারামত নোটিস জারী করা যায়, তাঁহার আপত্তি দরখাস্ত দিতে পারিবার কথা।

13. Such Collector shall fix a day for hearing any such petition so filed, and upon such day, or any subsequent day to which such hearing may be adjourned, shall determine whether such petitioner is liable for the whole or any part of the amount for which such Certificate was made, and may set aside or modify or vary the Certificate accordingly. Every such Collector shall, for the purpose of hearing any such petition and determining as aforesaid, exercise all *or any of the powers of a Civil Court in respect of summoning, causing the attendance of, and examining witnesses, and in respect of causing the production of documents; and the provisions of the Code of Civil Procedure applicable to these matters shall apply to a Collector exercising these powers.*

Day to be fixed for hearing such petition. Collector to determine the liability of the petitioner. Certain provisions of the Code of Civil Procedure to apply to the inquiry.

১৩ ধারা। উক্ত কালেক্টর সাহেব ঐ দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবেন, এবং ঐ দিনে অথবা তাহা শুনিবার জন্য পরবর্ত্তি অন্য যে দিন স্থির করা যায় সেই দিনে, ঐ সর্টিফিকেটে যত টাকা লেখা থাকে তৎ সমুদয়ের বা তাহার কোন অংশের নিমিত্ত দরখাস্তকারী দায়ী কি না ইহা নিরূপণ করিবেন ও তদনুসারে উক্ত সর্টিফিকেট রহিত কি রূপান্তরিত কি পরিবর্ত্তিত করিতে পারিবেন। উক্তরূপ কোন দরখাস্ত শুনিয়া নিষ্পত্তি করণার্থে তদ্রূপ প্রত্যেক কালেক্টর সাহেব সাক্ষিদিগকে সমন দিবার ও উপস্থিত করাইবার ও পরীক্ষা করিবার ও দলীল আনাইবার সম্বন্ধে দেওয়ানী আদালতের সমুদয় বা কোন ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এবং এই সকল বিষয় সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে বিধান আছে, এই সকল ক্ষমতাক্রমে কার্য্যকারি কালেক্টর সাহেবের প্রতি সেইং বিধান বর্ত্তিবে।

দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবার ও কালেক্টর সাহেবের দরখাস্তকারির দায় নিরূপণ করিবার ও তদন্তের প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোনং বিধান বর্ত্তিবার কথা।

14. The Collector shall have full power to direct that the costs of such petition and of the hearing thereof shall be paid by the petitioner, and in any case in which a Collector directs the payment of such costs by any such petitioner, the amount thereof shall, if such petitioner be the judgment-debtor, be added to the amount entered in the Certificate, and shall be recoverable as if the same had been originally entered therein.

Collector may direct costs of such petition to be paid by the petitioner. Such costs how realized.

১৪ ধারা। দরখাস্তকারী উক্ত দরখাস্তের ও তাহার শুনানির খরচা দিবেন, কালেক্টর সাহেবের এরূপ আদেশ করিবার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে, এবং তদ্রূপ কোন দরখাস্তকারী ঐ খরচা দিবেন কালেক্টর সাহেব কোন স্থলে এরূপ আদেশ করিলে, দরখাস্তকারী যদি ডিক্রীমত খাতক হন, ঐ খরচার টাকা সর্টিফিকেটের লিখিত টাকায় যোগ করা যাইবে, এবং তাহা তথায় প্রথমে লেখা থাকিলে যেরূপে আদায় করা যাইত সেইরূপে আদায় করা যাইতে পারিবে।

দরখাস্তকারী দরখাস্তের খরচা দিবেন কালেক্টর সাহেবের এরূপ আদেশ করিতে পারিবার কথা। কিরূপে খরচা আদায় করা যাইবে, তাহার কথা।

[*Government Gazette, 27th April* 1880.]

15. The Collector of a district may refer to any Deputy Collector or Assistant Commissioner, or Extra Assistant Commissioner subordinate to him any such petition as is mentioned in Section 12, and such Deputy Collector or Assistant Commissioner or Extra Assistant Commissioner shall hear and determine such petition accordingly. The provisions of Sections 13 and 14 shall be applicable to any such Deputy Collector *or Assistant Commissioner or Extra Assistant Commissioner* to whom any such petition has been so referred.

Collector may refer petition for hearing to Deputy Collector, Assistant Commission, &c., who shall have the same powers to hear it as the Collector.

16. An appeal from any order of a Deputy Collector *or Assistant Commissioner or Extra Assistant Commissioner* may be preferred to the Collector within fifteen days, and an appeal from any original order of a Collector may be preferred to the Commissioner within thirty days after the making of such order respectively. *Pending the decision of such appeal, execution may be stayed, if the Appellate Authority so direct, but not otherwise.*

Appeal from Deputy Collector, Assistant Commissioner, &c., to Collector, and from Collector to Commissioner. Stay of execution.

17. There shall no appeal, as of right, lie from any order of a Collector passed on appeal from an order of a Deputy Collector, *or Assistant Commissioner or Extra Assistant Commissioner*. The Commissioner may in any case, in which he thinks fit, revise any order passed by a Collector or Deputy Collector, *or Assistant Commissioner, or Extra Assistant Commissioner.*

Power of revision.

18. Every Certificate made under the provisions of Section 5, or Section 7, or Section 9, may be enforced and executed, *upon the expiry of one month after service of the notice mentioned in Section* 10, *or when any such petition as is mentioned in Section* 12 *has been filed, then as soon as such petition has been heard and determined.*

Certificate may be enforced after one month from notice, or when petition of objection disposed of.

19. Such certificate may be so enforced and executed by all or any of the ways and means mentioned and provided in and by *The Code of Civil Procedure* for the enforcement and execution of decrees for money, and all the practice and procedure provided by the said *Code of Civil Procedure*

Certificate may be enforced under the provisions of the Code of Civil Procedure as a decree for money.

১৫ ধারা। জিলার কালেক্টর সাহেব আপনার অধীন কোন ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের হস্তে ১২ ধারার উল্লিখিত দরখাস্ত সমর্পণ করিতে পারিবেন, এবং তদনুসারে উক্ত ডেপুটী কালেক্টর বা আসিষ্টাণ্ট কমিশ্যনর বা অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ঐ দরখাস্ত শুনিয়া নিষ্পত্তি করিবেন। উক্ত দরখাস্ত যে কোন ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের হস্তে সমর্পণ করা যায়, তৎপ্রতি ১৩ ও ১৪ ধারার বিধান বর্ত্তিবে।

ডেপুটী কালেক্টর আসিষ্টাণ্ট কমিশ্যনর প্রভৃতি কালেক্টর সাহেবের দরখাস্ত শুনিবার নিমিত্ত সমর্পণ করিতে পারিবার ও তাঁহাদের কালেক্টর সাহেবের মত ক্ষমতাক্রমে তাহা শুনিবার কথা।

১৬ ধারা। ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের আজ্ঞার উপর আপীল আজ্ঞা করিবার পর পনের দিনের মধ্যে কালেক্টর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে, এবং কালেক্টর সাহেবের মূল আজ্ঞার উপর আপীল আজ্ঞা করিবার পর এক মাসের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে। আপীলী কর্ত্তৃপক্ষ আদেশ দিলে, (স্থলান্তরে নহে) যাবৎ উক্ত আপীলের নিষ্পত্তি না হয় আজ্ঞা জারী স্থগিত রাখা যাইতে পারিবে।

ডেপুটী কালেক্টর আসিষ্টাণ্ট কমিশ্যনর প্রভৃতির নিকট হইতে কালেক্টর সাহেবের নিকটে, ও কালেক্টর সাহেবের নিকট হইতে কমিশ্যনর সাহেবের নিকটে আপীল হইবার ও জারী করণ স্থগিত রাখিবার কথা।

১৭ ধারা। কোন ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের আজ্ঞার উপর আপীল হইলে, কালেক্টর সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর আপীল করিবার অধিকার থাকিবে না। কমিশ্যনর সাহেব কোন স্থলে উচিত বোধ করিলে কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের আজ্ঞা সংশোধন করিতে পারিবেন।

সংশোধনের কথা।

১৮ ধারা। ১০ ধারার উল্লিখিত নোটিস জারী করিবার পর এক মাস গত হইলে, অথবা যদি ১২ ধারার উল্লিখিত দরখাস্ত দেওয়া যায়, তবে ঐ দরখাস্ত শুনা গিয়া নিষ্পত্তি হইলে, ৫ কি ৭ কি ৯ ধারার বিধানমতে লিখিত সর্টিফিকেট প্রবল ও জারী করা যাইতে পারিবে।

নোটিস দিবার একমাস পরে অথবা আপত্তির দরখাস্তের নিষ্পত্তি হইলে, সর্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা।

১৯ ধারা। টাকার ডিক্রী প্রবল ও জারী করণার্থে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনে যে সকল বা যে কোন পন্থা ও উপায় উল্লিখিত ও নির্দ্দিষ্ট আছে সেই সকল বা তাহার কোন পন্থা ও উপায় অবলম্বন করিয়া উক্ত সর্টিফিকেট প্রবল ও জারী করা যাইতে পারিবে, এবং উক্ত দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনে

টাকার ডিক্রীর ন্যায় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানমতে সর্টিফিকেট প্রবল করিতে পারিবার কথা।

in respect of sales in execution of decrees; *in respect of raising the amount of a decree otherwise than by sale of immovable property under the provisions of Sections 305, 320, 322, 323 and 324 of the said Code*; in respect of arrests in execution of decrees for money; in respect of the execution of decrees by imprisonment; *in respect of insolvent judgment-debtors*; in respect of claims to attached property; in respect of resistance to execution; and in respect of the execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed,

shall apply to every execution issued to enforce such Certificate and realize the amount recoverable thereunder, save that all the duties, powers and authorities by the said Code imposed or conferred on the Court shall be exercised by the Collector in whose office any such Certificate, or any copy thereof transmitted for execution under the provisions of Section 223 of the said Code, has been filed. *Subject to the control of the Collector and save and except in respect of the provisions relating to insolvent judgment-debtors, any of the said duties, powers, and authorities may be exercised by any Deputy Collector subordinate to such Collector.*

Sale of immovable property may be set aside, if certificate is set aside by a competent Court. Proviso.

20. *If any immovable property is sold in execution of a Certificate under the provisions of Section 18, and if such certificate is subsequently set aside by a competent Court, such Court may set aside such sale of such immovable property, and in any case in which such sale is so set aside, such Court shall direct that the amount of the purchase-money be refunded to the purchaser with or without interest, as such Court thinks fit: provided that no such sale shall be so set aside unless such purchaser has been made or added as a party to the suit brought to set aside such Certificate.*

Register of Certificates to be kept in Collector's office and to be open to inspection on payment of fee of eight annas.

21. Every Collector shall cause to be kept in his office a Register in such form as may from time to time be prescribed by *Board of Revenue*, and shall cause to be entered in such Register the particulars of every certificate made under this Act, which, or a copy of which, has been filed in his office. Such Register shall be open during office hours to the inspection of

ডিক্রীজারীক্রমে বিক্রয় সম্বন্ধে; ও উক্ত আইনের ৩০৫, ৩২০, ৩২২, ৩২৩ ও ৩২৪ ধারার বিধানমতে স্থাবর সম্পত্তি বিক্রয় ভিন্ন অন্য প্রকারে ডিক্রীর টাকা তুলিবার সম্বন্ধে; ও টাকার ডিক্রীজারীক্রমে ধৃতকরণ সম্বন্ধে; ও কারাদণ্ড দ্বারা ডিক্রীজারী করণ সম্বন্ধে; ও দেউলিয়া ডিক্রীমত খাতকদের সম্বন্ধে, ও ক্রোকক্রত সম্পত্তি সংক্রান্ত দাওয়ার সম্বন্ধে, ও ডিক্রী জারীকরণের বাধা দিবার সম্বন্ধে, ও যে আদালত ডিক্রী দিলেন সেই আদালতের এলাকার বাহিরে ডিক্রীজারী করণ সম্বন্ধে যে সকল রীতির ও কার্য্যপ্রণালীর বিধান আছে, উক্ত সর্টিফিকেট প্রবল করণার্থ ও তৎক্রমে প্রাপ্য টাকা আদায় করণার্থ যে জারী করণের পরওয়ানা দেওয়া যায়, তাহার প্রতি সেই সকল রীতি ও কার্য্যপ্রণালী বর্ত্তিবে।- প্রভেদ এই যে, ঐ আইনে যে২ কর্ম্ম ও ক্ষমতা ও শক্তি আদালতের প্রতি অর্পিত বা প্রদত্ত হইয়াছে, যে কালেক্টর সাহেবের আফিসে ঐ সর্টিফিকেট, অথবা উক্ত আইনের ২২৩ ধারার বিধানমতে জারীকরণার্থে প্রেরিত ঐ সর্টিফিকেটের প্রতিলিপি, গাঁথিয়া রাখা যায়, তিনি সেই২ ক্ষমতা ও শক্তিক্রমে সেই২ কর্ম্ম করিবেন। কালেক্টর সাহেবের কর্ত্তৃত্বাধীনে, যে দেউলিয়া ডিক্রীমত খাতকদের সম্বন্ধীয় বিধান সম্পর্কে না হইলে কালেক্টর সাহেবের অধীন কোন ডেপুটী কালেক্টর উক্তরূপ কোন ক্ষমতা ও শক্তিক্রমে তদ্রূপ কোন কর্ম্ম করিতে পারিবেন।

উপযুক্ত আদালতে সর্টিফিকেট অসিদ্ধ করা গেলে, স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ হইতে পারিবারকথা।

উপবিধান।

২০ ধারা। ১৮ ধারার বিধানমতে কোন সর্টিফিকেট জারীকরণক্রমে কোন স্থাবর সম্পত্তি বিক্রয় করা গেলে, যদি উপযুক্ত আদালতে পরে ঐ সর্টিফিকেট অসিদ্ধ করা যায়, তবে উক্ত আদালত উক্ত স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ করিতে পারিবেন, এবং যে স্থলে তদ্রূপ বিক্রয় অসিদ্ধ করা যায়, সেই স্থলে উক্ত আদালত যেরূপ উচিত বোধ করেন, সুদ সহিত বা সুদ বিনা ক্রয়ের টাকা ক্রেতাকে ফিরাইয়া দিবার আদেশ করিবেন; কিন্তু উক্ত সর্টিফিকেট অসিদ্ধ করিবার নিমিত্ত যে মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে ক্রেতাকে একপক্ষ করা বা একপক্ষস্বরূপ যোগ করা না গেলে, ঐ বিক্রয় উক্তরূপে অসিদ্ধ করা যাইবে না।

সর্টিফিকেটের রেজিষ্টর কালেক্টর সাহেবের আফিসে রাখিবার ও আট আনা ফী দিলে তাহা দেখিতে পাইবার কথা।

২১ ধারা। রেবিনিউ বোর্ড সময়ে২ যে পাঠ নির্দ্দেশ করেন সেই পাঠে কালেক্টর সাহেব আপন আফিসে এক খান রেজিষ্টর রাখাইবেন, এবং এই আইনমতে লিখিত যে প্রত্যেক সর্টিফিকেট বা তাহার প্রতিলিপি তাঁহার আফিসে গাঁথিয়া রাখা যায়, তাহার বিশেষ বিবরণ ঐ রেজিষ্টরে লিখাইবেন। যে কএক ঘণ্টা আফিস খোলা থাকে সেই সময়ে ঐ রেজিষ্টর কেহ২ দেখিতে চাহিলে দেখিতে পাইবেন, এবং দেখিবার নিমিত্ত আট আনা

any one desiring to inspect the same, and a fee of eight annas, *or such fee not exceeding eight annas as the Board of Revenue may prescribe*, shall be chargeable for such inspection.

ফী অথবা আট আনার অনধিক যে ফী বোর্ড নির্দ্দিষ্ট করেন সেই ফী দিতে হইবে।

Payment of sum due under a Certificate may be made by instalments. Payment of instalments to be entered in Register.

22. (*a*) ***Payment of the amount due under a Certificate may be made by instalments, if the Collector who made such Certificate so direct. The payment of any instalment shall be entered in the Register mentioned in Section 21.***

সর্টিফিকেটমত দেনা টাকা কিস্তি করিয়া দিতে পারিবার ও কিস্তির টাকা প্রদান রেজিষ্টরে লিখিবার কথা।

২২ ধারা। (ক) যে কালেক্টর সাহেব সর্টিফিকেট লিখেন তিনি আদেশ করিলে সর্টিফিকেটমত দেনা টাকা কিস্তি করিয়া দেওয়া যাইতে পারিবে। কোন কিস্তির টাকা দেওয়া গেলে, সেই কথা ২১ ধারার উল্লিখিত রেজিষ্টরে লিখিতে হইবে।

When total amount satisfied, Collector to enter satisfaction on certificate and in Register,

(*b*) When the total amount due under a Certificate has been paid and satisfied, the Collector in whose office such Certificate was originally filed shall enter satisfaction upon such certificate under his hand and signature; and shall cause the same to be entered in the Register mentioned in Section 21.

সমুদয় টাকা পরিশোধ হইলে, পরিশোধের কথা সর্টিফিকেটের উপর ও রেজিষ্টরে কালেক্টর সাহেবের লিখিবার কথা।

(খ) সর্টিফিকেটমত সমুদয় দেনা টাকা দেওয়া ও পরিশোধ করা গেলে, যে কালেক্টর সাহেবের আফিসে ঐ সর্টিফিকেট প্রথমে গাঁথিয়া রাখা যায় তিনি সর্টিফিকেটের উপর টাকা পরিশোধ হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন; এবং ২১ ধারার উল্লিখিত রেজিষ্টরেও ঐ কথা লিখাইবেন।

and to communicate it to other Collector in whose office a copy of such Certificate has been filed.

(*c*) When a copy of such Certificate has been transmitted to another Collector, or when such Certificate has been made under the provisions of Section 9 upon notice from a Public Officer other than a Collector *or from a Manager appointed by the Court of Wards*, such satisfaction shall be communicated to such other Collector or to such Officer, or to such Manager.

অন্য যে কালেক্টর সাহেবের আফিসে সর্টিফিকেটের প্রতিলিপি গাঁথিয়া রাখা গিয়াছে, তাঁহাকে পরিশোধের বিবরণ জানাইবার কথা।

(গ) ঐ সর্টিফিকেটের প্রতিলিপি অন্য কোন কালেক্টর সাহেবের নিকট প্রেরিত হইয়া থাকিলে, অথবা কালেক্টর সাহেব ভিন্ন অন্য কোন রাজকীয় কার্য্যকারকের স্থানে কিম্বা কোর্ট অব ওয়ার্ডসের নিযুক্ত কোন কার্য্যাধ্যক্ষের স্থানে নোটিস পাইয়া ৯ ধারার বিধানমতে ঐ সর্টিফিকেট লিখিত হইয়া থাকিলে, ঐ পরিশোধের কথা সেই অন্য কালেক্টর সাহেবকে বা সেই কার্য্যকারককে বা কার্য্যাধ্যক্ষকে জানাইতে হইবে।

Sum levied by Collector to whom copy of Certificate sent to be transmitted to Collector who made Certificate.

(*d*) When a sum has been levied or received by a Collector in respect of a Certificate, a copy of which has been transmitted to him and filed in his office, such Collector shall send such sum to the office in which such Certificate was originally made.

সর্টিফিকেটের প্রতিলিপি যে কালেক্টরের নিকটে পাঠান যায় তিনি যে টাকা আদায় করেন তাহা সর্টিফিকেট লেখক কালেক্টরের নিকট পাঠাইবার কথা।

(ঘ) যে সর্টিফিকেটের প্রতিলিপি কোন কালেক্টর সাহেবের নিকট প্রেরিত হইয়া গাঁথিয়া রাখা যায় সেই সর্টিফিকেট সম্পর্কীয় কোন টাকা আদায় করিলে বা পাইলে, তিনি যে আফিসে ঐ সর্টিফিকেট প্রথমে লিখিত হয় সেই আফিসে ঐ টাকা পাঠাইবেন।

Collector, Deputy Collector, Assistant Commissioner, Extra Assistant Commissioner and Public Officer to be deemed to be acting judicially in the discharge of his duties under this Act.

23. Every Collector, *Deputy Collector, Assistant Commissioner and Extra Assistant Commissioner and every such Public Officer* as is mentioned in Section 9 *shall, in the discharge of his functions under this Act, be deemed to be a person acting judicially within the meaning of Act XVIII of* 1850, *passed by the Governor-General in Council.*

এই আইনমতে কর্ম্ম করিবার সময়ে কালেক্টর, ডেপুটী কালেক্টর, আসিষ্টাণ্ট কমিশ্যনর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও রাজকীয় কার্য্যকারক বিচারকস্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া জ্ঞান হইবার কথা।

২৩ ধারা। প্রত্যেক কালেক্টর সাহেব ও ডেপুটী কালেক্টর ও আসিষ্টাণ্ট কমিশ্যনর ও অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও ৯ ধারার উল্লিখিত প্রত্যেক রাজকীয় কার্য্যকারক, এই আইনমতে কর্ম্ম করিবার সময়ে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫০ সালের ১৮ আইনের অভিপ্রায়মত বিচারকস্বরূপ কার্য্য করিতেছেন বলিয়া জ্ঞান হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৭ আপ্রিল।]

24. *All Collectors, Deputy Collectors, Assistant Commissioners, and Extra Assistant Commissioners shall, in the performance of their duties under this Act, be subject to the general supervision and control of the Commissioners and the Board of Revenue.*

Collectors, &c., to be subject to the supervision and control of Commissioners and Board in discharge of their duties under this Act.

২৪ ধারা। সমুদয় কালেক্টর সাহেব ও ডেপুটী কালেক্টর ও আসিষ্টান্ট কমিশ্যনর ও অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর, এই আইনমতে আপন২ কর্ম্ম করিবার সময়ে, কমিশ্যনরদের ও রেবিনিউ বোর্ডের সাধারণ তত্ত্বাবধান ও কর্তৃত্বের অধীন হইবেন।

এই আইনমতে আপন২ কর্ম্ম করিবার সময়ে কালেক্টর প্রভৃতি কমিশ্যনরদের ও বোর্ডের তত্ত্বাবধান ও কর্তৃত্বের অধীন হইবার কথা।

FIRST SCHEDULE—*See* Section 3.

Number and year.	Subject of Act.	Extent of repeal.
	Acts passed by the Lieutenant-Governor of Bengal in Council.	
মকসদপুরের সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু নীলরত্ন রায় চৌধুরী ফরীদপুর জিলার অন্তর্গত পাংশায় প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন গত ফেব্রুয়ারি মাসের ২ তারিখ অবধি চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারীর সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৯ আপ্রিল।—রাজমহলের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এচ, সুইণ্টেন সাহেব, স্বীয় পদোপলক্ষে গত মার্চ মাসের ৪ তারিখ অবধি উক্ত মোকামের সব-রেজিষ্ট্রারের পদেও নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২১ আপ্রিল।—শ্রীযুত মৌলবী মনসর আহম্মদ নওয়াখালী জিলার অন্তর্গত হাতিয়ারগ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

আফীমবিষয়ক।—১৮৮০ সাল ১৭ আপ্রিল।—গত ফেব্রুয়ারি মাসের ২৪ তারিখের আজ্ঞা পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। বিহার এজেন্সীতে নিযুক্ত আফীমের একটিং আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, এ, সি, জেমোই সাহেব ১৮৭৯ সালের ১৪ জুলাই অবধি কিয়ৎকালের নিমিত্তে আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্টের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২০ আপ্রিল।—আজিমগড়ের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, এফ, কাম্বেল সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এচ, এফ, কাম্বেল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফতেপুরের আফীমের একটিং সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, অসবর্ণ সাহেব, আজিমগড়ের আফীমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এ, এফ, মাকেঞ্জি সাহেব শ্রীযুত এচ, অসবর্ণ সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত, কিয়ৎকালের নিমিত্তে আজিমগড়ের আফীমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ছুটীপ্রাপ্ত আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে, এ, ক্র্যাইটন সাহেব, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফতেপুরের আফিমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮০ সাল ১৬ আপ্রিল। জমীদারের নায়েব শ্রীযুত বাবু হরিপ্রসাদ-রায় ময়মনসিংহ জিলার অন্তর্গত পাগলাদীঘার দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২৪ আপ্রিল।—আলীপুর জেলে নিযুক্ত অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত জগন্নাথ চট্টোপাধ্যায়, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৭ A ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

প্রেসিডেন্সী জেলে নিযুক্ত অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযু মন্মথনাথ বসু, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৭ A ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

The 27th April 1880.—Surgeon-Major R. Harvey, Civil Surgeon, 24-Pergunnahs, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st proximo or any subsequent date on which he may avail himself of it.

Surgeon-Major C. J. Jackson, Civil Surgeon, Mozufferpore, is appointed to act as Civil Surgeon of the 24-Pergunnahs, during the absence, on leave, of Surgeon-Major R. Harvey, or until further orders. Surgeon-Major Jackson is appointed also to have medical charge of the Alipore and Russa Jails.

Surgeon-Major R. G. Matthew, Officiating Civil Surgeon, Durbhunga, is appointed to act as Civil Surgeon of Mozufferpore, during the absence, on deputation, of Surgeon-Major C. J. Jackson, or until further orders.

Mr. J. B. Baxter, Medical Officer at the Sandheads, is allowed leave for one month, under Section 13 7, Supplement F to the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

Assistant Surgeon Raj Coomar Roy, a Supernumerary at the Presidency Jail, is appointed to act as Medical Officer at the Sandheads, during the absence, on leave, of Mr. J. B. Baxter, or until further orders.

EMIGRATION.—*The 27th April* 1880.—Surgeon-Major C. J. Jackson, Officiating Civil Surgeon, 24-Pergunnahs, is also appointed to act as Medical Inspector of Emigrants at Calcutta, during the absence, on leave, of Dr. R. Harvey, or until further orders.

MUNICIPAL.—*The 16th April* 1880.—The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the Lalbagh Municipality, of Baboo Bungsheedhar Rai to be their Vice-Chairman for the year 1880-81.

The 17th April 1880.—Baboo Srimohun Thacoor is appointed to be a Commissioner of the Municipality of Bhagulpore, *vice* Baboo Brojo Mohun Thacoor.

The undermentioned gentlemen are re-appointed to be Commissioners of the Municipality of Bhagulpore:—

Baboo Bhoodhur Mull.
Mr. J. DaCosta.
Baboo Gopal Chunder Sircar.
" Hurry Mohun Thacoor.
" Otool Churn Mullick.
" Shoroda Prosad Chatterjee, Personal Assistant to Commissioner.
" Shib Chunder Banerjee.
" Shoshee Bhuson Mookerjee, Government Pleader.
" Soorjya Narain Singh.
" Tej Narain.
Syed Imdad Ali.

Mr. J. H. Finlayson is appointed to be a Commissioner of the Municipality of Naraingunge, in the district of Dacca, *vice* Mr. H. A. Thornton.

The undermentioned gentlemen are reappointed to be Commissioners of the Municipality of Naraingunge, in the district of Dacca:—

Baboo Bissessur Dass. | Baboo Kalinarain Sen.

The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the Pubna Municipality, of Dr. H. M. Davis to be their Vice-Chairman.

ROAD CESS.—*The 24th April* 1880.—Baboo Har Kishore Chatterjee, Muktear and Talukdar, is appointed to be a member of the Branch Road Cess Committee of the Manickgunge division of the district of Dacca, *vice* Baboo Man Mohan Roy, resigned.

The following Notifications are republished from the *Assam Gazette*:—

No. 83.—*The 10th April* 1880.—Privilege leave of absence for three months, under Chapter VII of the Civil Leave Code, is granted to Mr. H. Muspratt, C.S., Judge of Sylhet and Cachar, with effect from the 15th April 1880, or from such subsequent date as he may be relieved of his duties.

No. 85.—*The 14th April* 1880.—Furlough for one year, under Section 21 of the Civil Leave Code, is granted to Mr. A. Anley, District Superintendent of Police, Goalpara, with effect from the 1st May 1880, or from such date as he may avail himself of the same.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th May* 1880.]

১৮৮০ সাল ২৭ আপ্রিল।—২৪ পরগনার সিবিল চিকিৎসক সর্জন—মেজর শ্রীযুত আর, হার্বি সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি অথবা তাঁহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের নিয়মমতে তিন মাসের ছুটী পাইলেন।

সর্জন-মেজর শ্রীযুত আর, হার্বি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মজঃফরপুরের সিবিল চিকিৎসক সর্জন-মেজর শ্রীযুত সি, জে, জ্যাকসন সাহেব, ২৪ পরগনার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়াছেন। তিনি আলিপুর ও প্রেসিডেন্সী জেলের চিকিৎসা কার্য্যেরও ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে সর্জন-মেজর শ্রীযুত সি, জে, জ্যাকসন সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় দারভাঙ্গার একটিং সিবিল চিকিৎসক সর্জন-মেজর শ্রীযুত আর, বি, ব্রাইট সাহেব মজঃফরপুরের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

গঙ্গাসাগরের চিকিৎসক শ্রীযুত জে, বি, বাস্কর সাহেব অন্যের প্রতি কার্য্যের ভারার্পণ করণের তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১৬-৭ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, বি, বাস্কর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, প্রেসিডেন্সী জেলের অতিরিক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত রাজকুমার রায় গঙ্গাসাগরে চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বিদেশ গমন বিষয়ক।—১৮৮০ সাল ২৭ আপ্রিল।—ডাক্তর শ্রীযুত আর, হার্বি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ২৪ পরগনার একটিং সিবিল চিকিৎসক সর্জন-মেজর শ্রীযুত সি, জে, জ্যাকসন সাহেব কলিকাতায় বিদেশগামিদের পরিদর্শক চিকিৎসকেরও কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুনিসিপাল বিষয়ক।—১৮৮০ সাল ১৬ আপ্রিল।—লালবাগ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু বংশীধর রায়কে ১৮৮০ ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮০ সাল ১৭ আপ্রিল।—শ্রীযুত বাবু ব্রজমোহন ঠাকুরের পরিবর্ত্তে শ্রীযুত বাবু শ্রীমোহন ঠাকুর ভাগলপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ভাগলপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন

শ্রীযুত বাবু ভূধর মল।
,, জে, ডাকষ্টা সাহেব।
,, বাবু গোপালচন্দ্র সরকার।
,, ,, হরিমোহন ঠাকুর।
,, ,, অতুলরতন মল্লিক।
কমিশ্যনর সাহেবের প্রকীয় আসিষ্টান্ট শ্রীযুত বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায়।
শ্রীযুত বাবু শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
গবর্ণমেন্টের উকীল শ্রীযুত বাবু শশীভূষণ মুখোপাধ্যায়।
শ্রীযুত বাবু সূর্য্যনারায়ণ সিংহ।
,, তেজনারায়ণ বাবু।
,, সৈয়দ ইমদাদ আলি।

শ্রীযুত এচ, এ, থর্ণটন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জে, এচ, ফিন্‌লেসন সাহেব ঢাকা জিলার অন্তর্গত নারায়ণগঞ্জ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা জিলার অন্তর্গত নারায়ণগঞ্জ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বিশ্বেশ্বর দাস। | শ্রীযুত বাবু কালীনারায়ণ সেন।

পাবনা মুনিসিপালিটীর কমিশ্যনরেরা ডাক্তর শ্রীযুত এচ, এম, ডেবিস সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন

পথকর বিষয়ক।—১৮৮০ সাল ২৪ আপ্রিল।—শ্রীযুত বাবু মনোমোহন রায়, কর্ম্ম ত্যাগ করাতে বোয়ার ও তালুকদার শ্রীযুত বাবু ব্রজকিশোর চট্টোপাধ্যায় ঢাকা জিলার অন্তর্গত মাণিকগঞ্জ মহকুমার শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

৮৩ নম্বর।—১৮৮০ সাল ১০ আপ্রেল।—শ্রীহট্ট ও কাছাড়ের জজ শ্রীযুত এচ, লুট্রাট সাহেব, সি, এস, ১৮৮০ সালের আপ্রিল মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর অন্যের প্রতি যে তারিখে কর্ম্মের ভারার্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

৮৫ নম্বর।—১৮৮০ সাল ১৪ আপ্রিল।—গোয়ালপাড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ, আন্সলী সাহেব ১৮৮০ সালের মে মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

NOTIFICATION.

The 26th April 1880.—Under the provisions of Section 16 of the Indian Forest Act (Act VII of 1878), the Lieutenant-Governor hereby appoints the Commissioner of Chittagong to hear appeals from orders passed by the Forest Settlement Officer of the Chittagong Hill Tracts under Sections 10, 11, 14, and 15 of the said Act.

H. J. REYNOLDS,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 24th April 1880.—In the exercise of the power conferred on him by Section 54 Act V (B.C.) of 1866, an Act to make better provision for the regulation of Hackney Carriages and Palankeens in the Town and Suburbs of Calcutta, the Lieutenant-Governor hereby extends, from the 1st July 1880, the provisions of the said Act to the tract included within the municipal limits of the town of Rajpore, in the district of the 24-Pergunnahs.

2. Under Section 2 of the Act, it is further notified that Baboo Nobin Chand Ghosh, the Vice-Chairman of the Municipality, shall be the registering officer under the Act within the limits specified above, and every act, matter, or thing done by him under or by virtue of the Act, shall be subject to the order, disposition, and control of the Chairman of the Municipality.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 24th April 1880.—It is hereby notified that under Clause 2, Section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor declares the ferry over the Gargaria, a branch of the Khursua river, where it intersects the road between Chandbally and Cuttack, in the district of Cuttack, to be a public ferry.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th April 1880.—It is hereby notified for general information that the following gentlemen have been elected to be Commissioners of the Municipality of Burdwan in the wards noted against each :—

Baboo Jogesh Chunder Sircar, Ward A.
" Madan Mohun Tewari, " B.
" Deno Nath Das, " D.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 22nd April 1880.—It is hereby notified for general information that, under the power vested in him by section 3 of the Regulation (III of 1872) for the peace and good government of the territory known as the Sonthal Pergunnahs, the Lieutenant-Governor of Bengal is pleased to direct that from the 1st April 1880 the provisions of Act II (B.C.) of 1880, being an Act to amend the law for licensing trades, dealings, and industries within the territories subject to the Lieutenant-Governor of Bengal, shall have force and effect in the Sonthal Pergunnahs.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।—চট্টগ্রামের অতিরিক্ত [illegible] কর্তৃক ভারতবর্ষীয় রাজবিধির ১৮৬৮ সালের ৭ আইনের ১৮ ও ১৯ ও [illegible] ধারামতে যে আজ্ঞা [illegible] করেন শ্রীযুক্ত লেফটেনেন্ট গবর্ণর সাহেব উক্ত আইনের [illegible] ধারায় [illegible] তাহার উপর আপীল শ্রবণার্থে এতদ্বারা নিযুক্ত করিলেন।

এ, জে, [illegible],
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৪ আপ্রিল।—বঙ্গদেশের শ্রীযুক্ত লেফটেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি কলিকাতা নগরের ও সাধারণের হকড়া গাড়ীর ও পাল্কীর বিধান করিবার ১৮৬৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৫১ ধারামতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইনের বিধান ২৪ পরগনা জিলার অন্তর্গত রাজপুর নগরের মুনিসিপল সীমার মধ্যবর্ত্তি স্থানে ১৮৮০ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি এতদ্বারা প্রচলিত করিলেন।

২। উক্ত আইনের ২ ধারামতে আরো [illegible] যে উক্ত মুনিসিপালিটির প্রতিনিধি সভাপতি শ্রীযুক্ত বাবু নবীনচাঁদ [illegible] উক্ত আইনমতে [illegible] কর্তৃপক্ষ হইবেন, উক্ত আইন বা তাহার শক্তিক্রমে তিনি যে [illegible] উক্ত মুনিসিপালিটীর সভাপতির আজ্ঞার, নিয়মের ও কর্তৃত্বের অধীন হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৪ আপ্রিল।—এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুক্ত লেফটেনেণ্ট গবর্ণর সাহেব কটক জিলার অন্তর্গত চাঁদবালি ও কটকের মধ্যস্থ [illegible] নদীর খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারার ২ প্রকরণমতে রাজকীয় ঘাট বলিয়া প্রকাশ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নিম্নলিখিত মহাশয়েরা আপন২ নামের পার্শ্বলিখিত পল্লীতে বর্দ্ধমান মুনিসিপালিটির কমিশ্যনরের পদে মনোনীত হইলেন।

A পল্লীতে শ্রীযুক্ত বাবু যোগেশচন্দ্র সরকার।
B „ „ বাবু মদনমোহন তেওয়ারি।
D „ „ বাবু দীননাথ দাস।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২২ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বঙ্গদেশের শ্রীযুক্ত লেফটেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি সাঁওতাল পরগণা নামে খ্যাত প্রদেশের শান্তি রক্ষা ও সুশাসনার্থ ১৮৭২ সালের ৩ আইনের ১ ধারামতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি এই আজ্ঞা করিলেন যে ১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ বঙ্গদেশের শ্রীযুক্ত লেফটেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ব্যবসায়ের ও কারবারের ও শিল্পকর্ম্মের লাইসেন্স [illegible] আইন সংশোধনার্থ আইনের) বিধান ১৮৮০ সালের আপ্রিল মাসের [illegible] তারিখ অবধি সাঁওতাল পরগণার মধ্যে প্রচলিত হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

NOTIFICATION.

The 26th April 1880.—It is hereby notified that, under the powers vested in him by Section 82 of Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor is pleased to exclude from the operation of the Act the following roads within the limits of the Pubna Municipality, and to authorise the transfer of such roads to the charge of the Road Cess Committee of the district:—

	Name of Road.	Length of road to be made over.
(1)	The metalled road from Notoon Bazar to where it joins the Serajgunge road, 1st section ...	1 mile 3 furlongs.
(2)	The metalled road from the river bank to its junction with Dogachi road	5½ furlongs.
(3)	The cross-road joining Basitpore and Rajshahye roads	5 "
(4)	The road from Dewangunje ferry to its junction with Basitpore road	½ mile.
(5)	The road from Radhanugur ferry to its junction with the new road to Sara	7 furlongs.
(6)	The road from Radhanugur ferry to its junction with the Rajshahye road	1 furlong.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTICE.

The 23rd April 1880.—Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Municipality of Cutwa, in the district of Burdwan, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTICE.

The 23rd April 1880.—Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Municipality of Raneegunge, in the district of Burdwan, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTICE.

The 23rd April 1880.—Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Bankoora Municipality the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTICE.

The 23rd April 1880.—Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Beerbhoom Municipality the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৩ সালের বঙ্গীয় ৫ আইনের ৩২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, পাবনা মুনিসিপালিটীর অন্তর্গত নিম্নলিখিত [illegible] উক্ত আইনের [illegible] করিয়া সেই সকল পথ উক্ত জিলার পথের কমিটির অধীনে অর্পণ করিলেন।

পথের নাম।	পথের কত দূর অর্পণ করিতে হইবে।
(১) পাকা যে পথ নূতন বাজার অবধি খেয়াঘাট পথের প্রথম ভাগের যে স্থানে মিলে সেই স্থান পর্য্যন্ত	১ মাইল ৩ ফর্লং।
(২) পাকা যে পথ নদীর ধার অবধি খেয়াঘাট পথের সহিত তাহার যে স্থানে সংযোগ হয় সেই স্থান পর্য্যন্ত	৩।। ফর্লং।
(৩) বাজিৎপুর ও রাজসাহী পথ সংযোগকারী চৌরাস্তা পথ	২ ঐ।
(৪) দেওয়ানগঞ্জের খেয়াঘাট অবধি বাজিৎপুর পথের সহিত সংযোগ স্থান পর্য্যন্ত পথ	।। মাইল।
(৫) রাঘবনগরের খেয়াঘাট অবধি সারাই যাইবার নূতন পথের সহিত সংযোগ স্থান পর্য্যন্ত পথ	৭ ফর্লং।
(৬) রাঘবনগরের খেয়াঘাট অবধি রাজশাহীর পথের সহিত সংযোগ স্থান পর্য্যন্ত পথ	১ ফর্লং।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান জিলার অন্তর্গত কাটওয়া মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জ মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাঁকুড়া মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বীরভূম মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৫ মে।]

NOTICE.

The 23rd April 1880.—Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Serampore Municipality the Charitable Dispensary situated in Rishra, within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. Mackenzie,
Secy. to the Govt. of Bengal.

NOTICE.

The 23rd April 1880.—Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Serampore Municipality the Charitable Dispensary situated in Connaghur, within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. Mackenzie,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 27th April 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a site for the Khettupara Post Office in the village of Barkhapur (Nazirgunj), pergunnah Islampore, zillah Pubna, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring, more or less, 10 cottahs and 4 chittacks of standard measurement, bounded on the south by a road and the Padma river, on the east by a brick field, on the north by the land of Chander Kumari Dassee, and on the west by the public road close to the local police station, is required within the aforesaid village of Barkhapur (Nazirgunj).

This declaration is made, under the provision of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H. J. Reynolds,
Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2566A.

The 15th April 1880.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Tarack Chundra Singh of his appointment as Honorary Magistrate of the Comillah Bench.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Comillah Bench, and are vested with the powers of a Magistrate of the Third Class:—

Mr. G. R. Clarke, Manager of the estate of the late Mr. A. Courjon.
Baboo Raj Mohun Mitra, Dewan of Chukla Roshanabad.
„ Mon Mohan Ray, Assistant Superintendent of Nawab Khaja Ashanullah's estate in Tipperah.

The 16th April 1880—Baboo Shama Churn Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Magistrate of the First Class.

The 21st April 1880.—Baboo Kristo Chunder Das, B L., Moonsif of Rungpore, on leave, is appointed to act as a Moonsif in the district of the 24-Pergunnahs, during the absence, on deputation, of Baboo Jogesh Chunder Mitter, or until further orders, and will be ordinarily stationed at Alipore.

Baboo Anund Coomar Surbadhikari, Moonsif of Kaligunge, in Dacca, is appointed to be a Moonsif in the district of the 24-Pergunnahs, and will be ordinarily stationed at Baraset.

[*Government Gazette, 4th May* 1880.]

শ্রীযুত বাবু রাজচন্দ্র ঘোষ নদীয়া জিলার অন্তর্গত বনগাঁ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—রঙ্গপুরের অন্তর্গত কুড়িগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রভাতনাথ রায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২৪ আপ্রিল।—শাহাবাদের সবর্ডিনেট জজ শ্রীযুত রামপ্রসাদ বাবু, এই মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে, এই মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্র হুগলী জিলার দ্বিতীয় সবর্ডিনেট জজ হইয়া কিয়ৎকালের নিমিত্তে হুগলীতে অবস্থাপিত হইলেন। শাহাবাদের সবর্ডিনেট জজস্বরূপ কর্ম্ম করণার্থে তাঁহার কিয়ৎকালীন নিয়োগ বিষয়ক এই মাসের ১৩ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।—এই মাসের ২ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। ঢাকার অন্তর্গত মুনশীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র দে, চট্টগ্রাম জিলার অন্তর্গত ফটিকছেরিতে প্রেরিত হইলেন।

ফটিকছেরির মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার দে, চট্টগ্রাম জিলার অন্তর্গত হাটহাজারীতে প্রেরিত হইলেন।

১৮৮০ সাল ২৭ আপ্রিল।—শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মিত্র, হুগলী জিলার একটিং সবর্ডিনেট জজস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিবার তারিখ অবধি, ২৪ পরগনা জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সাতক্ষীরায় অবস্থাপিত হইবেন।

যিনি যে সময়ে মানভূম জিলার অন্তর্গত গোবিন্দপুর মহকুমার কর্ত্তৃপক্ষ হন তিনি আফীম বিষয়ক ১৮৭৮ সালের ১ আইনমত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইলেন।

মানভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গোপালচন্দ্র মিত্র আফীম বিষয়ক ১৮৭৮ সালের ১ আইনমত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইলেন।

মানভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অক্ষয়কুমার বসু, আফীম বিষয়ক ১৮৭৮ সালের ১ আইনমত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮০ সাল ১৬ আপ্রিল।—বাকরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালীর দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ ঘোষ, এল, এল, ১৮৮০ সালের জানুয়ারি মাসের ১৯ তারিখে যে ছুটী পান, তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ২০ আপ্রিল।—রঙ্গপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু আশুতোষ আঢ্য, বি, এল, ১৮৮০ সালের জানুয়ারি মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ও ১৬ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ২২ আপ্রিল।—২৪ পরগনা জিলার অন্তর্গত সাতক্ষীরার মুনসেফ শ্রীযুত বাবু রমানাথ শীল, এল, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে ১৮৮০ সালের ১৯ আপ্রিল অবধি এক সপ্তাহের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৯ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে রেজিষ্টরী করণ কার্য্যের এক সব-ডিষ্ট্রিকট স্থাপন করিবার অনুমতি দিলেন। উক্ত সব-ডিষ্ট্রিকটের এলাকা চট্টগ্রামের অন্তর্গত কক্সবাজার মহকুমার চকরিয়া থানার সামিল কুতবদিয়া ফাঁড়ির এলাকার সহিত মিলিবে। কুতবদিয়া দ্বীপের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত সব-ডেপুটী কালেক্টর সব-রেজিষ্ট্রার হইবেন। ১৮৮০ সালের মে মাসের ১ তারিখ অবধি এই বিজ্ঞাপন ফলবৎ হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭২ সালের ১০ আইনের ২২৫ ধারামতে মালদহ জিলার অন্তর্গত চঞ্চলস্থ মাজিষ্ট্রেটদের বেঞ্চের প্রতি উক্ত ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা দিলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

NOTIFICATION.

The 27th April 1880.—It is hereby notified that the Lieutenant-Governor of Bengal extends the provisions of Section 84 of Act V of 1861 to the Kandi Municipality and the town of Pachthupi, with its two suburban villages of Muniadihi, otherwise called Manuti, and Hurrish Chundrapore, bounded respectively as follows:—

Kandi Municipality.—Bounded on the north by villages Telepara, Bottole, Rayabati, Bagbati, Monohurpore, and Mahadia; on the south by villages Par, Rasara, Bhatera, Gunanundobati, and Dohalia; on the east by villages Saspora, Audulia, and Mandalpura; on the west by river Mourukhi.

Pachthupi.—Bounded on the north by villages Ballabpore, Kamdebbati, Singarda, and Balut; on the south by Godda, Unliandi, Puley, and Singari and the river Mourukhi; on the east by villages Muniadihi *alias* Manuti, Hurrish Chandrapore, and Chaudpore; on the west by villages Togra and Phunphura.

Muniadihi, otherwise called Manuti.—North by villages Singarda and Palikpara; south by villages Godda, Pachthupi, and the river Mourukhi; east by Hurrish Chundrapore; west by Pachthupi.

Hurrish Chandrapore.—North by Palikpara and Sardanga; south by the river Mourukhi and Bil Pachthupi; east by Brindarpoor; west by Muniadihi and Pachthupi.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 16th April 1880.

No. 76.—Notifications.—Mr. A. Wilson, Deputy Examiner, Second Grade, made over charge of the Third Calcutta Division, and rejoined the Central Office of Accounts, Bengal, on the forenoon of the 5th April 1880.

The 23rd April 1880.

No. 77.—Mr. F. Moore, Deputy Examiner, First Grade, availed himself of the three months' privilege leave granted* to him, from the forenoon of the 7th January 1880, and rejoined the Central Office of Accounts, Bengal, on the afternoon of the 6th April 1880.

* Bengal Government (Public Works Department) Notification No. 5 of the 12th January 1880.

No. 78.—Posting.—Baboo Sarat Chunder Rai, Apprentice Engineer, who has been transferred from the Punjab,* is posted to the Bhagulpore Division of the Western Circle, which he joined on the forenoon of the 12th April 1880.

* Bengal Government (Public Works Department) Notification No. 52 of the 2?th March 1880.

LOCAL COMMUNICATIONS.

The 26th April 1880.

No. 79.—Declaration under Section 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of a road cess inspection bungalow, Overseer's quarters, and godown, in the village of Bihta, pergunnah Muniarr, zillah Patna, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring, more or less, three beeghas of standard measurement, bounded on the west and south by a village road, and on the north and east by fields of the Bihta village, is required within the aforesaid village of Bihta.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

T. H. WICKES,
Asst. Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept.

[*Government Gazette,* 4*th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীরামপুর মুনিসিপালিটীর অন্তর্গত রিসড়ায় যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীরামপুর মুনিসিপালিটীর অন্তর্গত কোন্নগরে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৭ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাবনা জিলার অন্তর্গত ইসলামপুর পরগনার বার্থাপুর (বাজিৎগঞ্জ) গ্রামে খেতুপাড়ার ডাক ঘর করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট-কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বার্থাপুর (বাজিৎগঞ্জ) গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ।।০। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির দক্ষিণ সীমা পথ ও পদ্মানদী, পূর্ব্ব সীমা ইট খোলা, উত্তর সীমা চন্দ্র কুমারী দাসীর ভূমি, এবং পশ্চিম সীমা স্থানীয় পোলীস থানার নিকট সরকারী পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

২৫৬৬ A নম্বর।

১৮৮০ সাল ১৫ আপ্রিল।—শ্রীযুত বাবু তারকচন্দ্র সিংহ কমিল্লা বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেট স্বরূপ স্বীয় পদ ত্যাগকরণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লা বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মৃত এ. কৌর্জন সাহেবের ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত জি, আর, ক্লার্ক সাহেব।

চাকলা রোশানাবাদের দেওয়ান শ্রীযুত বাবু রাজমোহন মিত্র।

নবাব খাজা আশানুল্লার ত্রিপুরার ইষ্টেটের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু মন্মোহন রায়।

১৮৮০ সাল ১৬ আপ্রিল।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২১ আপ্রিল।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু যোগেশচন্দ্র মিত্রের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছুটীপ্রাপ্ত রঙ্গপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দাস, বি, এল, ২৪ পরগনা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ আলিপুরে অবস্থাপিত হইবেন।

ঢাকার অন্তর্গত কালীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী ২৪ পরগনা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ বারাসতে অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

Baboo Raj Chunder Ghose is appointed to be an Honorary Magistrate for the Bongong Bench in the district of Nuddea, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 23rd April 1880.—Baboo Probhat Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, Kurigram, Rungpore, is vested with the powers of a Magistrate of the Second Class.

The 24th April 1880.—Baboo Ram Persad, Subordinate Judge, Shahabad, having resumed charge of his duties on the 20th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 15th instant, is cancelled.

Baboo Troyluckonath Mitter, Subordinate Judge, is posted temporarily to Hooghly as Second Subordinate Judge of that district. This cancels the orders of the 13th instant appointing him to act temporarily as Subordinate Judge of Shahabad.

The 26th April 1880.—In supersession of the orders of the 2nd instant, Baboo Shumbhu Chunder Dey, Moonsif of Moonsheegunge, Dacca, is transferred to Fattickcherry, in the district of Chittagong.

Baboo Chunder Coomar Roy, Moonsif of Fattickcherry, is transferred to Hathazaree, in the district of Chittagong.

The 27th April 1880.—Baboo Mohendro Nath Mitter is appointed to be a Moonsif in the 24-Pergunnahs, and will be ordinarily stationed at Satkhira, with effect from the date on which he may be relieved of his present appointment as an Acting Subordinate Judge in the district of Hooghly.

The Sub-divisional Officer of Govindpore, in the district of Manbhoom, for the time being is vested with the power to try cases under Act I of 1878 (the Opium Act).

Baboo Gopal Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is vested with the power to try cases under Act I of 1878 (the Opium Act).

Baboo Okhoy Coomar Bose, Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is vested with the power to try cases under Act I of 1878 (the Opium Act).

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 16th April* 1880.—Baboo Mohendronath Ghose L. L., Second Moonsif of Patuakhally, in the district of Backergunge, has been allowed leave of absence for one month, under Section 4, Supplement F to the Civil Leave Code, in extension of that already granted to him on the 19th January 1880.

The 20th April 1880.—Baboo Ashootosh Addy, B.L., Second Moonsif of Rungpore, has, under Sections 4 and 16, Supplement F to the Civil Leave Code, been allowed leave of absence for three months on medical certificate in extension of the leave already granted to him on the 13th January 1880.

The 22nd April 1880.—Baboo Ramanath Sil, L L., a Moonsif of Satkhira, in the district of the 24-Pergunnahs, has been allowed leave of absence for one week, under Section 10, Supplement F to the Civil Leave Code, with effect from the 19th April 1880.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th April 1880.—Under the provisions of Section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the formation of a registration sub-district, conterminous with the outposts of Kutubdya, attached to thana Chakaria in the sub-division of Cox's Bazar in Chittagong. The Sub-Deputy Collector in charge of the Island of Kutubdya will be Sub-Registrar. This Notification will take effect on and from 1st May 1880.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th April 1880.—Under Section 225 of Act X of 1872 (the Code of Criminal Procedure), the Lieutenant-Governor vests the Bench of Magistrates at Chanchal, in the district of Maldah, with the power to try summarily any of the offences mentioned in that section.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৭ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান, কান্দি মুনিসিপালিটীতে ও মণিয়াডিহি নামান্তরে মথুতি ও হরিশ্চন্দ্রপুর এই দুই শাখানগরীর গ্রাম যুক্ত পাঁচথুপি নগরে প্রচলিত করিলেন। তাহার সীমা এই,—

কান্দি মুনিসিপালিটী।—উত্তর সীমা তেলিপাড়া ও বোভোল ও রায়বাটী ও বাগবাটী ও মনোহরপুর ও মহদিয়া গ্রাম, দক্ষিণ সীমা পার, ও রাসরা ও ভাতেরা ও গুনানন্দবাটী ও দোহালিয়া গ্রাম, পূর্ব্ব সীমা সাসপোরা ও ওঁড়ুলিয়া ও মান্দলপুরা গ্রাম, পশ্চিম সীমা ময়ূরক্ষি নদী।

পাঁচ থুপি।—উত্তর সীমা বল্লভপুর, ও কামদেববাটী ও সিঙ্গারদা ও বলুত গ্রাম, দক্ষিণ সীমা গদ্দা ও উমলিয়ান্দি ও পুলে ও সিঙ্গারি গ্রাম ও ময়ূরক্ষি নদী, পূর্ব্ব সীমা মণিয়াডিহি বা মাথুতি ও হরিশ্চন্দ্রপুর ও চাঁদপুর গ্রাম, পশ্চিম সীমা তোগ্রা ও ফুলকুরা গ্রাম।

মণিয়াডিহি নামান্তরে মথুতি।—উত্তর সীমা সিঙ্গারদা ও পালিকপাড়া গ্রাম, দক্ষিণ সীমা গদ্দা ও পাঁচথুপি গ্রাম ও ময়ূরক্ষি নদী, পূর্ব্বসীমা হরিচন্দ্রপুর, পশ্চিম সীমা পাঁচথুপি।

হরিশ্চন্দ্রপুর।—উত্তর সীমা পালিকপাড়া ও শরডাঙ্গা, দক্ষিণ সীমা ময়ূরক্ষি নদী ও বিল পাঁচথুপি, পূর্ব্ব সীমা ব্রিন্দারপুর। পশ্চিম সীমা মণিয়াডিহি ও পাঁচথুপি।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৮০ সাল ১৯ আপ্রিল।

৭৬ নম্বর। বিজ্ঞাপন— দ্বিতীয় শ্রেণীর ডেপুটী হিসাব পরীক্ষক শ্রীযুত এ, উইলসন সাহেব, ১৮৮০ সালের ৫ আপ্রিলের পূর্ব্বাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডের কার্য্যের ভার অর্পণ করিয়া বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসের কার্য্যের ভার পুনর্গ্রহণ করিলেন।

১৮৮০ সাল ২৩ আপ্রিল।

৭৭নম্বর।—প্রথম শ্রেণীর ডেপুটী হিসাব পরীক্ষক শ্রীযুত এফ, মুর সাহেব অনুগ্রহের যে ছুটী পান* তাহা ১৮৮০ সালের ৭ জানুয়ারির পূর্ব্বাহ্ণ অবধি গ্রহণ করিয়া ১৮৮০ সালের ৬ আপ্রিলের অপরাহ্ণে বঙ্গদেশের সদর আকৌণ্ট আফিসে কর্ম্মেরভার পুনর্গ্রহণ করিলেন।

*বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ১২ জানুয়ারির ৫ নং বিজ্ঞাপন।

৭৭ নম্বর।—অবস্থিতির কথা।—পঞ্জাব* হইতে প্রেরিত আপ্রেণ্টিস ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু শরচ্চন্দ্র রায় পশ্চিম চক্রের ভাগলপুর খণ্ডে অবস্থাপিত হইয়া ১৮৮০ সালের ১১ আপ্রিলের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ২০ মার্চের ৫২ নং বিজ্ঞাপন।

স্থানীয় বন্দ্যাদি বিষয়ক।

১৮৮০ সাল ২১ আপ্রিল।

৭৯ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত মনরার পরগনার বিহতা গ্রামে পথকরের ইনস্পেক্‌শন বাঙ্গালা ঘর ও ওবরসিয়রের থাকিবার স্থান ও গুদাম প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, উক্ত বিহতা গ্রামে কস্মিনকালে ন্যূনাধিক ১৷ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পশ্চিম ও দক্ষিণ সীমা গ্রাম্য পথ, উত্তর ও পূর্ব্ব সীমা বিহতা গ্রামের ক্ষেত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

টি, এচ, উইল্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

IRRIGATION.

NOTIFICATION—ESTABLISHMENT.

Dated the 26th April 1880.

No 57.—*Notifications.* —With reference to the notification marginally noted, Mr. O C. Lees, Assistant Engineer, Second Grade, joined the Northern Drainage and Embankment Division on the forenoon of the 3rd April 1880.

No 41, dated 5th April 1880.

No. 59.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the construction of a towpath along the northern bank of the Tolly's nullah extending from Shamookpotta Toll-house up to the site of the village Nowabad, pergunnah Calcutta, zillah 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 25,494 feet in length and 60 in breadth, and containing about 106 beeghas 5 cottahs 6 chittacks, more or less, is required in the aforesaid place.

2. The plan of the land can be seen in the 24-Pergunnahs Collectorate during office hours on any day, Sundays and holidays excepted.

3. This declaration is made, under the provision of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

The 27th April 1880.

No. 60 —*Notification.*—With reference to the notification marginally noted, Mr. C W Odling, Executive Engineer, Second Grade, made over, and Mr. E. W. P. Foster, Executive Engineer, Fourth Grade, took over charge of the Arrah division, on the afternoon of the 20th April 1880.

No 21 dated 21st February 1880.

C. TAYLOR,
Offg. Asst. Secretary,
for Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ আপ্রিল।

৫৭ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ও, সি, লীস সাহেব ১৮৮০ সালের ৩ আপ্রিলের পূর্ব্বাহ্নে, উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮০ সালের ৫ আপ্রিলের ৪০ নং।

৫৯ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার নোয়াবাদ গ্রামে, সামুকপোতার কুতঘর অবধি নোয়াবাদ গ্রাম পর্য্যন্ত টালির নালার উত্তর তীরের ধারে ২ গুন টানিবার পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্নমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত স্থানে প্রায় ২৫,৪৭৪ ফুট দীর্ঘ ও ৬০ ফুট প্রস্ত অর্থাৎ ন্যূনাধিক ১০৬।০।৵ ছটাক পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমির নক্‌শা রবিবার ও বন্দের দিন ভিন্ন প্রতিদিন কার্য্যচলনের কোন সময়ে ২৪ পরগনার কালেক্টরী কাছারীতে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৮৮০ সাল ২৭ আপ্রিল।

৬০ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ, অডলিং সাহেব ১৮৮০ সালের ২০ আপ্রিলের অপরাহ্নে, আরা খণ্ডের কর্ম্মের ভার অর্পণ এবং চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, ডবলিউ, পি, ফষ্টর সাহেব উক্ত খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৮০ সালের ২১ ফেব্রুয়ারির ২০নং।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের, গবর্নমেন্টের জাইন্ট সেক্রেটরীর পরিবর্ত্তে।
সি, টেম্পল,
একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৮০ সাল ৪ মে।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ৩০ জানুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৩ আইন।

অর্থাৎ

সেনানিবেশ বিষয়ক ১৮৮০ সালের আইন।

ধারার নির্ঘণ্ট।

হেতুবাদ।

১ অধ্যায়।

উপক্রমণিক।

ধারা।

১। সংক্ষেপ নাম।

স্থানীয় ব্যাপ্তি।

মান্দ্রাজ ও বোম্বাইয়ের সেনানিবেশ স্থানে এই আইনের সহিত অসঙ্গত আইনের কথা।

২। ১৮৬৪ সালের ২২ আইন রহিত হইবার কথা।

১৮৬৪ সালের ২২ আইনের উল্লেখের কথা।

ধারা।

২ অধ্যায়।

ফৌজদারী বিচারাধিপত্যের কথা।

৩। কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা।

৪। আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা।

৩ অধ্যায়।

দেওয়নী বিচারাধিপত্যের কথা।

৫। কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা।

৬। আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা।

৭। সেনানিবেশের সমুদয় ছোট আদালতের প্রতি ১৮৬৫ সালের ১১ আইন বর্ত্তিবার কথা।

৮। সৈনিক রিকুেষ্ট কোর্টের কথা।

৪ অধ্যায়।

পোলীসের কথা।

৯। সেনানিবেশে নিযুক্ত পোলীসের প্রতি ১৮৬১ সালের ৫ আইন বর্ত্তিবার কথা।

সেনানিবেশের মধ্যে পোলীসের কর্ম্মের বিধান করিবার কথা।

১০। সেনানিবেশে ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারা বর্ত্তাইবার কথা।

১১। সেনানিবেশের কর্তৃত্বকারি সেনানী সাহেবের প্রেরিত রওয়ানা জারী করিবার কথা।

১২। সেনানিবেশে ১৮৫৬ সালের ২০ আইন প্রচলিত করিতে পারিবার কথা।

১৩। সেনানিবেশস্থান প্রভৃতি বিভাগ করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

ধারা।

৫ অধ্যায়।

উগ্র শরাবের কথা।

১৪। অনুমতিবিনা উগ্র শরাব বিক্রয়ের কথা।
১৫। দ্বিতীয় বার অপরাধ প্রমাণ হইলে অনুমানের কথা।
১৬। অনুমতিপত্রবিনা সেনানিবেশের মধ্যে কোনং ব্যক্তির নিকট কিয়ৎপরিমাণের অধিক উগ্র শরাবাদি থাকিলে, তাঁহাদের দণ্ডের কথা।
১৭। ১৪ ও ১৬ ধারামতে অপরাধিদিগকে ধরিবার ও উগ্র শরাবাদি ধৃত করিবার কথা।
১৮। উক্ত শরাবাদি জব্দ করিবার কথা।
১৯। ধৃত সম্পত্তি আটক করিয়া রাখিবার কথা।
ধৃত সম্পত্তি লইয়া কার্য্য করিবার কথা।
২০। ঔষধ স্বরূপ যে দ্রব্য বিক্রয় করা বা যোগান যায়, তাহার সংরক্ষণের কথা।

---

৬ অধ্যায়।

মুনিসিপল টাক্সের কথা।

২১। টাক্স লইবার সাধারণ ক্ষমতার কথা।
২২। টাক্স ধার্য্য ও আদায় করিবার বিধান করিতে পারিবার কথা।
২৩। টাক্সের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।
২৪। সেনানিবেশ স্থানে টাক্স নিষেধ করিতে পারিবার কথা।

---

৭ অধ্যায়।

আনুষঙ্গিক বিধি।

২৫। সেনানিবেশ সংক্রান্ত বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।
ঐ বিধি সাধারণ বা বিশেষরূপ হইতে পারিবার কথা।
২৬। বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের দ্বারা দৃঢ় হইবার কথা।
২৭। বিধিতে যেং বিষয়ের বিধান হইতে পারিবে, তাহার কথা।
২৮। বিধি লঙ্ঘনের বিচার হইবার কথা।
২৯। অর্থদণ্ড যেরূপে আদায় করিতে হইবে তাহার কথা।
অর্থদণ্ড আদায় করা না গেলে, কারাদণ্ডের কথা।
৩০। অন্যান্য আইনমত অভিযোগাদির কথা।
৩১। বেশ্যালয় ও উপদংশ রোগসংক্রান্ত বিধি বর্ত্তাইবার কথা।
৩২। যে স্থানে বিধি বর্ত্তান যায় তথায় বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।
৩৩। পূর্ব্বপ্রচলিত আইনের উপর সেনানিবেশ সংক্রান্ত বিধির ফলের কথা।
৩৪। কোর্ট মার্শাল প্রভৃতির বিচারাধিপত্যের সংরক্ষণের কথা।
৩৫। ১৮৭৬ সালের ২০ আইনমতে যে টাকা তোলা যায়তাহার ব্যয় সংক্রান্ত বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

সেনানিবেশ সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধনার্থ আইন।

হেতুবাদ। সেনানিবেশ সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

---

১ অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "সেনানিবেশবিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। এই ধারা ও ২ ধারা ও ২৪ ধারা ব্রিটিস ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে। এই আইনের অবশিষ্টাংশ মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেবের ও মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন দেশছাড়া ব্রিটিস ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে। মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেব বা মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেব, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, তাঁহার শাসনাধীন কোন স্থানে তদ্রূপ কোন অংশ চালাইতে পারিবেন; এবং যে তারিখে কোন স্থানে তদ্রূপ কোন অংশ উক্তরূপে চালান যায়, ঐ স্থানে উক্ত অংশের সহিত অসঙ্গত বা উহার বিরুদ্ধ যে কোন আইন তৎকালে প্রবল থাকে তাহা সেই তারিখ অবধি সেই স্থানে আর ফলবৎ থাকিবে না।

মান্দ্রাজ ও বোম্বাইয়ের সেনানিবেশ স্থানে এই আইনের সহিত অসঙ্গত আইনের কথা।

১৮৬৪ সালের ২২ আইন রহিত হইবার কথা। ২ ধারা। সৈনিক ছাউনি স্থানের কার্য্যনির্ব্বাহের বিধান করণের ১৮৬৪ সালের ২২ আইন এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু উক্ত আইনমতে যে সকল আজ্ঞা, বিজ্ঞাপন, বিধি ও বিধান কৃত, ক্ষমতা প্রদত্ত ও আদালত স্থাপিত হইয়াছে, তৎ সমুদয় যথাক্রমে এই আইনমতে কৃত, প্রদত্ত ও স্থাপিত বলিয়া জ্ঞান হইবে।

১৮৬৪ সালের ২২ আইনের উল্লেখের কথা। পশ্চাৎ বিধিবদ্ধ আইনে ১৮৬৪ সালের উক্ত ২২ আইনের উল্লেখ থাকিলে, ঐ উল্লেখ এই আইনের উল্লেখের ন্যায় পাঠ করিতে হইবে।

---

২ অধ্যায়।

ফৌজদারী বিচারাধিপত্যের কথা।

কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা। ৩ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রত্যেক ব্যক্তিকে কোন সেনানিবেশের সীমান্তর্গত স্থানে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা দেন, সেই ব্যক্তি কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট খ্যাত হইবেন, এবং উক্ত আইনের অর্থ ও কার্য্যপক্ষে তাঁহাকে মহকুমার অধ্যক্ষতাভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট জ্ঞান করা যাইবে।

৪ ধারা। উক্ত আইনের বিধানমতে স্থানীয় গবর্ণমেন্ট যে প্রত্যেক ব্যক্তিকে কোন সেনানিবেশের সীমান্তর্গত স্থানে দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা দেন, সেই ব্যক্তিকে আসিষ্টান্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেট বলা যাইবে।

আসিষ্টান্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের কথা।

---

৩ অধ্যায়।

দেওয়ানী বিচারাধিপত্যের কথা।

৫ ধারা। ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাইকোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভুত ক্ষুদ্র মোকদ্দমার আদালতবিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ ১৮৬৫ সালের ১১ আইনমতে স্থানীয় গবর্ণমেন্ট কোন সেনানিবেশের সীমান্তর্গত স্থানে ক্ষুদ্র মোকদ্দমার বা ছোট আদালত সংস্থাপন করিলে, যদি তথায় কান্টনমেন্ট মাজিষ্ট্রেট থাকেন, তিনি উক্ত প্রকারে সংস্থাপিত আদালতের জজ অর্থাৎ বিচারপতি হইবেন।

কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা।

তদ্রূপ প্রত্যেক আদালতে যত টাকার মোকদ্দমার বিচার হইতে পারিবে তাহা স্থানীয় গবর্ণমেন্ট নির্দ্দেশ করিবেন ও সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন, কিন্তু কোন স্থলে তাহা পাঁচশত টাকার অধিক হইবে না।

৬ ধারা। ৫ ধারার উল্লিখিত কোন আদালতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার বিচারার্থে স্থানীয় গবর্ণমেন্ট কোন আসিস্টান্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেটকে ছোট আদালতের জজের ক্ষমতা দিতে পারিবেন। কিন্তু কোন আসিস্টান্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেট পঞ্চাশদধিক টাকার মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন হইবেন না।

আসিষ্টান্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের ছোট আদালতের ক্ষমতা পাইবার কথা।

৭ ধারা। যে স্থলে এই আইনে প্রকারান্তরের বিধান আছে, সেই স্থল ছাড়া উক্ত আইনের সমুদয় বিধান তদ্রূপ প্রত্যেক আদালতের প্রতি ও তদ্রূপ কোন আদালতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তৎ প্রতি বর্ত্তিবে।

সেনানিবেশের সমুদয় ছোট আদালতের প্রতি ১৮৬৫ সালের ১১ আইন বর্ত্তিবার কথা।

৮ ধারা। কোন সেনানিবেশ স্থানে ছোট আদালত সংস্থাপিত হইলে, সৈন্যদের ছাউনি স্থানের জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবদিগকে কোন২ স্থলে দেওয়ানী কার্য্য করিবার ক্ষমতা দেওনের ১৮৫৯ সালের ৩ আইনমতে কোন সৈন্যাধ্যক্ষ সেনানিবেশ স্থানে যে ক্ষমতামতে কার্য্য করিতেন তাহা রহিত হইবে, এবং মোকামের বা সেনানিবেশের কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবেরা কোন আইনের যে কথাদ্বারা ঋণের দাওয়ার ও অন্য অস্থাবর বিষয়ের দাওয়ার বিচারার্থে সৈনিক রিকেষ্ট কোর্ট করিবার ক্ষমতাপন্ন হন, সেই কথা ঐ সেনানিবেশের সীমান্তর্গত স্থানে বলবৎ থাকিবে না।

সৈনিক রিকেষ্ট কোর্টের কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

৪ অধ্যায়।

পোলীসের কথা।

৯ ধারা। যে সেনানিবেশ যে স্থানীয় গবর্ণমেন্টের শাসনাধীন দেশের অন্তর্গত সেই সেনানিবেশে পোলীসের যে কর্ম্মকারকেরা নিযুক্ত থাকেন তাহারা পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ২ ধারার অর্থমতে সেই স্থানীয় গবর্ণমেন্টের পোলীসের সাধারণ দলের অংশ বলিয়া গণ্য হইবেন, এবং উক্ত আইনের সমুদয় বিধান সেই কর্ম্মকারকদের প্রতি বর্ত্তিবে।

সেনানিবেশে নিযুক্ত পোলীসের প্রতি ১৮৬১ সালের ৫ আইন বর্ত্তিবার কথা।

যে সেনানিবেশে কান্টনমেন্ট মাজিষ্ট্রেট থাকেন, সেই সেনানিবেশের অন্তর্গত পোলীসের কর্ম্মের বিধান করিবার ভার তথাকার কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবের সাধারণ কর্ত্তৃত্ব ও আজ্ঞাধীনে ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের প্রতি বর্ত্তিবে।

সেনানিবেশের মধ্যে পোলীসের কর্ম্মের বিধান করিবার কথা।

১০ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট উক্ত গবর্ণমেন্টের শাসনাধীন দেশের অন্তর্গত কোন সেনানিবেশ স্থানে উক্ত ১৮৬১ সালের ৫ আইনের ৩৭ ধারা প্রচলিত করিতে পারিবেন।

সেনানিবেশে ১৮৬১ সালের ৫ আইনের ৩৭ ধারা খাটাইবার কথা।

In supersession of the instructions contained in Circular Order No. 6, dated 3rd March 1877, Civil Judicial Officers are directed in future to furnish the District Registrar with a brief notice of the facts of any case in which a registered document is discredited by the judgment of the courts.

CIVIL AND CRIMINAL.

No. 38, dated the 15th December 1879.

The attention of all subordinate Civil and Criminal Courts is invited to the change in the existing law (Sections 45 and 46, Act XX of 1865.) made by Sections 4 and 5, Act XVIII of 1879, which comes in force on the 1st proximo.

2 An Advocate, Vakeel or Attorney of a High Court other than this Court will not, after that date, be entitled to practise as such in the Lower Provinces of Bengal unless he ordinarily practises in the Court on the roll of which he is entered, or some Court subordinate thereto This change in the law should at once be brought to the notice of practitioners whom it affects

CIVIL.

No. 40, dated the 22nd December 1879.

The Court are pleased to make the following further exception to the rule laid down in circular order No. 22, dated 8th June 1878, requiring a separate charge to be made for every copy of a notice or proclamation issued under Article 7, Part II of the Rule I of the rules dated 6th February 1878, issued under Clause 1, Section 20 of the Court Fees Act VII of 1870.

2. Where in any case more than one copy of a citation issued under Section 250, Act X of 1865, or of a notice issued under Section 3, Act XXVII of 1860, has to be affixed in Court-houses or offices which are situated at the same station, but one fee shall be charged

3 Where such Court-houses or offices are situated at different stations, a separate fee shall be charged in respect of the notices affixed in the Courts or offices at each station.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

DECEMBER 1879.

HON'BLE C. T. BUCKLAND
and
HON'BLE H. L. DAMPIER.

No. 1

THE Board having had under their consideration the question of levying fees under section 64 of Act VII (B.C.) of 1876, have decided that such fees can only be levied for a first registration after a *transfer* of an interest. The following is therefore to be substituted for the second sentence of Rule I, section 8, chapter V, volume I, page 148 of the Board's Rules :—

"They can only be levied for a first registration after a transfer of an interest."

[*Government Gazette*, 11*th May* 1880.]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরক্যুলর অর্ডর।

দেওয়ানী।

৩৭ নম্বর। ১৮৭৯ সাল ১০ ডিসেম্বর।

১৮৭৭ সালের ৩ মার্চের ৬ নম্বর সরক্যুলর অর্ডরে যে আদেশ আছে তাহা রহিত করিয়া এই আজ্ঞা দেওয়া যাইতেছে যে, কোন মোকদ্দমায় আদালতের বিচারে রেজিষ্টরীকৃত কোন দলীলের উপর অবিশ্বাস করা গেলে, দেওয়ানী বিচার সম্পর্কীয় কর্ত্তৃপক্ষগণ ভবিষ্যতে ঐ মোকদ্দমার বৃত্তান্তঘটিত সংক্ষেপ বিবরণ জিলার রেজিষ্ট্রারের নিকট পাঠাইবেন।

দেওয়ানী ও ফৌজদারী।

৩৮ নম্বর। ১৮৭৯ সাল ১৫ ডিসেম্বর।

১৮৭৯ সালের যে ১৮ আইন আগামী মাসের প্রথম দিনসাবধি বলবৎ হইবে, তাহার ৪ ও ৫ ধারাক্রমে বর্ত্তমান আইনের (অর্থাৎ ১৮৬৫ সালের ২০ আইনের ৪৫ ও ৪৬ ধারার) যে পরিবর্ত্তন হইতেছে, তৎপ্রতি সমুদয় অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালতের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

২। এই কোর্ট ভিন্ন অন্য হাই কোর্টের আডবোকেট কি উকীল কি আর্টর্নি যে কোর্টের তালিকায় নাম লিখাইয়াছেন, সেই আদালতে কিম্বা তদধীন কোন আদালতে সাধারণতঃ কর্ম্ম না করিলে, উক্ত তারিখের পর নিম্নবঙ্গপ্রদেশে স্বীয় পদানুরূপ কর্ম্ম করিতে অধিকারী হইবেন না। আইনের এই পরিবর্ত্তন যে ব্যবহারাজীবিদের সম্বন্ধে কার্য্যকর হইবে তাঁহাদিগকে অবিলম্বে ইহা জানাইতে হইবে।

দেওয়ানী।

৪০ নম্বর। ১৮৭৯ সাল ২২ ডিসেম্বর।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ১ প্রকরণমতে ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ৬ তারিখে যে বিধি প্রচারিত হয়, তাহার প্রথম ধারার ২ ভাগের ৭ প্রকরণমতে যে নোটিস বা ঘোষণাপত্র দেওয়া যায় তাহার প্রত্যেক খানির নিমিত্ত স্বতন্ত্র খরচ দিবার যে বিধি ১৮৭৮ সালের ৮ জুনের ২২ নম্বর সরকুলর অর্ডরে আছে, তাহাতে হাই কোর্ট নিম্নলিখিত অতিরিক্ত বর্জ্জিত কথা যোগ করিলেন।

২। ১৮৬৫ সালের ১০ আইনের ২৫০ ধারামতে যে তলব চিঠী জারী করা যায়, অথবা ১৮৬০ সালের ২৭ আইনের ৩ ধারামতে যে নোটিস দেওয়া যায়, তাহার একাধিক খণ্ড একই মোকামের নানা আদালত ঘরে বা আফিসে লাগাইয়া দিতে হইলে, কেবল একবার ফী লওয়া যাইবে।

৩। ঐ সকল আদালত ঘর বা আফিস ভিন্ন২ মোকামে থাকিলে, প্রত্যেক মোকামের আদালত ঘরে বা আফিসে লাগাইবার নোটিসের নিমিত্ত স্বতন্ত্র ফী দিতে হইবে।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L. *Bengali Translator.*

রাজস্ব বিষয়ক সরক্যুলর।

১৮৭৯ সাল ডিসেম্বর মাস।

মান্যবর শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব
ও
মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

১ নম্বর।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৬৪ ধারামত ফী আদায়ের কথা বোর্ড বিবেচনা করিয়া দেখিয়া এইরূপ নিষ্পত্তি করিয়াছেন যে, কোন স্বার্থ হস্তান্তর করিবার পর প্রথম রেজিষ্টরী করণের নিমিত্ত কেবল ফী আদায় করা যাইতে পারে। এনিমিত্ত বোর্ডের বিধিপুস্তকের ১ বালামের ১৪৮ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ১ ধারার দ্বিতীয় বাক্যের পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি দিতে হইবে।

"কোন স্বার্থ হস্তান্তর করিবার পর প্রথম রেজিষ্টরী করণের নিমিত্ত কেবল ঐ ফী আদায় করা যাইতে পারে।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

HON'BLE C. T. BUCKLAND.

No. 2.

PROVISIONS similar to those made in section 38 of the General Stamp Act XVIII of 1869, for the grant of rewards to informers of offences committed against the Stamp law, having been omitted from the Indian Stamp Act I of 1879, the following rule, to which the approval of Government has been obtained, is issued for the information and guidance of all Revenue Officers in the Lower Provinces.

2. For information given regarding any evasion of the Stamp law, the Collector shall, if he thinks fit, grant rewards, not exceeding in any one case the amount of the fine levied from the offender up to a maximum of Rs. 50. When a larger reward than Rs. 50 is deemed necessary, an application should be made to the Board. The rewards should not be paid out of the fine levied from the offender, but the fine must be credited to "Law and Justice" and the reward debited to "Stamps."

No. 3.

DISTRICT Officers are informed that a revised form of Return No. XXIII, corresponding with the provisions of the Indian Stamp Act I of 1879, is now passing through the press, and that they are required to adopt this form in submitting their return for the present quarter.

HON'BLE H. L. DAMPIER.

No. 4.

A REVISED series of settlement rules, entitled "Settlement Manual, 1879," has been published by the authority of the Board of Revenue, Lower Provinces. These rules will shortly appear as a chapter of volume II of the new edition of the Board's Rules, and supersede those contained in chapter XX of the old edition, as well as all alterations and additions introduced therein, as notified from time to time in the Board's circular orders. The old rules should therefore no longer be quoted.

2. The Manual, it will be seen, is not a mere reprint of the old rules; obsolete rules and appendices have been expunged, and those retained have been carefully revised wherever necessary. Further, the rules as well as the appendices have been re-arranged and re-classified in detail.

3. Copies of the Settlement Manual are now being distributed, and every revenue officer is requested to make himself thoroughly acquainted with its contents.

4. The Superintendent of Stationery will be instructed to print the revised forms of appendices, and officers requiring copies should indent for them in the usual manner.

No. 5.

THE attention of Commissioners and District Officers is drawn to the accompanying extract (paragraph 3) from a Despatch of the Secretary of State for India, relating to the Board's Land Revenue Administration Report for 1877-78, and they are requested to exercise a close supervision over the proceedings of all officers charged with the duty of collecting rents from Government and Wards' estates under direct management.

2. The Secretary of State presses on the Government the expediency of writing off arrears which are really irrecoverable, instead of allowing these nominal balances to encumber the accounts.

"I CANNOT consider the state of collections satisfactory. The subject of the arrears due on Wards' estates has been noticed in my Despatch No. 30 of the 3rd July last. As regards temporarily settled estates (the arrears on account of which appear to be due chiefly from estates under management), and especially Government estates, the balances appear to me to be often unduly and unnecessarily large, and to have a tendency to increase. This would seem to indicate some defect in administration. I cannot admit that with an efficient system it is necessary that estates managed by Government officers should be always in arrear to the extent of half a year's rental or more. In ryotwari districts, which, as observed by the Lieutenant-Governor, are practically Government estates, the collections were nearly [illegible] per cent. of the current demand, and the gross balance at the close of the year about 20 per cent. of a year's demand."

[*Government Gazette*, 11*th May* 1880.]

মান্যবর শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব।

২ নম্বর

ইষ্টাম্প আইনের বিরুদ্ধ অপরাধ হইবার সংবাদ যাঁহারা দেন তাঁহাদিগকে পুরস্কার দিবার যেরূপ বিধান সাধারণ ইষ্টাম্প বিষয়ক ১৮৬৯ সালের ১৮ আইনের ৩৮ ধারায় ছিল, ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের ১ আইনে তদনুরূপ বিধান না থাকায়, নিম্নপ্রদেশস্থ রাজস্ব বিষয়ক কার্য্যকারক সকলের অবগতি ও উপদেশ নিমিত্ত নিম্নলিখিত বিধি প্রচার করা গেল। এই বিধি সম্বন্ধে গবর্ণমেণ্টের অনুমোদন প্রাপ্ত হওয়া গিয়াছে।

২। ইষ্টাম্প আইন লঙ্ঘন সম্বন্ধে সম্বাদ দেওয়া গেলে, কালেক্টর সাহেব যদি উচিত বোধ করেন, অপরাধির নিকট পঞ্চাশ টাকা পর্য্যন্ত যত অর্থদণ্ড আদায় হয়, কোন স্থলে তাহার অধিক না হয় এরূপ পুরস্কার দিবেন। পঞ্চাশ টাকার অধিক পুরস্কার দেওয়া আবশ্যক বোধ হইলে, বোর্ডের নিকট প্রার্থনা করিতে হইবে। অপরাধির স্থানে যে অর্থদণ্ড আদায় হয়, তাহা হইতে পুরস্কার দেওয়া যাইবে না। অর্থদণ্ড "আইন ও বিচার" এই ঘরে জমা দিতে হইবে, এবং পুরস্কার "ইষ্টাম্প" হিসাবে খরচ লিখিতে হইবে।

৩ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদিগকে জানান যাইতেছে যে ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের ১ আইনের বিধান অনুযায়ি ২৩ নং রিটর্ণের সংশোধিত পাঠ এক্ষণে মুদ্রিত হইতেছে, এবং বর্ত্তমান ত্রৈমাসের রিটর্ণ পাঠাইবার সময় তাঁহারা এই পাঠ অবলম্বন করিবেন, তাঁহাদের প্রতি এই আদেশ হইল।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়ার সাহেব।

৪ নম্বর।

"১৮৭৯ সালের বন্দোবস্ত বিষয়ক পুস্তক" নামে বন্দোবস্ত কার্য্যের সংশোধিত বিধিশ্রেণী নিম্নপ্রদেশস্থ রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে প্রকাশিত হইয়াছে। এই সকল বিধি শীঘ্রই বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের দ্বিতীয় বালামের একটি অধ্যায় হইয়া বাহির হইবে, এবং পুরাতন সংস্করণের ২০ অধ্যায়ের বিধি ও সময়ে সময়ে বোর্ডের সরক্যুলর অর্ডরে বিজ্ঞাপিত হইয়া তাহাতে যে সকল পরিবর্ত্তন ও সংযোগ ঘটিয়াছে তৎসমুদয় এতদ্দ্বারা রহিত করা যাইবে। এনিমিত্ত পুরাতন বিধি আর উদ্ধৃত করিতে হইবে না।

২। দৃষ্ট হইবে যে উক্ত পুস্তক পুরাতন বিধির পুনর্মুদ্রাঙ্কন মাত্র নহে; অব্যবহার্য্য বিধি ও ক্রোড়পত্র ছাঁটিয়া ফেলা গিয়াছে, এবং যে গুলি রাখা গিয়াছে সেগুলিও যে স্থলে প্রয়োজন হইয়াছে সাবধানে সংশোধন করা গিয়াছে। অধিকন্তু, বিধি ও ক্রোড়পত্র বিশেষরূপে নূতন করিয়া বিন্যস্ত ও শ্রেণীবদ্ধ করা হইয়াছে।

৩। বন্দোবস্ত বিষয়ক পুস্তক এক্ষণে বিলি করা যাইতেছে, এবং রাজস্ব সংক্রান্ত প্রত্যেক কার্য্যকারককে অনুরোধ করা যাইতেছে যে তাঁহারা সম্পূর্ণরূপে এই পুস্তকের বিষয়গুলি আয়ত্ত করেন।

৪। ক্রোড়পত্রের সংশোধিত পাঠ মুদ্রিত করিবার আজ্ঞা ষ্টেশনরী সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি দেওয়া যাইবে, এবং যে কার্য্যকারকেরা পাঠ চাহেন তাঁহারা চলিত রীতিক্রমে তাহার ইণ্ডেণ্ট পাঠাইবেন।

৫ নম্বর।

ভূরাজস্বের কার্য্যনির্ব্বাহ বিষয়ক ১৮৭৭-৭৮ সালের বোর্ডের রিপোর্ট সম্বন্ধে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব যে পত্র লিখেন, এতৎ সঙ্গে উদ্ধৃত তাহার তৃতীয় পদের প্রতি কমিশনর সাহেবদের ও জিলার কর্ত্তৃপক্ষদের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে, এবং গবর্ণমেণ্টের ও রাজানুপালিত ব্যক্তিদের যেহ মহালের উপর সাক্ষাৎসম্বন্ধে কর্তৃত্ব থাকে তথায় খাজানা আদায় করিবার ভার যে কার্য্যকারক সকলের প্রতি অর্পিত হয় তাহাদের কার্য্যপ্রণালীর উপর তীক্ষ্ণদৃষ্টি রাখিতে অনুরোধ করা যাইতেছে।

২। যে সকল বাকী প্রকৃত পক্ষে আদায় হওয়া অসম্ভব, সেই সকল নামে বাকীদ্বারা হিসাবপত্র ভারাক্রান্ত না করিয়া তৎসমুদয় বাদ দিয়া ফেলা সুবিধা বলিয়া শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব গবর্ণমেণ্টকে বিশেষ অনুরোধ করিয়াছেন।

"আদায়ের অবস্থা আমি সন্তোষজনক বিবেচনা করিতে পারিনা। বিগত জুলাই মাসের ৩ তারিখে আমি যে ৩০ নং পত্র লিখি তাহাতে রাজানুপালিত ব্যক্তিদের মহালের প্রাপ্য বাকীর বিষয় আলোচিত হইয়াছে। কিয়ৎকালীন বন্দোবস্তী মহালে (এই সকল মহালের মধ্যে কর্ত্তৃত্বাধীন মহলেই অধিক বাকী পড়িয়াছে দেখা যায়), বিশেষতঃ গবর্ণমেণ্টের খাস মহালে, বাকী অনেক সময়ে অনুপযুক্তরূপ ও অনাবশ্যকরূপ অধিক এবং ক্রমেই বাড়িতেছে, আমার এইরূপ বোধ হয়, ইহাতে কার্য্যপ্রণালীর কোন দোষ আছে এরূপ অনুমান হয়। উৎকৃষ্ট কার্য্যপ্রণালী থাকিলে, গবর্ণমেণ্টের কার্য্যকারকদের কর্ত্তৃত্বাধীন মহালে নিয়ত এক বৎসরের অর্দ্ধেক কি তদধিক খাজানা বাকী পড়িবেই পড়িবে, ইহা আমি স্বীকার করিতে পারি না। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বলিয়াছেন যে, রায়তওয়ারি জিলাগুলি কার্য্যতঃ গবর্ণমেণ্টের খাস মহাল কিন্তু তথায় চলিত সনের দাওয়ার মধ্যে শতকরা প্রায় ৯৯ টাকা আদায় হয়, এবং বৎসরের শেষে মোট বাকী এক বৎসরের দাওয়ার শতকরা ২০ টাকার কাছাকাছি দাঁড়ায়।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

No. 6.

THE Government of Bengal, Judicial, Political, and Appointment Departments, have decided* that although the Legal Remembrancer is ultimately responsible for the institution and results of legal proceedings at every stage, the Board should be consulted in revenue cases of importance, and that, with this object, a copy of the brief shall be sent by the Commissioner or the Collector to the Board for information—

* Government order No 3262, dated 5th August 1879, to the address of the Legal Remembrancer.

(1) "In all cases or classes of cases involving revenue questions in which the Board may by general orders so direct.

(2) "In all cases of importance in which the Commissioner or Collector may think that the Board, as the chief revenue authority, should be informed of the facts,"

in order that the Board may be able to place themselves in communication with the Legal Remembrancer whenever they may think fit to do so.

2. The Government has further directed that the Legal Remembrancer shall "consult the Board in all cases involving either general revenue questions, or affecting seriously the interests of Government in the Revenue Department."

3. With reference to clause (1) above, the Board direct that copy of the brief shall be submitted to them in all cases in which a suit is brought against Government or the Court of Wards to contest, set aside, or modify any proceedings of the revenue authorities in which the Board have taken a part; in cases affecting the right of Government to lands taken possession of as islands; and in cases affecting the right of Government to assess alluvial increments.

4. For the present, copies of briefs should also be sent up in cases instituted by under-tenants or ryots to contest enhancements of rent, whether in Government estates, Wards' estates, or in estates the property of private individuals, brought under settlement under Bengal Act VIII of 1879. In such cases, when several suits are instituted on similar grounds, it will only be necessary to send up copy of the brief in one typical case, with a report explanatory of the general circumstances.

5. No special instructions are called for under clause (2) or paragraph 2 above, as, under the general rules therein laid down, a copy of the brief must be sent to the Board in cases of importance in which the Commissioner or Collector may think that the Board, as the chief revenue authority, should be informed of the facts; and the Legal Remembrancer has been directed to consult the Board in cases involving general revenue questions, or affecting seriously the interests of Government in the Revenue Department.

No. 7.

THE Board are now issuing, with the approval of Government, a revised code of survey rules under Bengal Act V of 1875, entitled "Thakbust Manual, 1879." These revised rules were drawn up after consultation with the Superintendent of Revenue Survey of India, and several local officers of experience in the (Survey) Thakbust Department. They supersede the rules contained in chapter XXIII of the Board's Rules (old edition), and the alterations and additions introduced therein from time to time, as well as the revised survey rules under the above Act, which were introduced tentatively and supplied* to a few selected officers in 1876.

* Board's order No 708A, dated 28th August 1876, to Commissioners of Burdwan, Dacca, Orissa and Patna, and Board's No. 770A dated 10th November 1877 to Superintendent of Revenue Survey, L. C., A.

2. As this Thakbust Manual is chiefly intended for the use of thakbust officers, the Board do not deem it necessary to distribute more copies than those noted on the margin. Any officer engaged on survey operations under the Board's control, who may require a copy of the Thakbust Manual, will be supplied with it on his applying for it through the head of his department.

Settlement Officer Chittagong	1 copy
Settlement Officer, Khoordah	4 copies
Assistant Superintendent of Survey, Midnapore	2 ,,
Each Collector and Deputy Commissioner	1 copy.
Each Commissioner	1 ,,
Deputy Surveyor-General of India	2 copies

[*Government Gazette*, 11th May 1880.]

৬ নম্বর।

জুডিশ্যাল, পলিটিকাল ও আপ্পইণ্টমেণ্ট ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্ট স্থির করিয়াছেন * যে যদিও রাজকীয় মোকদ্দমার প্রযোজক সাহেব মোকদ্দমার অনুষ্ঠান নিমিত্ত ও প্রতি পদে তাহার ফলের নিমিত্ত পরিণামে দায়ী, গুরুতর রাজস্বসংক্রান্ত মোকদ্দমায় বোর্ডের পরামর্শ জিজ্ঞাসা করা উচিত, এবং এই নিমিত্ত কমিশ্যনর বা কালেক্টর সাহেব নিম্নলিখিত মোকদ্দমায় অবগতি নিমিত্ত বোর্ডে মোকদ্দমার এক প্রস্থ ব্রীফ বা সংক্ষিপ্ত বিবরণ পাঠাইবেন, অর্থাৎ,

* রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রতি ১৮৭৯ সালের ৫ আগষ্ট তারিখের ৩২৬২ নং গবর্ণমেণ্টের আজ্ঞা।

(১) রাজস্ববিষয়ক প্রশ্নঘটিত যে সকল মোকদ্দমায় বা যে সকল শ্রেণীর মোকদ্দমায় বোর্ড সাধারণ আজ্ঞা দিয়া ঐ রূপ আদেশ করেন।

(২) যে সকল গুরুতর মোকদ্দমায় কমিশ্যনর কি কালেক্টর সাহেব বিবেচনা করেন যে, রাজস্ব-বিষয়ক প্রধান কর্ত্তৃপক্ষ বলিয়া বোর্ডকে সমুদয় বৃত্তান্ত অবগত করা উচিত।

এরূপ করিবার উদ্দেশ্য এই যে বোর্ড যখন আবশ্যক বোধ করেন রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের সহিত লিখন পঠনাদি করিতে পারিবেন।

২। গবর্ণমেণ্ট আরো আদেশ করিয়াছেন যে, রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেব "সাধারণ রাজস্ব বিষয়ক প্রশ্ন ঘটিত অথবা রাজস্ব সংক্রান্ত কার্য্য বিভাগে গুরুতররূপে গবর্ণমেণ্টের স্বার্থ ঘটিত সকল মোকদ্দমায় বোর্ডের পরামর্শ জিজ্ঞাসা করিবেন।"

৩। উপরি লিখিত (১) প্রকরণ উপলক্ষে বোর্ড আদেশ করিতেছেন যে, বোর্ড যাহাতে হস্তক্ষেপ করিয়াছেন রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষদের এরূপ কোন আনুষ্ঠানিক কার্য্যের প্রতিবাদ করিবার বা তাহা অসিদ্ধ বা পরিবর্ত্তিত করিবার নিমিত্ত গবর্ণমেণ্টের কোর্ট অব ওয়ার্ডসের বিরুদ্ধে যে সকল মোকদ্দমা উপস্থিত হয়, এবং দ্বীপ বলিয়া যে ভূমি অধিকৃত হয় তাহাতে গবর্ণমেণ্টের স্বত্ব লইয়া যেং মোকদ্দমা হয়, এবং উপবর্ত্তী ভূমির উপর গবর্ণমেণ্টের রাজস্ব ধার্য্য করিবার স্বত্ব লইয়া যেং মোকদ্দমা হয়, তৎসমু-দয় মোকদ্দমার ব্রীফ বা সংক্ষিপ্ত বিবরণ বোর্ডে পাঠাইতে হইবে।

৪। গবর্ণমেণ্টের খাস আনুশাসিত ব্যক্তিদের মহালেই হউক, অথবা ১৮৭৯ সালের বঙ্গীয় ৮ আইন মতে বন্দোবস্তাধীনে আনীত সামান্য কোন ব্যক্তির সম্পত্তিস্বরূপ মহালেই হউক, খাজানা বৃদ্ধির প্রতিবাদ করণার্থ অধীন প্রজা বা রায়ত মোকদ্দমা উপস্থিত করিলেও, এক্ষণে ব্রীফ পাঠাইতে হইবে। এরূপ স্থলে একং প্রকারের হেতু মূলক নানা মোকদ্দমা উপস্থিত করা গেলে, সাধারণ অবস্থার ব্যাখ্যা-ঘটিত রিপোর্টসহ একটি আদর্শ মোকদ্দমার ব্রীফ পাঠাইলেই চলিবে।

৫। উপরিলিখিত (২) প্রকরণ বা ২ ধারা সম্বন্ধে কোনরূপ বিশেষ আদেশ আবশ্যক হইতেছে না, বরং উক্ত স্থলে যে সাধারণ বিধি আছে তদনুসারে যে সকল গুরুতর মোকদ্দমায় কমিশ্যনর কি কালেক্টর সাহেব বিবেচনা করেন যে, রাজস্ববিষয়ক প্রধান কর্ত্তৃপক্ষ বলিয়া বোর্ডকে সমুদয় বৃত্তান্ত অবগত করা উচিত, সেই সকল মোকদ্দমা বোর্ডে অবশ্য ২ ব্রীফ পাঠাইতে হইবে; এবং রাজকীয় মোকদ্দমার প্রযোজক সাহেবের প্রতি আদেশ করা গিয়াছে যে তিনি সাধারণ রাজস্ব বিষয়ক প্রশ্নঘটিত অথবা রাজস্বসংক্রান্ত কার্য্য বিভাগে গুরুতররূপে গবর্ণমেণ্টের স্বার্থঘটিত সকল মোকদ্দমায় বোর্ডের পরামর্শ জিজ্ঞাসা করিবেন।

---

৭ নম্বর।

বোর্ড এক্ষণে গবর্ণমেণ্টের অনুমতি লইয়া "১৮৭৯ সালের থাকবস্ত পুস্তক" নামে ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনমত জরীপ কার্য্যের সংশোধিত বিধি প্রকাশ করিতেছেন। ভারতবর্ষের রেবিনিউ সর্ব্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের এবং জরীপ বা থাকবস্ত বিভাগের কয়েকজন বহুদর্শী স্থানীয় কার্য্যকারকের সহিত পরামর্শ করিয়া এই সং-শোধিত বিধি লিখিত হয়। বোর্ডের বিধিপুস্তকের পুরাতন সংস্করণের ২৩ অধ্যায়ে যে বিধি ছিল, এবং সময়েং তাহাতে যে সকল পরিবর্ত্তন ও সংযোগ ঘটিয়াছিল, এবং উপরি লিখিত আইনমত জরীপ বিষয়ক যে সংশোধিত বিধি পরীক্ষার্থে অবলম্বন হইয়া ১৮৭৬ সালে কয়েকজন নির্ব্বাচিত কার্য্যকারককে প্রদত্ত হয়, * তৎ-সমুদয়ের পরিবর্ত্তে এই বিধি চলিবে।

* বর্দ্ধমান ঢাকা, উড়িষ্যা ও পাটনার কমিশ্যনর সাহেবদের প্রতি বোর্ডের ১৮৭৬ সালের ২৮ আগষ্টের ৭৯৮ A নং আজ্ঞা, এবং রেবিনিউ সর্ব্বের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি বোর্ডের ১৮৭৭ সালের ৬ নম্বরের ৭৭১ A নং পত্র।

২। এই থাকবস্ত পুস্তক প্রধানতঃ থাকবস্ত কার্য্যকারকদের ব্যবহার জন্য অভিপ্রেত। এই নিমিত্ত বোর্ড পার্শ্বলিখিত খণ্ডের অধিক বিলি করা আবশ্যক বোধ করেন না। বোর্ডের কর্ত্তৃত্বাধীন জরীপী কার্য্যে নিযুক্ত কোন কার্য্যকারকের যদি এক খণ্ড থাকবস্ত পুস্তক আবশ্যক হয়, তিনি আপন কার্য্য বিভাগের কর্ত্তৃপক্ষ দ্বারা প্রার্থনা করিলে ঐ পুস্তক পাইবেন।

চট্টগ্রামের বন্দোবস্তী কার্য্যকারক ১
পুরদহের বন্দোবস্তী কার্য্যকারক ৪
মেদিনীপুরের জরীপ কার্য্যের দ্বিতীয় সুপরিণ্টেণ্ডেণ্ট—২
প্রত্যেক কালেক্টর ও ডেপুটী কমিশ্যনর সাহেব—১
প্রত্যেক কমিশ্যনর সাহেব—১
ভারতবর্ষের ডেপুটি সর্ব্বেয়র জেনরল ২

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

No. 8.

FOR "(Act IX of 1871)," in line 2, clause 6, section VII, chapter IX, page 206, Board's Rules, Volume I, new edition, substitute "(Act XV of 1877)."

HON'BLE C. T. BUCKLAND.

No. 9.

OMIT the footnote in excise form No. 4, appendix A to Board's revised Excise Rules, and the words in brackets therein referred to.

No. 10.

THE attention of all revenue officers is called to the remarks contained in paragraph 20 of the resolution of the Government of Bengal, dated 17th November 1879, reviewing the annual report of the Board of Revenue on the administration of the Stamp Department for the year 1878-79; and they are requested to bear in mind the responsibility attaching to them of properly administering and enforcing the provisions of the new Stamp Act.

No. 11.

DISTRICT OFFICERS are informed that revised forms of license for the vend of non-judicial and court-fees stamps are now passing through the press, and that they are required to adopt those forms in granting licenses to the vendors in future.

No. 12.

DISTRICT OFFICERS are informed that a revised form of return No. XXXV is now passing through the press, and that they are required to adopt this form in submitting their return for the current official year.

[*Government Gazette*, 11th *May* 1880.]

৮ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ১ বালামের ২০১পৃষ্ঠায় ৯ অধ্যায়ের ৭ পরিচ্ছেদের ৬ ধারার ২ পংক্তিতে "(১৮৭১ সালের ৯ আইন)" এই কথার পরিবর্ত্তে "(১৮৭৭ সালের ১৫ আইন)" এই কথা দিতে হইবে।

মান্যবর শ্রীযুত সি, টি, বকল্যাণ্ড সাহেব।

---

৯ নম্বর।

বোর্ডের সংশোধিত আবকারী বিধির A ক্রোড়পত্রের ৪নং আবকারী পাঠের ফুটনোট ও তদুল্লিখিত ব্রাকেটের বা বন্ধনীর মধ্যগত কথাগুলি উঠাইয়া দিবে।

---

১০ নম্বর।

১৮৭৮-৭৯ সালের ইষ্টাম্প কার্য্যবিভাগের কার্য্যসম্বন্ধে রেবিনিউ বোর্ড যে বার্ষিক রিপোর্ট করেন, তৎসমালোচন বিষয়ক বঙ্গদেশের গবর্ণমেন্টের ১৮৭৯ সালের ১৭ নবেম্বরের নির্দ্ধারণের ২০ পদে যে ২ মন্তব্য কথা আছে তৎপ্রতি রাজস্বসংক্রান্ত সকল কার্য্যকারকের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে; এবং তাঁহাদের প্রতি আদেশ করা যাইতেছে যে নূতন ইষ্টাম্প আইনের বিধান অনুসারে নিয়মিতরূপে কার্য্য করিবার ও তাহা প্রবল করিবার সম্বন্ধে তাঁহাদের যেকিরূপ দায়িত্ব আছে, তাহা মনে রাখিবেন।

---

১১ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদিগকে জানান যাইতেছে যে, বিচারসম্পর্কশূন্য ও কোর্টফী ইষ্টাম্প বিক্রয়ের লাইসেন্সের সংশোধিত পাঠ এক্ষণে মুদ্রিত হইতেছে, এবং ভবিষ্যতে ইষ্টাম্প বিক্রেতাদিগকে লাইসেন্স দিবার সময়ে উক্ত পাঠ ব্যবহার করিবেন তাঁহাদের প্রতি এই আদেশ হইল।

---

১২ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদিগকে জানান যাইতেছে যে, ৩৫নং রিটর্ণের সংশোধিত পাঠ এক্ষণে মুদ্রিত হইতেছে, এবং চলিত রাজকীয় বৎসরের রিটর্ণ দিবার সময়ে তাঁহাদের এই পাঠ ব্যবহার করিতে হইবে তাঁহাদের প্রতি এই আদেশ হইল।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A. AND B. L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 11, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১১ মে।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

নিলামের ইস্তাহার।

জিলে ত্রিপুরা ইস্তাহার নাবা কালেক্টরি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালের গবর্ণমেণ্টের জমীদারী স্বত্ব ইংরেজি ১৮৮০ সনের ২৮ জুন মোতাবেক ১২৮৭ বাং ১৫ আষাঢ় সোমবার ত্রিপুরা জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক খরিদদারগণ নিম্নলিখিত নিয়ম অনুসারে বাধ্য হইবেক।

বিক্রয়ের নিয়ম।

১। মহালের নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহার নিকট বিক্রয় করা যাইবেক ক্রেতাকে মহালের ভূম্যাধিকারী বলিয়া গণ্য করা যাইবেক এবং চিরস্থায়ী নির্দ্দিষ্ট রাজস্ব দিবার নিয়মে ঐ মহালে গবর্ণমেণ্টের যে জমিদারী স্বত্ব আছে তাহা সমুদয় হস্তান্তর হইয়া ক্রেতাকে সম্পূর্ণরূপে বর্ত্তিবেক।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রচলিত আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বাহাল থাকিবে, রাজস্বের কার্য্যকারক দিগের কৃত জমাবন্দীতে যেং বসতি প্রজার স্বাক্ষর করিয়াছে ক্রেতাকে তাহাদিগের স্বত্ব মানিতে হইবেক।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দাখীল করিতে হইবে, বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপর প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে ঐ মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে ইতি ১৮৮০ ইং ৫ আপ্রিল।

তৌজিমেণ্টের নম্বর	জিলার বহিতে নম্বর	মাহাল ও পরগনার নাম	ন্যূনাধিক যত একর পরিমাণ একর. রুড. পোল, গজ	ধার্য্যকরা রাজস্ব	নিলামের প্রথমডাক	মন্তব্য
২০৭	১০২৬	তপ কাকাবাদ তালুক মনোহর ঘোষণ	২ । ১ । ৯ । ১২	২১৬৯	৮৪।৶	সন ১২৮৭ সনের ১ বৈশাখ হইতে নিলাম গণ্য হইবেক।

F. JONES, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫। ১১ আইনের ৬ ধারামতে জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মহাল সব ১২৮৬ সালের ফাল্গুন কিস্তির বাকী রাজস্বের আদায়জন্য সন ১৮৮০। ১৬ জুন মোতাবেক সন ১২৮৭ সালের ৩ আষাঢ় বুধবার জেলা মুরশিদাবাদের কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলাম বিক্রয় হইবেক সন ১৮৮০। ২৮ এপ্রেল।

বহির নম্বর।	মহালের প্রকরণ।	তৌজি নম্বর	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদরজমা।	কৈফিয়ত্‌।
১	প্রথম শ্রেণীর মহাল	[illegible]	ডিং পাটী কাশীপুর পং কাশীপুর	শ্যামাচরণ ভট্ট, উপেন্দ্রনাথ রায় ও যতীশচরণ বন্দ্যোপাধ্যায় নাবালগের ম্যানেজার ভগবতী দেব্যা, নৃত্যকালী দেব্যা গোপীসুন্দরী দাস্যা প্রতাপচন্দ্র দাস, রাধাচরণ সেন, প্রসন্নচন্দ্র রায়, জয়কৃষ্ণ অধিকারী, ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় যমুনা দেবী স্বয়ং ও অভিভাবক শ্যামলাল রায় নাবালগ।	৮০৭৪।৵০	এই মহালের মধ্যে শ্যামাচরণ ভট্ট দিগরের পৃথক করিয়া লওয়া ৸৵১১।৵০ অংশ বাদে যমুনা দেবী স্বয়ং ও অভিভাবক শ্যামলাল রায় নাবালগের ৴৮।৴ অংশের বাত ৭২০।৶ টাকা সদর জমা নিলাম হইবেক।
২	ঐ	৭২	ডিহি গাঙ্গেজ্জা পং গণকর	প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, বনওয়ারিলাল মণ্ডল, রায় ধনপত্‌ সিংহ বাহাদুর, গৌরগোবিন্দ সরকার।	২৬৬১।৶৯	এই মহালের মধ্যে প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় দিগরের পৃথক করিয়া লওয়া ॥৶৩॥৶৮ তিন অংশ বাদে বক্রী রায় ধনপত্‌ সিংহ বাহাদুর ও গৌরগোবিন্দ সরকারের ।১৬।১২ তিন অংশের বাত ৮০০৸৶০ টাকা সদর জমা নিলাম হইবেক।
৩	ঐ	২০৮	তং কাজিলপুর পং মওয়াননগর	ত্রিলোচন মুখোপাধ্যায়, তিনকড়ী দেব্যা, শ্যামাসুন্দরী দেব্যা, রাণী জানকীকুমারী দেবী বিরাজমোহিনী দেব্যা, প্রিয়নাথ চট্টোপাধ্যায়।	১২২৭॥৶৯	এই মহালের মধ্যে ত্রিলোচন মুখোপাধ্যায় দিগরের পৃথক করিয়া লওয়া ॥৶১০ অংশ বাদে বক্রী রাণী জানকীকুমারী দেবী, বিরাজমোহিনী দেব্যা, প্রিয়নাথ চট্টোপাধ্যায় ।৴১০ অংশের বাত ৪২২৲৮ টাকা সদর জমা নিলাম হইবেক।
৪	ঐ	২৬১	কিং হৃদয় বিলাশপুর পং মওয়া নগর	কৃষ্ণরাজ রায়, কৃষ্ণধন রায়, ভুবনমোহন রায়, হারাধন রায়, ব্রজসুন্দর রায়, রাধামাধব রায়, ও ৺ লক্ষ্মীগোবিন্দ ঠাকুর সেবাইত দয়াময়ী দাস্যা ও রকিমন্নেছা বিবি, ললিতাসুন্দরী দেবী, গোপালসুন্দরী দেবী, কামিনী দেবী, আজিমন্নেছা ওরফে আল্লারাখা বিবি, শহরে মুন্সী নজাকত হোসেন।	৩৮৭৩৮/২	এই মহালের মধ্যে আজিমন্নেছা ওরফে আল্লারাখা বিবির পৃথক করিয়া লওয়া ৲১০।৶ আনা অংশ বাদে, বক্রী কৃষ্ণরাজ রায় কৃষ্ণধন রায়, ভুবনমোহন রায় হারাধন রায়, ব্রজসুন্দর রায় রাধামাধব রায়, ও ৺ লক্ষ্মীগোবিন্দ ঠাকুর সেবাইত দয়াময়ী দাস্যা রকিমন্নেছা বিবি ললিতাসুন্দরী দেবী, গোপালসুন্দরী দেবী, কামিনী দেবীর ৸৶২॥৴ অংশের বাত ৩৬৬২॥৴১০ টাকা সদর জমা নিলাম হইবেক।

জিলা পাবনা।

বাকী খাজানার আলামপত্রের পাঠ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারা অনুসারে জেলা পাবনার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৯ সালের কিস্তি ডিসেম্বর তলবের বাকী রাজস্ব যাহা ১৮৮০ ১২ জানুয়ারির তারিখে দেয় ছিল ঐ প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আবটানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২৬ মে মোং সন ১২৮৭। ১৪ জৈষ্ঠ তারিখে ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে সন ১৮৮০। ৬ মার্চ।

তৌজির নম্বর।	নাম মহাল ও পরগণা।	নাম মালিক।	সদর জমা।	বাকী রাজস্ব।	মন্তব্য।
৩	ডিহী ফতেপুর পং ইসফসাহী	শ্রীনাথ ভাদুড়ি গং বৈজনাথ সান্যাল দিগর	২৭২০।/ পোলীস ৩৬/০	৪১১/০ ০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিকান মধ্যে শ্রীনাথ ভাদুড়ি গোবিন্দনাথ সান্যাল বৈকুণ্ঠনাথ সান্যাল স্বয়ং ও অলিপক্ষে মহিমাচন্দ্র সান্যাল নাবালগ শ্রীকণ্ঠ গুরুচরণ শিবনাথ সান্যাল স্বয়ং ও অলিপক্ষে শশীধর ধরনীধর সান্যাল নাবালগ ও ত্রিপুরাসুন্দরী দেব্যা মাদরে অলিপক্ষে ভবানীমোহন ব্রজলাল বেহারিলাল উমেশচন্দ্র সান্যালের এজমালী সদর জমার অংশে এই বাকী পড়ায় কেবল প্রথমত তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১২৪	কিং পং বাজু চর্প	আনন্দমোহন ভট্টাচার্য্য দগর	২৮১১॥৶ পোলীস ৬।৶	২৬০৷৶ ৸৴	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিকান মধ্যে আনন্দচন্দ্র ভট্টাচার্য্যের এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমতঃ কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১১৩	কিং পং বাজুচর্প	শিবেন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য দিগর	২৮১১॥৶ পোলীস ৬।৶	২৬১৲ ৸৶	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিক মধ্যে শিবেন্দ্রনারায়ণ ভট্টাচার্য্য দিগরের এজমালি সদর জমার অংশে কেবল এই বাকী পড়ায় প্রথমত তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৩৪ নং	কিং পরগনে বাজুচর্প	গুরুগোবিন্দ চৌধুরি দিগর	২৬৬৪/ পোলীস ২৶	১৶ ০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিকান মধ্যে গুরুগোবিন্দ চৌধুরির এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমতঃ কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৩৫ নং	ঐ	শম্ভুনাথ ভৌমিক দিগর	২৬৩৪/ পোলীস ১৶	৯৬৶ ০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিক মধ্যে শম্ভুনাথ ভৌমিকের এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমতঃ কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
২৮৫ নং	কিং পং জানক কোন পরগনে সোণাবাজু	বিজয় গোবিন্দ চৌধুরি দিগর	৭৯৫৬৲ পোলীস ৮০॥৶	৫৮৶ ০	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত হিসাব পৃথক আছে শরিক মধ্যে বিজয়গোবিন্দ চৌধুরি, চন্দ্রমণী দেব্যা মাদরে সুখদাগোবিন্দ চৌধুরি যোতকা প্রসন্ননাথ জোওয়ারদার ঈশ্বরচন্দ্র, হরিশ্চন্দ্র ও ভোলানাথ জোওয়ারদার ও চন্দ্রনাথ জোওয়ারদার ও নাবালগ বৈকুণ্ঠনাথ জোওয়ারদার ও নৃত্যকালী দেব্যার এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমতঃ কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।

W. M. CLAY, *Offg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

বাকী খাজানার ইস্তাহারপত্রের পাঠ।

কাছারি কালেক্টরী জেলা রঙ্গপুর।

ইস্তাহার৷ সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারানুসারে জেলা রঙ্গপুরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল ১৮৮০ সালের ২৯ মার্চ তারিখের প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আক্ট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ১১ জুন মোতাবেক ১২৮৭ সালের ৩০ জ্যৈষ্ঠ শুক্রবার ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ১৮৮০। ২৭ আপ্রিল মোতাবেক ১২৮৭ সাল ১৬ বৈশাখ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল বক্রী রাজস্বের জন্য নীলাম হইবেক।

শ্রেণীর নম্বর।	মহালের প্রকরণ।	তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	মালিকের নাম।	সদর জমা।	তায়দাদ জমীদারী যাহা নিলাম হইবে।
১ নং ...	প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	২৬৫	মৌজে চাপড়া ওগয়রহ চাকলে কার্জিহাট প্রভৃতি।	মতিউল্লা স্বয়ং ও অধ্যপক্ষে বাহাদুউল্লা নাবলগ ও রহিম-উল্লা স্বয়ং ও অলিউদ্দি পক্ষে হবিবুল্লা নাবালগ ও অছিমন্নেছা বিবি নাবালগা ও অধ্যক্ষ পক্ষে ফকিরউল্লা নাবালগ ও কেশবচন্দ্র সরকার ও দুর্গাকান্ত শর্ম্মা ও ব্রজকান্ত শর্ম্মা ও সাধবা দেব্যা ও জয়কালী দেবী ও ক্ষেতু বিবি উছিপক্ষে ধরমচাঁদ রাখেচা নাবালগ ও ভুবনেশ্বরী দেব্যা ও মহাম্মদ মজহরউল্লা ও মহম্মদ করমাতুল্লা ও মহম্মদ এনায়েতুল্লা ও ঈশানচন্দ্র রায়চৌধুরী উছিপক্ষে শরৎচন্দ্র মুখোপাধ্যায় নাবালগ ও গবর্ণমেণ্ট মেনেজর পক্ষে ষ্টেট মৃত ঈশানচন্দ্র রায় ও গোবিন্দলাল রায় ও রবিলোচন সোম ও ধনেশ্বরী দাস্যা ও ৺ রাধাবল্লভ বিগ্রহের সেবাইত রাধারমণ মজুমদার নাবালগের পক্ষে উছি নিকুঞ্জবিহারী মজুমদার ও ৺ গোপীনাথ বিগ্রহের সেবাইত গোবিন্দপ্রসাদ দাস নাবালগের পক্ষে দয়মন্তী ও কমলেশ্বরী দাস্যা ও গোপীমোহন দাস উছিযান ও ভুবনমোহন দাস ও দেওয়ান কালীকাপ্রসাদ দাস উছিপক্ষে সতীশচন্দ্র ও সুরেশচন্দ্র মুন্সী নাবালগান ও করিমনেছা বিবি স্বয়ং উছিপক্ষে আতাউল্লা নাবালগ।	৮৯৩৬॥১০	এই মহালের মালিক মধ্যে দুর্গাকান্ত শর্ম্মা ও ব্রজকান্ত শর্ম্মার অংশ সেওয়ায় অন্যান্য মালিকানের এজমালী ও ১৮৫৯।১১ আইনের ১০ ১১ ধারামতে স্বতন্ত্র হওয়া অংশ যাহার সদরজমা ৮৬০১।৶৯ পাই তাহার সমুদয় রাজস্ব আদায় হওয়ায় তাহা বাদে কেবল দুর্গাকান্ত শর্ম্মা ব্রজকান্ত শর্ম্মার হক হিস্যা তাহাদের অন্তর্গত তালুক ছিনাই রকম ॥০ আনা যাহার সদরজমা ৩৩৫॥১ পাই ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাবে লিখিত আছে তাহাই নিলাম হইবেক। বাকী রাজস্ব ২১৮।৴৯

J. J. LIVESAY, *Collector.*

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৫ ফেব্রুয়ারি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২১ জুন তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ১৮৮০ ইং ২৮ এপ্রেল।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

তৌজির নম্বর	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
৫৪	তরফ আনন্দীরাম কাং	ব্রজমোহন গয়রহ ...	৮৪১।৶৯	১৫।।০	১৮৫৯ সালের ১১ আং মতে হিসাব পৃথক আছে তন্মধ্যে অবশিষ্ট ব্রজমোহন প্রভৃতির ৩৫।৵১০ পাই জমার অংশে বাকী পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।
৫২২	কিং বিশ্বেশ্বরী বাং তং গৌরীশঙ্কর কাং	মৃত্যুঞ্জয় গং ...	১২২৮৸/৪	৩৶	১৮৫৯ সাং ১১ আং মতে হিসাব পৃথক আছে তন্মধ্যে ৭ নং রামগতি চক্রবর্ত্তীর গং ১২৮৩ পাই জমার অংশে বাকি পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।
৮০৫৫	তং দুলভরাম কতোয়াবাদ।	নিমাইচরণ নন্দী গং	৮১৯	১৯২।।৶	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
১৮৮৭	তং মাহাং রাজাদির	উমাচরণ গং ...	৫৪০।৶৬	৩৭৯৸৶৬	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।
২৪১১	কিং প্রভাবতী বাং তং ব্রজকিশোর।	আবুল খএর মাহাং মহতছমবিলা গং।	৬৩৭।।৶১০	১১।।১০	১৮৫৯ সাং ১১ আংমতে হিসাব পৃথক আছে তন্মধ্যে ৩ নং আবুল খএর মাহাং মহতছমবিলার গং ১৩৸/৩ পাই জমার ও অবশিষ্ট বৈকুণ্ঠচরণ দত্ত গং ১৬১৶৪ পাই জমার অংশে বাকী পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।
৩১২৫	তং শ্রীবল্লরামাং ও	আবদুল্লা খাঁ গং ...	১৭৩৭৸০	১৭৶৩	১৮৫৯ সালের ১১ আংমতে হিসাব পৃথক আছে তন্মধ্যে ১ নং আবদুল্লা খাঁ গং ৭৮৯৸/১ পাই জমার অংশে বাকী পড়ায় কেবল তাহাই নিলাম হইবে।

A. Manson, *Offg. Collector.*

জিলা বীরভূম।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহাদ্বারা সকলকে যানান যাইতেছে যে জিলা বীরভূমের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকি রাজস্ব এবং যে সকল দাবি ১৮৮০ সালের ২৯ মার্চ্চ দিবসে দেও হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ১২ জুন দিবসে প্রকাশ্য নিলামে সর্ব্বশেষে বিক্রয় হইবে। ১৮৮০ সাল তারিখ আপ্রিল।

তপসিল।

মহালের শ্রেণী	ইষ্টেটের নম্বর।	তৌজির নম্বর।	পরগনা ও মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	রাজস্ব বাকী।	মন্তব্য।
১ম শ্রেণী ...	৭০	৬২	পরগনে স্বরূপ সিংহ লাট হুরখি।	উমদা বিবি অলিমাতা তরফ নাবালগ রাজা বাবু খাঁ। উমদা বিবি অলিমাতা নাবালগ ইসকন্দালি খাঁ। সখিদাদ খাঁ।	৮০৭।।৴	৩৩৭	সমুদয় লাট নিলাম হইবেক।

A. A. Wace, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

NOTICE.

IT is hereby notified that at the next half-yearly examination of Junior Civilians, Deputy Magistrates, &c., commencing on Monday, the 10th of May 1880, four local examination committees will be convened in this division, viz. (1) at No. 13, Alipore Lane, for officers stationed at the Presidency or employed in the 24-Pergunnahs; (1) at Kishnaghur, for officers employed in the Nuddea district; (1) at Jessore Sudder Station, for officers employed in that district; and (1) at Berhampore, for officers employed in the Moorshedabad district.

J. MONRO, *Offg. Commr.*

ইস্তাহার।

জেলা ২৪ পরগনার ১৮৮০। ৮১ সনের নিমিত্ত জমীদারি ডাক সেসের নিরেখ প্রত্যেক মহালের সদর জমার উপর শতকরা ।।৯ আট আনা নয় পাই হিসাবে ধার্য্য হইয়াছে এবং প্রথম ষষ্ঠমাসিক কিস্তীর দেনা ১৮৮০ সনের ১লা জুন মঙ্গলবার মোতাবেক বাঙ্গলা ১২৮৭ সনের ২০ জ্যৈষ্ঠ তারিখে এবং দ্বিতীয় ষষ্ঠ মাসিক কিস্তীর দেনা ১৮৮০ সনের ১৬ ডিসেম্বর বৃহস্পতিবার মোতাবেক বাঙ্গলা ১২৮৭ সনের ২ পৌষ তারিখে কি ঐ ঐ তারিখের পূর্ব্বে অত্র জিলার ট্রেজুরিতে দাখিল করিতে হইবে ইতি।

COLMAN MACAULAY,
Officiating Magistrate, 24-Pergunnahs.

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor

F. Max Müller, M. A., in two Volumes. *Price Rs. 24 ; packing and postage, Re. 1-12.*

***The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible. I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8, Hastings Street, Calcutta.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।।০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮।।০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬।।০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।।০ টাকা ৮ আউন্স টীন ১০।।০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়।

উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাকমাসুল দিতে হইবে।

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত ও বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট-কমিশনের মেম্বর ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিলড, এম, এ. ও এল.এল,ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্তপুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য। উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

[*Government Gazette, 11th May* 1880.]

Rates of Subscription to the Bengali Government Gazette

FROM 1st JANUARY 1872.

Payable in advance.

For one year, without postage...	Rs.	10 0 0
Ditto, with postage	,,	12 8 0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount.

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাসুল সুদ্ধ ঐ	১২৸০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কৌণ্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers, are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA,
Asst. Secy. to the Govt. of Bengal.

The 19*th February* 1878.

NOTE.—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half	10

Casual advertisements,—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা ,, ,, ...	১০৲
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১১ মে।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এডওইন্ যরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 827—750—11-5-80.

Punb. 2129 ২১২৯

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 18, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১৮ মে।

CONTENTS.

	PAGE.
PART I.—Resolutions, Orders, and Notifications of the Government of India	71—77
PART II.—Resolutions, Orders, and Notifications of the Lieut.-Governor of Bengal ...	447—465
PART III.—Acts of the Legislative Council of India	Nil.
PART IV.—Bills of the Legislative Council of India	1—8
PART V.—Acts of the Bengal Council	Nil.
PART VI.—Bills of the Bengal Council	Nil
PART VII.—Circular Orders of the High Court and Board of Revenue	Nil.
PART VIII.—Advertisements	243—261

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	৭১—৭৭
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	৪৪৭ ৪৬৫
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	১-৮
পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ আজ্ঞাপত্র	নাই।
অষ্টম খণ্ড।—ইশ্তিহার প্রভৃতি	২৪৩—২৬১

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF HOME, REVENUE, AND AGRICULTURE.

NOTIFICATIONS.—Establishment.

Simla, the 4th May 1880.

No. 179.—Mr. J. M. Lowis is permitted to resign Her Majesty's Bengal Civil Service with effect from the 17th April 1880.

The 7th May 1880.

No. 191.—Mr. G. S. Park is permitted to resign Her Majesty's Bengal Civil Service with effect from the 31st December 1879.

C. Bernard,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE AND AGRICULTURE.

NOTIFICATIONS.

Simla, the 8th May 1880.

No. 444.—In exercise of the powers conferred by Section 8 of "The Indian Stamp Act, 1879," the Governor-General in Council has remitted the duty payable under the said Act on all instruments in the nature of a Memorandum or Agreement furnished to, or made or entered into with, Executive Commissariat Officers by Contractors; and also on all Declarations or Agreements by which a tender made to an Executive Commissariat Officer is accepted as a contract, when the deposit of such Contractor as security for his contract is made in Government of India Loan Notes or in Cash.

This Notification will have effect from the first day of April 1879, and will extend to the whole of British India.

No. 479.—In exercise of the powers conferred by Section 9 of "The Indian Stamp Act, 1879," the Governor-General in Council is pleased to direct the use of adhesive stamps for bills of exchange payable otherwise than on demand, and drawn in sets, when the amount of stamp duty does not exceed one anna.

R. B. Chapman,
Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE AND COMMERCE.

NOTIFICATIONS.

Fort William, the 20th February 1880.

No. 909.—Read again—

Resolution No. 2037, dated 20th December 1879, publishing the Rules for District and Presidency Savings Banks.

Resolution No. 385, dated 24th January 1880, providing that the above Resolution does not apply to Military Savings Banks.

Resolution No. 561, dated 5th February 1880, permitting the Comptroller-General to receive and hold in trust Government Paper for any depositor.

Resolution.—Sundry additions having been made to the Savings Banks Rules published on the 20th December 1879, the Governor-General in Council considers it expedient to issue the following revised Rules for District and Presidency Savings Banks, revoking all previous Rules:—

I.—In these Rules—

"Depositor," "Deposit," and "Secretary" bear the meaning which they bear in *The Government Savings Bank Act*, 1873.

"Account" means the account of a Depositor in a Government Savings Bank.

"Balance" means the balance at credit of an account.

[*Government Gazette*, 18*th May* 1880.]

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সিবিলসর্ব্বিস বিষয়ক—বিজ্ঞাপন।
সিমলা ১৮৮০ সাল ৪ মে।

১৭৯।—শ্রীযুত জে, এম, লুইস সাহেব ১৮৮০ সালের ১৭ আপ্রিল অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইলেন।

১৮৮০ সাল ৭ মে।

১৯১ নম্বর।—শ্রীযুত জি, এস, পার্ক সাহেব ১৮৭৯ সালের ৩১ ডিসেম্বর অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।
সিমলা, ১৮৮০ সাল ৮ মে।

৪৪৪ নম্বর।—কন্ট্রাকটরেরা একজেকিটিব কমিসরিয়ট কর্ত্তৃপক্ষদের নিকট স্মারক লিপির বা গ্রীমেণ্টের ভাবাপন্ন যে সকল দলীল দাখিল করেন, বা করিয়া বা লিখিয়া দেন তাহার উপর, এবং সেই কন্ট্রাকটরের কন্ট্রাকটের জামিনস্বরূপ কোম্পানির কাগজ বা নগদ টাকা ডিপজিট করাতে যে সকল প্রতিজ্ঞাপত্র বা গ্রীমেণ্টপত্রক্রমে করা টেণ্ডর কন্ট্রাকটস্বরূপে গ্রাহ্য হয় তাহার উপর যে ইষ্টাম্প মাসুল লাগে মন্ত্রিসভাশ্রিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় ইষ্টাম্পবিষয়ক ১৮৭৯ সালের আইনের ৮ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি তাহা না দিবার আজ্ঞা করিলেন।

এই বিজ্ঞাপন ১৮৭৯ সালের আপ্রিল মাসের প্রথম দিনাবধি ফলবৎ হইয়া ব্রিটিষভারত বর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে।

৪৭৯ নম্বর।—যে বিল অফ এক্সচেঞ্জের টাকা দাওয়ামাত্র দেয় না হয় ও সেট২ করিয়া লেখা যায় তাহার উপর /০ এক আনার অধিক ইষ্টাম্প মাসুল না লাগিলে, ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৯ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি তাহাতে আটাল ইষ্টাম্প ব্যবহার করিবার আজ্ঞা করিলেন।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।
ফোর্ট-উইলিয়ম, ১৮৮০ সাল ২০ ফেব্রুয়ারি।

৯০৯ নম্বর।—পুনর্ব্বার পাঠ করা গেল।

জিলার ও রাজধানীর সেবিং ব্যাঙ্ক সম্বন্ধীয় বিধি প্রকাশক ১৮৭৯ সালের ২০ ডিসেম্বরের ২০৩৭ নম্বর নির্দ্ধারণ,

পূর্ব্বোক্ত নির্দ্ধারণ সৈনিক সেবিংব্যাঙ্কের প্রতি না বর্ত্তিবার বিধান করণার্থ ১৮৮০ সালের ২৪ জানুয়ারির ৩৮৫ নম্বর নির্দ্ধারণ, ও

কোন জমাদাতার পক্ষে ন্যস্ত সম্পত্তিস্বরূপ কোম্পানির কাগজ লইয়া রাখিবার ক্ষমতা কণ্ট্রোলর জেনরল সাহেবকে প্রদানার্থ ১৮৮০ সালের ৫ ফেব্রুয়ারির ৫৬১ নম্বর নির্দ্ধারণ।

নির্দ্ধারণ।—১৮৭৯ সালের ২০ ডিসেম্বর তারিখে প্রকাশিত সেবিং ব্যাঙ্ক সম্বন্ধীয় বিধিতে অনেক কথা সংযোগ করা গিয়াছে বলিয়া, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব, পূর্ব্বকার সমুদয় বিধি রহিত করিয়া, জিলার ও রাজধানীর সেবিং ব্যাঙ্ক সম্বন্ধীয় পশ্চাল্লিখিত সংশোধিত বিধি প্রচার করা বিহিত বোধ করিলেন।

১। এই বিধিতে

"জমাদাতা" "জমা" ও "সেক্রেটরী" শব্দে গবর্ণমেণ্ট সেবিং ব্যাঙ্ক বিষয়ক ১৮৭৩ সালের আইনে যে অর্থ বোধ হয় সেই অর্থবোধ হইবে।

"হিসাব" শব্দে কোন গবর্ণমেণ্ট সেবিং ব্যাঙ্কে জমাদাতার হিসাব বুঝাইবে।

"বাকী" শব্দে হিসাবে জমার ঘরে বাকী বুঝাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট।১৮৮০। ১৮ মে।]

II.—Any person may become a Depositor on his own behalf, or on behalf of any other named person dependent upon him. Deposits may also be made by the managers of benevolent or other public Associations, or by public officers, of money deposited with them *ex-officio* as security for the discharge of any public duty, or for the fidelity of any public officer, or for the accomplishment of any public object.

III.—Subject to the provisions of these Rules, the Government of India guarantees the repayment of every deposit with interest.

IV.—Without the sanction of the Comptroller-General, no account will be opened for less than One Rupee; and no person may deposit more than Five Thousand Rupees, in all, between any 1st of April and the 31st March next, following.

V.—Interest will not be allowed upon a smaller balance than 1½ Rupee, or upon the excess in any balance over the highest multiple of 1½ Rupee.

VI.—Interest will be allowed for each calendar month upon the minimum balance of the account between the close of the fourth day and the end of the month.

VII.—From the 1st January 1880, till further notice, interest will be allowed upon deposits at the rate of one pie a month for every 1½ Rupee, which is equal to one anna for every Rs. 18, or one Rupee for every Rs. 288, being at the rate of Rs. 4⅙ per centum per annum. Without the sanction of the Comptroller-General, no higher monthly interest will be allowed upon any balance than Rs. 17½.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H. J. REYNOLDS,
Secy. to the Govt. of Ben[gal].

JUDICIAL DEPARTMENT.

No. 2765A.

The 28th April 1880.—Mr. W. Farquharson is appointed to be an Honorary Magistrate in the district of Beerbhoom, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 3rd May 1880.—Baboo Aghore Nath Mookerjee, appointed under separate orders to be a temporary Sub-Deputy Collector of the Second Grade at Begoo Serai, is vested with the powers of a Magistrate of the Third Class.

Moulvi Gollam Lillahi, appointed under separate orders to be a temporary Sub-Deputy Collector of the Second Grade in Purneah, is vested with the powers of a Magistrate of the Third Class.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 4th May* 1880.—Baboo Seosurn Lall, Moonsif of Behar, in the district of Patna, is allowed leave for one month, under Section 6, Supplement F of the Civil Leave Code.

Baboo Juguddurlabh Mozoomdar, Moonsif of Pooree, in the district of Cuttack, has been allowed leave of absence for one year, under Section 8, Supplement F of the Civil Leave Code, with effect from the 9th May 1880.

The 7th March 1880.—Baboo Gopee Nath Mattey, Moonsif of Hajeepore, in the district of Tirhoot, has been allowed leave of absence for two months and fifteen days, under Section 4, Supplement F of the Civil Leave Code.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th May 1880.—It is hereby notified that the declaration published at page 811 of the *Calcutta Gazette* of the 6th August 1879, for the acquisition, under the provisions of Act X of 1870, of a plot of land for the improvement of the police station at Ampta in Hooghly, is cancelled.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th May 1880.—The Additional Judge of Burdwan is appointed to be also a Subordinate Judge in the district of Burdwan.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 18*th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৮ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর পরগনার ফুলবাড়ি গ্রামে, রোড ইনস্পেক্শন বাঙ্গলা ঘর করিবার জন্যে গয়ারাম রায় খাটওয়ালের চাকরান জমি পূর্ব্বে লওয়াতে তাহার যে ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণার্থ জমি দিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই রূপ প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত ফুলবাড়ী গ্রামে কমিকল্পে ন্যূনাধিক ১/৪।।/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা উক্ত ইনস্পেকশন বাঙ্গলা ঘরের হাতা সংলগ্ন জমি, উত্তর সীমা সোণামুখী অবধি বাঁকুড়া পর্য্যন্ত পথ, পশ্চিম সীমা গোপীকৃষ্ণ রায়ের আম্র বাগান, ও দক্ষিণ সীমা গোপীকৃষ্ণ রায় প্রভৃতির ধান্যের জমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২৭৭৫ A নম্বর।

১৮৮০ সাল ২৮ আপ্রিল।—শ্রীযুত ডবলিউ, কার্কাসন সাহেব বীরভূম জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ৩ মে।—অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞা ক্রমে বেগুসরাইয়ে দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত শ্রীযুত বাবু অঘোরনাথ মুখোপাধ্যায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে পুরণিয়ায় দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত শ্রীযুত মৌলবী গোলাম নিজ্জামি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮০ সাল ৪ মে।—পাটনা জিলার অন্তর্গত বিহারের মুনসেফ শ্রীযুত বাবু শিবশরণ লাল সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

কটক জিলার অন্তর্গত পুরীর মুনসেফ শ্রীযুত বাবু জগদ্দুর্ল্লভ মজুমদার সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে ১৮৮০ সালের ৯ মে অবধি এক বৎসরের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ৭ মে।—ত্রিহুত জিলার অন্তর্গত হাজিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মাষ্টে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে দুই মাস পনের দিনের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৪ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হুগলী জিলার অন্তর্গত আমতার পোলীস থানা সৌষ্ঠব করিবার জন্যে ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে এক খণ্ড ভূমি গ্রহণ বিষয়ক যে বিজ্ঞাপন ১৮৭৯ সালের আগষ্ট মাসের ১২ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ৭১৭ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা রহিত করা গেল।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৮ মে।—বর্দ্ধমানের আডিশ্যনল জজ বর্দ্ধমান জিলার সবর্ডিনেট জজের পদেও নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

NOTIFICATION.

The 4th May 1880.—It is hereby notified that the police station of Sultanpore in the 24-Pergunnahs, which has been removed to Oulpee, shall henceforth be called the Oulpee Station, and that the jurisdiction of the Culpee Station shall be the same as that which belonged to the Sultanpore thana.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 10th May 1880.—It is hereby notified that in the exercise of the powers vested in him by section 29 of the Bengal Civil Courts' Act VI of 1871, the Lieutenant-Governor vests Baboo Krishto Chunder Das, Officiating First Moonsiff of Alipore, in the district of the 24-Pergunnahs, with the powers of a Judge of a Small Cause Court for the trial of suits cognizable by such courts within the limit of Rs. 50. The local limits within which the Moonsiff shall exercise these powers shall correspond with the limits of his moonsiffee jurisdiction.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

CIVIL BUILDINGS.
The 7th May 1880.

No. 83,—*Notification.*—The declaration of the 20th September 1874, under Section 6 of Act X of 1870 of the Government of India, issued by this Government in the Revenue Department, for the acquisition of certain land for the construction of a sub-divisional residence at Magurah, in the village of Dari Magurah, Pergunnah Mahmoodshahi, Zillah Jessore, which was published at page 1527 of the *Calcutta Gazette* of the 30th September 1874, is hereby cancelled.

ESTABLISHMENT.
The 7th May 1880.

No 84.—*Leave of Absence.*—Mr. J. W. Johnson, Executive Engineer, Fourth Grade, Hazaribagh Division, is allowed privilege leave for fifteen days, under Chapter VII, Section 44 of the Civil Leave Code, with effect from the 19th April 1880.

CIVIL BUILDINGS.
The 11th May 1880.

No. 85.—*Notification.*—The declaration, dated the 5th November 1878, under Section 6 of Act X of 1870 of the Government of India, issued by this Government in the Judicial Department, for the acquisition of land for a jail within the village of Koriah, Zillah Julpigoree, which was published at pages 1184-85 of the *Calcutta Gazette* of the 6th November 1878, is hereby cancelled.

No. 86.—*Declaration, under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that additional land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the improvement and extension of the Medical College compound in the town of Calcutta, in the district of the 24 Pergunnahs, it is hereby declared that a plot of land situated in Block No. 3, North Division, Calcutta, measuring 5 cottahs 4 chittacks 40 square feet, more or less, and bounded on the north by the property of Prankristo Dutt and Dinonath and Rajballav Dhur; on the east by the land already acquired for the extension of the Medical College compound; on the south by the land lately purchased by Government, the Government drain, and the property of Behari Lal Mukherji; and on the west by the property of Behari Lal Mukherji, Sobharam Bysack's 2nd Lane, and the property of Pulin Behari Mallik, is required to be taken up for the aforesaid purpose.

Plans and specifications of the land are filed under Act X of 1870, in the office of the Collector of the 24-Pergunnahs at Alipore for public inspection.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

T. H. WICKES,
Asst. Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept.

[*Government Gazette,* 18*th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৪ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনার অন্তর্গত সুলতানপুরের যে পোলীস থানা কুলপীতে উঠিয়া গিয়াছে তাহা এই অবধি কুলপী থানা নামে খ্যাত হইবে এ সুলতানপুর থানার যেএলাকা ছিল কুলপী থানারও সেই এলাকা হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১০ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ২৪ পরগনা জিলার অন্তর্গত আলিপুরের একটিং প্রথম মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দাসকে ছোট আদালতের বিচার্য্য ৫০৭ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা দিলেন। উক্ত মুনসেফ যে স্থান সীমার মধ্যে উক্ত ক্ষমতাক্রমে কার্য্য করিবেন তাহা মুনসেফী বিচারাধিপত্যের সীমার সহিত মিলিবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ৭ মে।

৮৩ নম্বর।—বিজ্ঞাপন।—যশোহর জিলার অন্তর্গত মহম্মদশাহী পরগনার দরি মাগুড়া গ্রামে মাগুড়া মহকুমার কর্তৃপক্ষের বাসস্থান প্রস্তুত করণার্থে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত ১৮৭৪ সালের ২৯ সেপ্টেম্বরের যে বিজ্ঞাপন রেবিনিউ ডিপার্টমেণ্টে এই গবর্ণমেণ্ট কর্তৃক ১৮৭৪ সালের অকটোবর মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১২৪৫ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৮০ সাল ৭ মে।

৮৪ নম্বর।—ছুটী।—হাজারীবাগ খণ্ডের চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, ডবলিউ, জান্সন সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের ৪৪ ধারামতে ১৮৮০ সালের ১৯ আপ্রিল অবধি পনের দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ১১ মে।

৮৫ নম্বর।—বিজ্ঞাপন।—জলপাইগুড়ি জিলার অন্তর্গত করিয়া গ্রামে জেলের নিমিত্ত ভূমি গ্রহণার্থে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত ১৮৭৮ সালের নবেম্বর মাসের ৫ তারিখের যে বিজ্ঞাপন জুডিশ্যাল ডিপার্টমেণ্টে এই গবর্ণমেণ্ট কর্তৃক ১৮৭৮ সালের নবেম্বর মাসের ৬ তারিখের কলিকাতা গেজেটের ১১৮৪—৮৫ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

৮৬ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরে মেডিকাল কালেজ বাটীর শ্রীবৃদ্ধি ও তৎসীমা বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতার উত্তর খণ্ডে ওবং কিতায় স্থিত ন্যূনাধিক ।০। ছটাক ৪০ বর্গফুট পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা প্রাণকৃষ্ণ দত্ত ও দীননাথ ও রাজবল্লভ ধরের সম্পত্তি পূর্ব্ব সীমা মেডিকাল কালেজ বাড়ীর সীমা বৃদ্ধিকরণার্থ গৃহীত ভূমি, দক্ষিণ সীমা গবর্ণমেণ্টের সম্প্রতি খরিদা ভূমি ও সরকারী নর্দ্দমা ও বিহারীলাল মুখোপাধ্যায়ের সম্পত্তি ও পশ্চিম সীমা বিহারিলাল মুখোপাধ্যায়ের সম্পত্তি ও সভারাম বসাকের দ্বিতীয় লেন ও পুলিনবিহারী মুখোপাধ্যায়ের সম্পত্তি।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে ১৮৭০ সালের ১০ আইনমতে আলিপুরে ২৪ পরগনার কালেকটরের আফিসে রাখা গিয়াছে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

টি, এচ, উইল্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENT.

Dated the 8th May 1880.

No. 64.—*Notifications.*—Mr. A. J. Oldham, Assistant Engineer, First Grade, Nuddea Rivers Division, who passed the Lower Standard Examination in Hindustani on the 6th April 1874,—*vide* Notification No. 221, of the 22nd May 1874,—having now been reported by the Superintending Engineer, South-Western Circle, to be able to read letters and accounts in Hindustani, has passed the Departmental Standard as per paragraph 21, Section I, Chapter II, Public Works Code, Fourth Edition.

Dated the 10th May 1880.

No. 65.—With reference to Notification No. 20 of the 21st February 1880, Mr. C. W. Odling, Executive Engineer, Second Grade, reported his departure from Bombay, on furlough, on the afternoon of the 1st May 1880.

Mr. Odling is granted subsidiary leave from the 21st April to 1st May 1880, both days inclusive.

No. 66.—*Declarations.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for an extension of the Barouly drainage cut, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 2,850 feet in length by 30 feet in width, and containing 1 acre 1 rood and 17½ poles of land, more or less, is required in the villages of Laharabad and Oogen Dehara, pergunnah Peeroo, in the district of Shahabad.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 67.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for widening Nabin Chandra Nag's channel in the villages of Vikanchuck and Sankmundle, pergunnah Dhenkia Bazaar and Pykenuggur, Poporarah, Goalarah, Khatdanga, Gadgatchee, Chuck Makarampore, and Gopinathpore, pergunnah Khurruckpore, and Mowah, pergunnah Khandar, in the district of Midnapore, it is hereby declared that for the above purpose strips of land measuring, more or less, 29 beeghas 17 cottahs 15 chittacks of standard measurement, 4 miles and 417 feet long and 20 feet wide, are required within the aforesaid villages of Vikanchuck and Sankmundle, Pykenuggur, Poporarah, Goalarah, Khatdanga, Gadgatchee, Chuck Makarampore, Gopinathpore, and Mowah.

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

C. TAYLOR,
Offg. Asst. Secretary,
for Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

RAILWAY.

DECLARATION.

The 3rd May 1880.—The declaration published at pages 1624-5 of the *Calcutta Gazette* of the 14th November 1877, for the acquisition of certain land required by the Eastern Bengal Railway in the village of chur Pullundo, pergunnah Shazapore, zillah Furreedpore, is hereby cancelled.

F. S. STANTON, *Lieut.-Col.*, R.E.,
Offg. Secretary to the Govt. of Bengal,
P. W. Dept.

[*Government Gazette*, 18*th May* 1880.]

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৮ মে।

৬৪ নম্বর।—বিজ্ঞাপন।—১৮৭৪ সালের আপ্রিল মাসের ৬ তারিখে নিয়ন্তর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ নদীয়ার নদী খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, ওলডহাম সাহেব —১৮৭৪ সালে ২২ মের ২২১ নং বিজ্ঞাপন দেখ হিন্দুস্থানী ভাষায় পত্র ও হিসাব পড়িতে পারেনবলিয়া দক্ষিণ পশ্চিম চক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেব এইরূপে রিপোর্ট করাতে পবলিক ওর্কস বিধি পুস্তকের চতুর্থ সংস্করণের ২ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ২১ ধারামতে কার্যবিভাগ সম্পর্কীয় কষ্টিমত পরীক্ষায় উত্তীর্ণ হইলেন।

১৮৮০ সাল ১০ মে।

৬৫ নম্বর।—১৮৮০ সালের ২১ ফেব্রুয়ারির ২০ নং বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ, অডলিং সাহেব নিয়মিত ছুটী লইয়া ১৮৮০ সালের ১ মের অপরাহ্নে বোম্বাই হইতে গমন করিয়াছেন বলিয়া রিপোর্ট করেন।

শ্রীযুত অডলিং সাহেব ১৮৮০ সালের ২১ আপ্রিল অবধি ১ মে পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

৬৬ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বারৌলীর নালা বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্নমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত পীরু পরগনার লহরাবাদ ও উজেন দেহরা গ্রামে প্রায় ২,৮৫০ ফুট দীর্ঘ ও ৩০ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১ একর ১ রুড ও ১৭।। পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৬৭ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত চৌকিয়া বাজার পরগনার বিকানচক ও সরমণ্ডল এবং খরকপুর পরগনার পাইকনগর ও পোপরারা ও গোয়ালারা ও খাটডাঙ্গা ও গাদগাছী ও চক মকরামপুর ও গোপীনাথপুর এবং খান্দারপরগনার মৌয়াগ্রামে নবীনচন্দ্র নাগের খাল বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্নমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বিকানচক ও সরমণ্ডল ও পাইকনগর ও পোপরারা ও গোয়ালারা ও খাটডাঙ্গা ও গাদগাছী ও চক মকরামপুর, ও গোপীনাথপুর ও মৌয়া গ্রামে ৪ মাইল ৪১৭ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ২৯৬২৮৴ ছটাক পরিমিত কএক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের, গবর্নমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
সি, টেলর,
একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

রেলওয়ে বিষয়ক।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩ মে।—করীদপুর জিলার অন্তর্গত শাজাপুর পরগনার চর পলদ গ্রামে ইষ্টর্নবেঙ্গল রেলওয়ের নিমিত্তে ভূমি গ্রহণার্থ যে বিজ্ঞাপন ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের বাঙ্গালা গবর্নমেণ্ট গেজেটের ১২৬৫ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

এফ, এস, ষ্টান্টন, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

DIEU ET MON DROIT

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ১৮ মে।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্য বিভাগ।

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট তাঁহাদের স্থিরীকৃত পাণ্ডুলিপিসমেত আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ২ মার্চ তারিখে উপস্থিত করা যায়।

সিলেক্ট কমিটীর নিম্নস্বাক্ষরকারী সভা আমাদের হস্তে কারখানার খাটনির নিয়মার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়, আমরা তৎসম্বন্ধে সসম্ভ্রমে রিপোর্ট করিতেছি যে আমরা উক্ত পাণ্ডুলিপি ও পার্শ্বলিখিত কাগজপত্র বিবেচনা করিয়া দেখিয়াছি।

পঞ্জাব গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৩ ডিসেম্বরের ৪৩৪৭নং পত্র ও তৎসহিত পত্রাদি [১ নং কাগজ পত্র]

উত্তর—পশ্চিম প্রদেশের ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ১৬ ডিসেম্বরের ১২৬ B নং পত্র [২ নং কাগজপত্র]

রাজস্ব ও কৃষিকার্য্যসম্পর্কীয় কার্য্যবিভাগের ১৮৭৯সালের ২৬ ডিসেম্বরের ১১৩৮ নং পত্র [৩ নং কাগজপত্র]

হায়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের [illegible] সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২৫ ডিসেম্বরের ২৫ নং পত্র [৪ নং কাগজপত্র]

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগের ১৮৮০ সালের ৩ জানুয়ারির ৩ নং পত্র [৫ নং কাগজপত্র]

আসামের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২৯ ডিসেম্বরের ২৩২৯ নংপত্র [৬ নং কাগজ পত্র]

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ৫ জানুয়ারির ৩৪ G নং পত্র [৭ নং কাগজপত্র]

রাজস্ব ও কৃষিকার্য্যসম্পর্কীয় কার্য্য বিভাগের ১৮৮০ সালের ১৭ জানুয়ারির পৃষ্ঠলিপি ও তৎসহিত কাগজপত্রাদি [৮ নং কাগজ পত্র]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ৮ জানুয়ারির ৬ নং পত্র ও তৎসহিত পত্রাদি [৯ নং কাগজ পত্র]

কুর্গের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ৩ জানুয়ারির ২৬৪—৩ নং পত্র ও তৎসহিত পত্রাদি. [১০ নং কাগজপত্র]

বোম্বাই গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৩১ ডিসেম্বরের ৩৫৮৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি, [১১ নং কাগজপত্র]

মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ৮ জানুয়ারির ৯৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১২ নং কাগজপত্র]

মহিশূরের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২২ ডিসেম্বরের ৬৬১০-২০ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৩ নং কাগজপত্র]

মান্দ্রাজের গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২৩ ডিসেম্বরের ৩২৬৪ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৪ নং কাগজ পত্র]

মান্দ্রাজের গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ১০ জানুয়ারির ৬০ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৫ নং কাগজপত্র]

বোম্বাই গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ২২ জানুয়ারির ৪১১ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৬ নং কাগজপত্র]

ব্রিটিষ ব্রহ্মদেশের প্রধান কমিশ্যনর সাহেবের দ্বিতীয় সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ২৩ জানুয়ারির ৪৮৬ ১১/১৬ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৭ নং কাগজপত্র]

বোম্বাই গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ২৬ জানুয়ারির ৫৩৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৮ নং কাগজপত্র]

মান্যবর শ্রীযুত টি, সি, হোপ সাহেবের ১৮৮০ সালের ২৩জানুয়ারির মন্তব্যপত্র [১৯ নং কাগজপত্র]

ব্যবস্থাপন কার্য্যবিভাগে বোম্বাই গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী সাহেবের প্রতি বোম্বাই মিলওনার্স আসোসিএশনের ১৮৮০ সালের ২৩ ফেব্রুয়ারির পত্র [২০ নং কাগজপত্র]

২। পাণ্ডুলিপি যে আকারে প্রথমে উপস্থিত করা যায়, তাহাতে উহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ দেশের যে২ ভাগে বর্ত্তাইতেন সেই২ ভাগেই বর্ত্তিত। আমরা এক্ষণে উহা এরূপে সংশোধন করিয়াছি যে উহা একেবারেই ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে।

এই পরিবর্ত্তন প্রথমে দেখিতে যত গুরুতর বোধ হয় বস্তুতঃ তত গুরুতর নহে, এই আমাদের বিশ্বাস। মূল পাণ্ডুলিপিতে যে ক্ষমতা অর্পিত হইয়াছিল, বোম্বাই গবর্ণমেণ্ট নিঃসন্দেহ তদনুসারে কার্য্য করিতেন, কারণ উক্ত গবর্ণমেণ্ট ইহা অপেক্ষাও বলবৎ বিধানের পক্ষপাতী ছিলেন। আর ইহাও বিশ্বাস করা কঠিন যে, বোম্বাই প্রেসিডেন্সীর শিল্পকর্ম্ম একবার নিয়মাধীনে সংস্থাপিত হইলে, অন্য প্রদেশের কারখানাগুলি অধিককাল এই আইনের বিধান হইতে রক্ষণরূপ মুক্তি লাভ পাইতে পারিত।

সে যাহা হউক, আমাদের বিবেচনা এই যে, এক প্রদেশের কারখানা যে২ নিয়ম হইতে মুক্ত অন্য প্রদেশের কারখানা যদি আমরা সেই২ নিয়মের অধীন করিতে দিতাম, তাহা হইলে কেবল যে অন্যায় করা হইত এমন নহে, ভারতবর্ষে শিল্প কর্ম্মের স্বাভাবিক উন্নতির পথেও বাধা জন্মিত।

আমাদের মতে কেহই বলিতে পারেন না যে, এই সংশোধিত পাণ্ডুলিপিতে যে সামান্য নিয়ম নির্দ্ধারিত হইয়াছে, তাহা দেশের কোন অংশের প্রয়োজনাতিরিক্ত।

৩। যে স্থানে বাষ্প বা জল বা অন্য যন্ত্রবল ব্যবহৃত হয়, এবং যে থানে অন্যূন একশত জন লোক কর্ম্ম করে, বিশেষ করিয়া তৎপ্রতি আকৃষ্ট করিয়া আমরা "কারখানা" শব্দের অর্থ সঙ্কোচ করিয়াছি।

৪। অন্য দিকে, আমরা (১৯ ধারায়) স্পষ্ট করিয়া বিধান করিয়াছি যে এই পাণ্ডুলিপির বিধান রাজকীয় কারখানার প্রতিও বর্ত্তিবে। এরূপ স্পষ্ট বিধান না থাকিলে ঐ কারখানাগুলি হয়ত এই

আইনের বিধান হইতে মুক্ত বলিয়া গণ্য হইত। উক্ত কারখানাগুলির অনুকূলে আমরা কেবল এই অনুগ্রহের প্রস্তাব করিয়াছি যে, সরকারী কার্য্যালয়গণকে অত্যন্ত প্রয়োজন হইলে, এই আইনের বিধান হইতে তাহাদিগকে মুক্ত করা যাইতে পারিবে। এই বিষয়ে আমরা ইংলণ্ডীয় কারখানার আইনের অনুবর্ত্তন করিয়াছি।

৫। খাটুনির ঘণ্টা নিয়মিত করিবার বিধানে আমরা কএকটি গুরুতর পরিবর্ত্তন করিয়াছি। পাণ্ডুলিপি যে আকারে প্রথমে উপস্থিত করা যায় তাহাতে দুই শ্রেণীর ব্যক্তি উক্ত ছিল, যথা, "শিশু" (অর্থাৎ বার বৎসরের কমবয়স্ক ব্যক্তি) ও "বালক বালিকা" (অর্থাৎ বার ও ষোল বৎসরের মধ্যগত ব্যক্তি), আর বিধান ছিল প্রথমোক্ত ব্যক্তিদিগকে ছয় ঘণ্টার অধিক ও শেষোক্ত ব্যক্তিদিগকে [illegible] ঘণ্টার অধিক প্রতিদিন কর্ম্ম করিতে দেওয়া যাইবে না। কিন্তু শিশুদের ও বালক বালিকাদের মধ্যে খাটুনির ঘণ্টা লইয়া কোনরূপ প্রভেদ করিবার প্রয়োজন নাই, আমাদের অনুসন্ধানতে ইহার যুক্তি প্রদর্শিত হওয়াতে, এই দুই শ্রেণীর ভেদ রাখিবার প্রয়োজন নাই।

এই নিমিত্ত এই পাণ্ডুলিপি এক্ষণে আমাদের দ্বারা সংশোধিত হইয়া ইহাতে কেবল এক শ্রেণীর অর্থাৎ "শিশুদের কথা" আছে। চৌদ্দবৎসরের কম বয়স্ক ব্যক্তি বলিয়া শিশু শব্দের অর্থ করা গিয়াছে। আমরা (৬ ধারায়) কর্ম্ম করিবার অতি কম বয়স আটবৎসর রাখিয়াছি; এবং পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে পর এক বৎসর কাল সাত বৎসর বয়স্ক শিশুদের কর্ম্ম করিবার অনুমতি যে প্রকরণে ছিল আমরা সেই প্রকরণটি উঠাইয়া দিয়াছি, কারণ আমাদের নিকটে এইরূপ বর্ণনা আসিয়াছে যে, সাত অবধি আট বৎসর পর্যন্ত বয়ঃক্রমের যে শিশুরা এক্ষণে কর্ম্ম করে তাহাদের সংখ্যা এত অল্প যে তাহাদের অনুকূলে বিধি শিথিল করিবার প্রয়োজন নাই। আট অবধি চৌদ্দবৎসর পর্য্যন্ত বয়ঃক্রমের শিশুদের সম্বন্ধে পাণ্ডুলিপিতে প্রতিদিন নয় ঘণ্টা কর্ম্ম করিবার অনুমতি আছে (৭ ধারা), কিন্তু মাসে তাহাদিগকে চারিদিন অবকাশ দিতে হইবে এই আদেশ আছে (৮ ধারা)।

৬। প্রথম পাণ্ডুলিপিতে যাহার কোন কথা ছিল না, এই পাণ্ডুলিপিতে এরূপ একটি বিষয়ের বিধান করা গিয়াছে, অর্থাৎ কতক্ষণ কার্য্য হইতে নিবৃত্তি পাওয়া যাইতে পারিবে, এবং বিশ্রাম ও আহারার্থে কি অবকাশ দেওয়া যাইবে। কিন্তু এবিষয়ের বিধান করিতে হইলে দেশের ভিন্ন২ ভাগে লোকদের বিশেষ২ অভ্যাস ও কারখানার কর্ম্ম চালাইবার ভিন্ন২ প্রণালীর প্রতি দৃষ্টিকরা আবশ্যক। এনিমিত্ত আমরা (৭ ধারায়) বিধান করিয়াছি যে, কোন দিন গড়ে এক ঘণ্টার কম না হয় এরূপ বিশ্রামের অবকাশ না দিয়া কোন শিশুকে কর্ম্মে নিযুক্ত রাখিতে হইবে না, এবং দিনের কোন্ সময়ে ঐ অবকাশ দেওয়া যাইবে, প্রচলিত রীতি ও নিয়োগকর্ত্তাদের ইচ্ছার প্রতি দৃষ্টি রাখিয়া, ইহা নিরূপণ করিবার ভার আমরা স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি দিয়াছি।

৭। পাণ্ডুলিপির প্রধান বিধানের অন্য যে পরিবর্ত্তনের কথা উল্লেখ করা আমাদের আবশ্যক বোধ হইতেছে, তাহা ১২ ও ১৩ ধারায় দৃষ্ট হইবে। ১২ ধারায় বেড়া দিবার বিধি অধিক পরিমাণে ইংলণ্ডের আইনের অনুরূপ করা গিয়াছে। কোন ব্যক্তি যদি এরূপ আহত হয় যে আটচল্লিশ ঘণ্টার মধ্যে স্বীয় কর্ম্মে প্রত্যাবর্ত্তন করিতে না পারে, তাহা হইলেই আমরা ১৩ ধারায় দুর্ঘটনা রিপোর্ট করিবার নিয়ম করিয়াছি।

৮। আমরা পাণ্ডুলিপিতে অন্যান্য কএকটি সংশোধন ও সংযোগ করিয়াছি; কিন্তু সেগুলি কেবল আনুষঙ্গিক বিষয় বলিয়া, কিম্বা রচনার উৎকর্ষ সাধনমাত্র বলিয়া সংক্ষেপে বলা যাইতে পারে। যথা, ৪ ধারায় আমরা পরিদর্শককে এই আইনের কার্য্যপক্ষে আবশ্যক তদন্ত করিবার ক্ষমতা, এবং চিকিৎসকের নিকটে বয়সের সার্টিফিকেট না পাওয়া গেলে, যে ব্যক্তির নিয়মিত বয়স হয় নাই বলিয়া বোধ হয় তাহার কর্ম্ম করা বা পূর্ণবয়স্কস্বরূপ কর্ম্মকরা বারণ করিবার ক্ষমতা দিয়াছি।

৯। আবার, আমরা (১১ ধারায়) স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এই ক্ষমতা দিয়াছি যে, কোন কারখানায় যে শিশুরা কর্ম্ম করে, ঐ কারখানার দখলীকার পরিদর্শকের অবগতি নিমিত্ত তাহাদের রেজিস্টর রাখিবেন উক্ত গবর্ণমেণ্ট এই আজ্ঞা দিতে পারিবেন। এই ক্ষমতা অনুসারে যে অনেক সময়ে কার্য্য করা যাইবে, আমরা এরূপ অনুমান করি না, কিন্তু যে স্থলে আইন লঙ্ঘন হইতেছে বলিয়া সন্দেহ করিবার কারণ থাকে, সেই স্থলে এই ক্ষমতা পরীক্ষাকরণ কার্য্যে বিশেষ ফলদায়ক হইবে।

১০। ১৪ ধারায় আমরা আদেশ করিয়াছি যে, কোন কারখানা কোন ব্যক্তির দখলে আইলে, তিনি পরিদর্শককে নোটিস দিবেন; ঐ নোটিসে যে প্রকারের কার্য্য করা যাইবে, যে চালকশক্তি ব্যবহৃত হইবে ও অন্যান্য কএকটি কথা লেখা থাকিবে।

১১। শেষকথা, যে কর্ত্তৃপক্ষদের পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে, তাঁহাদের মধ্যে অনেকে শিশুদের বয়ঃক্রম নিরূপণ সম্বন্ধে যে সঙ্কটের আশঙ্কা করেন, তন্নিবারণার্থ আমরা ১৬ ধারায় সাক্ষ্য সম্বন্ধীয় দুইটি

বহাল দিয়াছি। আদালতের মতে শিশু কমবয়স্ক বলিয়া বোধ হইলে, প্রথম বিধানক্রমে প্রমাণের ভার কারখানার দখলীকারের উপর পড়িবে; দ্বিতীয় বিধানক্রমে চিকিৎসকের প্রদত্ত বয়সের সর্টিফিকেট সাক্ষ্যমধ্যে গৃহীত হইতে পারিবে।

১২। মন্ত্রিসভা যে প্রকাশ করণের আজ্ঞা দেন তাহা হইয়াছে; এবং আমাদের পরামর্শ এই যে, সংশোধিত পাণ্ডুলিপি বিধিবদ্ধ হউক, কিন্তু বিধিবদ্ধ হইবার পূর্ব্বে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায়।

বি, ডবলিউ, কলবিন।
এ, জে, আরবথনট।
উইটলী ষ্টোকস্।
রিবর্স টমসন।
যতীন্দ্রমোহন ঠাকুর।*
চার্লস গ্রাণ্ট।
ই, সি, মর্গান।†
এচ, জে, রেনলডস।‡

১৮৮০ সাল ২৮ ফেব্রুয়ারি।

রিপোর্টের ৬ দফা ও পাণ্ডুলিপির ৭ ধারা ভিন্ন উক্ত রিপোর্ট ও পাণ্ডুলিপিতে আমি সম্মতি দিলাম। আমার বিবেচনায় বিশ্রাম ও আহারার্থ মোট এক ঘণ্টা অবকাশ যুক্ত নয় ঘণ্টা কাল কর্ম্ম করিবার নিয়মিত কাল হওয়া উচিত ও যাহারা কলে খাটে তাহারা অন্যূন আধ ঘণ্টা ছুটী না লইয়া ৪৷৷০ ঘণ্টার অধিক কাল অবিচ্ছেদে কর্ম্ম করিবে না, ইংলণ্ডী আইনের এই নিয়মাধীনে কলস্বামিদের স্থাবে পরস্পরের সুবিধামতে ঐ অবকাশ পাইতে পারিবে। এই প্রণালী সামান্যতঃ ১৮৭৫ সালের বোম্বাই কমিশ্যনের ও সোরাবজী বেঙ্গালীর আইনের পাণ্ডুলিপির ও বোম্বাই গবর্ণমেণ্টের অভিপ্রায়ের ও কলিকাতার অনেক কলের রীতির সহিত মিলিবে। এবং বোম্বাইস্থ মিলওনার্স আসোসিএশনের পত্রের মর্ম্ম যদি আমি যথার্থ বুঝিয়া থাকি তাহা হইলে তাহা তাঁহাদেরও গ্রাহ্য হইবে।

টি, সি, হোপ।

১৮৮০ সাল ২ মার্চ।

---

* পাণ্ডুলিপির অনুমতিপ্রদানাত্মকতার পরিবর্ত্তনে আমার আপত্তি আছে। আমি অক্ষুণ্ণভাবে রিপোর্টে স্বাক্ষর করিতে পারিলাম না।

যতীন্দ্রমোহন ঠাকুর।

---

† ২ দফায় আমার সম্মতি নাই।

ই, সি, মর্গান

---

‡ দুইদফার শেষপ্রকরণে ও ৫ ও ১২ দফায় আমার সম্মতি নাই।

এচ, জে, রেনলডস

---

২ নম্বর।

কারখানা বিষয়ক ১৮৮০সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

হেতুবাদ।

উপক্রমণিকা।

ধারা।

১। সংক্ষেপ নাম।

স্থানীয় ব্যাপ্তি।

২। অর্থ করণের ধারা।

পরিদর্শকদের ও সার্টিফিকেট দায়ি চিকিৎসকদের কথা।

৩। পরিদর্শকদের কথা।

৪। পরিদর্শকদের ক্ষমতার কথা।

৫। সার্টিফিকেটদায়ি চিকিৎসকদের কথা।

শিশুদের কথা।

৬। কর্ম্ম করিবার বয়সের কথা।

৭। শিশুরা যত ঘণ্টা কর্ম্ম করিবে, তাহার কথা।

৮। শিশুদিগকে অবকাশের দিন দিতে হইবার কথা।

৯। একই দিনে দুই কারখানায় কর্ম্ম না করিতে হইবার কথা।

১০। শিশু কোন২ আশঙ্কাজনক কার্য্যে নিযুক্ত না হওয়ার কথা।

১১। কারখানায় শিশুদের রেজিষ্টরের কথা।

বেড়াদিবার কথা।

১২। বেড়াদিবার কথা।

নোটিসের কথা।

১৩। দুর্ঘটনার সম্বাদ দিবার কথা।

১৪। কোন ব্যক্তি কারখানা দখল করিলে নোটিস দিবার কথা।

দণ্ডের কথা।

১৫। দণ্ডের কথা।

একই দিনে একই প্রকারের অপরাধে একমাত্র দণ্ড হইবার কথা।

১৬। বয়সের প্রমাণ ভারের কথা।

সার্টিফিকেট দায়ি চিকিৎসকের নির্দ্দেশপত্র গ্রাহ্য হইবার কথা।

১৭। আইনের বিধান ভঙ্গ হইলে আদৌ দখলীকারের দায়ের কথা।

বিবিধ।

১৮। বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১৯। রাজকীয় কারখানার কথা।

[বেঙ্গল গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

২ নম্বর।

কারখানায় খাটনির বিধানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। কারখানায় খাটনির বিধান করা আবশ্যক, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় কারখানা বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে।

অর্থকরণের ধারা। ২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব প্রকাশ না হইলে, এই আইনে

"কারখানা।" কোন দ্রব্য কি তাহার অংশ প্রস্তুত বা পরিবর্দ্ধিত বা মেরামত বা ভূষিত বা সম্পূর্ণ বা প্রকারান্তরে ব্যবহারোপযোগী করণের কিম্বা তদানুষঙ্গিক কোন কার্য্য বৎসরের মধ্যে গড়ে অন্যূন চারি মাস কাল যে বাটীপ্রভৃতিতে চালান যায়, এবং

(ক) যেখানে তদ্রূপ কার্য্যের সাহায্যার্থে বাষ্প বা জল বা অন্য যন্ত্র চালক শক্তির ব্যবহার হয়; এবং

(খ) যেখানে তদ্রূপ কোন কার্য্য কিম্বা তাহার আনুষঙ্গিক কোন কার্য্য করণার্থ একই দিনে এক কালে অন্যূন একশত জন লোক কোনরূপ শারীরিক পরিশ্রম করিতে নিযুক্ত থাকে, "কারখানা" শব্দে সেই বাটী প্রভৃতি বুঝাইবে।

এবং কেবল বাসগৃহরূপে ব্যবহৃত অংশভিন্ন কারখানার প্রত্যেক অংশ কারখানা বলিয়া জ্ঞান হইবে।

"শিশু।" "শিশু" শব্দে চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক ব্যক্তি বুঝাইবে।

"কলের সরঞ্জাম।" খাড়া কি তেরচা কি ভূমির সমান্তরাল যে শিকদ্বারা ও যে চক্র কি চক্রাকার যন্ত্র কি কপিযন্ত্র কি রসি কি পরিচালক ষ্ট্রাপ বা বন্ধনরজ্জুদ্বারা আদ্য চালক শক্তির গতি কোন কলে পরিচালিত হয়, "কলের সরঞ্জাম" বলিতে তাহাও বুঝাইবে।

"কর্ম্ম করা।" বেতন লইয়াই হউক বা না হউক, যে শিশু কোন কারখানায় যন্ত্র বা হস্ত দ্বারা কোন দ্রব্য প্রস্তুত করিতে, কিম্বা যন্ত্র বা হস্ত দ্বারা কোন দ্রব্য প্রস্তুত করিবার কারখানার কোন অংশ পরিষ্কার করিতে, অথবা কলের কোন অংশ পরিষ্কার করিতে বা তাহাতে তৈল দিতে, অথবা যন্ত্র বা হস্ত দ্বারা কোন দ্রব্য প্রস্তুত করিবার আনুষঙ্গিক বা তৎসংক্রান্ত কোনরূপ কর্ম্ম অথবা প্রস্তুতীকৃত দ্রব্য সংক্রান্ত অথবা প্রকারান্তরে যন্ত্র বা হস্ত দ্বারা প্রস্তুত করণ কার্য্যের বিষয়ীভূত কোন কর্ম্ম করিতে থাকে, সে এই আইনের অর্থমতে কর্ম্ম করে বলিয়া জ্ঞান হইবে।

পরিদর্শকদের ও সার্টিফিকেটদায়ি চিকিৎসকদের কথা।

পরিদর্শকদের কথা।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া, যে সকল ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন, তাঁহাদিগকে যে কোন স্থানীয় সীমা নিরূপণ করেন তন্মধ্যে কারখানার পরিদর্শকের পদে নিযুক্ত করিতে পারিবেন, এবং তদ্রূপে নিযুক্ত কোন ব্যক্তিকে স্থগিত ও পদচ্যুত করিতে পারিবেন।

উক্তরূপ নিয়োগ না করা গেলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব স্বীয় পদোপলক্ষে আপন জিলায় কোন কারখানা থাকিলে সমুদয় কারখানার পরিদর্শক হইবেন।

উক্ত পরিদর্শকের ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অভিপ্রায়ানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে কর্ত্তৃপক্ষ নির্দ্দেশ করেন পদ সম্বন্ধে তাঁহার অধীন হইবেন।

পরিদর্শকদের ক্ষমতার কথা।

৪ ধারা। যে স্থলের নিমিত্ত কোন কারখানার পরিদর্শক নিযুক্ত হন, সেই স্থানের সীমার মধ্যে তিনি

(ক) সহকারী থাকিলে তন্মধ্যে যাহাদিগকে লওয়া উচিত বোধ করেন তাহাদিগকে লইয়া যে কোন কারখানায় কেহ কর্ম্ম করে বলিয়া বিশ্বাস করিবার কারণ দেখেন তথায় প্রবেশ করিতে পারিবেন।

(খ) আইনের বিধান সফল করণার্থে যদ্রূপ আবশ্যক জ্ঞান করেন, বাটীর ও কলের ও পশ্চাল্লিখিতমতে নির্দ্দিষ্ট রেজিষ্টরের তদ্রূপ পরীক্ষা করিতে এবং সেই স্থানেই বা অন্যরূপে কোন ব্যক্তির তদ্রূপ সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন।

(গ) কোন ব্যক্তিকে কর্ম্ম করিতে দেওয়া এই আইনের বিরুদ্ধ তাঁহার এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে,

উক্ত ব্যক্তির বয়স আটবৎসরের অধিক পশ্চাল্লিখিতমতে এই সর্টিফিকেট যাবৎ না দেওয়া যায়,

অথবা তাহার বয়স চৌদ্দ বৎসরের অধিক যাবৎ উক্তরূপে এই সর্টিফিকেট না দেওয়া যায়, তাবৎ এই আইনমতে শিশুদের কর্ম্ম করিবার যে সময়ের অনুমতি আছে তদধিক কাল,

উক্ত ব্যক্তিকে কারখানায় কর্ম্ম করিতে দেওয়া যাইবে না, এই আজ্ঞা করিতে পারিবেন।

সর্টিফিকেটদায়ি চিকিৎসকদের কথা।

৫ ধারা। সিবিল চিকিৎসক অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ কোন স্থানের নিমিত্ত এতদর্থে ঔষধ বা অস্ত্রচিকিৎসা ব্যবসায়ী অন্য যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি (ইনি পরে সর্টিফিকেটদায়ি চিকিৎসক বলিয়া অভিহিত হইয়াছেন) ঐ স্থানের অন্তর্গত কোন কারখানায় কর্ম্ম করে বা কর্ম্ম করিতে অভিলাষী এমন কোন ব্যক্তির, অথবা তদ্রূপ ব্যক্তির অভিভাবকের, অনুরোধক্রমে উক্ত ব্যক্তিকে পরীক্ষা করিয়া সর্টিফিকেট দিতে পারিবেন। উক্ত পরীক্ষা দ্বারা যত দূর জানিতে পারা যায়, তাহাতে তাহার বয়স আট বৎসরের বা স্থলবিশেষে চৌদ্দবৎসরের অধিক বা ন্যূন, ঐ সর্টিফিকেটে এই কথা লেখা থাকিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

শিশুদের কথা।

কর্ম্ম করিবার বয়সের কথা।

৬ ধারা। আট বৎসরের কমবয়স্ক হইলে কোন শিশু কোন কারখানায় কর্ম্ম করিতে পাইবে না।

শিশুরা যত ঘণ্টা কর্ম্ম করিবে, তাহার কথা।

৭ ধারা। কোন দিবস কোন কারখানায় কোন শিশু প্রকৃত প্রস্তাবে নয় ঘণ্টার অধিক কর্ম্ম করিবে না।

আহার ও বিশ্রামার্থে মাঝেং অবকাশ দিয়া প্রতিদিন গড়ে একঘণ্টা সময় না দিয়া কোন শিশুকে কোন কারখানার কর্ম্মে নিযুক্ত রাখা যাইবে না।

যেং সময়ে ঐ অবকাশ দেওয়া যাইবে এবং প্রত্যেক অবকাশ যে পরিমাণের হইবে, ইহা স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক কারখানার বর্ত্তমান রীতি ও দখলীকারের ইচ্ছা যতদূর জানিতে পারা যায় জানিয়া স্থির করিবেন।

দখলীকার কারখানার কোন সুপ্রকাশ স্থানে ইংরাজী ভাষায় ও কারখানা যে জিলায় থাকে তথাকার সমুদয় চলিত ভাষায় মুদ্রিত বা লিখিত নোটিস লটকাইয়া রাখিবেন; যেং সময়ে ঐ অবকাশ দেওয়া যাইবে ও প্রত্যেক অবকাশ যে পরিমাণের হইবে, ঐ নোটিসে তাহা প্রকাশ থাকিবে।

আহার বা বিশ্রামার্থ যে অবকাশ দেওয়া যায় সেই সময়ে এই ধারার প্রথম প্রকরণের অর্থমতে শিশু কর্ম্ম করিতেছে বলিয়া জ্ঞান হইবে না।

শিশুদিগকে অবকাশের দিন দিতে হইবার কথা।

৮ ধারা। যে কোন কারখানায় শিশুরা কর্ম্ম করে তাহার দখলীকার প্রত্যেক মাসারম্ভের পূর্ব্বে উক্ত মাসে চারিদিনের অন্যূন যে কএক দিন শিশুরা ঐ কারখানায় কর্ম্ম করিবে না তাহা স্থির করিবেন, এবং এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন ঐ স্থিরীকৃত দিনের নোটিস অবিলম্বে সেই কার্য্যকারককে দিবেন।

এই ধারামতে যে কোন দিন স্থির করা যায় কোন কারখানার দখলীকার পরিদর্শকের অনুমতি গ্রহণপূর্ব্বক সেই দিনের পরিবর্ত্তে সেই মাসের অন্য কোন দিন ধার্য্য করিতে পারিবেন।

এই ধারামতে কোন দিন স্থির করা গেলে, পূর্ব্বোক্তমতে যদি ঐ দিনের পরিবর্ত্তে অন্য দিন ধার্য্য করা না যায়, ঐ স্থিরীকৃত দিনে কোন শিশু ঐ কারখানায় কর্ম্ম করিবে না। তৎপরিবর্ত্তে অন্য দিন ধার্য্য হইলে, ঐ ধার্য্যকৃত দিনে কোন শিশু ঐ কারখানায় কর্ম্ম করিবে না।

একই দিনে দুই কারখানায় কর্ম্ম না করিতে হইবার কথা।

৯ ধারা। কোন শিশু কোন দিন অন্য কোন কারখানায় কর্ম্ম করিয়াছে, কোন কারখানার দখলীকার ইহা জানিলে, সেই দিনে সেই শিশুকে আপন কারখানায় কর্ম্ম করিতে দিবেন না।

শিশু কোনং আশঙ্কাজনক কার্য্যে নিযুক্ত না হইবার কথা।

১০ ধারা। কারখানা যাঁহার দখলে থাকে তিনি যৎকালে উক্ত কারখানার কলের সঞ্চালক কল চালিত হইতেছে তৎকালে কোন শিশুকে তাহার কোন অংশ পরিষ্কার করিতে দিবেন না; অথবা যৎকাল বাষ্পীয় যন্ত্রে বা স্থল বিশেষে জলচক্রে

যন্ত্রের বা অন্য কোন যন্ত্রের বলে কোন স্বতঃ চলিষ্ণু কল চালিত হইতেছে, তৎকালে ঐ কলের অচল ও সচল অংশের মধ্যে কোন শিশুকে কর্ম্ম করিতে দিবেন না।

কারখানাস্থ শিশুদের রেজিষ্টরের কথা।

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপ বিবরণ সহ যেরূপ পাঠ সময়ে২ নির্দ্দিষ্ট করেন, কোন কারখানায় শিশুরা কর্ম্ম করিতে থাকিলে তাহাদের ও তাহারা যে২ কর্ম্ম করে তাহার রেজিষ্টর তদ্রূপ বিবরণসহ সেইরূপ পাঠে রাখিবার নিমিত্ত ঐ গবর্ণমেণ্ট ঐ কারখানার দখলীকারের প্রতি আজ্ঞা করিতে পারিবেন।

বেড়া দিবার কথা।

বেড়াদিবার কথা।

১২ ধারা। (ক) কোন কারখানার কোন অংশস্থ কোন বাষ্পীয় যন্ত্রের কি জলচক্র যন্ত্রের কি অন্য কোন যন্ত্রের সহিত যে প্রত্যেক ফ্লাই হুইলের অর্থাৎ ঘুড়পাক দিবার চক্রের সাক্ষাৎসম্বন্ধ থাকে তাহা, এবং বাষ্পীয় যন্ত্রের বা জলচক্র যন্ত্রের প্রত্যেক অংশ,

(খ) যে প্রত্যেক কপি শিকল রসী প্রভৃতি উঠাইবার নামাইবার যন্ত্রের নিকটে কোন ব্যক্তির যাতায়াত করিতে কি কর্ম্ম করিতে হয় তাহা, এবং

(গ) কারখানার কলের বা কলের সরঞ্জামের যে প্রত্যেক অংশ বেড়া দিয়া না রাখিলে কারখানার স্থানীয় পরিদর্শকের মতে বিপদ ঘটিবার সম্ভাবনা ও যাহার বেড়া দিতে তিনি আজ্ঞা দেন তাহা,

যৎকালে চালিত হইতে থাকে, কারখানা যাঁহার দখলে থাকে তিনি তাহা এপ্রকারে বেড়া দিয়া ঘেরিয়া রাখিবেন যেন কোন অনিষ্ট ঘটিবার আশঙ্কা না থাকে।

স্থানীয় গবর্ণমেণ্ট অথবা এতদর্থে ঐ গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কর্তৃপক্ষ খাপীল হইলে বা প্রকারান্তরে (গ) প্রকরণমত আজ্ঞা রহিত করিতে পারিবেন।

নোটিসের কথা।

কারখানাস্থ ব্যক্তিদিগের কোনরূপ আঘাত লাগিলে তাহার সম্বাদ দিবার কথা।

১৩ ধারা। কোন কারখানা যাহার দখলে থাকে তিনি কিম্বা তাঁহার অনুপস্থানে উক্ত কারখানার কার্য্য নির্ব্বাহক প্রধান কর্ম্মকারক তথায় কোন ব্যক্তির মৃত্যু হইলে বা যাহাতে ৪৮ ঘণ্টার মধ্যে কর্ম্মে প্রত্যাগমন করিতে পারে না এরূপ আঘাত লাগিলে তাহার সম্বাদ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধি করিয়া যে পাঠে যে কর্তৃপক্ষকে যে সময় মধ্যে দিবার আদেশ করেন, উক্ত সম্বাদ সেই কর্তৃপক্ষকে সেই পাঠে সেই সময় মধ্যে দিবেন।

কোন ব্যক্তি কারখানা দখল করিলে নোটিস দিবার কথা।

১৪ ধারা। কোন ব্যক্তি কোন কারখানা দখল করিলে এক মাস মধ্যে স্থানীয় পরিদর্শকের নিকট লিখিত নোটিস পাঠাইবেন। কারখানার নাম, উহা যে স্থানে আছে তাহা, যে ঠিকানায় তাঁহাকে চিঠি পাঠাইতে হইবে বলিয়া তিনি ইচ্ছা করেন, ঐ কারখানায় যে প্রকারের কর্ম্ম হয়, তথায় যে প্রকারের যত চালক শক্তি আছে, ও যাঁহার অধীনে কারখানার কর্ম্ম চলিবে এমন কোন ব্যক্তি থাকিলে তাঁহার নাম, ঐ নোটিসে লেখা থাকিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

দণ্ডের কথা।

দণ্ডের কথা।

১৫ ধারা। কোন ব্যক্তি এই আইনের বিধান ভঙ্গ করিয়া অথবা এই আইনমত আজ্ঞা বা বিধি ভঙ্গ করিয়া

(ক) কোন শিশুকে কোন কারখানায় কর্ম্ম করাইলে, কিম্বা

(খ) ৭ ধারার আদেশমত নোটিস লটকাইয়া রাখিতে বা ৮ ধারার উল্লিখিত দিন স্থির করিতে উপেক্ষা করিলে, কিম্বা

(গ) কোন শিশুকে ১০ধারার নিষিদ্ধ কোন কর্ম্ম বা উক্ত ধারা লঙ্ঘন করিয়া কোন কর্ম্ম করিতে দিলে কিম্বা

(ঘ) ১১ ধারার নির্দ্দিষ্টমতে রেজিষ্টর রাখিতে বা

(ঙ) কোন কারখানায় কোন কলের কি কলের সরঞ্জামের বেড়া দিতে উপেক্ষা করিলে, কিম্বা

(চ) কোন সম্বাদ দিতে উপেক্ষা করিলে;

তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু

(১) স্থানীয় পরিদর্শক দ্বারা বা তাঁহার অনুমতিক্রমে উপস্থিত করা না গেলে, এই ধারামতে কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না; এবং

একই দিনে একই প্রকারের অপরাধে একমাত্র দণ্ড হইবার কথা।

(২) একই দিনে একই প্রকারের অপরাধ হইলে কোন ব্যক্তির এই ধারামতে একাধিক দণ্ড হইতে পারিবে না; কিন্তু এই আইনের বিধান লঙ্ঘন করিয়া দুই কিম্বা তদধিক শিশুকে কর্ম্মে নিযুক্ত রাখা গেলে, তদ্রূপ প্রত্যেক শিশু সম্পর্কে স্বতন্ত্র দণ্ড হইতে পারিবে।

বয়সের প্রমাণ ভারের কথা।

১৬ ধারা। কোন ব্যক্তি আট বা চৌদ্দ বৎসরের কম বয়স্ক হইলে, যে কার্য্য বা ত্রুটি এই আইনমতে দণ্ডনীয় অপরাধ হয়, সেই ব্যক্তি আদালতের মতে ঐ রূপ কম বয়স্ক বলিয়া বোধ হইলে ঐ ব্যক্তি যে ঐরূপ কমবয়স্ক নয়, ইহার প্রমাণ অভিযুক্ত ব্যক্তির করিতে হইবে।

সর্টিফিকেটদায়ি চিকিৎসকের নির্দ্দেশপত্র গ্রাহ্য হইবার কথা।

সর্টিফিকেটদায়ি চিকিৎসক লিখিয়া যদি এইরূপ নির্দ্দেশপত্র দেন যে তিনি কারখানায় কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তিকে স্বয়ং পরীক্ষা করিয়া দেখিয়াছেন এবং নির্দ্দেশপত্রে যে বয়সের কথা লিখিত আছে তাহার সেই বয়স বলিয়া তিনি বিশ্বাস করেন, তবে উক্ত নির্দ্দেশপত্র এই আইনের কার্য্যপক্ষে উক্ত ব্যক্তির বয়সের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে।

আইনের বিধান ভঙ্গ হইলে আদৌ দখলীকারের দায়ের কথা।

১৭ ধারা। কোন কারখানায় এই আইনের বিধান ভঙ্গ হইলে, উক্ত কারখানা যাঁহার দখলে থাকে তিনি আদৌ দায়ী বলিয়া গণ্য হইবেন; কিন্তু উক্ত বিধান ভঙ্গ নিমিত্ত অভিযোগ উপস্থিত হইবার পূর্ব্বে, তিনি যদি প্রমাণ দিয়া কারখানার স্থানীয় পরিদর্শকের হৃদ্বোধ জন্মাইয়া দিতে পারেন যে তাঁহার অজ্ঞাতসারে বা সম্মতি বিনা অন্য কোন ব্যক্তি কর্তৃক ঐ বিধান ভঙ্গ হইয়াছে, তাহা হইলে তিনি উক্ত দায় হইতে মুক্ত হইতে পারিবেন; এবং যে ব্যক্তি উক্ত বিধানভঙ্গ করিয়াছে, সেই ব্যক্তি তজ্জন্য দায়ী হইবে।

বিবিধ।

স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

১৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট

(ক) কারখানার কল ও কলের সরঞ্জাম বেড়া দিয়া রাখিবার, ও

(খ) কারখানা পরিদর্শন করিবার, ও

(গ) যে প্রকারে এই আইনমতে আপীল উপস্থিত করা ও শুনা যাইবে তাহার, ও

(ঘ) প্রকারান্তরে এই আইনের বিধান ফলবৎ করিবার,

বিধানার্থ সময়ের এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত বিধি রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে ও প্রকাশিত হইবামাত্র আইনতুল্য বলবৎ হইবে

রাজকীয় কারখানার কথা।

১৯ ধারা। এই আইন রাজকীয় কারখানার প্রতি বর্ত্তিবে; কিন্তু সরকারী কার্য্যোপলক্ষে অত্যন্ত প্রয়োজন হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বা স্থানীয় গবর্ণমেণ্ট লিখিত আজ্ঞা দিয়া তদ্রূপ কোন কারখানা যে পরিমাণে ও যে সময়ের জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বা, স্থলবিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করেন, সেই পরিমাণে ও সেই সময়ের জন্য এই আইনের বিধান হইতে মুক্ত করিতে পারিবেন।

ডি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B. L,
Bengali Translator

DIEU ET MON DROIT

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 18, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১৮ মে।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

বঙ্গদেশের এই২ জিলাতে ১৮৮০ সালের আপ্রিল মাসের ৩০ তারিখের পূর্ব্ব

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর।	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			বজ্রু ও বাজরা।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
	বঙ্গদেশ।															
	পশ্চিমদিকস্থ জিলা।															
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	বৰ্দ্ধমান ...	ক ।৫	।৩	।১।।	।।২	।।২	।৫	।৫	।৬	।৩৯	।৬।৪	।৬।।	।৪	...	...	...
২	বাঁকুড়া ...	খ ।৪।।	।৫	।১।।	।৮	।৮	।৪	।৪।।	।৪।।	।২।।	।।০।।	।।১	।৭	...	...	...
৩	বীরভূম ...	গ ।১।।	।১।।	।১৯°	...	...	...	।৬	।৬	।৭	।৯	।৯	।৪	...	...	...
৪	মেদিনীপুর...	ঘ ।১	।১	।২	...	...	...	।৫	।৫	।৩	।৮	।৮	।৫	...	...	—
৫	হুগলী ...	ঙ ।৪	।৪	।১।।	...	...	...	৸৮	৸৮	৸৮	।৪	।৪	।১।।	...	...	...
	হাবড়া ...	।৪।।	।৩।।	।০	...	...	...	।১	।১।	।০	।৪।।	।৪।।	।১।।	...	...	...
	মধ্যস্থলের জিলা।															
	কলিকাতা ...	।৩	।৩	।১।৶	।।০	।।০	।৩।৴	৴৬।।	৴৬।।৶	৴৫–।।৶	।১।।	।১।।	।১।৶	...	...	...
৬	২৪-পরগণা	চ ...	...	...	...	...	...	৸৮	৸৮	৴৬।।	।৩।৴	।৩।৴	।০।।	...	...	...
৭	নদীয়া ...	ছ ।৫।	।৫।	।২।৴	।।৬।।৶১৫	।।৬–।।৶১৫	...	।৩।৴৫	।১।৴৫	।০	।৪।।	।৪।।	।১।৶	..	...	...
৮	যশোহর ...	জ ।২	।১	।১	...	...	...	।৪।।	।৪	।০।	।৮	।৮।।	।১।।	...	...	—
৯	মুরশিদাবাদ...	ঝ ।৮৯	।।০	।২৯	...	...	...	।৪	।৬	।১	।৭	।৮	।৩।	...	...	...
১০	দিনাজপুর ...	ঞ ।৬	৴৯	৴৯৸৶	।৫	।৩।৴	।৩।৴	।৬	।৫।।	।৩৯	।৯।	।৮	।৬৶	...	...	...
১১	রাজশাহী ...	ট ।।০।।৶	।।২।।	।৩।।	৸১	৸০	।৮৯	।৬	।৮৯	৴৯–।১।	।৭।	।৯৯	।২৯	...	...	...
১২	রঙ্গপুর ...	ঠ ।১।	।১।	৴৯	...	...	...	।২৸০	।২৸৶	।০	।৮	।।৮	।১।১০	...	...	...
১৩	বগুড়া ...	।৮৯	।।৪	।২	...	...	...	।৬।।	।৭।	৴৯৯	।।২।।	।।৫।।	।৩।।	...	..	...
১৪	পাবনা ...	ড ।।১	।।০	।৫	...	...	...	।০	।০	৴৭।।	।৮৯	।৮	।২৯	...	...	...
১৫	দার্জিলিঙ ...	ঢ ৴৮	৴৮	৴৮	৸৮	৸৮	৸৮	৴৪।।	৴৪।।	৴৪।।	।১	।১	৴৯	...	...	...
১৬	জলপাইগুড়ি...	ণ ৸৮	৸৮	৴৯	..	...	...	।৬	।৬	৴৯	।।০	।।০	।২।৶	...	...	...

ক। মফঃস্বলের দর এই২ ।—গম ।৩।। সের অবধি ।৬। সের পর্য্যন্ত, যব ।৬।। সের অবধি ৯২ সের পর্য্যন্ত, ভাল চাউল ।৪। সের অবধি ।৭ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৬ সের অবধি ।।০।। সের পর্য্যন্ত, ও ছোলা ।৭ সের অবধি ।৮ সের পর্য্যন্ত।

খ। ঐ ঐ ।—গম ৴৯।। সের অবধি ।৫ সের পর্য্যন্ত, যব ।।০ সের অবধি ১৴২ সের পর্য্যন্ত ভাল চাউল ।৪ সের অবধি ।৮ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৫ সের অবধি ।৯ সের পর্য্যন্ত, জনেরা ।।০ সের অবধি ৯২ সের পর্য্যন্ত, ও ছোলা ।২ সের অবধি ।৬ সের পর্য্যন্ত।

গ। ঐ ঐ ।—গম ।৩।। সের অবধি ।।১ সের পর্য্যন্ত, ভাল চাউল ।৩। সের অবধি ।।২ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৮।। সের অবধি ।।৪ সের পর্য্যন্ত, ও ছোলা ।৫ সের অবধি ।।৫ সের পর্য্যন্ত।

ঘ। ঐ ঐ ।—গম ।১ সের অবধি ।৬ সের পর্য্যন্ত, যব ।৬ সের অবধি ।৩ সের পর্য্যন্ত, ভাল চাউল ৴৭ সের অবধি ।৬ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৪ সের অবধি ।৭ সের পর্য্যন্ত, ও ছোলা ।২ সের অবধি ।৬ সের পর্য্যন্ত।

ঙ। বহরমপুরের বাজার দর এই২ :—ভাল চাউল ।২ সের, সামান্য চাউল ।৬।। সের, ও ছোলা ।১ সের।

চ। মফঃস্বলের দর এই ।—গম ।২। সের অবধি ।৩ সের পর্য্যন্ত, যব (খিদিরপুরে) ।।০ সের, ভাল চাউল ৴৬৶ সের অবধি ৴৮ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৩ সের অবধি ।৭ সের পর্য্যন্ত, জনেরা (খিদিরপুরে) ।৬ সের, ও ছোলা ।৪।। সের।

[*Government Gazette*, 18*th May* 1880.]

দুই সপ্তাহ অবধি তণ্ডুলাদি খাদ্যদ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ খুচরা বিক্রয়ের বাজার দর টাকায় যত পাওয়া যায়।

চোলম ও জোয়ার।			রাগী বা মাড়ুওয়া ও চীনা।			জনেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			জিলা।
এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	
																		বঙ্গদেশ।
																		পশ্চিমবিভাগস্থ জিলা।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	মণ	মণ	মণ	সের	সের	সের	
...	...	...	...	...	...	...	...	...	।৬	।৬	।২॥	২/	২/	২॥০	/৯৸	।০	।০	বর্দ্ধমান।
...	...	...	...	...	...	৸৪	৸৫	॥০	।৩।	।৩।	।১।	৯/	৯/	১১/	/৯	/৯	/৯	বাঁকুড়া
...	...	...	...	...	...	...	...	...	।৮	।৮	।২।	...	...	...	/৯	/৯	/৯	বীরভূম।
...	...	...	...	...	...	...	...	...	।১	।১	/৮	৪/	৪/	৪/	/৯	/৯	/৯	মেদিনীপুর।
...	...	...	...	...	...	...	...	...	।৪	।৪	।১	৩/	৩/	৩/	/৯	/৯	/৯	হুগলী।
...	...	...	...	...	...	...	...	...	।৬	।৬	।১॥	২/	২।০	২।০	।০	।০	/৯৸	হাবড়া।
																		মধ্যস্থলের জিলা।
॥০	॥০	।৩।/	...	...	...	।৭॥	।৭॥	।৪।	।৬	।৬	।১॥	২।০	২।০	১॥৪	।০	।০	/৮	কলিকাতা।
...	...	...	...	...	...	...	...	...	।৫।	।৪॥	।১।	২।০	২।০	২।০	/৯।৶	৯।৶	/৯	২৪-পরগণা।
...	...	...	...	...	...	...	...	...	॥০	॥০	।২।/	৩/	৩/	৩/	/৯।৶	/৯।৶	/৯।৶	নদীয়া।
...	...	...	...	...	...	...	...	...	।৪	।৩।	।০	২৸০	২৸০	২৸০	/৮	/৮	/৮	যশোহর।
...	...	...	...	...	...	...	...	...	॥২	॥৫	।২॥	৩/	৩/	৩/	/৮– /৯।	/৮– ।০	/৭॥– /৯।৶	মুরশিদাবাদ।
...	...	...	...	...	...	...	...	...	।৫	।০	/৯॥৶	৪॥০	৪/	৪৸২	/৮॥	/৮॥	/৮	দিনাজপুর।
...	...	...	...	...	...	...	...	...	॥৪।৶	॥৪	।২	৬/	৬/	৫–৬/	/৯	/৯	/৮।	রাজশাহী।
...	...	...	...	...	...	...	...	...	/৯	/৯	৭৸৶	৩/	৩/	২॥৬	/৮	/৮	/৭৸৶	রঙ্গপুর।
...	...	...	...	...	...	...	...	...	।৬॥	/৯৸৶	/৭॥	১॥৭॥	১॥৭॥	১॥৭॥	/৮।৶	/৮।৶	/৭৸০	বগুড়া।
...	...	...	...	...	...	...	...	...	॥২	॥২।	।১।	৫/	৫/	৫/	/৯	/৯	/৮	পাবনা।
...	...	...	/৯	/৯	।০	॥০	।৭	।০	/২॥	/১॥	/৬	৪/	৪/	৪/	/৫	/৫	/৪	দার্জিলিঙ্গ।
...	...	...	...	...	...	...	...	...	/৮	/৮	/৮	১॥৪	১॥৪	১॥৪	/৮	/৮	/৭/	জলপাইগুড়ি

ছ। মফঃস্বলের দর এইরূপ।—গম ।৩। সের অবধি ।৮ সের পর্য্যন্ত, যব ॥০ সের অবধি ৸৮ সের পর্য্যন্ত, ভাল চাউল /৮ সের অবধি ।৬ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৪।৶ সের অবধি ।৯ সের পর্য্যন্ত, জনেরা (ভুট্টার) ।৬ সের, ও ছোলা ।৭। সের অবধি ॥৪ সের পর্য্যন্ত।

জ। ঐ ঐ।—গম /৮ সের, ভাল চাউল /৮ সের অবধি ।৭ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৭ সের অবধি ।৯ সের পর্য্যন্ত, ও ছোলা /৮ সের অবধি ।৪ পর্য্যন্ত।

ঝ। ঐ ঐ।—গম ।৬ সের অবধি ॥০ সের পর্য্যন্ত, যব ৸০ সের অবধি ১/ মণ পর্য্যন্ত ভাল চাউল ।২ সের অবধি ।৮ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৬ অবধি ।৯ সের পর্য্যন্ত, ও ছোলা ॥০ সের অবধি ॥৫ সের পর্য্যন্ত।

ঞ। রাইগঞ্জের দর এইরূপ।—গম ।২ সের, ভাল চাউল ।৮॥ সের, সামান্য চাউল ॥০ সের, ও ছোলা ।১ সের।

ট। ঘাটোয়ারের দর এইরূপ।—গম ।৪।৶ সের, ভাল চাউল ।০ সের, সামান্য চাউল ॥০। সের ও ছোলা ।৬৸৶ সের।

ঠ। মফঃস্বলের দর এইরূপ।—গম ।৫ সের অবধি ॥৫॥৶ সের পর্য্যন্ত, ভাল চাউল /৮ সের অবধি ।৫ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৮ সের অবধি ॥২॥ পর্য্যন্ত, রাগীপ্রভৃতি (করিগ্রামে) ॥০ সের ও ছোলা /৮৸৶ সের অবধি ।৮ সের পর্য্যন্ত।

ড। সেরাজগঞ্জের দর এইরূপ।—গম ।৯ সের, ভাল চাউল /৮॥ সের, সামান্য চাউল ।০ সের, ও ছোলা ।৬ সের।

ঢ। মফঃস্বলের দর এইরূপ।—ভালচাউল /৫ সের অবধি ।১ সের পর্য্যন্ত; সামান্য চাউল ৪ সের অবধি ।৬ সের পর্য্যন্ত রাগী প্রভৃতি (কর্সিয়ঙ্গে) ।২ সের, জনেরা (কর্সিয়ঙ্গে) ।১ সের ও ছোলা /৬ সের অবধি /৮ সের পর্য্যন্ত।

ণ। ঐ ঐ।—ভাল চাউল ।০ সের অবধি ।৪।/ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৬ সের অবধি ॥৬ সের পর্য্যন্ত, ও ছোলা /১।৶ সের অবধি /৯ সের পর্য্যন্ত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

টাকায় যত পাওয়া যায়।

চোলম ও জোয়ার।			রাগী বা মাড়ুওয়া			জনেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			জিলা।
এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ।	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	
																		পূর্ব্বদিকস্থ জিলা।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	মণ	মণ	মণ	সের	সের	সের	
...	...	...	...	...	..	...	...	...	৷৪	৷৪৷	৷১৷	২৷১৷৷	২৷১৷৷	২৷১৷	৴৯৷	৴৯	৴৯	ঢাকা।
.	...	...	...	...	...	...	...	...	৷০	৷০	৴৯	...	...	...	৵৯	৴৯	৴৯	ফরীদপুর।
...	..	...	...	...	...	...	...	...	৷০	৷০	৴৯৷৷	২৷৷০	২৷৷০	৩৴০	৴৮৷৷	৴৮৷৷	৴৮৷৷	বাকরগঞ্জ।
...	...	...	...	...	...	...	...	...	৷২	৷১	৴৯	...	...	...	৴৯	৴৮৸	৴৮৸	ময়মনসিংহ।
...	...	...	.	...	.	...	...	...	৴৯	৴৯	৴৯	৩৴	৩৴	৩৴	৴৯	৴৯	৴৮	চট্টগ্রাম।
...	...	.	...	..	...	...	...	...	৴৯	৴৯	৴৭	...	...	...	৴৮	৴৮	৴৮	নওয়াখালী।
...	...	...	...	.	...	...	...	...	৷১	৷১	৷০	...	...	...	৴৯	৴৮৸	৴৮৷৷	ত্রিপুরা।
...	...	...	...	...	...	...	...	...	...	...	...	৮৴	৮৴	৮৴	৴৮	৴৮	৴৬৷৶	চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ।
...	...	.	...	..	...	...	...	...	৴৮	৴৮৷৴	৴৮	...	...	...	৴৮	৴৮	৴৮	ত্রিপুরা পর্ব্বত
																		বেহার।
...	...	..	...	...	...	৷৷২	৷৷২	৷৷৭	৷৷৪	৷৷৪	৷৬	৩৷৷০	৩৷৷০	৩৷৷০	৴৮	৴৮	৴৮	পাটনা।
..	...	...	...	...	...	৷৷২	৷৷৩	৷৷২	৷৷২৷	৷৷৩	৷৪	৩৷৷০	৩৷৷০	৪৷৷০	৴৯	৴৯	৴৮	গয়া।
৷৮	৷৷৫	৪১	৸০	৷৷৮	..	...	..	৷৷০৷৷	৷৷৩	৷৷২	৷১৮	৪৴	৪৴	৪৴	৴৯	৴৯	৴৯	শাহাবাদ।
...	...	...	৷৷২	৷৷২	৷৷০	৷৷৫	৷৷৭	৷৷৫	৷৷০	৷৮	৷৪	৪৴	৪৴	৪৴	৴৮	৴৮	৴৭৸	দ্বারভাঙ্গা।
...	...	...	...	...	...	৷৷০	৷৷০	৷৷৬	৷৷১	৷৷১	৷৷৪	৩৴	৩৴	৩৴	৴৮৷৷	৴৮৷৷	৴৮	মজঃফরপুর।
৸২	৸৪	৷৷২৷	৷৷২৷	৷৷২৷	৷৮৷	৷৷৭	৷৷৭৷	৷৷৪৷৷	৷৷১৷৷	৷৷১	৷৫৷৷	৪৴	৪৴	৫৴	৴৮৷৷	৴৮৷	৴৮	সারণ।
...	...	...	...	...	...	৷৷২	৷৷৪	৸০	৷৷৬	৷৷৬	৷৬	...	...	...	৴৮	৴৮	৴৭	চাম্পারণ।
...	...	...	...	...	...	৷৷১	৷৮৸৶	৷৷২	৷৬৸	৷৬৸	৷৪৷৷৶	৩৴৬	৩৴৬	৩৴৬	৴৮৷৶	৴৮৷৶	৴৮৷৶	মুঙ্গের।
...	...	...	...	...	...	৷৷৫৷	৷৷৫৷	৷৷০৶	৷৷২৴০	৷৷০৶০	৷৩৸৶	৩৴১৷৴	৩৴৬৷	৩৴৬৷	৴৮৷৷৴	৴৯৷৶	৴৮৸৴	ভাগলপুর।

ঙ। মফঃস্বলের দর এইং।—গম ৷৬ সের অবধি ৷৷০ সের পর্য্যন্ত, যব ৷৷৭৷৷ সের অবধি ১৴ মণ পর্য্যন্ত, ভাল চাউল ৷০ সের অবধি ৷৷০ সের পর্য্যন্ত, সামান্য চাউল ৷৫৷৷ সের অবধি ৷৷০ সের পর্য্যন্ত মাড়ুয়া ৷৷৩ সের অবধি ৷৷৮ সের পর্য্যন্ত, জনেরা ৷৷৬ সের অবধি ৸০ সের পর্য্যন্ত, ও ছোলা ৷৮ সের অবধি ৷৷১ সের পর্য্যন্ত।

ম। ঐ ঐ ।—গম ৷৭ সের অবধি ৷৮ সের পর্য্যন্ত, যব ৷৷৭ সের অবধি ৸২ সের পর্য্যন্ত, ভাল চাউল ৴৯ সের অবধি ৷৩ সের পর্য্যন্ত, সামান্য চাউল ৷৪ সের অবধি ৷৬ সের পর্য্যন্ত, জনেরা ৷৷৭ সের অবধি ৷৷৮ সের পর্য্যন্ত, ও ছোলা ৷৯ সের অবধি ৷২ সের পর্য্যন্ত।

ম। ঐ ঐ ।—গম ৷৫ সের অবধি ৸০ সের পর্য্যন্ত, যব ৷৷৮ সের অবধি ১৷০ মণ পর্য্যন্ত, ভাল চাউল ৷১৷৷ সের অবধি ৷৯ সের পর্য্যন্ত, সামান্য চাউল ৷৪ সের অবধি ৷২৸ সের পর্য্যন্ত জনেরা ৷৷০ সের অবধি ১৴ মণ পর্য্যন্ত ও ছোলা ৷৮৷৷ সের অবধি ৸০ সের পর্য্যন্ত।

ম১। ঐ ঐ ।—গম ৷৮ সের অবধি ৷৷০ সের পর্য্যন্ত, যব ৷৷৫ সের, অবধি ৸০ সের পর্য্যন্ত, ভাল চাউল ৴৮৷৷ সের অবধি ৷৬ সের পর্য্যন্ত, সামান্য চাউল ৷৭ সের অবধি ৷৮ সের পর্য্যন্ত, জোয়ার ৷৷২ সের, রাগী প্রভৃতি ৷৮ সের অবধি ৸০ সের পর্য্যন্ত, জনেরা ৷৷১ সের অবধি ৷৷৬ সের পর্য্যন্ত, ও ছোলা ৷৷০ সের অবধি ৷৷২ সের পর্য্যন্ত।

ম২। ঐ ঐ ।—গম ৷৷৫ সের, যব ৷৷২ সের অবধি ১৴ মণ পর্য্যন্ত, ভাল চাউল ৷৬ সের অবধি ৷০ সের পর্য্যন্ত, সামান্য চাউল ৷৯ সের অবধি ৷৷২ সের পর্য্যন্ত, রাগীপ্রভৃতি ৸০ সের ও ছোলা ৷৷০ সের।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর।	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			কঙ্গু ও বাজরা।		
No. 69.—Mr. W. A. Inglis, Assistant Engineer, First Grade, Arrah Division, who passed the Lower Standard in Hindustani on the 7th April 1879,—*vide* Notification No. 148 of the 3rd June last,—having passed on the 5th instant an examination in reading letters and accounts in Kaithee-Hindustani, which is the language of the district in which he is employed, is declared to have passed the Departmental Standard on the above date—*vide* paragraph 21, Section I, Chapter II, Public Works Code, fourth edition.

No. 70.—With reference to Notification No. 30 of the 15th March last, Mr. T. M. L. Thompson, Assistant Engineer, Second Grade, who was transferred from the South-Western to the Sone Circle, joined the Arrah Division on the forenoon of the 3rd May 1880.

C. TAYLOR,
Offg. Asst. Secretary, for Jt.-Secy.
to the Govt. of Bengal, P. W. Dept.,
Irrigation Branch.

RAILWAY.

DECLARATION.

The 12th May 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government for a public purpose, viz. for the construction of a Railway from Sonarpur to Mugrah, it is hereby declared that for the above purpose a strip of land about 15 miles in length and with an average width of 150 feet, more or less, passing through the villages of Sonarpur, Rajpur, Baikuntpur, Changripota, Kodalia, Malikpur, Lukhinathpur, Salipur, Soobidipur, Baruipur, Poorunderpur, Nischundopur, Kalliaupur, Salpookoriah, Koondorah, Chauttaberia, Doorgapur, Indropullah, Dhunberia, Chundunpur, Hoorur, Murzodah, Shampur, Buratee, Radhabullubnagar, Balariah, Mugrah, zillah 24-Pergunnahs, is required.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

F. S. STANTON, *Lieut.-Col.*, R.E.,
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

[*Government Gazette*, 25*th May* 1880.]

পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বহোওয়ারা ও ফুলবেড়িয়া ও সোনাচিয়া ও বৈসা ও জিলালপুর ও হরচন্দ্রপুর ও গোহোমা ও সাটোরা গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ১৫২/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন সম্ভাবনা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৮০ সাল ১৮ মে।

৯১ নম্বর।—ছুটী।—চট্টগ্রাম খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালীশঙ্কর চট্টোপাধ্যায় যে তিন মাস অনুগ্রহের ছুটীপান * তাহা ১৮৮০ সালের মে মাসের ২ তারিখের অপরাহ্ণ অবধি গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ২৯ মার্চের ৫৮ নং বিজ্ঞাপন।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৫ মে।

৬৮ নম্বর।—বিজ্ঞাপন।—কাঁসাই খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, বটলর সাহেব ১৮৮০ সালের ৫ আপ্রিলে নিম্নতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইলেন।

১৮৮০ সাল ১৭ মে।

৬৯ নম্বর।—১৮৭৯ সালের আপ্রিল মাসের ৭ তারিখে নিম্নতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায়, পরীক্ষোত্তীর্ণ আরাখণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এ, ইংলিশ সাহেব (গত জুন মাসের ৩ তারিখের ১৪৮ নং বিজ্ঞাপন দেখ) যে জেলায় নিযুক্ত সেই জিলায় চলিত কায়েথী হিন্দুস্থানী অক্ষরে লিখিতপত্র ও হিসাব পড়িতে পারিবায় পরীক্ষাতে এই মাসের ৫ তারিখে উত্তীর্ণ হও. য়ায় কার্য্যবিভাগ সংক্রান্ত কষ্টিমত পরীক্ষায় উক্ত তারিখ অবধি উত্তীর্ণ হইয়াছেন বলিয়া প্রকাশ করা গেল।—পবলিকওর্কস বিধি পুস্তকের চতুর্থ সংস্করণের দ্বিতীয় অধ্যায়ের ১ পরিচ্ছেদের ২১ ধারা দেখ।

৭০ নম্বর।—গত মার্চ মাসের ১৫ তারিখের ৩০ নং বিজ্ঞাপনোপলক্ষে এই কথা প্রকাশ করা গেল যে দক্ষিণ পশ্চিম চক্রহইতে সোণচক্রে প্রেরিত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, এম, এল, তামসন সাহেব ১৮৮০ সালের মে মাসের ৩ তারিখের পূর্ব্বাহ্ণে আরা খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের, গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
সি, টেলর,
একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

রেলওয়ে বিষয়ক।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১২ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সোণারপুর অবধি মগ্রাপর্য্যন্ত রেলওয়ে প্রস্তুত করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতেএই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত সোণারপুর ও রাজপুর ও বৈকুণ্ঠপুর ও চাঙ্গড়িপোঁতা ও কোদালিয়া-ও মালিকপুর ও লক্ষ্মীনাথপুর ও সলিপুর ও সুবিদিপুর ও বারুইপুর ও পুরন্দরপুর ও মিশচন্দপুর ও কল্যাণপুর ও শালপুকুরিয়া ও কুন্দোরা ও চট্টবেড়িয়া ও দুর্গাপুর ও ইন্দ্রপাল ও ধনবেড়িয়া ও চন্দনপুর ভতর ও মর্জেদা ও শ্যামপুর ও বরাটী ও রাধাবল্লভনগর ও বলারিয়া ও মগ্রা গ্রামের মধ্যদিয়া প্রায় ১৫ মাইল দীর্ঘ ও গড়ে ন্যূনাধিক ১৫০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, এস, ষ্টান্টন, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৫ মে।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 25, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৫ মে।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT. WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 1, dated the 5th January 1880.

THE Court, having had under consideration the results exhibited in the returns of oath on affidavits administered in the Civil Courts during the past year, has determined, in order to relieve judicial officers of a share of the work devolving on them, to appoint the Serishtadars of Judges' Courts to be Commissioners for the purpose of administering such oaths.

2. A copy of the Court's orders on the subject, with the rules for the guidance of the Commissioner attached, is therefore forwarded to each District Judge for delivery to the Serishtadar of his Court, together with the commission, which will be forwarded under separate cover.

3. In case of any change of incumbency, the name of the new officer should be reported, in order that a commission may be issued to him.

CIVIL.

No. 2, dated the 6th January 1880.

THE attention of the officers presiding in the Civil and Revenue Courts in the Lower Provinces of Bengal and Assam is called to the rules * * * * * made by the Court under Clause 1, Section 20 of the Court Fees Act, 1870, authorizing the levy of boat-hire and ferry tolls in certain cases in addition to the process fees payable on civil processes.

* Published at page 1179 of the *Calcutta Gazette* of 26th November, and at page 711 of the *Assam Gazette* of 20th December 1879.

2. These rules supersede paragraph 5 of circular order No. 31, dated 25th September 1867,† and the rules relating to the levy of boat-hire and ferry tolls in respect of notices of appeal issued by the High Court. In future such charges will be realized by the Court to which the notices are sent for service.

† Renewed by Circular Order No. 13, dated 12th May 1874.

CIVIL AND CRIMINAL.

No. 5, dated the 10th January 1880.

THE attention of the Court has recently been drawn to more than one instance in which Magistrates have held trials on Sundays. It has not hitherto been deemed necessary to enter Sundays in the published lists of close holidays, as no such recognition of the general practice of closing the Civil and Criminal Courts on these days appeared to be necessary. Cases must no doubt occur in which an enquiry by a Magistrate should proceed even on a Sunday, or gazetted holiday, but, without the consent of parties, and in the absence of urgent necessity, no civil or criminal trial should proceed on such days.

CIVIL.

No. 6, dated the 10th January 1880.

THE attention of all officers presiding in Civil Appellate Courts in the Lower Provinces of Bengal and Assam is invited to the notification, copy of which is appended to this circular order, issued by the Government of India under date the 22nd November last.

2. It will be observed that while the fee payable on appeals from certain orders issued under section 244 of the Code of Civil Procedure is limited to the amount chargeable under article 11, Schedule II of the Court Fees Act, cases may occur in which, under the ordinary rules for the valuation of appeals from decrees, the fee payable may be less than this amount. Further, the notification does not cover the case of appeals from orders rejecting plaints, nor of appeals in certain miscellaneous cases, such as Certificate and Probate cases,

[*Government Gazette*, *5th May* 1880.]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

১ নম্বর। ১৮৮০ সাল ৫ জানুয়ারি।

গত বৎসর দেওয়ানী আদালতে আফিডেবিট উপলক্ষে যে শপথ দেওয়া যায় তাহার রিটর্ণের দৃষ্ট ফল বিবেচনা করিয়া দেখিয়া, হাই কোর্ট বিচারসংক্রান্ত কর্ত্তৃপক্ষদের কিয়দংশ কার্য্যভার কমাইবার উদ্দেশে জজ আদালতের সেরেস্তাদারদিগকে উক্ত শপথ দিবার কমিশনরস্বরূপ নিযুক্ত করিবেন স্থির করিয়াছেন।

২। এই নিমিত্ত এই বিষয়ে কোর্টের আজ্ঞার প্রতিলিপি উক্ত কমিশ্যনরের উপদেশার্থ বিধিসহ প্রত্যেক জিলার জজ সাহেবের নিকট পাঠান যাইতেছে। তিনি কমিশ্যনসহ ঐ আজ্ঞাদি তাঁহার আদালতের সেরেস্তাদারকে দিবেন। ঐ কমিশ্যন স্বতন্ত্র খামের মধ্যে বন্ধ করিয়া পাঠান যাইবে।

৩। পদধারির পরিবর্ত্তন হইলে, নূতন কর্ম্মচারির নামে কমিশ্যন বাহির হইবার নিমিত্ত তাঁহার যে নাম হয় তাহা জানাইতে হইবে।

দেওয়ানী।

২ নম্বর। ১৮৮০ সাল ৬ জানুয়ারি।

দেওয়ানী পরওয়ানার নিমিত্ত যে পরওয়ানা ফী দিতে হয় তদতিরিক্ত কোনং স্থলে নৌকা ভাড়া ও পারাণী মাসুল আদায় করিবার বিধান করণার্থ আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২০ ধারার ১ প্রকরণমতে হাই কোর্ট যে বিধি* প্রণয়ন করেন, তৎপ্রতি নিম্নবঙ্গ ও আসাম প্রদেশের দেওয়ানী ও মাল আদালতের অধ্যক্ষতাপ্রাপ্ত কর্ত্তৃপক্ষদের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

*১৮৭৯ সালের ২৬ নবেম্বরের কলিকাতা গেজেটের ১১৭৯ পৃষ্ঠায় ও ২০ ডিসেম্বরের আসাম গেজেটের ৭১১ পৃষ্ঠায় প্রকাশিত।

২। ১৮৬৭ সালের ২৫ সেপ্টেম্বরের ৩১ নম্বর সরকুলর অর্ডরের ৫ পদ,† এবং হাই কোর্ট আপীলের যে নোটিস দেন তদুপলক্ষে নৌকা ভাড়া ও পারাণী মাসুল আদায় সম্পর্কীয় বিধি, রহিত হইয়া তৎপরিবর্ত্তে এই বিধি চলিবে। যে আদালতে উক্ত নোটিস জারী করিবার নিমিত্ত পাঠান যায়, ভবিষ্যতে ঐ খরচ সেই আদালতের দ্বারা আদায় করা যাইবে।

† ১৮৭৪ সালের ১২ মের ১৩ নম্বর সরকুলর অর্ডর দ্বারা নবীকৃত।

দেওয়ানী ও ফৌজদারী।

৫ নম্বর। ১৮৮০ সাল ১০ জানুয়ারি।

মাজিষ্ট্রেটেরা রবিবারে বিচার করিয়াছেন, এরূপ একাধিক স্থলের প্রতি সংপ্রতি হাই কোর্টের মনোযোগ আকৃষ্ট হইয়াছে। বন্দের দিনের যে ফর্দ্দ প্রকাশ করা যায় তন্মধ্যে রবিবার লেখা এপর্য্যন্ত আবশ্যক বোধ হয় নাই, কারণ ঐ দিনে দেওয়ানী ও ফৌজদারী আদালত বন্দ করিবার যে সাধারণ রীতি আছে উক্ত রূপে তাহা স্বীকার করিয়া লওয়া আবশ্যক বোধ হয় নাই। নিঃসন্দেহ এমন অনেক স্থল আছে যে স্থলে রবিবারে বা গেজেটে প্রকাশিত বন্দের দিনে মাজিষ্ট্রেটের তদন্ত লইতে হয়, কিন্তু পক্ষদের সম্মতি বিনা ও নিতান্ত আবশ্যক না হইলে, ঐ২ দিনে কোন দেওয়ানী কিম্বা ফৌজদারী বিচার কার্য্য চলিবে না।

দেওয়ানী।

৬ নম্বর। ১৮৮০ সাল ১০ জানুয়ারি।

গত ২৯ নবেম্বর তারিখে ভারতবর্ষীয় গবর্ণমেন্ট যে বিজ্ঞাপন প্রচার করেন ও যাহার প্রতিলিপি এই সরকুলর অর্ডরের সঙ্গে প্রদত্ত হইল, তৎপ্রতি নিম্ন বঙ্গ ও আসাম প্রদেশের দেওয়ানী আপীল আদালতের অধ্যক্ষতাপ্রাপ্ত কর্ত্তৃপক্ষদের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

২। দৃষ্ট হইবে যে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৪৪ ধারামতে যে আজ্ঞা দেওয়া যায় কোনং স্থলে তাহার উপর আপীলের ফী আদালতের রসুমবিষয়ক আইনের ২ তফসীলের ১১ প্রকরণমতে দেয় টাকা হইলেও, এমনও স্থল ঘটিতে পারে যে স্থলে ডিক্রীর উপর আপীলের মূল্য-নিরূপণার্থ সামান্য বিধিমতে ঐ টাকা অপেক্ষা কম ফী দিতে হয়। আবার, আবেদনপত্র অগ্রাহ্য করিবার আজ্ঞার উপর যে আপীল হয়, অথবা কোনং বিবিধ প্রকারের মোকদ্দমার, যথা সর্টিফিকেটের ও প্রোবেটের মোকদ্দমার, উপর যে আপীল হয়, তাহা উক্ত বিজ্ঞাপনের মধ্যে পড়ে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৫ মে।]

Notification by the Government of India, Department of Finance and Commerce, No. 3967, dated Simla, the 22nd November 1879.

WHEREAS certain orders issued by the Civil Courts under section 244 of the Code of Civil Procedure, 1877, have been declared to be "decrees" by Section 2 of Act XII of 1879:—

In exercise of the powers conferred by section 35 of the Court Fees Act, 1870, the Governor-General in Council is pleased to direct that the court fee payable on appeals from such orders issued under section 244 of the Code of Civil Procedure shall be limited to the amounts chargeable under Article 11, Schedule II of the Court Fees Act.

CIVIL AND CRIMINAL.

No 8, dated the 14th January 1880.

WITH the approval of the Government, the Court are pleased to direct that when a judicial officer sees reason to doubt the genuineness of a stamp filed before him, the stamp should be forwarded to the Collector of the district, who will examine it and satisfy himself, if possible, as to its character, reporting the result to the officer sending it.

2. Care should be taken to retain an examined copy of any document bearing a stamp which may be forwarded to the Collector under the above orders.

CIVIL.

No. 9, dated the 17th January 1880.

In compliance with the request contained in the letter of the Secretary to the Board of Revenue, copy of which is annexed below, the Judges are pleased to direct that officers presiding in the Civil Courts will send under cover to the Collector, or the Deputy Commissioner, as the case may be, for transmission to the Court of Wards, all applications addressed to such Court, under section 10, Act IX of 1879, asking it to take charge of the properties of minors.

From R. H. WILSON, ESQ., *Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Registrar of the High Court,—No.* 1129*A, dated Fort William, the* 13*th December* 1879.

I am directed to inform you that under section 15 of Act IX (B.C.) of 1879, the Court of Wards has, with the sanction of the Lieutenant-Governor (contained in Government order No. 2313—899L. R., dated 10th November 1879), delegated to Collectors and Deputy Commissioners the power to receive, for transmission to the Commissioner and the Board, applications from Civil Court under section 10 of the Act, requesting the Court of Wards to take charge of the properties of minors.

2. I am therefore to request that the Hon'ble Judges may be moved to issue instructions to all Civil Courts to address such applications to Collectors and Deputy Commissioners.

3. The Board will then, in order to save time, direct that a Collector, on receipt of such an application, shall at once make the necessary enquiries into the circumstances of the property, and submit with the application such report as may be necessary, to enable the Court of Wards to judge whether it should take charge of the property.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JANUARY 1880.

HON'BLE H. L. DAMPIER.

No. 1.

THE special attention of Divisional and District Officers is called to the following Civil Suit Rules which have been added to Volume II of the new edition of the Board's Rules, now in press. These rules should be circulated by District Officers to the Managers of Estates under their charge, for information and guidance:—

(*a.*) Attention is drawn to rule 16 of the Rules of the Legal Remembrancer for the conduct of Civil Suits, under which certain suits will be conducted or brought without reference to the Legal Remembrancer.

[*Government Gazette,* 25*th May* 1880.]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের বিজ্ঞাপন, রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ, ৩১৫৭ নং, সিমলা, ১৮৭৯ সাল ২২ নবেম্বর।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৭ সালের আইনের ২৪৪ ধারামতে দেওয়ানী আদালতের প্রচারিত কোন২ আজ্ঞা ১৮৭৯ সালের ১২ আইনের ২ ধারাক্রমে "ডিক্রী" বলিয়া প্রকাশ হওয়াতে,

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩৫ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল আদেশ করিলেন যে, দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৪৪ ধারা মতে উক্তরূপ যে আজ্ঞা দেওয়া যায় তাহার উপর আপীল করিতে হইলে আদালতের রসুম বিষয়ক আইনের ২ তফসীলের ১১ প্রকরণমতে যত টাকা দিতে হয় তত টাকার কোর্ট ফী লাগিবে।

দেওয়ানী ও ফৌজদারী।

৮ নম্বর। ১৮৮০ সাল ১৪ জানুয়ারি।

গবর্ণমেণ্টের অনুমতিক্রমে, হাই কোর্ট আদেশ করিতেছেন যে, কোন বিচারসংক্রান্ত কর্তৃপক্ষের নিকটে কোন ইষ্টাম্প দাখিল করা গেলে, তাহা প্রকৃত কি না তদ্বিষয়ে সন্দেহ করিবার কারণ দেখিলে জিলার কালেক্টর সাহেবের নিকট ঐ ইষ্টাম্প পাঠাইবেন। কালেক্টর সাহেব তাহা পরীক্ষা করিয়া সম্ভব হইলে তাহার ভাব বুঝিয়া লইবেন, ও ফল যাহা হয় প্রেরণকারি কর্তৃপক্ষকে জানাইবেন।

২। উপরিলিখিত আজ্ঞামতে কালেক্টর সাহেবের নিকট কোন ইষ্টাম্প পাঠান গেলে, ঐ ইষ্টাম্প যে দলীলে থাকে তাহার পরীক্ষিত প্রতিলিপি সাবধানে রাখিয়া দিতে হইবে।

দেওয়ানী।

৯ নম্বর। ১৮৮০ সাল ১৭ জানুয়ারি।

নিম্নে যাহার প্রতিলিপি প্রদত্ত হইল, রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের সেই পত্রে যে অনুরোধ আছে তদনুসারে জজ সাহেবেরা আদেশ করিতেছেন যে, অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তিদের সম্পত্তির অধ্যক্ষতা ভার গ্রহণ করুন এই প্রার্থনায় ১৮৭৯ সালের ৯ আইনের ১০ ধারামতে কোর্ট অব ওয়ার্ডসের উদ্দেশে যে প্রার্থনাপত্র লিখিত হয়, দেওয়ানী আদালতের অধ্যক্ষতাপ্রাপ্ত কর্তৃপক্ষ তাহা খামের মধ্যে করিয়া উক্ত কোর্টে পাঠাইবার নিমিত্ত কালেক্টর বা স্থলবিশেষে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন।

হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের প্রতি নিম্নপ্রদেশস্থ রেবিনিউ বোর্ডের একটিং সেক্রেটরী শ্রীযুত আর, এচ, উইলসন সাহেবের পত্র।—১১২৯ A নং, কোর্ট উইলিয়ম, ১৮৭৯ সাল ১৩ ডিসেম্বর।

আমি আদেশপ্রাপ্ত হইয়া আপনাকে জানাইতেছি যে, অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সম্পত্তির অধ্যক্ষতা ভার গ্রহণ করুন বলিয়া কোর্ট অব ওয়ার্ডকে অনুরোধ করিয়া ১৮৭৯ সালের বঙ্গীয় ৯ আইনের ১০ ধারামতে দেওয়ানী আদালত হইতে যে প্রার্থনাপত্র দেওয়া যায়, উক্ত আইনের ১৫ ধারামতে কোর্ট অব ওয়ার্ডস (১৮৭৯ সালের ১০ নবেম্বরের ২৩১৩—৮৯৯L. R., নং গবর্ণমেণ্টের আজ্ঞাভুক্ত) শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি ক্রমে সেই প্রার্থনাপত্র কমিশ্যনর সাহেবের ও বোর্ডের নিকট পাঠাইবার নিমিত্ত তাহা গ্রহণ করিবার ক্ষমতা কালেক্টর ও ডেপুটী কমিশ্যনর সাহেবদের প্রতি অর্পণ করিয়াছেন।

২। এই নিমিত্ত আমি অনুরোধ করিতেছি যে, মান্যবর শ্রীযুত জজ সাহেবেরা সমুদয় দেওয়ানী আদালতের প্রতি আদেশ দিবেন যে উক্ত প্রার্থনাপত্র কালেক্টর ও ডেপুটী কমিশ্যনর সাহেবদের নিকট পাঠান যায়।

৩। তাহা হইলে সময় ক্ষয় নিবারণার্থ বোর্ড আদেশ করিবেন যে, কোন কালেক্টর সাহেব উক্তরূপ প্রার্থনাপত্র পাইলে অবিলম্বে ঐ সম্পত্তির অবস্থাসম্বন্ধে আবশ্যক তদন্ত করিবেন, এবং কোর্ট অব ওয়ার্ডস উক্ত সম্পত্তির অধ্যক্ষতাভার গ্রহণ করিবেন কি না ইহা বুঝিতে পারিবার নিমিত্ত উক্ত কোর্টের যদ্রূপ আবশ্যক হয় ঐ প্রার্থনাপত্রের সহিত তদ্রূপ রিপোর্ট পাঠাইবেন।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A AND B. L., *Bengali Translator.*

রাজস্ব বিষয়ক সরক্যুলর।

১৮৮০ সাল জানুয়ারি মাস।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

১ নম্বর।

দেওয়ানী মোকদ্দমা সম্পর্কীয় নিম্নলিখিত বিধির প্রতি দেশখণ্ডের ও জিলার কর্তৃপক্ষদের বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের যে দ্বিতীয় বালাম এক্ষণে মুদ্রিত হইতেছে, এই বিধি তাহাতে সংযোগ করা গিয়াছে। জিলার কর্তৃপক্ষেরা তাঁহাদের কর্তৃত্বাধীন মহালের কার্য্যাধ্যক্ষদের অবগতি ও উপদেশ নিমিত্ত এই বিধি পাঠাইবেন।

(ক) রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রণীত দেওয়ানী মোকদ্দমা চালাইবার বিধির ১৬ ধারার প্রতি মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। ঐ ধারামতে কোন২ মোকদ্দমা রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া চালান বা উপস্থিত করা যাইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৫ মে।]

(*b*.) Clause 1 of that rule refers to Government suits as well as Wards' suits; clause 2 to Wards suits only. To the institution of such suits, as well as to their being conducted withou reference to the Legal Remembrancer, the sanction of the Commissioner will in each case be necessary. After institution, Government suits (in all cases), and Wards' suits as a general rule, will be conducted by the Collector under the supervision of the Commissioner; but in the case of large estates with experienced Managers, the conduct of such suits may, with the sanction of the Commissioner, be left to Managers.

(*c*.) Collectors or Managers before instituting or defending such suits should obtain the opinion of the local pleader employed by them, and should be careful not to enter upon any suit without reference to the Legal Remembrancer or Board, which may probably involve important issues.

(*d*.) The Board's previous sanction will not be requisite; but to enable them to exercise a general supervision over this litigation, a quarterly return—No. XXIG, pages 299 and 301, Volume I, Board's Rules—must be submitted for each district, through the Commissioner, in the form given below. The return will be in three Parts, of which the first two will not be in tabular form.

(*e*.) The return will be due in the Commissioner's Office on the 15th July, October, January, and April; and in the Board's Office on the 1st August, November, February, and May, respectively.

(*f*.) Commissioners should review the returns when forwarding them in all cases in which they show an unfavourable result.

(*g*.) Whenever the Commissioner sees reason to apprehend that any case is likely to assume unforeseen importance, he should call for such information as will enable him to judge whether the advice of the Legal Remembrancer is necessary, and if such advice seems necessary, should forward the papers to the Legal Remembrancer.

(*h*.) Whenever an appeal appears to be necessary in a case conducted without reference to the Legal Remembrancer, a reference should be made to the Board so as, if possible, to admit of their passing orders in time for the institution of the appeal; but if orders are not received in time, the appeal may be instituted.

(*i*.) The papers sent up should be—

1. Copy of plaint.
2. Copy of reply.
3. Copy of decision.
4. Copy of grounds of appeal.
5. Copy of Government pleader's opinion.
6. Collector's remarks.

(*j*.) No appeal can, under any circumstances, be made to the High Court without reference to the Legal Remembrancer.

2. The first return to be submitted to the Board under rule (*d*) above, will be for the quarter ending 31st March 1880.

3. The following additions should be made in the list of periodical returns at pages 299 and 301 of Volume I of the Board's Rules, new edition:—

Under the head of Quarterly Returns to be furnished by all District Officers, in page 299, add "Court of Wards' suits conducted without reference to the Legal Remembrancer, under rule 16, section I of the Legal Remembrancer's Rules regarding civil suits.—XXI G."

The same addition should be made under the head of Quarterly Returns to be forwarded by Commissioners to the Board, in page 301.

Return of Court of Wards' suits conducted without reference to the Legal Remembrancer under Rule 16, Section I, of the Legal Remembrancer's Rules for the quarter ending .

PART I.

Suits instituted during the quarter under report.

This Part will not be in tabular form. The suits will be entered consecutively. Information will be given regarding each suit under the following heads, as far as the suit has progressed during the quarter under report:—

1. Serial number of the suit in the return.
2. Court in which suit is instituted, and number of suit in that Court.
3. Date of institution.
4. Name of Ward's estate.
5. Names of parties.
6. Value of suit.
7. Purport of plaint.
8. Date of filing defence.
9. Purport of defence.

[*Government Gazette*, 25*th May* 1880.]

(খ) ঐ ধারার প্রথম প্রকরণে গবর্ণমেন্টের ও রাজানুপালিত ব্যক্তিদের মোকদ্দমার ও দ্বিতীয় প্রকরণে কেবল রাজানুপালিত ব্যক্তিদের মোকদ্দমার কথা আছে। উক্তরূপ মোকদ্দমা উপস্থিত করিতে ও রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া চালাইতে হইলে, প্রত্যেক স্থলে কমিশ্যনর সাহেবের অনুমতি আবশ্যক হইবে। মোকদ্দমা উপস্থিত করা গেলে, কমিশ্যনর সাহেবের তত্ত্বাবধানের অধীনে কালেক্টর সাহেব গবর্ণমেন্টের মোকদ্দমা সকল স্থলেই ও রাজানুপালিত ব্যক্তিদের মোকদ্দমা সামান্যতঃ চালাইবেন; কিন্তু কোন বৃহৎমহালের বহুদর্শী কার্য্যাধ্যক্ষ থাকিলে, কমিশ্যনর সাহেবের অনুমতিক্রমে উক্তরূপ মোকদ্দমা চালাইবার ভার উক্ত কার্য্যাধ্যক্ষের উপর রাখা যাইতে পারিবে।

(গ) উক্তরূপ মোকদ্দমার অনুষ্ঠান বা প্রতিবাদ করিবার পূর্ব্বে কালেক্টর সাহেব বা কার্য্যাধ্যক্ষ যে স্থানীয় উকীলকে নিযুক্ত করেন তাঁহার মত লইবেন, এবং যে মোকদ্দমায় গুরুতর কথা উঠিবার সম্ভাবনা রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে বা বোর্ডের সাহেবদিগকে জিজ্ঞাসা না করিয়া তদ্রূপ কোন মোকদ্দমায় প্রবৃত্ত হইবেন না।

(ঘ) বোর্ডের পূর্ব্বানুমতি আবশ্যক হইবে না; কিন্তু এইরূপ মোকদ্দমার যাহাতে তাঁহারা সাধারণ তত্ত্বাবধান করিতে পারেন তজ্জন্য প্রত্যেক জিলার নিমিত্ত বোর্ডের বিধিপুস্তকের ১ বালামের ২৯৯ ও ৩০১ পৃষ্ঠার ২১ ঌ নম্বর ত্রৈমাসিক রিটর্ণ নিম্নলিখিত পাঠে কমিশ্যনর সাহেব দ্বারা পাঠাইতে হইবে। রিটর্ণের তিন ভাগ থাকিবে তন্মধ্যে প্রথম দুই ভাগ টেবিলের অর্থাৎ নক্সার আকারে হইবে না।

(ঙ) ঐ রিটর্ণ কমিশ্যনর সাহেবের আফিসে জুলাই ও অক্টোবর ও জানুয়ারি ও আপ্রিল মাসের ১৫ তারিখে এবং বোর্ডের আফিসে আগষ্ট ও নবেম্বর ও ফেব্রুয়ারি ও মে মাসের ১ তারিখে দিতে হইবে।

(চ) রিটর্ণে ভাল কল দৃষ্ট না হইলে তাহা পাঠাইবার সময়ে কমিশ্যনর সাহেব তাহার সমালোচনা করিবেন।

(ছ) কোন মোকদ্দমার অদৃষ্টপূর্ব্ব গুরুত্ব হইয়া উঠিবার সম্ভাবনা, কমিশ্যনর সাহেব এরূপ আশঙ্কা করিবার কারণ দেখিলে, রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের উপদেশ লওয়া আবশ্যক কি না ইহা বিচার করিয়া দেখিবার নিমিত্ত যে বিবরণের প্রয়োজন হয় তিনি তাহা চাহিয়া পাঠাইবেন, এবং উক্ত উপদেশ আবশ্যক বোধ হইলে, কাগজপত্র রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের নিকট পাঠাইবেন।

(জ) রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া যে মোকদ্দমা চালান যায় তাহাতে আপীল করা আবশ্যক বোধ হইলে, বোর্ডের সাহেবদিগকে এরূপে ঐ কথা জানাইতে হইবে যে সম্ভবতঃ তাঁহারা আপীল উপস্থিত করিবার সময় থাকিতে আজ্ঞা দিতে পারেন; কিন্তু সময়ে আজ্ঞা না পাওয়া গেলে আপীল উপস্থিত করা যাইতে পারিবে।

(ঝ) এই ২ কাগজ উপরে পাঠাইতে হইবে,

১। আরজীর বা আবেদনপত্রের নকল।

২। জবাবের বা উত্তরের নকল।

৩। রায়ের বা নিষ্পত্তির নকল।

৪। আপীলের হেতুর নকল।

৫। গবর্ণমেন্টের উকীলের মতের নকল।

৬। কালেক্টর সাহেবের মন্তব্য।

(ঞ) রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া, যে কোন অবস্থায় হউক, হাই কোর্টে আপীল করা যাইতে পারিবে না।

২। ১৮৮০ সালের ৩১ মার্চ তারিখে যে ত্রৈমাসের শেষ, সেই ত্রৈমাসের নিমিত্ত উপরিলিখিত (ঘ) প্রকরণমত প্রথম রিটর্ণ বোর্ডে পাঠাইতে হইবে।

৩। বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ১ বালামের ২৯৯ ও ৩০১ পৃষ্ঠায় সাময়িক রিটর্ণের ফর্দ্দে নিম্নলিখিত সংযোগ করিতে হইবে।

২৯৯ পৃষ্ঠায় জিলার কর্ত্তৃপক্ষদের যে ২ ত্রৈমাসিক রিটর্ণ দিতে হইবে, এই শীর্ষকের নিম্নে "রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রণীত দেওয়ানী মোকদ্দমা চালাইবার বিধির ১ পরিচ্ছেদের ১৬ ধারামতে রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া কোর্ট অব ওয়ার্ডসের মোকদ্দমা চালান সম্বন্ধীয় ২১ ঌ নং" এই ২ কথা যোগ করিতে হইবে।

৩০১ পৃষ্ঠায় কমিশনর সাহেবদের বোর্ডে যে ২ ত্রৈমাসিক রিটর্ণ পাঠাইতে হইবে, এই শীর্ষকের নিম্নে ঐসকল কথা যোগ করিতে হইবে।

রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রণীত বিধির ১ পরিচ্ছেদের ১৬ ধারামতে অমুক তারিখ পর্য্যন্ত ত্রৈমাসে রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া কোর্ট অব ওয়ার্ডসের যে সকল মোকদ্দমা চালান যায় তাহার রিটর্ণ।

প্রথম ভাগ।

যে ত্রৈমাস সম্বন্ধে রিপোর্ট হইতেছে তন্মধ্যে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায়।

এই ভাগ নক্সার আকারে হইবে না। ক্রমানুসারে মোকদ্দমাগুলি লেখা থাকিবে। যে ত্রৈমাস সম্বন্ধে রিপোর্ট হইতেছে তন্মধ্যে মোকদ্দমার কার্য্য যত দূর চলিয়াছে, ততদূর পর্য্যন্ত প্রত্যেক মোকদ্দমা সম্বন্ধে নিম্নলিখিত শীর্ষকানুযায়ী সংবাদ দিতে হইবে।

১। রিটর্ণে মোকদ্দমার ক্রমিক নম্বর।

২। যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায়, ও উক্ত আদালতে মোকদ্দমার নম্বর।

৩। মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ।

৪। রাজানুপালিত মহালের নাম।

৫। পক্ষদের নাম।

৬। যত মূল্যের মোকদ্দমা।

৭। আবেদনপত্রের মর্ম্ম।

৮। জবাব দাখিল করিবার তারিখ।

৯। জবাবের মর্ম্ম।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৫ মে।]

10. Issues fixed, if any, or any other material order passed during the quarter under report.
11. Reference to any correspondence which may have passed with the Board in connection with the subject of the suit.

PART II.

Progress made during the quarter ending , in suits instituted in quarters previous to that under report.

This Part will not be in tabular form. Each suit will be entered consecutively, and for each suit the following particulars will be given:—

1. Specification of the quarter in which the suit appeared in Part I, with its serial number in Part I of that quarter.
2. Names of parties.
3. Reference to any entries relating to this suit, in Part II of previous quarter.
4. Brief account of the progress made during the quarter under report, with purport of defence filed, issues fixed, and of any important orders passed or steps taken.
5. If the suit is decided, the purport of decision, the amount of decree, order as to costs, by whom payable, and other details.

PART III.

Pending suits in which no material progress has been made during the quarter under report.

This Part will be in tabular form, the headings of the columns being as follows:—

1. Reference to the last entry of the suit in Parts I, II, or III.
2. Names of parties.
3. Stage at which the suit had arrived at the end of the quarter previous to that under report.
4. Explanation of want of progress in the disposal of the suit in the quarter under report.

N. B.—Where several suits are similar in their circumstances, such as suits for rent for a particular period, they need not be entered separately. It will be sufficient to enter one typical suit in detail, with a note that there are so many other similar suits pending in the same court.

HON'BLE C. T. BUCKLAND.

No. 2.

THE provision contained in section 42 of Act IV (B.C.) of 1870, that all persons employed in the management of the estate of any ward shall be deemed to be officers in the pay of Government, having been omitted from the new Court of Wards Act, IX (B.C.) of 1879, all Revenue Officers are informed that agreements or other instruments executed by employés under the Court of Wards for the due discharge of their duties, do not now come under article 12 (*b*), schedule II, of the Indian Stamp Act, 1879, which exempts from stamp duty instruments executed by officers of Government, or their sureties, to secure the due execution of an office.

No 3.

THE following rule is added to section 2 of the Board's Excise Rules:—

14*a*.—A fee of Rs. 2 (two) should be levied for the issue of a duplicate license. The amount should be credited under the head of Miscellaneous Excise Revenue.

Erratum.

IN Board's circular order No. 4 for September 1879, substitute "Return No. XXIX" for "Return No XIX."

HON'BLE H. L. DAMPIER.

No. 4.

UNDER clause 29 of the Rules issued by Government for the lease of Waste Lands in the Sundarbans, *vide* notification of 12th November, published in the *Calcutta Gazette* of 19th November 1879, the Board hereby prescribe the appended forms for use—

I.—Register of applications as required by rule 5.

II.— Ditto of leases as required by rule 28.

III.—Form of lease under rule 5.

2 Under clause 2 of the terms of lease, the Board declare that the rates of assessment shewn in the annexed schedule shall be those subject to which the different lots of land available for lease in the Sundarbans shall be leased under these rules.

[*Government Gazette*, 25*th May* 1880.]

১০। যদি কোন ইসু ধার্য্য করা যায় তাহা, ও যে ত্রৈমাস সম্বন্ধে রিপোর্ট হইতেছে তন্মধ্যে অন্য কোন প্রয়োজনীয় আজ্ঞা হইয়া থাকিলে তাহা।

১১। মোকদ্দমার বিষয় লইয়া বোর্ডের সহিত চিটিপত্র চলিয়া থাকিলে তাহার উল্লেখ।

দ্বিতীয় ভাগ।

রিপোর্টের পূর্ব্ব ত্রৈমাসে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায়, অমুক তারিখ পর্য্যন্ত ত্রৈমাসে তাহা যতদূর অগ্রসর হইয়াছে, এই ভাগ লতার আকারে হইবে না। প্রত্যেক মোকদ্দমার কথা একাদিক্রমে লেখা যাইবে, এবং প্রত্যেক মোকদ্দমা সম্বন্ধে নিম্নলিখিত বিবরণ প্রদত্ত হইবে।—

১। যে ত্রৈমাসে মোকদ্দমা প্রথম ভাগে দেখা যায় তাহার নির্দ্দেশ ও উক্ত ত্রৈমাসের প্রথম ভাগে উহার যে ক্রমিক নম্বর ছিল তাহা।

২। পক্ষদের নাম।

৩। পূর্ব্ব ত্রৈমাসের দ্বিতীয় ভাগে এই মোকদ্দমা সম্বন্ধে কোন কথা লেখা থাকিলে তাহার উল্লেখ।

৪। যে জবাব দাখিল, যে ইসু ধার্য্য ও যে প্রয়োজনীয় আজ্ঞা কৃত বা উপায় অবলম্বিত হয়, তাহার মর্ম্মসহ মোকদ্দমা রিপোর্টের ত্রৈমাস যত দূর পর্য্যন্ত চলিয়াছে তাহার সংক্ষেপ বিবরণ।

৫। মোকদ্দমার নিষ্পত্তি হইয়া থাকিলে, নিষ্পত্তির মর্ম্ম, যত টাকার ডিক্রী, খরচা সম্বন্ধে আজ্ঞা যাহার দিতে হইবে ও অন্যান্য বিস্তারিত বিবরণ।

তৃতীয় ভাগ।

যে সকল উপস্থিত মোকদ্দমা সম্বন্ধে রিপোর্টের ত্রৈমাসমধ্যে বিশেষ কোন কার্য্য হয় নাই।

এই ভাগ লতার আকারে হইবে, যরের শীর্ষকগুলি পশ্চাল্লিখিতরূপ হইবে।

১। প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় ভাগে মোকদ্দমার কথা শেষবার লিখিবার উল্লেখ।

২। পক্ষদের নাম।

৩। রিপোর্টের পূর্ব্ব ত্রৈমাসের শেষে মোকদ্দমা যে অবস্থায় দাঁড়াইয়াছিল।

৪। রিপোর্টের ত্রৈমাসে মোকদ্দমার নিষ্পত্তি সম্বন্ধে কার্য্য না হইবার কৈফিয়ত।

মন্তব্য।—কোন বিশেষ কালের খাজানার মোকদ্দমার ন্যায় নানা মোকদ্দমা সদৃশাবস্থাপন্ন হইলে সমুদয় গুলির কথা স্বতন্ত্ররূপে লিখিবার প্রয়োজন নাই। বিস্তারিতরূপে একটি আদর্শ মোকদ্দমার কথা লিখিয়া সেই আদালতে তাদৃশ এত গুলি মোকদ্দমা উপস্থিত আছে, এই রূপ মন্তব্য করা লিখিলেই চলিবে।

মান্যবর শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

---

২ নম্বর।

১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইনের ৪২ ধারার বিধান ছিল যে, রাজানুপালিত কোন ব্যক্তির মহালের অধ্যক্ষতা কার্য্যে যে সকল ব্যক্তি নিযুক্ত থাকেন তাঁহারা গবর্ণমেণ্টের বেতনভোগী কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন। কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক নূতন আইনে অর্থাৎ ১৮৭৯ সালের বঙ্গীয় ৯ আইনে এই বিধান না থাকাতে, রাজস্বসংক্রান্ত কার্য্যকারক সকলকে জানান যাইতেছে যে, কোর্ট অব ওয়ার্ডসের অধীনে নিযুক্ত ব্যক্তিরা নিয়মিতরূপে আপন২ কর্ম্ম সম্পাদনার্থ যে চুক্তিপত্র বা অন্য নিদর্শনপত্র লিখিয়া দেন, তাহা ভারতবর্ষীয় ষ্ট্যাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের ২ তফসীলের ১২ (খ) প্রকরণের মধ্যে পড়ে না। গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা বা তাঁহাদের জামিনেরা নিয়মিতরূপে কোন পদের কার্য্য সম্পাদন হইবার নিমিত্ত যে নিদর্শনপত্র লিখিয়া দেন, ঐ প্রকরণে তাহা ষ্ট্যাম্প মাসুল হইতে মুক্ত হইয়াছে।

---

৩ নম্বর।

বোর্ডের আবকারী বিধির ২ পরিচ্ছেদে নিম্নলিখিত ধারা যোগ করিতে হইবে।—

১৪ ক। দোকান লাইসেন্স দিবার নিমিত্ত ২৲ দুই টাকা ফী লওয়া যাইবে। বিবিধ আবকারী রাজস্বের ঘরে ঐ টাকা জমা দেওয়া যাইবে।

অশুদ্ধ শোধন।

১৮৭৯ সালের সেপ্টেম্বর মাসের বোর্ডের ৪ নম্বর সরকুলর অডরে "১৯" এই অঙ্কের পরিবর্ত্তে "২৯" এই অঙ্ক দিবে।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

৪ নম্বর।

সুন্দরবনের পতিত ভূমির পাট্টা দিবার যে বিধি গবর্ণমেণ্ট প্রচারিত করিয়াছেন (১৮৭৯ সালের ১৬ ডিসেম্বরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ১২ নবেম্বরের বিজ্ঞাপন দেখ), সেই বিধির ২৯ ধারামতে বোর্ড ব্যবহারের নিমিত্ত নিম্নলিখিত পাঠ নির্দ্দেশ করিলেন।

১।—৫ ধারার আদেশমত প্রার্থনাপত্রের রেজিষ্টর।

২।—২৮ ধারার আদেশমত পাট্টার রেজিষ্টর।

৩।—৫ ধারামত পাট্টার পাঠ।

২। পাট্টার নিয়মের ২ দফামতে বোর্ড প্রকাশ করিতেছেন যে, এতৎ সংযুক্ত তপসীলে রাজস্ব ধার্য্য করিবার যে হার আছে, তদনুসারে সুন্দরবনের পাট্টা দিবার যোগ্য ভূমির ভিন্ন২ লাট এই বিধিমতে পাট্টা করিয়া দেওয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২১ মে।]

3. Further, under rule 5 of the Rules for cultivation leases of plots of waste land not exceeding 200 beeghas in extent in the Sundarbans, the Board also prescribe the following forms, of which samples are annexed:—

(A) Register of amalnamahs as required by rule 5.

(B) Ditto of leases as required by rule 5.

(C) Form of lease under rule 4.

I.

Register of applications for Leases under Rule 5 of the Sundarban Waste Land Rules.

Consecutive number of application and date.	Number of lot and name of mehal in Lieutenant Hodges' map.	Name and residence of applicant.	Number of entry in Register No. 17 under which the lands are included.	District, sub-division, and thana in which situated.	Estimated area and boundaries.	Estimated cost of—	Date of deposit of amount shewn in column 7.	Date of completion of survey or demarcation.	Date of issue of notice under section 17 of Rules.	Number and date of lease	REMARKS.
1	2	3	4	5	6	7	8	9	10	11	12
						Survey					
						Demarcation					
						Clearing lines					
						Temporary boundary marks.					
						Advertisement ..					
						Total Rs.					

II.

Register of Leases prescribed by the Board of Revenue in accordance with Rule 28 of the Rules for the lease of Sundarban Waste Lands.

Number and date of the lease.	Number of entry in Register No. 17 under which the lands are included	Number of lot or name of mehal in Lieutenant Hodges' map.	Name and residence of lessee	District, sub-division, and thana in which situated.	Area in standard beeghas of 80 cubits square and in acres.	BOUNDARIES.	Date from which the rent-free period and clearing condition to be reckoned.	Area to be cleared and date on which inspection falls due.	Date on which the inspection was made.	REMARKS.
1	2	3	4	5	6	7	8	9	10	11
								Area ...		
						North		Date ..		
						East				
						South				
						West				

[*Government Gazette, 25th May* 1880.]

৩। আর, সুন্দরবনে ২০০/ বিঘার অনধিক পরিমাণের পতিত ভূমিখণ্ডের কৃষিকার্য্যার্থ পাট্টা বিষয়ক বিধির ৫ ধারামতে বোর্ড নিম্নলিখিত পাঠও নির্দ্দেশ করিলেন, এই সকল পাঠের আদর্শ এই সঙ্গে দেওয়া গেল।

৫ ধারার আদেশমত আমলনামার (A) রেজিষ্টর।

৫ ধারার আদেশমত পাট্টার (B) রেজিষ্টর।

৪ ধারামত পাট্টার (C) পাঠ।

১

সুন্দরবনের পতিতভূমি বিষয়ক বিধির ৫ ধারামত পাট্টার প্রার্থনাপত্রের রেজিষ্টর।

প্রার্থনাপত্রের ক্রমিক নম্বর ও তারিখ।	সেটেলমেণ্ট হইতেছে সার্টিফিকেটের অন্তর্গত লাটের নম্বর ও মহালের নাম।	প্রার্থিকের নাম ও বাসস্থান।	১৭ নং রেজিষ্টরের যে নিশানের মধ্যে ভূমি হয় তাহার নম্বর।	যে জিলার যে মহকুমার যে থানার মধ্যে থাকে।	আনুমানিক পরিমাণ ও সীমা।	আনুমানিক ব্যয়।	৭ ঘরের লিখিত টাকা আমানত করিবার তারিখ।	জরীপ করা বা চিহ্ন দেওয়া শেষ হইবার তারিখ।	বিধির ১৭ ধারামতে নোটিস দিবার তারিখ।	পাট্টার নম্বর ও তারিখ।	মন্তব্য।
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
						জরীপ করিবার ... চিহ্ন দিবার ... পথ পরিষ্কার করিবার ... সীমার চিহ্নের জন্য অল্পকাল স্থায়ি বেড়া দিবার ... ইশতিহার দিবার ... মোট ...					

২

সুন্দরবনের পতিত ভূমির পাট্টা দিবার বিধির ২৮ ধারামতে রেবিনিউ বোর্ডের নির্দ্দিষ্ট পাট্টার রেজিষ্টর।

পাট্টার নম্বর ও তারিখ।	১৭ নম্বর রেজিষ্টরের যে নিশানের মধ্যে ভূমি হয় তাহার নম্বর।	সেটেলমেণ্ট হইতেছে সার্টিফিকেটের অন্তর্গত লাটের নম্বর বা মহালের নাম।	পাট্টাদারের নাম ও বাসস্থান।	যে জিলার যে মহকুমার যে থানার মধ্যে থাকে।	বর্গ ৬০ হাতের বিঘায় ও একরে যে পরিমাণ হয় তাহা।	সীমা।	যে তারিখ অবধি নিষ্কর কাল ও পরিষ্কার করিবার নিয়ম হইতেছে।	যে পরিমাণ পরিষ্কার করিতে হইবে ও যে তারিখে পরিদর্শন হইবার কথা।	যে তারিখে পরিদর্শন হইয়াছে।	মন্তব্য।
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
						উত্তর ... ... পূর্ব্ব ... ... দক্ষিণ ... ... পশ্চিম		পরিমাণ ... তারিখ ...		

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৫ মে।]

III.

Form of Lease under Rule 5 of the Rules for the lease of Waste Lands in the Sundarbans.

THIS lease is granted by the Secretary of State for India in Council to his heirs, executors, administrators, and assigns, for the term of 40 years from the day of 18 for that portion of waste land in the Sundarbans estimated to contain beeghas, described as and bounded as follows: —

On the north
On the east
On the south
On the west

The conditions of this lease are—

First.—That one-fourth of the entire area leased shall be for ever exempted from assessment as an estimated allowance for unassessable area, such as that occupied by water-courses, creeks, tanks, roads, the space required for the construction of the lessee's embankments, dams, towpaths, &c., and for irreclaimable waste land.

Second.—That the remaining three-fourths of the area leased shall be held free of assessment for ten years from the , and shall be subject thereafter to annual payment at the following rates, namely :—

From the beginning of the 11th to the end of the 15th year, annas the beegha of 1,600 square yards.

From the beginning of the 16th to the end of the 20th year, annas the beegha of 1,600 square yards.

From the beginning of the 21st to the end of the 40th year, annas the beegha of 1,600 square yards.

Third.—That one-eighth of the entire area leased, as recorded in the lease, shall be cleared, and shall be in a state fit for cultivation at the end of the fifth year reckoning from 18 ; and that at any time after the expiration of the said fifth year the Sundarbans Commissioner or other officer appointed by Government, or any person authorized by him, may enter upon the land, and cause it to be measured for the purpose of ascertaining whether this condition has been fulfilled.

Fourth.—That, on failure to comply with the above clearing condition, the lessee shall forfeit all rights in the land under the present lease, and the Government shall have the right of immediate re-entry: provided that, if the lessee shall give up the lease to the Sundarbans Commissioner or other officer appointed by Government, within one month of the date on which notice of such forfeiture shall be given to him, and shall demand a fresh lease, such fresh lease shall be given to him on the following conditions—namely, that the lessee shall forfeit all claim to continued possession of land free of assessment, and that his holding shall at once become liable to an annual payment at the lowest rate of assessment fixed in the present lease, and shall continue liable to payment at such rate for the remaining free term of the lease, and shall also be liable to a payment at a rate 20 per centum higher than that which has been fixed in the present lease for each period up to the termination of the settlement.

Fifth.—That, in the event of the lessee failing to demand such fresh lease, and to execute the corresponding agreement, the entire area comprised in the present lease shall be resumed by the Government which shall enter into possession at once, and the lessee shall forfeit all right and interest in the lands, both those which may still be uncleared and those which may have been cleared and brought into cultivation.

Sixth.—That the amount of assessment due on the land shall be paid according to the fixed instalments to the Collector of the district.

Seventh.—That all arrears of assessment due on the land shall be recoverable as arrears of revenue due on temporarily-settled estates according to any law for the time being in force.

Eighth.—That, upon or at any time after the expiration of the term of 40 years hereby granted, reckoning from , this lot shall be open to resettlement for a period of 30 years on such terms as the Government shall think fit, provided that the assessment shall not be fixed higher than the rates which would be paid by cultivating ryots in the neighbourhood for land growing the ordinary crops of the country, less 30 percentum to be

৩

সুন্দরবনের পতিত ভূমির পাট্টা দিবার বিধির ৫ ধারামত পাট্টার পাঠ।

ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব ১৮ সালের অমুক মাসের অমুক তারিখ অবধি ৪০ বৎসর মিয়াদে অমুক নামে বর্ণিত নিম্নলিখিত সীমার অন্তর্গত আনুমানিক এত বিঘা পরিমিত সুন্দরবনের পতিত ভূমিখণ্ডের এই পাট্টা শ্রীঅমুককে ও তাঁহার উত্তরাধিকারি ও অছি ও ধনাধ্যক্ষ ও প্রতিনিধিদিগকে দিলেন:—

উত্তর সীমা

পুর্ব্বসীমা

দক্ষিণ সীমা

পশ্চিম সীমা

এই পাট্টার এই২ নিয়ম ;—

১।—যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের চারিভাগের এক ভাগ জলস্রোত, খাড়ী, পুষ্করিণী, পথ, পাট্টাদারের বাঁধ প্রস্তুত করণার্থ প্রয়োজনীয় স্থান, জলবন্ধক, গুণটানিবার পথ প্রভৃতি ও অন্যান্য পতিত ভূমি বলিয়া কর ধার্য্য হইবার অযোগ্য, ইত্যনুমানে তাহার উপর কস্মিন্ কালে কর ধার্য্য হইবে না।

২।—অবশিষ্ট তিন ভাগ অমুক তারিখ অবধি দশবৎসর পর্য্যন্ত নিষ্কর ভোগ করা যাইবে, ও তাহার পর ঐ ভূমির নিম্নলিখিত হারে বার্ষিক রাজস্ব দিতে হইবে, অর্থাৎ,

১১ বৎসরের প্রারম্ভ অবধি ১৫ বৎসরের শেষপর্য্যন্ত ১৬০০ বর্গ গজ পরিমিত বিঘা প্রতি এত আনা।

১৬ বৎসরের প্রারম্ভ অবধি ২০ বৎসরের শেষ পর্য্যন্ত ১৬০০ বর্গ গজ পরিমিত বিঘা প্রতি এত আনা।

২১ বৎসরের প্রারম্ভ অবধি ৪০ বৎসরের শেষপর্য্যন্ত ১৬০০ বর্গ গজ পরিমিত বিঘা প্রতি এত আনা।

৩।—পাট্টায় লিখিত যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের আট ভাগের এক ভাগ, ১৮ সালের অমুক তারিখ অবধি গণনা করিয়া পঞ্চম বৎসরের শেষে পরিষ্কার ও আবাদের উপযুক্ত করিতে হইবে। উক্ত বৎসর অতীত হইবার পর কোন সময়ে সুন্দরবনের কমিশ্যনর সাহেব বা গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কার্য্যকারক বা তাঁহার স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি উক্ত ভূমিতে প্রবেশ করিয়া এই নিয়ম পালন হইয়াছে কি না হয়। নিশ্চয় জানিবার জন্যে উক্ত ভূমি মাপ করাইতে পারিবেন।

৪।—ভূমি পরিষ্কার করিবার উক্ত নিয়ম পালনের ত্রুটি হইলে বর্ত্তমান পাট্টানুসারে পাট্টাদারের যে স্বত্ব ছিল তাহা রহিত হইয়া তাহাতে অবিলম্বে গবর্ণমেণ্টের পুনরধিকার স্বত্ব জন্মিবে। কিন্তু পাট্টাদার যে তারিখে স্বত্ব রহিত হইবার নোটিস পান সেই তারিখ অবধি এক মাসের মধ্যে সুন্দরবনের কমিশনর সাহেবকে বা গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কার্য্যকারককে যদি উক্ত পাট্টা ফেরৎ দিয়া নূতন পাট্টা পাইবার প্রার্থনা করেন, তাহা হইলে নিম্নলিখিত নিয়মাধীনে তাঁহাকে সেই পাট্টা দেওয়া যাইবে, অর্থাৎ উক্ত ভূমিতে পাট্টাদারের নিষ্কর ভোগের সকল দাওয়া রহিত হইবে, ও প্রথম পাট্টায় অত্যল্প যে হার ধার্য্য হইয়াছে তিনি অবিলম্বে সেই হারে রাজস্ব দিবেন, ও নিষ্কর ভোগের অবশিষ্ট কাল পর্য্যন্ত উক্ত হারে রাজস্ব দিতে থাকিবেন, ও বন্দোবস্তের শেষ পর্য্যন্ত প্রত্যেক কালের নিমিত্ত প্রথম পাট্টায় যে হার ধার্য্য হইয়াছিল তাহার উপর শতকরা ২’৭ টাকা অধিক হারে রাজস্ব দিবেন।

৫।—পাট্টাদার উক্ত পাট্টা লইতে ত্রুটি করিলে এবং উক্তরূপ এগ্রীমেণ্ট লিখিয়া না দিলে পাট্টায় যত ভূমি লেখা আছে গবর্ণমেণ্ট তৎ সমুদয়ই বাজেয়াপ্ত করিয়া অবিলম্বে দখল করিতে প্রবৃত্ত হইবেন ও যত ভূমি অপরিষ্কৃতাবস্থায় আছে ও যত ভূমি পরিষ্কৃত হইয়া আবাদ করা গিয়াছে তৎসমুদয়ে পাট্টাদারের যে স্বত্ব ও স্বার্থ ছিল তাহা রহিত হইবে।

৬।—উক্ত ভূমির যত রাজস্ব পাওনা থাকে তাহা নিরূপিত কিস্তি অনুসারে জিলার কালেক্টর সাহেবের নিকট দিতে হইবে।

৭।—উক্ত ভূমির যত রাজস্ব বাকী পড়ে তাহা কিয়ৎকালীন বন্দোবস্তী মহালের বাকী রাজস্ব আদায় করণার্থে যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে আদায় করা যাইবে।

৮।—অমুক তারিখ অবধি গণনা করিয়া চল্লিশ বৎসর অতীত হইলে পর গবর্ণমেণ্ট যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মে ত্রিশ বৎসরের নিমিত্ত লাটের পুনঃবন্দোবস্ত করা যাইবে, কিন্তু তন্নিকটবর্ত্তী ভূমির কৃষিকার্য্য রায়তেরা এদেশীয় নিয়মিত শস্যোৎপাদনের ভূমির যে হারে খাজানা দিয়া থাকে তদপেক্ষায় অধিক হারে খাজানা ধার্য্য করা যাইবে না। তাহাহইতে পাট্টাদারের দায়ের ও খাজানা আদায়ের খরচের ও তাঁহার লাভের নিমিত্ত শতকরা ত্রিশ টাকা বাদ দেওয়া যাইবে। যত ভূমির পাট্টা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৫ মে।]

allowed to the lessee to cover the risks and cost of collection and to represent his profits and that the above assessment shall be calculated on the entire area leased, less the one-fourth which is exempted from assessment under the first condition of this lease.

That the land shall be subject to any cesses—such as the district road cess, the public works cess, or any other—in addition to the assessment to be paid; but the liability of the land to these cesses shall be left to the discretion of the local Government after the first period of 40 years' settlement has expired.

Ninth.—That the land shall from time to time be subject to resurvey and reassessment, in accordance with the first clause of the preceding condition, after the expiration of 30 years from any resettlement.

Tenth.—That the land shall be subject to all existing rights of way and water and other easements, and to the following exceptions and reservations which were particularized in the notice of sale of this lease.

Eleventh.—That the right of using all streams and channels in any way navigable shall be reserved to the public, as also the use of a towpath not less than 25 feet in width on each side of every such stream and channel.

That no charge will be made for wood and timber standing on the land at the time it is leased, nor for any wood which may be cut and burnt to effect clearances, or which may be used on the land. But, for wood and timber exported for sale, a duty shall be levied at such rate and in such manner as may from time to time be prescribed by Government.

Twelfth.—That, in the event of any boundary dispute arising between the lessee of this lot and the lessee of any adjoining lot already leased under the Waste Lands Lease Rules, or which may subsequently be leased, the holders of this lease shall be bound to submit such dispute to the decision of the Commissioner in the Sundarbans, or other officer empowered by Government to decide such disputes. That the decision of the Sundarbans Commissioner, or other officer abovenamed, shall be appealable to the Board of Revenue, and the decision of the Board shall be final and binding on the lessees. That the lessee shall have no claim against the Government for compensation or damages in respect of land having been included in this lease which has already been included in some previous lease; but the lessee shall be entitled to proportionate reduction of the assessment in respect of any land covered by this lease which may subsequently be discovered not to have been available for lease.

Thirteenth.—That, on being put in possession of the lot hereby leased, the lessee shall, except where the boundary runs along a river or well-defined nullah, within three months erect masonry pillars or platforms, or such other landmarks as may be required, to the satisfaction of the Sundarbans Commissioner, or other officer appointed by Government, at each point where more than two lots or patches of waste or other properties meet, and large earthen mounds at every angle and at intervals of a hundred yards of the boundary line between such masonry pillars or platforms.

Fourteenth.—That, if the lessee neglect to demarcate the lands as prescribed in the preceding condition, the Commissioner in the Sundarbans, or other officer appointed by Government, shall have the right of entry on the lands, and shall erect the land-marks hereinbefore described, and all costs incurred in that behalf, whether the actual costs of the landmarks, or the expenses incurred for clearing any jungle, or for supervision, or travelling expenses, and all charges whatsoever, shall be recovered from the lessee by the law in force for the time being for the recovery of Government demands, or the recovery of arrears of assessment of the land, as shall be decided upon by the Commissioner in the Sundarbans, or other officer appointed by Government.

Fifteenth.—That, if any land leased under this lease shall hereafter be required for any public purpose, such land, whether cultivated or uncultivated, may be resumed by Government on exempting the lessee from payment of the revenue assessed on the area required, and in the case of cultivated land by further payment of the reasonable cost of bringing the land under cultivation, and on payment of reasonable compensation for the value of any building, &c., which may stand on the lands.

Sixteenth.—That the Government reserves to itself the right to all minerals on the land, together with such rights of way and other reasonable facilities as may be requisite for working, getting, and carrying away such minerals. It also retains its proprietary right in the land, and only confers on the lessee an occupancy right, which shall be hereditary and transferable.

[*Government Gazette*, *25th May* 1880.]

দেওয়া গেল সেই সমুদয় ভূমি হিসাব করিয়া উক্ত কর ধার্য্য হইবে, কিন্তু এই বিধির ১ প্রকরণে চারি ভাগের যে এক ভাগ কর হইতে মুক্ত হইয়াছে তাহা ত্যাগ করা যাইবে।

উক্ত ভূমির যে রাজস্ব দিতে হয় তদতিরিক্ত তাহার প্রদেশীয় পথকর ও পূর্ত্তকার্য্য নিমিত্ত কর বা অন্য কোন কর দিতে হইবে; কিন্তু বন্দোবস্তের প্রথম ২০ বৎসর অতীত হইলে পর উক্ত কর দিবার নিমিত্ত উক্ত ভূমির উপর দায় থাকিবে কি না তাহা স্থানীয় গবর্ণমেন্টের ইচ্ছাধীন থাকিবে।

৯।—পুনঃ বন্দোবস্ত করিবার সময় অবধি ত্রিশ বৎসর অতীত হইলে পর পূর্ব্ব ধারার প্রথমপ্রকরণানুসারে সময়ে২ উক্ত ভূমির পুনর্ব্বার জরীপ করা ও তাহার পুনর্ব্বার খাজানা ধার্য্য করা যাইবে।

১৩২ নম্বর।—লক্ষ্মীপুরের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এফ, সেণ্ট ক্লের গ্রিমউড, সি, এস, সাহেবকে অদ্যকার তারিখের ১৩১ নং বিজ্ঞাপনমতে পরীক্ষা দিবার জন্যে যে ছুটী দেওয়া গেল সেই ছুটী অতীত হইবার তারিখ অবধি তিনি সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৩৩ নম্বর।—আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত গ্রিমউড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছিলটের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এস, জে, ডগলাস সাহেব, সি, এস, লক্ষ্মীপুর জিলায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৮ জুন।]

NOTIFICATION.

The 31*st May* 1880.—The following Civil Hospital Assistants passed the English Qualification Examination held on the 15th April 1880.

Names.	Attached to.
Annoda Lall Bose	Dispensary, Dhenkanal.
Lalla Behari Lall Roy	Settlement Party, Khoorda.
Narain Chunder Biswas	Police Hospital, Midnapore, Officiating.
Annoda Prosad Bhuttacharjee	Charitable Dispensary, Lonesing.
Purno Chandra Chakravarti	Sub-division and Dispensary, Meherpur.
Nibarun Chunder Bhuttacharjee ...	Police Lock-up, Calcutta.
Mau Madhub Mookerjee	Police Hospital, Chupra.
Mohesh Chunder Dhar	Central Jail Hospital, Bhagulpur.
Nil Chunder Bhuttacharjee	Police Hospital, Calcutta.
Mathur Mohun Ghosh	Supernumerary duty, General Hospital, Cuttack.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31*st May* 1880.—The following Civil Hospital Assistants passed the Professional Examination held on the 15th of April 1880.

Names.	Attached to.	Class.	Date of rank.	Date of passing English Qualification according to G. G. O. No. 945 of 7th October 1868.
Beharee Lall Hatee ...	Sub-Division, Pakour ...	2nd class ...	23rd September 1872.	....
Kureem Beg	Dispensary, Darjeeling...	1st „ ...	14th April 1866	1st July 1872.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1*st June* 1880.—It is hereby notified for general information, under Section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal vests in the Commissioners of the Pubna Municipality the Charitable Dispensary situated within the Municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1*st June* 1880.—It is hereby notified for general information, under Section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal vests in the Commissioners of the Serajgunge Municipality in the district of Pubna, the Charitable Dispensary situated within the Municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 8th June* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩১ মে।—১৮৮০ সালের ১৫ আপ্রিলে ইংরেজী ভাষার যোগ্যতার যে পরীক্ষা হয় তাহাতে নিম্নলিখিত সিবিল হাস্পাতালের আসিষ্টাণ্টেরা উত্তীর্ণ হইয়াছেন।

নাম।	যেং স্থানে নিযুক্ত।
অন্নদালাল বসু	ঢেঁকানল ঔষধালয়ে।
লালবিহারী লাল রায়	পূর্ণিয়ার বন্দোবস্তীদলে।
নারায়ণচন্দ্র বিশ্বাস	একটি রূপে মেদিনীপুরের পোলীস হাস্পাতালে।
অন্নদাপ্রসাদ ভট্টাচার্য্য	সোনসিংহ দাতব্য ঔষধালয়ে।
পূর্ণচন্দ্র চক্রবর্ত্তী	মেহেরপুর মহকুমার ও ঔষধালয়ে।
নিবারণচন্দ্র ভট্টাচার্য্য	কলিকাতার পোলীসের কাঁজিঘরে।
মানমাধব মুখোপাধ্যায়	ছাপরার পোলীস হাস্পাতালের।
মহেশচন্দ্র ধর	ভাগলপুরের সদর জেলে।
নীলচন্দ্র ভট্টাচার্য্য	কলিকাতার পোলীস হাস্পাতালে।
মথুরমোহন ঘোষ	কটকের জেনরল হাস্পাতালে অতিরিক্ত কার্য্যে

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩১ মে।—১৮৮০ সালের ১৫ আপ্রিলে কার্য্যদক্ষতার যে পরীক্ষা হয় তাহাতে নিম্নলিখিত সিবিল হাস্পাতালের আসিষ্টাণ্টেরা উত্তীর্ণ হইলেন।

নাম।	যেং স্থানে নিযুক্ত ...	শ্রেণী ...	শ্রেণীবদ্ধের তারিখ।	গবর্ণমেণ্টের ১৮৬৮ সালের ৭ অক্টোবরের ২৪৫ নং সাধারণ আজ্ঞা অনুসারে ইংরেজী ভাষায় যোগ্যতার পরীক্ষোত্তীর্ণ হইবার তারিখ।
বিহারীলাল হাতী ...	পাকুড় মহকুমা ...	২য় শ্রেণী ...	১৮৭২ সালের ২৩ সেপ্টেম্বর।	... ...
করীম বেগ ...	দার্জিলিং ঔষধালয় ...	১ম „ ...	১৮৬৬ সালের ১৪ আপ্রিল।	১৮৭২ সাল ১ জুলাই ...

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, পাবনা মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জ মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৮ জুন।]

NOTIFICATION.

The 1st June 1880.—It is hereby notified for general information, under Section 34, Act V (B.C) of 1876, that the Lieutenant-Governor of Bengal vests in the Commissioners of the Rungpore Municipality the Charitable Dispensary situated within that Municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1st June 1880.—It is hereby notified for general information, under Section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal vests in the Commissioners of the Maheegunge Municipality in the district of Rungpore, the Charitable Dispensary situated within that Municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1st June 1880.—It is hereby notified for general information, under Section 34, Act V (B.C.) of 1876, that the Lieutenant-Governor vests in the Commissioners of the Darjeeling Municipality the Charitable Dispensary situated within that Municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1st June 1880.—In accordance with the provisions of Section 20, Act IV (B.C.) of 1880, the Lieutenant-Governor directs the publication of the following proposed amendment of bye-law No. 1 of the bye-laws for the inland vessels' wharves :—

Present Bye-law.	*Proposed Bye-law.*
1. With the exception hereinafter noted, no vessels not being sea-going vessels shall land or ship any goods at any wharf on the east bank of the river Hooghly between Chitpore Canal and Tolly's Nullah, except at the wharves duly notified by the Commissioners under Section 64 of Act V (B.C.) of 1870.	1. With the exception hereinafter noted, no vessels not being sea-going vessels shall land or ship any goods at any wharf on the east bank of the river Hooghly between the northern boundary of the port and the Government dockyard at Kidderpore, except at the wharves duly notified by the Port Commissioners under Section 64 of Act V (B.C.) of 1870.

H. J. REYNOLDS,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 27th May 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the expense of the Howrah Municipality for a public purpose, viz. for the burial of night-soil within the jurisdiction of the Municipality of Howrah in the village of Chakrabere, Government khas mehal, pergunnah Boro, zillah Hooghly, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 8 beegahs 6 cottahs 3 chittacks of standard measurement, bounded on the north by land of Mati Show; on the south by Circular Road; on the east by a public lane; and on the west by land of Gopinath Bhore, is required within the aforesaid village of Chakrabere within Howrah Municipality.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 8th June* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, রঙ্গপুর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১ জুন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, রঙ্গপুর জিলার অন্তর্গত বাইগঞ্জ মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তি বিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১ জুন।—এতদ্দ্বারা সাধারণের অবগত্যর্থে এই সংবাদ দেওয়া যাইতেছে যে দার্জ্জিলিঙ্গ মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ১৮৮০ সালের বঙ্গীয় ৪ আইনের বিধানানুসারে অভ্যন্তর দেশগামি জাহাজের ওয়ার্ফ বিষয়ক উপবিধির ১ ধারার নিম্নলিখিত প্রস্তাবিত সংশোধন প্রকাশ করিবার আজ্ঞা করিলেন।

বর্ত্তমান ধারা।	প্রস্তাবিত ধারা।
১। কমিশ্যনরেরা ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৬৪ ধারামতে যেং ঘাটের নিয়মিত সম্বাদ দেন, সেইং ঘাট ছাড়া চিৎপুর খালের ও টালির নালার মধ্যে হুগলী নদীর পূর্ব্ব তীরস্থ কোন ঘাটের পশ্চাদ্ভাগে যেং নৌকা বর্জ্জিত হইল তাহাছাড়া সমুদ্রগামি নৌকাদি ভিন্ন কোন নৌকায় মাল তোলা কি নৌকাহইতে মাল নামান যাইবে না।	১। পোর্ট কমিশ্যনরেরা ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৬৪ ধারামতে যেং ঘাটের নিয়মিত সংবাদ দেন সেইং ঘাট ছাড়া বন্দরের উত্তর সীমার ও খিদির পুরস্থ গবর্ণমেণ্টের ডক ইয়ার্ডের মধ্যে হুগলী নদীর পূর্ব্ব তটস্থ কোন ঘাটে, পশ্চাল্লিখিত যেং নৌকা বর্জ্জিত হইল তাহা ছাড়া সমুদ্রগামি নৌকাদি ভিন্ন কোন নৌকায় মাল তোলা কি কোন নৌকা হইতে মাল নামান যাইবে না।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৭ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত বোরপরগনার গবর্ণমেণ্টের খাসমহালে হাবড়া মুনিসিপালিটীর এলাকার অন্তর্গত চক্রবেড় গ্রামে বিষ্ঠা পুঁতিবার জন্যে হাবড়া মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত চক্রবেড় গ্রামে কমিবেশ ন্যূনাধিক ৮।১৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মতি শৌয়ের ভূমি, দক্ষিণ সীমা সরকারের পথ, পূর্ব্বসীমা সরকারী গলী, ও পশ্চিম সীমা গোপীনাথ ভোরের জমী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৮ জুন।]

DECLARATION.

The 29th May 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the expense of the Commissioners of the Municipality of Howrah for a public purpose, viz. for the burial of night-soil in the said Municipality, in the village of Shibpore, pergunnah Paikan, zillah Hooghly, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 5 beeghas 19 cottahs of standard measurement, bounded on the north by land of Dhonemoni Dasi, south by Botanical Garden Lane, east by Laskerparah Lane, and west by land of Kali Mohun Kundoo, is required within the aforesaid village of Shibpore.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3018A.

The 19th May 1880.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Upendro Deo Narayan of his appointment of Honorary Magistrate of the Regular Bench at Chuprah in the district of Sarun.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the above Bench, and are vested with the powers of a Magistrate of the Third Class:—

Moulvi Dost Mahomed, Zemindar.

Baboo Janwar Dass, Banker.

Rai Mohabeer Pershad Shah, Bahadoor, Zemindar.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Serajgunge Bench in the district of Pubna, and are vested with the powers of Magistrate of the Third Class:—

Baboo Kedar Nath Gangooly, Head-master, Serajgunge School.

,, Nidhu Lall Haldar, Assistant Surgeon.

,, Uma Charan Sen, Head Assistant of Messrs. Murdoch & Co., Merchants.

The 21st May 1880.—Moulvi Mahomed Nurool Hossein, Second Subordinate Judge, Tirhoot, now on leave, is appointed to be Second Subordinate Judge of Patna.

Baboo Koylash Chunder Mookerjee, Officiating Second Subordinate Judge, Tirhoot, is confirmed in that appointment.

Baboo Gopal Chunder Banerjee, Officiating Second Moonsif of Patna, is appointed to be a Moonsif in the district of Rungpore, and will be ordinarily stationed at Nelphamaree.

The 26th May 1880.—Moulvi Dulleluddin Ahmed, Deputy Magistrate and Deputy Collector, who has, under separate orders of this date, been posted temporarily to the district of the 24-Pergunnahs, is vested with the powers of a Magistrate of the First Class, and with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

Baboo Gopal Chander Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is vested with the powers of a Magistrate of the First Class.

The 28th May 1880.—Baboo Koylash Chunder Pal, temporary Sub-Deputy Collector, Mymensingh, is vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Nogendro Nath Mitter, temporary Sub-Deputy Collector of Jhenida, in the district of Jessore, is vested with the powers of a Magistrate of the Third Class.

Baboo Aukhoy Coomar Chowdry, Officiating Sub-Deputy Collector of Khoolna, in the district of Jessore, is vested with the powers of a Magistrate of the Third Class.

The 1st June 1880.—Mr. C. F. Magrath, Joint-Magistrate and Deputy Collector, who has, under separate orders of this date, been posted to Patna, is vested with the powers of a Magistrate of the First Class and with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

[*Government Gazette, 8th June* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৯ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত পাইকান পরগনার হাবড়া মুনিসিপালিটীর অন্তর্গত শিবপুর গ্রামে বিষ্ঠা পুঁতিবার জন্যে হাবড়া মুনিসিপালিটীর কমিশ্যনরদের অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত শিবপুর গ্রামে কমিনতে ন্যূনাধিক ৫৮৪ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ধনমণি দাসীর ভূমি, দক্ষিণ সীমা বোটানিকাল গার্ডনলেন, পূর্ব্ব সীমা লস্করপাড়া লেন, ও পশ্চিম সীমা কালীমোহন কুণ্ডুর ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৩০১৮ A নম্বর।

১৮৮০ সাল ১৯ মে।—শ্রীযুত বাবু উপেন্দ্রদেব নারায়ণ সারণ জিলার অন্তর্গত ছাপরার রেগুলর বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেট স্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

নিম্নলিখিত মাহাশয়েরা উপরোক্ত বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জমীদার শ্রীযুত মৌলবী দোস্ত মহম্মদ।
ব্যাঙ্কর শ্রীযুত বাবু জানওয়ার দাস।
জমীদার শ্রীযুত রায় মাহাবীর প্রসাদ শাহ, বাহাদুর।

নিম্নলিখিত মহাশয়েরা পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শেরাজগঞ্জ স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু কেদারনাথ গঙ্গোপাধ্যায়।
আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বাবু বিধুলাল হালদার।
সওদাগর মেসর্স মোর্দ্দক কোম্পানির প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু উমাচরণ সেন।

১৮৮০ সাল ২১ মে।—ছুটী প্রাপ্ত ত্রিহুতের দ্বিতীয় সবর্ডিনেট জজ, শ্রীযুত মৌলবী মহম্মদ নুরুলহুসেন, পাটনার দ্বিতীয় সবর্ডিনেট জজের পদে নিযুক্ত হইলেন।

ত্রিহুতের একটিং দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মুখোপাধ্যায়, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

পাটনার একটিং দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়, রঙ্গপুর জিলার মুনসেফের পদে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ নেলফামারীতে অবস্থাপিত হইবেন।

১৮৮০ সাল ২৬ মে।—অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে কিয়ৎকালের নিমিত্তে ২৪ পরগনা জিলার অবস্থাপিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলাবী দলীলুদ্দীন আহম্মদ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২৮ মে।—ময়মনসিংহের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র পাল তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন!

যশোহরের অন্তর্গত ঝিনিদহের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু নগেন্দ্রনাথ মিত্র তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

যশোহর জিলার অন্তর্গত খুলনার একটিং সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অক্ষয়কুমার চৌধুরী তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১ জুন।—অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে পাটনার অবস্থাপিত জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৮ জুন।]

Baboo Gobind Deb Mookerjee is appointed to act as Moonsif in the district of the 24-Pergunnahs, during the absence, on leave, of Baboo Radha Krishna Sen, or until further orders. Baboo Gobind Deb Mookerjee will be ordinarily stationed at Diamond Harbour.

Mr. C. C. Martyr, Assistant Engineer, Bickram sub-division, is vested with the powers of a Magistrate of the Third Class for the trial of offences under Act V (B.C.) of 1864 and Act III (B.C.) of 1876.

Baboo Radha Krishna Sen, Moonsif of Diamond Harbour, in the district of the 24-Pergunnahs, is allowed leave of absence for three months, under Section 4, Supplement F to the Civil Leave Code.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

LOCAL COMMUNICATIONS.

Dated the 31st May 1880.

No. 98.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India, in supersession of the undermentioned declarations, viz* :—

No. 27, *dated the* 31*st January* 1879. *Nos.* 31 *to* 36 *inclusive, dated the* 3*rd February* 1879.	*Published at pages* 117 *to* 119 *of the* Calcutta Gazette *of the* 5*th February* 1879.
Nos. 153 *and* 154, *dated the* 19*th June* 1879....	*Published at pages* 601 *and* 602 *of the* Calcutta Gazette *of the* 25*th June* 1879.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the repair of the Nattore and Kajlah roads in the villages of Taliemari, Ramchanderpur, Kajlah, Kapasia, Samsadipur, Kalitola *alias* Bilpukhoria, Tarapur *alias* Gopalhatti, and Taraf Shucharan, Miapara *alias* Biralda, and Buneshowar, pergunnah Lushkurpur, zillah Rajshahye; it is hereby declared that for the above purpose 18 pieces of land, measuring, more or less, 5 beeghas 10 cottahs 8 chittacks; 9 beeghas 9 cottahs 8 chittacks; 12 beeghas 10 cottahs; 6 beeghas 16 cottahs 12 chittacks; 1 beegha 14 cottahs 5 chittacks; 3 beeghas 17 cottahs 1 chittack; 21 beeghas 2 cottahs 15 chittacks; 5 beeghas 3 cottahs 10 chittacks; and 5 beeghas 16 cottahs 9 chittacks respectively, of standard measurement are required within the aforesaid villages of Taliemari, Ramchanderpur, Kajlah, Kapasia, Samsadipur, Kalitola *alias* Bilpukhoria, Tarapur *alias* Gopalhatti, and Taraf Shucharan, Miapara *alias* Biralda and Buneshowar.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

ESTABLISHMENT.

The 31*st May* 1880.

No. 99.—*Notification.*—Mr. J. W. Johnson, Executive Engineer, Fourth Grade, resumed charge of the Hazareebagh Division on the fore-noon of the 1st May 1880, on return from the privilege leave granted* to him.

* Bengal Government (Public Works Department) Notification No. 84 of 7th May 1880.

No. 100.—*Promotions.*—The Lieutenant-Governor is pleased to make the following temporary promotions to the rank of Executive Engineer, Fourth Grade :—

With effect from the 1*st January* 1880.

Mr. J. T. Simpson, Assistant Engineer, First Grade, now Executive Engineer, Fourth Grade, Rajshahye Division.

Mr. J. P. Scotland, Assistant Engineer, First Grade, Buxar Division.

Mr. J. H. Toogood, Assistant Engineer, First Grade, Arrah Division.

Mr. J. A. Price, Assistant Engineer, First Grade, temporarily attached to the office of Superintending Engineer, Central Circle.

শ্রীযুক্ত বাবু রাধাকৃষ্ণ সেনের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু গোবিন্দদেব মুখোপাধ্যায়, ২৪ পরগণা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ কলাগাছীতে অবস্থাপিত হইবেন।

বিক্রম মহকুমার আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, সি, বার্টর সাহেব, ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনমত ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৩ আইনমত অপরাধের বিচার করণার্থে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৪ পরগণা জিলার অন্তর্গত কলাগাছীর মুনসেফ শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেন, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয় বর্ত্মানিবিষয়ক।

১৮৮০ সাল ৩১ মে।

৯৮ নম্বর।—নিম্নলিখিত বিজ্ঞাপন রহিত করিয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।

১৮৭৯ সালের ফেব্রুয়ারি মাসের ১১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১১১—১১৫ পর্য্যন্ত পৃষ্ঠায় প্রকাশিত	১৮৭৯ সালের ৩১ জানুয়ারির ২৭ নম্বর ও ১৮৭৯ সালের ৩ফেব্রুয়ারির ৩১—৩৬ পর্য্যন্ত নম্বর।
১৮৭৯ সালের জুলাই মাসের ১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫৮৯ পৃষ্ঠায় প্রকাশিত	১৮৭৯ সালের ১৯ জুনের ১৫৩ ও ১৫৪ নম্বর।

রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রাজশাহী জিলার অন্তর্গত লস্করপুর পরগণার তেলাইমারি ও রামচন্দ্রপুর ও কাজলা ও কাপাসিয়া ও সাম সাদিপুর ও কালীতলা বিল বা পুকুরিয়া ও তারাপুর বা গোপাল হাটী ও তরফ সুচরণ ও মিয়াপাড়া বা বিরলদা ও বনেশ্বর গ্রামে সাটোর ও কাজলা পথ মেরামত করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক; বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সম্বাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত তেলাইমারি ও রামচন্দ্রপুর কাজলা ও কাপাসিয়া ও সামসাদিয়াপুর ও কালীতলা বা বিলপুকুরিয়া ও তারাপুর বা গোপাল হাটী ও তরফ সুচরণ ও মিয়াপাড়া বা বিরলদা ও বনেশ্বর গ্রামে ক্রমান্বয়ে কষ্টিমতে ন্যূনাধিক ৪৷৷০ ৷৷ ছটাক ও ৯৷৪৷৷ কাঠা ও ১২৷৷০ কাঠা ও ৬৮.৮ ছটাক ও ১৷৷৪৷/ ছটাক ও ৩৮১/ ছটাক ও ২১/২৮৶ ছটাক ও ৫/৩৷৷৶ ছটাক ও ৫৮১৷৷/ ছটাক পরিমিত ১৮ খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

সিবিলতা বিষয়ক।

১৮৮০ সাল ৩১ মে।

৯৯ নম্বর।—বিজ্ঞাপন।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, ডবলিউ, জনসন সাহেব অনুগ্রহের যে ছুটী পান * তাহাহইতে প্রত্যাগমন করিয়া ১৮৮০ সালে ১ মের পূর্ব্বাহ্নে হাজারীবাগ খণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ৭ মের ৮৪৭ বিজ্ঞাপন।

১০০ নম্বর।—পদবৃদ্ধির কথা।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত ব্যক্তিদিগকে কিয়ৎকালের নিমিত্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র সম্প্রদায়ভুক্ত করিলেন।

১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি,

প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র এইক্ষণে রাজশাহী খণ্ডের চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, টি, সিমসন সাহেব।

বগুড়ার খণ্ডের প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, স্কটলাণ্ড সাহেব।

আরা খণ্ডের প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এচ, টুগুড সাহেব।

সদর চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসে কিয়ৎকালের নিমিত্ত নিযুক্ত প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এ, প্রাইস সাহেব।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৮ জুন।]

Mr. M. J. J. P. Norman, Assistant Engineer, First Grade, Mahanuddy Division.

Mr. D. B. Horn, Assistant Engineer, First Grade, now Officiating Executive Engineer, Circular and Eastern Canals Division.

Mr. F. M. S. Douglas, Assistant Engineer, First Grade, Arrah Division.

Mr. G. A. G. Shawe, Assistant Engineer, Second Grade, now First Grade, Arrah Division.

Mr. A. Monies, Assistant Engineer, Second Grade, Eastern Sone Division.

With effect from 27th January 1880.

Mr. A. Hayes, Assistant Engineer, Second Grade, Cossye Division.

With effect from 27th March 1880.

Mr. A. J. Oldham, Assistant Engineer, First Grade, Nuddea Rivers Division.

The 31st May 1880.

No. 101.—*Notifications.*—Mr. J. T. Boase, Assistant Engineer, Second Grade, joined the Dacca Division on the forenoon of the 15th May 1880.

No. 102.—Baboo Haran Chunder Banerjee, Assistant Engineer, Third Grade, rejoined the Burdwan Division on the forenoon of the 21st May 1880, on return from the Serampore Municipality.

T. H. WICKES,
Asst. Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept.

IRRIGATION.

ESTABLISHMENT.

The 31st May 1880.

No. 72.—*Notification.*—With reference to the notification which was published at page 1297, Part I of the *Calcutta Gazette* of the 25th October 1876, Baboo Koylash Chunder Ghose, Deputy Collector under the Irrigation Branch, is appointed to be a Superintendent of Survey under Section 4, Act V (B.C.) of 1875, for the purpose of carrying out the survey of public embankments in the district of Midnapore, which was ordered to be made in the notification dated the 14th October 1876, and published at page 1281, Part I of the *Calcutta Gazette* of the 18th idem.

No. 73.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a stone quarry, in the village of Chowdwar, pergunnah Kokakhand, zillah Cuttack, it is hereby declared that for the above purpose, a piece of land measuring 9 acres and 13 poles, more or less, bounded on the north by the cultivated lands of Bhugwan Singh and Sheikh Manna; east by waste lands appertaining to Ma Chowdwar; south by the cultivated and waste lands appertaining to Ma Chowdwar; west by waste lands appertaining to Ma Chowdwar, is required within the aforesaid village of Chowdwar.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 74.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for an escape channel from the Panmarry Distributary, it is hereby directed that for the above purpose a strip of land measuring two miles in length, and varying from 50 to 140 feet in width, passing through mouzahs Panmarry, Bagar, and Tetarya, pergunnah Nanore, zillah Shahabad, and containing an area of 14 acres 1 rood and 38 poles, more or less, is required within the aforesaid district of Shahabad.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

C. TAYLOR,
Offg. Asst. Secy., for Joint Secy.
to the Govt. of Bengal, P. W. Dept.,
Irrigation Branch.

[*Government Gazette, 8th June* 1880.]

মহানদী খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এম, জে, জে, পি, নর্ম্মান্ সাহেব।

প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র এইক্ষণে সরক্যুলর ও পূর্ব্ব খাল খণ্ডের একটিং একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডি, বি, হর্ণ সাহেব।

আরা খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, এম, এস, ডগলাস সাহেব।

আরাখণ্ডের দ্বিতীয় শ্রেণীর একণে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এ, জি, শা সাহেব।

পূর্ব্ব সোণখণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, মরিস সাহেব।

১৮৮০ সালের ২৭ জানুয়ারি অবধি।

কাঁসাই খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, হেস সাহেব।

১৮৮০ সালের ২৭ মার্চ অবধি।

নদীয়ার নদীখণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, ওলডহাম সাহেব।

১৮৮০ সাল ৩১মে।

১০১ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, টি, বোয়াস সাহেব, ১৮৮০ সালের ১৫ মের পূর্ব্বাহ্নে ঢাকা খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১০২ নম্বর।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় শ্রীরামপুর মুনিসিপালিটী হইতে প্রত্যাগমন করিয়া ১৮৮০ সালের ২১ মের পূর্ব্বাহ্নে বর্দ্ধমান খণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৮০ সাল ৩১ মে।

৭২ নম্বর।—বিজ্ঞাপন।—১৮৭৬ সালের অকটোবর মাসের ৩১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১০৪১ পৃষ্ঠায় প্রকাশিত বিজ্ঞাপনোপলক্ষে জল সেচন শাখার অধীন ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষ, ১৮৭৬ সালের অকটোবর মাসের ২৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১০২৭ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ১৪ তারিখের বিজ্ঞাপনে মেদিনীপুর জিলার অন্তর্গত সরকারী বাঁধের যে জরীপ করিবার যে আজ্ঞা হইয়াছিল সেই জরীপী কার্য্য চালাইবার নিমিত্তে ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনের ৪ ধারামতে জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইলেন।

৭৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক জিলার অন্তর্গত কোকা খণ্ড পরগনার চৌদ্বার গ্রামে প্রস্তরের খনির নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত চৌদ্বার গ্রামে ন্যুনাধিক ৯ একর ১৩ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ভগবান সিংহের ও শেখ মান্নার কর্ষিত ভূমি, পূর্ব্ব সীমা মাচৌদ্বারের পতিত ভূমি, দক্ষিণ সীমা মাচৌদ্বারের কর্ষিত ও পতিত ভূমি পশ্চিম সীমা মাচৌদ্বারের লাগাও পতিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৭৪ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাননারী জল বিতরণের নালা হইতে জল যাইবার নালা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত নানোর পরগনার পাননারী ও নাগার ও তেতারিয়া মৌজার মধ্য দিয়া দুই মাইল দীর্ঘ ও ৫০ অবধি ১৪০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যুনাধিক ১৪ একর ১ রুড ৩৮ পোল পরিমিত এক খণ্ড ভূমি গ্রহণের আজ্ঞা করা গেল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,

সি, টেলর,
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 8, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ৮ জুন।

PART V.

Acts of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 7th April 1880, and having received the assent of His Excellency the Governor-General on the 6th May 1880, is hereby promulgated for general information :—

ACT No. III OF 1880.

An Act to amend the Howrah Bridge Act, 1871.

Preamble.

Whereas under the sanction of the Lieutenant-Governor of Bengal the Commissioners for making improvements in the Port of Calcutta, being the Commissioners appointed under Bengal Act IX of 1871, have for some time past been running steamers from Calcutta to Howrah and back, and carrying passengers and goods therein, and employing tugs and other boats in towing vessels

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৮০ সালের ৭ আপ্রিল তারিখে অনুমোদন করাতে তাহা ১৮৮০ সালের ৬ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৩ আইন।

হাবড়ার সেতুবিষয়ক ১৮৭১ সালের আইন সংশোধনার্থ আইন।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ ১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনমতে নিযুক্ত কমিশ্যনর-স্বরূপ কলিকাতা হইতে হাবড়া পর্য্যন্ত ও হাবড়া হইতে কলিকাতা পর্য্যন্ত কিয়ৎকালাবধি বাষ্পীয় পোত চালাইতেছেন, ও তাহাতে আরোহী ও মাল লইয়া যাইতেছেন, ও সেতুর নীচে দিয়া জাহাজাদি টানিয়া লইয়া যাইবার নিমিত্ত ও সাধারণতঃ সেতুর কর্ম্মে টগ ও অন্য-

through the Howrah bridge and generally in the service of the said bridge, and it is expedient that they should continue to own and work such steamers, tugs, and boats for the purposes aforesaid and also that the said Commissioners should have power to build, purchase, provide, or procure steam-vessels and tugs and other craft and employ the same for any of the purposes aforesaid: It is hereby enacted as follows:—

To be part of Bengal Act IX, 1871.

1.—This Act shall be, and shall be deemed to have always been, a part of Bengal Act IX of 1871.

Commissioners may procure or build and run steam vessels, &c., in the service of the bridge;

2.—It shall be lawful for the Commissioners, with the sanction of the Lieutenant-Governor of Bengal, to build or acquire in any manner whatsoever such steam or other vessels as they may think fit, and to employ the same or any of them in towing vessels through the bridge and generally in the service of the bridge, and also in carrying goods, merchandize, and passengers to and from such places in Calcutta and Howrah as may from time to time be fixed by the Lieutenant-Governor, and to book and receive goods, merchandize, and passengers at any such places, and to make and levy such fees and charges as may from time to time be prescribed by the Lieutenant-Governor for the aforesaid duties and services.

and may book goods and passengers.

W. E. H. Forsyth,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

The following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 16th March 1880, and having received the assent of His Excellency the Governor-General on the 10th May 1880, is hereby promulgated for general information:—

Act No. IV of 1880.

An Act for amending the Calcutta Port Improvement Act, 1870.

Preamble.

Whereas upon the appointment of the Commissioners for making Improvements in the Port of Calcutta to be Conservators of the said Port under the provisions of section 95 of Bengal Act V of 1870, the sum of Rs. 17,65,000 was amongst others due from the said Commissioners to the Secretary of State for India in Council,

রূপ নৌকা নিয়োজিত রাখিয়াছেন; এবং তাঁহারা পূর্ব্বোক্ত ঐ২ কার্য্য নিমিত্ত উক্তরূপ বাষ্পীয় পোত ও টগ ও নৌকার স্বামী থাকিয়া তাহা চালাইতে থাকেন, এবং বাষ্পীয় পোত ও টগ ও অন্য নৌকা নির্ম্মাণ করিতে বা ক্রয় করিতে বা যোগাইতে বা পাইতে পারেন ও তাহা পূর্ব্বোক্ত কোন কার্য্যে নিয়োজিত করিতে পারেন, ইহা বাঞ্ছনীয়। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনের একাংশস্বরূপ হইবার কথা।

১ ধারা। এই আইন ১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনের একাংশস্বরূপ হইবে ও নিয়ত ঐ আইনের একাংশস্বরূপ ছিল বলিয়া জ্ঞান হইবে।

সেতুর কর্ম্মে কমিশানরদের বাষ্পীয় পোতাদি পাইতে বা নির্ম্মাণ করিতে ও চালাইতে পারিবার কথা।

২ ধারা। কমিশানরগণ, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে, যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপ বাষ্পীয় বা অন্য পোত নির্ম্মাণ করিতে অথবা যে কোন প্রকারে প্রাপ্ত হইতে পারিবেন, এবং তৎসমুদয় বা তন্মধ্যে কোন খান সেতুর নীচে দিয়া জাহাজাদি টানিয়া লইয়া যাইবার নিমিত্ত ও সাধারণতঃ সেতুর কর্ম্মে ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতার ও হাবড়ার যে২ স্থান নির্দ্ধারিত করেন সেই২ স্থান হইতে বা পর্য্যন্ত মাল ও বাণিজ্য দ্রব্য ও আরোহী লইয়া যাইবার নিমিত্ত নিয়োজিত রাখিতে পারিবেন এবং ঐ২ স্থানে মাল ও বাণিজ্য দ্রব্য ও আরোহী বহীতে লিখিয়া গ্রহণ করিতে পারিবেন ও পূর্ব্বোক্ত কার্য্য ও কর্ম্মনিমিত্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে ফী ও খরচ নির্দ্দিষ্ট করেন সেই ফী ও খরচ ধার্য্য ও আদায় করিতে পারিবেন।

মাল ও আরোহী লিখিয়া লইতে পারিবার কথা।

ডবলিউ, ই, এচ, ফর্সাইথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৮০ সালের ১৬ মার্চ তারিখে অনুমোদন করাতে তাহা ১৮৮০ সালের ১০ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৪ আইন।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ ১৮৭০ সালের আইন সংশোধন করিবার নিমিত্ত আইন।

হেতুবাদ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশানরেরা যৎকালে ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৯৫ ধারার বিধানমতে উক্ত বন্দরের রক্ষকের পদে নিযুক্ত হন, উক্ত কমিশানরদের অন্য ঋণের সহিত ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকটে ১৭,৬৫,০০০, টাকা ঋণ ছিল, এবং পরে উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের সহিত উক্ত কমিশানরদের এই

and it was subsequently agreed between the said Commissioners and the said Secretary of State that the former should be held liable for interest on the said Rs. 17,65,000, and should not be called upon to repay the principal, and it is expedient to provide for payment of interest on the said sum; and whereas the said Commissioners have purchased Government securities of the par value of 5½ lakhs of rupees, hereinafter called the reserve fund, to meet sudden and urgent disbursements connected with the said Port, and it is expedient to exempt the same from liability for certain debts of the said Commissioners; and whereas it is expedient to empower the said Commissioners to borrow money for the estimated costs of any works hereafter to be undertaken by them, and to borrow from the said Secretary of State the sum of Rs. 53,40,349-3 in respect of works hitherto undertaken by them, and to provide for the repayment of the same, and to further amend Bengal Act V of 1870: It is hereby enacted as follows :—

Short title.

1. This Act may be called "The Calcutta Port Improvement Act Amendment Act;"

Commencement.

It shall be read with, and taken as part of, Bengal Act V of 1870, as amended by Bengal Act VII of 1871 and Bengal Act III of 1872, and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Repeal of sections of Bengal Act V of 1870.

2. Sections 6, 7, 8, 9, 10, 41, 42, 43, 44, 45, 46, 47, 82, 83, 84 and 90 of Bengal Act V of 1870, and Schedules A, B and C annexed thereto, are hereby repealed.

This repeal shall not affect the validity of anything done or suffered, or any right, title, obligation or liability accrued before the commencement of this Act.

Property of Commissioners to be held for purposes of this Act, &c.

3. All property vested in, or acquired or held by, and all moneys paid or payable to, the Commissioners shall be held upon trust for the purposes of this Act and not otherwise.

Commissioners may borrow from Government.

4. It shall be lawful for the Commissioners to borrow from the Secretary of State for India in Council the sum of Rs. 53,40,349-3 upon the terms hereinafter mentioned.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮০ । ৮ জুন ।]

চুক্তি হয় যে কমিশ্যনরেরা উক্ত ১৭,৬৫,০০০, টাকার সুদের জন্য দায়ী থাকিবেন, এবং আসল টাকা পরিশোধ করিবার নিমিত্ত তাঁহাদের প্রতি আদেশ করা যাইবে না, এক্ষণে ঐ টাকার সুদ দিবার বিধান করা আবশ্যক। আর উক্ত বন্দর সংক্রান্ত আকস্মিক ও অত্যাবশ্যক খরচ যোগাইবার নিমিত্ত উক্ত কমিশ্যনরেরা পুরা ৫॥ লক্ষ টাকা মূল্যের গবর্ণমেণ্ট সিকুরিটী ক্রয় করিয়াছেন, এই তহবীল পরে রিজার্ব ফণ্ড অর্থাৎ উত্তর কাল জন্য রক্ষিত তহবীল নামে অভিহিত হইবে, এবং ইহা উক্ত কমিশ্যনরদের কোনং ঋণ দায় হইতে মুক্ত রাখা আবশ্যক। আবার উক্ত কমিশ্যনরেরা ভবিষ্যতে যে কোন কার্য্যে প্রবৃত্ত হন, তাহার অনুমানমত ব্যয় নির্ব্বাহার্থে ঋণ গ্রহণ করিবার নিমিত্ত ও এপর্য্যন্ত তাঁহারা যে সকল কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন তজ্জন্য উক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে ৫৩,৪০,৩৪৯৶০ টাকা ঋণ গ্রহণ করিবার ও তৎ পরিশোধের বিধান করিবার নিমিত্ত উক্ত কমিশ্যনরদিগকে ক্ষমতা দেওয়া ও ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইন আরো সংশোধন করা আবশ্যক। অতএব নিম্নলিখিত বিধান করা গেল ।—

সংক্ষেপ নাম ।

১ ধারা । এই আইন "কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ আইন সংশোধন বিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে ।

আরম্ভ ।

এই আইন ১৮৭১ সালের বঙ্গীয় ৭ আইন দ্বারা ও ১৮৭২ সালের বঙ্গীয় ৩ আইন দ্বারা সংশোধিত ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের সহিত পঠিত ও তাহারই অংশ বলিয়া গৃহীত হইবে, এবং ইহা যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহ কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি বলবৎ হইবে ।

১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের কএক ধারা রহিত হইবার কথা ।

২ ধারা । ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৬, ৭, ৮, ৯, ১০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৮২, ৮৩, ৮৪, ও ৯০ ধারা এবং উক্ত আইন সংযুক্ত A, B, ও C তফসীল এতদ্দ্বারা রহিত করা গেল ।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যাহা কিছু করা বা করিতে দেওয়া যায়, অথবা যে কোন স্বত্ব বা অধিকার বা কর্ত্তব্য বা দায় উৎপন্ন হয়, এই রহিত দ্বারা তাহার সিদ্ধতা সম্বন্ধে কোন বিঘ্ন হইবে না ।

কমিশ্যনরদের সম্পত্তি প্রভৃতি এই আইনের কার্য্য পক্ষে অধিকারে রাখিবার কথা ।

৩ ধারা । যে সকল সম্পত্তি কমিশ্যনরদের প্রতি বর্ত্তে বা তাঁহারা প্রাপ্ত হন বা অধিকারে রাখেন, এবং যে সকল টাকা তাঁহাদিগকে দত্ত বা দেয় হয় তৎসমুদয় এই আইনমত কার্য্যপক্ষে ন্যস্তধনস্বরূপ তাঁহাদের অধিকারে থাকিবে, অন্যরূপে নহে ।

গবর্ণমেণ্টের স্থানে কমিশ্যনরদের ঋণ গ্রহণ করিতে পারিবার কথা।

৪ ধারা । নিম্নলিখিত নিয়মে কমিশ্যনরগণ ভারত-বর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে ৫৩,৪০,৩৪৯৶০ টাকা ঋণ গ্রহণ করিতে পারিবেন ।

5. Interest at the rate of 4½ per cent. per annum upon the said sum of Rs. 53,40,349-3 and upon the said sum of Rs. 17,65,000 shall be paid by the Commissioners to the said Secretary of State half-yearly; the first of such payments to be made on the 30th day of June 1880.

Payment of interest.

6. The said sum of Rs. 53,40,349-3, together with the interest thereon, shall be repaid by the Commissioners to the said Secretary of State by equal half-yearly instalments of such amount that the whole shall be repaid within thirty years from the commencement of this Act; provided that the Lieutenant-Governor of Bengal may, upon the representation of the Commissioners, and with the sanction of the Governor-General in Council, postpone the period of re-payment.

Re-payment of principal.

7. In case of default of payment of any such instalment or interest, the Lieutenant-Governor of Bengal may proceed to realize the same on behalf of the said Secretary of State in the manner prescribed by sections 17 and 18 of this Act; but nothing in this Act shall be deemed to confer upon the said Secretary of State any greater or prior right in respect of realization than that conferred upon other creditors of the Commissioners under this Act.

In case of default Government how to proceed.

8. It shall be lawful for the Commissioners, if they think fit, out of any moneys which may come into their hands under the provisions of this Act, to repay to the said Secretary of State any sum which for the time being may remain due to him under the provisions of this Act for principal, although the time fixed for the repayment of the same shall not have arrived: provided that no such repayment shall be made of any sum less than ten thousand rupees; and that if any such re-payment is made, the amount of interest in each succeeding half-yearly instalment shall be adjusted so as to represent exactly the interest due on the outstanding principal.

Power to repay before due date.

9. If the Lieutenant-Governor of Bengal shall by an order published in the *Calcutta Gazette* so direct, it shall be lawful for the Commissioners from time to time to raise money for the estimated cost of any works or arrangements sanctioned by him to such extent as he may from time to time direct.

Money to be raised for works, &c.

[*Government Gazette, 8th June* 1880.]

৫ ধারা। কমিশ্যনরগণ উক্ত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবকে ছয় ছয় মাসান্তে উক্ত ৫৩, ৪০, ৩৪৯৶৹ টাকার উপর ও পূর্ব্বোক্ত ১৭, ৬৫,০০০ টাকার উপর বৎসর শতকরা ৪॥৹ টাকা হিসাবে সুদ দিবেন। ১৮৮০ সালের ৩০ জুন তারিখে প্রথমে উক্তরূপ সুদের টাকা দেওয়া যাইবে।

সুদ দিবার কথা।

৬ ধারা। কমিশ্যনরগণ উক্ত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবকে ছয় ছয় মাসের সমান কিস্তি করিয়া সুদ সমেত উক্ত ৫৩, ৪০, ৩৪৯ ৶৹ টাকা এরূপে দিবেন যে এই আইনের প্রচলনারম্ভ অবধি ত্রিশ বৎসরের মধ্যে সমুদয় পরিশোধ হইবে। কিন্তু বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কমিশ্যনরদের অনুরোধক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক টাকা পরিশোধ করিবার মিয়াদ বাড়াইয়া দিতে পারিবেন।

আসল টাকা দিবার কথা।

৭ ধারা। উক্তরূপ কোন কিস্তির বা সুদের টাকা দিতে ত্রুটি হইলে, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের পক্ষে এই আইনের ১৭ ও ১৮ ধারার নির্দ্দিষ্ট প্রণালীতে তাহা আদায় করিতে প্রবৃত্ত হইতে পারিবেন; কিন্তু এই আইনমতে কমিশ্যনরদের অন্য মহাজনদের প্রতি টাকা আদায় করিবার যে স্বত্ব অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথায় তদধিক কি তদগ্রগণ্য স্বত্ব শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি অর্পিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

দিতে ত্রুটি হইলে গবর্ণমেণ্টের ইতিকর্ত্তব্যতার কথা।

৮ ধারা। এই আইনের বিধানমতে উক্ত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের যৎকালে আসল যত টাকা পাওনা থাকে সেই টাকা দিবার সময় না হইলেও এই আইনের বিধানমতে কমিশ্যনরদের হাতে যে টাকা আইসে বিহিত বোধ করিলে তাঁহারা তাহাহইতে ঐ টাকা দিতে পারিবেন। কিন্তু উক্ত প্রকারে একই কালে দশ সহস্রের কম টাকা দেওয়া যাইবে না। তদ্রূপে টাকা দেওয়া গেলে পর প্রত্যেক ষাণ্মাসিক কিস্তিতে সুদের টাকা এরূপ হিসাবে দিতে হইবে যে তাহা ঠিক বাকি আসল টাকার পাওনা সুদ বলিয়া ধরা যায়।

নিয়মিত তারিখের পূর্ব্বে টাকা দিতে পারিবার কথা।

৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া আজ্ঞা দিলে, তিনি সময়েং যে কার্য্য ও নিয়ম অনুমোদন করেন, কমিশ্যনরেরা সময়েং তাহার আনুমানিক ব্যয়ের উপযুক্ত টাকা তুলিতে পারিবেন।

কার্য্যাদির নিমিত্ত টাকা তুলিবার কথা।

10. In such case it shall be lawful for the Commissioners to raise a loan or loans on the security of all, or, with the sanction of the Lieutenant-Governor of Bengal, of any portion of the property, vested in or acquired by them under this Act, other than the said reserve fund, or the sinking fund provided for by section 11 of this Act, or on the security of the total aggregate amount of the proceeds of all or any of the tolls, duties, rates and charges leviable under this Act.

Security for loans.

১০ ধারা। এরূপ স্থলে উক্ত রিজার্ব ফণ্ড ও এই আইনের ১১ ধারার নির্দ্দিষ্ট সিঙ্কিং ফণ্ড ছাড়া যে সম্পত্তি এই আইনমতে কমিশ্যনরদের প্রতি বর্ত্তে বা তাঁহারা প্রাপ্ত হন, তাঁহারা সেই সমুদয় সম্পত্তি অথবা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণরসাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তাহার কোন অংশ জামিন রাখিয়া, অথবা এই আইনমতে আদেয় সমুদয় বা কোন টোলের, মাসুলের, করের ও খরচের উৎপন্ন মোট টাকা জামিন রাখিয়া, ঋণগ্রহণ করিতে পারিবেন।

ঋণগ্রহণের জামিনের কথা।

11. Unless the Lieutenant-Governor of Bengal with the previous sanction of the Governor-General in Council shall by an order published in the *Calcutta Gazette* otherwise direct, such loans shall be contracted in India and in the Indian currency, and the Commissioners shall accumulate by half-yearly instalments in the case of each of such loans a sinking fund of such an amount as will suffice to liquidate such loan within a period not exceeding thirty years from the date of the contracting of the same.

Loans to be contracted in India.

১১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া প্রকারান্তরের আদেশ না দিলে, ভারতবর্ষে ও ভারতবর্ষের প্রচলিত মুদ্রায় উক্ত ঋণগ্রহণ করা যাইবে; এবং উক্তরূপ প্রত্যেক ঋণ গ্রহণ স্থলে কমিশ্যনরগণ ষাণ্মাষিক কিস্তি করিয়া ঈদৃশ পরিমাণের সিঙ্কিং ফণ্ড অর্থাৎ ঋণপরিশোধার্থ তহবীল জমাইতে থাকিবেন যাহাতে ঋণগ্রহণের তারিখ অবধি ত্রিশ বৎসরের অনধিক কাল মধ্যে উক্ত ঋণ পরিশোধ হইতে পারে।

ভারতবর্ষে ঋণগ্রহণ করিতে হইবার কথা।

Such sinking fund shall be invested in the names of two trustees, one to be appointed by the Lieutenant-Governor of Bengal, and one by the Commissioners, in the promissory notes, debentures, stock and other securities of the Government of India, or in the debentures issued by the Commissioners under this Act.

উক্ত সিঙ্কিং ফণ্ডের টাকা দিয়া দুই জন ট্রষ্টির নামে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রামিসরী নোট, ডিবেঞ্চুর, ষ্টাক ও অন্য সিকুরিটী, অথবা এই আইনমতে প্রদত্ত কমিশ্যনরদের ডিবেঞ্চুর ক্রয় করা যাইবে। ট্রষ্টিদের এক জনকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ও এক জনকে কমিশ্যনরেরা নিযুক্ত করিবেন।

12. Such loans and the interest thereon shall be a first charge on the property or on the tolls, duties, rates, and charges on the security of which such loans shall have been raised as provided by section 10 of this Act.

Loans to be a first charge on property.

১২ ধারা। এই আইনের ১০ ধারার বিধানমতে যে সম্পত্তি বা যে সকল টোল ও মাসুল ও কর ও খরচ জামিন রাখিয়া ঋণের টাকা তোলা যায়, উক্ত ঋণের টাকা ও তাহার সুদ তৎসমুদয়ের উপর প্রথম দায়ের মধ্যে গণ্য হইবে।

ঋণের টাকা সম্পত্তির উপর প্রথম দায়মধ্যে গণ্য হইবার কথা।

13. All the moneys so to be raised shall be applied by the Commissioners to the following purposes:—

Application of funds raised.

(*a*) the construction and repair of works and erections necessary or expedient for the carrying out of the purposes of this Act;

(*b*) the acquisition of immovable and movable property requisite for such construction or repair as aforesaid;

(*c*) the payment of such salaries, fees and expenses, and such principal and interest as may be due by the Commissioners.

১৩ ধারা। উক্ত প্রকারে যত টাকা তোলা যায় কমিশ্যনরেরা তাহা লইয়া নিম্নলিখিত কার্য্য করিবেন।

যত টাকা তোলা যায় তাহার প্রয়োগের কথা।

(ক) এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত আবশ্যক বা বাঞ্ছনীয় কার্য্য ও গাঁথনী নির্ম্মাণ ও মেরামত করিবেন, ও

(খ) পূর্ব্বোক্তরূপ নির্ম্মাণ ও মেরামত কার্য্যনিমিত্ত প্রয়োজনীয় স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয় করিবেন এবং

(গ) কমিশ্যনরদের যে বেতন ও ফী ও খরচ ও যে আসল টাকা ও সুদ দেয় হয় তাহা দিবেন।

14. Whenever the half-yearly accounts to be laid before the Lieutenant-Governor of Bengal under the provisions of this Act show a surplus for the half-year of receipts

Application of surplus receipts.

১৪ ধারা। এই আইনের বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে ছয়২ মাসের যে হিসাব অর্পণ করিতে হইবে তদ্দ্বারা ষাণ্মাসিক ব্যয় বাদে আয়ের উদ্বর্ত্ত দেখা গেলে

অবশিষ্ট আয়ের প্রয়োগের কথা।

ও ঘোষবা ও গোপীনাথপুর ও সতীদাহ ও মল্লিকপুর ও শঙ্করপুর ও গুড়বাড়ী ও কোকর ও আরাজী সদরপুর গ্রামের সীমার সঙ্গে২ যায়, তথাহইতে কানানদীর পূর্ব্ব তটের সঙ্গে২ মহম্মদপুর গ্রাম পর্য্যন্ত যায়, তথাহইতে এই২ গ্রামের অর্থাৎ শঙ্করপুর ও বিশ্বনাথবাটী ও মদপুর ও শ্রীকৃষ্ণপুর ও গোবিন্দবাটী (বা দিগরা) ও বল্লভপুর (বা আগলাপুর) ও রঘুনন্দনবাটী (বা আনন্দবাটী) ও গোপীনাথপুর ও সীতারামপুর (বা আমখোরা) ও হবীবপুর ও মদনমোহনপুর (বা ভ জাখোড়া) গ্রামের সীমার সঙ্গে২ যায়, তথাহইতে দামোদর নদ পার হইয়া এই২ গ্রামের অর্থাৎ বনগ্রাম ও শাহপুর ও খোরালুক ও হরিপুর ও ফতেপুর ও টালা ও আমদচক ও রসুলপুর ও শেখপুর ও ফাজিলচক ও শশীপুর ও বিষ্ণুপুর (বা বেজা) ও জলালচক (বা কাইগাগড়িয়া) ও মদনচক ও কোরাই ও গোলতা ও চণ্ডীবাটী ও খোজাবাথান ও গোপালচক ও বানবপুর ও মাইগ্রাম ও মাজ্রা ও চান্দুর ও আঙ্গুরা দ্বিতীয় খণ্ড ও কীর্ত্তিচন্দ্রপুর ও মনিমপুর ও ভাবপুর গ্রামের সীমার সঙ্গে২ যায়, তথাহইতে দ্বারকেশ্বর নদ পার হইয়া মণ্ডলগাঁতী ও গোপালগঞ্জ ও বালিতাকুণ্ড ও ঝরিয়া (বা ঝরিয়া খণ্ড) ও বাহাদুরগঞ্জ (বা কুমারগঞ্জ) ও পুনাইৎ ও বেনুন ও আমবন ও তালবেড়ে ও চাকলা পূর্ব্ব ও আশপুর ও হরিপডাঙ্গা ও পুইন্যা ও পাকুরিয়া ও কদলা ও সালীকোণা ও ভুরকুণ্ড ও গোতাই, ও সামন্তখাঁদা ও শ্রীরামপুর (বা খাতুল) ও শালবাড় ও বসুদেবপুর (বা বেঙ্গাই) ও অঙ্গুর ও হরিসোতা (বা ভুবসোবা) ও রঘুনাথপুর ও অমরপুর ও পুখুরিয়া ও সাতবাড়িয়া ও মেহেরবানপুর ও মুলুক ও মামুদপুর ও মরাগড়িয়া ও বেলদিহাবেত্তারা ও ফুলোই ও বলভদ্রপুর ও বেত্র মধুকাণ্ডা ও বেলডাঙ্গী ও বোগাতী গ্রামের সীমার সঙ্গে২ চলে।

পশ্চিম সীমা।

এই সীমা এই২ গ্রামের অর্থাৎ বেত্রমধুকাণ্ডা বেলডাঙ্গা তিশারী ও ডুধরপাড়া (বা দ্বারপাড়া) ও কোকন্দা ও ফুলাই বলভদ্রপুর ও হরিগঞ্জ (বা বদনগঞ্জ) ও মাজিডীহ ও চকরান (বা চাকরাম মাজিডিহা) ও শ্যামপুর ও তেঁতুলমুরি তেতাডী ও সেলাপপুর ও বড সোনা বেলতলা ও কর্ণপুর ও শান্তিপুর ও অনুপনগর ও কুলতলা ও গুরুল্যা ও তিশালা ও পশ্চিমপাড়া রঘুনন্দনপুর ও চাঁদপুর ও দেবখণ্ড ও হাজিপুর ও মণ্ডলী ও হরিচর ও বহগুন ও ডোমন চক ও মধনডাঙ্গা ও পার্ব্বা (বা পাবা) ও বাগতরা ও কুলিয়া ও দেওয়ান চক ও বেলকুসুম ও মোক্তারপুর ও পেঁচরা উত্তর ও দামোদরপুর গ্রামের সীমার সঙ্গে২ যায়, তথাহইতে সাঁকরা নদী পার হইয়া এই২ গ্রামের অর্থাৎ বাঙ্গতাখালী ও কিশোরপুর ও বামুনখামা ও বন্দীপুর ও যৌবনবাটী ও ঘোষপুর (দ্বিতীয় খণ্ড) ও মাধবকুণ্ড ও ঠকুরাণীচক গ্রামের সীমার সঙ্গে২ যায় তথাহইতে দ্বারকেশ্বর নদের পূর্ব্ব তটের সঙ্গে২ গিয়া রূপনারায়ণ নদের সহিত তাহার সংযোগস্থান পর্য্যন্ত যায়, তথাহইতে উক্ত নদের সঙ্গে২ মরেলপোনা (বা মর্থানা) গ্রাম পর্য্যন্ত যায়।

দক্ষিণ সীমা।

এই২ গ্রামের অর্থাৎ মরেলপোনা (বা মার্থানা) ও বিনেমাণিকডিয়া ও মহিষানল-দামকুণ্ডু ও হিরাপুর (বা হাবেতপুর) ও ভৈরবপুর ও পলাশপায় ও চাঁপানগরী ও কাটানদী ও ঘোলদীপা ও বিবিচন্দ্রপুর ও রঘুনাথপুর ও কুলটিকরি গ্রামের সীমার সঙ্গে২ যায়, তথাহইতে দামোদর নদ পার হইয়া উক্ত নদির সঙ্গে২ উত্তরমুখে পম্পুর গ্রাম পর্য্যন্ত যায়, এই গ্রামও ইহার মধ্যে ধরা গেল, তথাহইতে নিম্নলিখিত গ্রামের অর্থাৎ রঙ্গপুর ও গোবিন্দপুর ও নিকাশ ও বেরান ও জঙ্গলচুকি ও কৃষ্ণনগর ও দাদপুর ও হরিরামপুর ও কোটালপুর ও গণেশবাটী ও কামদেবপুর ও বাঘন্দ ও ফরীদপুর ও খিতপুর ও পাঁচবেড়িয়া ও শেওড়াবেড়িয়া ও লক্ষ্মণপুর ও মামুদপুর ও ডুদকোরা ও অনন্তরামপুর ও বনপাঁচবেড়িয়া ও বাজাল পুর চক ও বাঘানী ও ভগবতীপুর ও কানাইডাঙ্গা ও ভাণ্ডুয়া ও চেরাকীপোতা ও জোলামজুল ও বনমালাথপুর ও গোকুলপুর ও অযোধ্যা ও সমামপুর ও খাঁপুর ও একলখী ও কৃষ্ণপুর ও মনহের ও মৃগোলা ও রঘুনাথপুর ও বৈকরা (বা বাকলা) ও উত্তরপাড়া গ্রামের সীমার সঙ্গে২ যায়, উত্তর পাড়ার হুগলী নদীর সঙ্গে মিলে।

পূর্ব্ব সীমা।

হুগলী নদীর পশ্চিম তটের সঙ্গে২ উত্তরমুখে তেলিনীপাড়া গ্রামের সীমা পর্য্যন্ত গিয়া ঐ সীমার সঙ্গে২ যায় তথাহইতে ফরাসিদের রাজ্যের অন্তর্গত চন্দননগরের নিকটবর্ত্তী এই২ গ্রামের অর্থাৎ পাইকপাড়া ও মানকুণ্ডু ও শ্যামবাটী খামা ও মুগীপুকুর ও খলিসানি ও দেবীপুর (বা গর্ব্বীপাড়া) ও কাটাপুকুর ও চক মার্চা আরাজী ও দেবীপুর ও চুঁচড়া ও গোসরপাড়া ও গড়বাড়ী লাখেরাজ ও জয়রামবাটী ও চর চন্দননগর গ্রামের সীমার সঙ্গে২ যায়, এই স্থানে ফরাসি রাজ্য ত্যাগ করিয়া পুনর্ব্বার হুগলী নদীতে মিলিয়া সুলতানপুর চর গ্রাম পর্য্যন্ত পশ্চিমতটের সঙ্গে২ যায়।

জিলা।	থানা।	সীমা।
হুগলী ...	বলাগড় ...	উত্তর সীমা,—কৃষ্ণবাটী ও বারাসত গ্রামের মধ্যগত জিলার সীমা। পশ্চিম সীমা,—বারাসত ও কল্যাণী গ্রামের মধ্যগত জিলার সীমা, তথাহইতে এই২ গ্রামের অর্থাৎ কল্যাণী ও জাগুলিয় (বা চক পোতাগাছ) ও সারাপুর ও গোইপাড়া বা দেবপাড়া ও কামারপাড়া ও মহীপালপুর ও কোলগাছী (বা বাহিরপটা) ও মালঞ্চ ও এটাগড় ও মালঞ্চ ও দিগসাই গ্রামের সীমার সঙ্গে২ যায়। দক্ষিণ সীমা,—দিগসাই ও গোপালপুর ও শ্রীপুর ও গোরাসেরাই চর ও রঘুনাথপুর চর গ্রামের সীমা। পূর্ব্ব সীমা,—রঘুনাথপুর চর ও কৃষ্ণবাটী গ্রামের মধ্যগত জিলার সীমা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

জিলা।	থানা।	সীমা।
হুগলী চিন্সুরাহ।	পাণ্ডুয়া …	উত্তর সীমা,—গোপালবাটী ও হাজিপুর গ্রামের মধ্যগত জিলার সীমা। পশ্চিম সীমা,—হাজিপুর ও বাগ্রাই গ্রামের মধ্যগত জিলার সীমা, তথাহইতে বাগ্রাই বীলশরা ও শিয়ালগড়িয়া ও সোনাটিকরী ও সর্ব্বমঙ্গলা ও মানীন গ্রাম ও রামেশ্বরপুর ও দীঘা ও দ্বারবাসিনী গ্রামের সীমা। দক্ষিণ সীমা,—দ্বারবাসিনী ও চহকা ও আবার দ্বারবাসিনী ও কল্যাণপুর ও পতুজগড় ও মররাহরি ও কামতাই ও ঘোলপুর মহনাদার-পটী ও দালোয়াগাছি ও বেজপাড়া মহানাদারপটী ও পাইকপাড়া ও বড় সর্ষা ও মাখালদী ও গুড়জলা গ্রামের সীমা। পূর্ব্ব সীমা,—গুড়জলা মাথালদী ও বালিয়াডাঙ্গা ও খোন্যান্ ও আবীয়া ও রাধানগর ও শিব্রাই ও রুদ্রনগর গ্রামের সীমা, তথাহইতে বলাগড় থানার পশ্চিম সীমা।
	হুগলী …	উত্তর সীমা,—বলাগড়র ও পাণ্ডুয়া থানা। পশ্চিম সীমা,—হারো ও মধুপুর গ্রামের মধ্যগত পাণ্ডুয়া থানার পূর্ব্ব সীমা তথাহইতে এই২ গ্রামের অর্থাৎ তলন্দু ও রাণীপুর ও ভরত-পুর প্রথম, ও হেদোয়া পাতা প্রথম, ও পুরুষোত্তমপুর কোলা, ও আলিকোতা (বা শেখপাড়া) ও দিঙ্গলহাট ও চক-বাঁশ-বেড়িয়া ত্রিশবিঘা, ও বড় খাজুরা ও ছোট খাজুরা ও ইশরবহ ও মানুষপুর ও নলডাঙা ও কানাগড়ে ও সিমলা (বা হরিশপুর) ও দেবীপুর (বা গর্ব্বীপাড়া) গ্রামের সীমা। দক্ষিণ ও পুর্ব্ব সীমা,—জিলার সীমা।
	পোলবা …	উত্তর সীমা,—পাণ্ডুয়া থানা। পশ্চিম সীমা,—মেগশর ও সীহলা ও ঘোষপুর ও রামনাথপুর ও ভুষালী ও দাত্রা ও মালীপাড়া ও হরিপুর ও বেত্তা ও মোসরা ও নারায়ন পাড়া ও বাবনান দ্বিতীয় অংশ ও কোমধাড়া গ্রামের সীমা। দক্ষিণ সীমা,—কোমধাড়া ও বেণাথপুর ও চকমনকসা ও করিচরভেড়ী ও কচুয়া ও উষলী ও তুনীভীতি (বা জলকর গোপীনাথ-পুর) ও বাহির রণাগাছা ও খররাকোল ও জোকরা ও ভুষণারা ও অনন্তপুর ও শঙ্করবাটী গ্রামের সীমা। পূর্ব্ব সীমা,—হুগলী থানার পশ্চিম সীমা।
	ধন্যাখালী …	উত্তর ও উত্তর-পশ্চিম সীমা।—বকল ও হবীবপুরগ্রামের মধ্যগত জিলার সীমা। পশ্চিম সীমা,—হবীবপুর ও জিয়ারা গ্রামের মধ্যগত দামোদর নদ। দক্ষিণ সীমা,—জিয়ারা ও নরায়ণপুর ও চোতারা ও বিষ্ণুপুর ও পুরষো ও মীরপুর ও চাঁদপুর ও মিত্রপুর ও চিনিয়াগুড়ি ও শ্রীকৃষ্ণ-বাটী ও শেরপুর ও শ্রীচন্দ্রপুর (বা বলীভুর) ও মোগল-পুর ও মাজ্রা ও চুলুয়া ও সঙ্কানপুরা ও খোদিশারা ও বাজিৎপুর ও নলিতাজোল ও পোদেরপার ও কাঁকুড়িয়া ও বদিস্তে ও কাণাই পুকুর ও ধনুর্জ্জয়পুর (বা ঝাউবন্দ) ও গণেশপুর ও শালী ও নবসন গ্রামের সীমা। পূর্ব্ব সীমা,—পোলবা ও পাণ্ডুয়া থানা।
	হরিপাল …	উত্তর সীমা,—ধন্যাখালী থানা। পশ্চিম সীমা,—মুলুকচন্দ্রপুর ও বিল্লগ্রাম গ্রামের মধ্যগত দামোদর নদ। দক্ষিণ সীমা,—বিল্লগ্রাম ও নাইত্রা ও রসিদপুর ও মালপাহাড়পুর ও পাঁচ-গাছিয়া ও হোসনাবাদ ও মহেশ্বরপুর ও ভুপতিপুর ও শহরাচক ও তালদহ দ্বিতীয় ও গোপালপ্রসাদ ও তালদহ ও দ্বারহাটা ও পার্ব্বতীপুর ও খাজুরিয়া ও ভুর্ণীত খাজু-রিয়া ও দিগনগর ও পণ্ডিতপুর ও শিবেগাছী ও পারায়া ও অনন্তপুর ও দোম্রিমল্লিক (বা মল্লিকপুর) ও হরিশপুর ও ইন্দীপুর ও শ্রীপতিপুর ও পেজাচক গ্রামের সীমা।

জিলা।	থানা।	সীমা।
হুগলী (চলিতেছে)	হরিপাল থানা (চলিতেছে)	পূর্ব্বসীমা,—পেজাচক ও কুমিরগড়িয়া ও শ্রীপতিপুর ও ধনুহানা ও খাজা (বা মহেশপুর) ও আবার-ধনুহানা ও বিজয়পুর ইনাৎ-পুর ও বাগজলা ও বসুদেবপুর ও কিঙ্করবাটী ও পার্জানা ও বাজে ইসলামপুর ও মদনমোহনপুর (বা বার পোতা) ও খেরুয়া চক ও চাপশরা আয়মা ও মহেশটিকরী ও কুলাবা ও বাকুলা গ্রামের সীমা।
	সিঙ্গুড় …	উত্তর সীমা,—পোলবা থানা। পশ্চিম সীমা,—হরিপাল থানা। দক্ষিণ সীমা,—সিমুলপুকুরিয়া ও খাস বসুবাটী ও গোহৈলপোতা ও বাকী-পুর ও জগৎনগর ও দীঘলডাঙ্গী ও আবার জগৎনগর ও শ্রীরামপুর (দ্বিতীয় খণ্ড) ও বারুইপাড়া ও বরুই ও বড় কমলাপুর ও ঝাকারী ও নিজামপুর ও আবার ঝাকরী ও বেলু গ্রামের সীমা। পূর্ব্ব সীমা —বেলু ও পেযারাপুর ও গোবিন্দপুর ও রাজ্যধরপুর ও চাপসরা ও সঙ্কপাড়া চিড়ামুড়ি ও বিঘতী—শ্রীকৃষ্ণবাটী ও গৌরাঙ্গ-পুর ও দীগরা ও নরসিংহবটী ও আবার দিগড়া ও মল্লি-খাটি ও খিতাড়া ও আলতাড়া ও গোপালবাটী (বা বেজরা) ও বেলকুলী গ্রামের সীমা।
	শ্রীরামপুর ..	উত্তর সীমা,—পোলবা থানা। পূর্ব্ব ও দক্ষিণ সীমা,—জিলার সীমা। পশ্চিম সীমা,—উত্তরপাড়া ও ভদ্রকালী ও কোতরঙ্গ ও কোন্নগর ও খুর্দ্দ বহড়া ও আবার কোন্নগর ও রিষীড়া ও মাহেশ ও শ্রীরামপুর ও গোরীবাটী (বা নওযাগাঁ) গ্রামের সীমা, তথাহইতে সিঙ্গুড় থানার পূর্ব্ব সীমা।
	চণ্ডীতলা ..	উত্তর সীমা,—হরিপাল ও সিঙ্গুড় থানা. পূর্ব্ব সীমা,—শ্রীরামপুর থানা। দক্ষিণ সীমা,—বৈকরা ও মামুদপুর গ্রামের মধ্যগত জিলার সীমা। পশ্চিম সীমা,—মামুদপুর ও দুধকোবা ও অনন্তরামপুর ও দুধকোরা ও আন্না ও শ্যামসুন্দরপুর ও কল্যাণবাটী ও বর্ধোদারপুর ও পা-তুল ও শণ্ডীপুর।
	কৃষ্ণনগর…	উত্তর সীমা,—হরিপাল থানা। পূর্ব্ব সীমা,—চণ্ডীতলা থানা। দক্ষিণ সীমা,—জিলার সীমা। পশ্চিম সীমা,—দামোদর নদ।
	জাহানাবাদ …	উত্তর সীমা,—জিলার সীমা। পূর্ব্ব সীমা,—দামোদরনদ। দক্ষিণ সীমা,—কোটালপুর ও পারভুর্ষিত ও শ্যামপুর ও মেউতা ও খোল দিগরী ও দিগ্রাই ও তিলকপুর ও দীঘী ও খাদৈলকিসমৎ ও বড়-খাদৈল ও সীতাগুডী (বা সাতমাসা) ও ভন্দরহাটী ও চুনৈৎ ও ভবানীপুর ওপা ড়া-বাগনান ও ডিহি বাগনান ও গৌর-বাটী ও দুহরকুণ্ডু ও বেড়াবাড়ী প্রথম খণ্ড গ্রামের সীমা, তথা-হইতে দ্বারকেশ্বর নদ পার হইয়া বেড়াবাড়ী ও আত্তাপুর ও ও বসন্তবাটী ও রঙ্গতাখালী গ্রামের সীমা। পশ্চিম সীমা,—সাঁকড়ানদী ও দ্বারকেশ্বর নদ।
	গোঘাট …	উত্তর ও পশ্চিম ও দক্ষিণ সীমা,—জিলার সীমা। পূর্ব্ব সীমা,—জাহানাবাদ থানা।
	খানাকুল …	উত্তর সীমা,—জাহানাবাদ থানা। পূর্ব্ব সীমা,—কৃষ্ণনগর থানা ও জিলার সীমা। দক্ষিণ ও পশ্চিম সীমা,—জিলার সীমা।

যেহ গ্রাম জিলার ও যেহ থানার সীমায় আছে বলিয়া উপরোক্ত বিবরণে লেখা গেল সেইহ গ্রাম ঐ জিলার ও ঐ ২ থানার সীমার মধ্যে ধরা গেল।

এচ, জে, রেনলডস,,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

The 7th May 1880.—The following Rules for Cultivation Leases of small lots of Waste Land in the Regulation District of Chittagong are published for general information :—

Those rules shall be applicable to all such waste lands being the property of Government and not included in, or required for inclusion in, other settlements, taluki or other, within the limits of the Regulation District of Chittagong, as shall from time to time be applied for by small capitalists for the purposes of ordinary native cultivation.

2. Such lands so applied for shall, with the exception hereinafter provided, be divided into lots of about 50 acres, and their leases disposed of by public auction to the highest bidder. The land shall be divided into lots by the Collector, either according to the wishes of applicants or as may be convenient, but he must be very careful to define the lot as clearly as possible at time of sale.

3. The first lease shall run in every case to the general year of resettlement for the district, viz. 1898 A D, and the lessee shall have a right of resettlement on such terms and for such period as may then be fixed, provided that the resettlement shall not be for a less period than 20 years.

4. Selected tracts of available waste land shall be put up to auction from time to time. A general notice shall be issued setting forth that leases of the waste lands situated in the mouza or locality specified, will be put up to public auction on a specified date in such lots not exceeding 50 acres as may be applied for, and inviting persons who may wish to bid for any lot or lots of the said lands to put in written application for the same within one month from the date of the publication of the notice

5. This general notice shall be in the form set out in Appendix A, and shall be published by posting up copies in the offices of the Settlement Officer and the Collector, in, the police-station within whose jurisdiction the village lies, and in some conspicuous part of the villages containing or adjoining the tract

6. The applications for leases therein invited shall be required to contain--

(1) The name, father's name, and residence of the applicant;

(2) A specification of the area, situation, boundaries, and general description of the land applied for, so far as they can be ascertained without a detailed survey.

7. On the date fixed in the general notice, all plots that have been applied for shall be put up to auction and leased to the highest bidder.

8. Plots subsequently applied for shall from time to time be put up to auction and disposed of in like manner

9. At time of sale the Collector shall be careful to notify that the sale is made subject to these rules.

10. It will in every case be in the discretion of the Collector, Settlement Officer, or other officer empowered to hold auctions, when putting up the leases to public competition, to classify the plots as first or second class waste, and to fix the upset rates accordingly.

Those rates will be—

For first class waste.—From the first to the end of the fifth year, at two annas an acre.

From the sixth to the end of the tenth year, at five annas an acre.

Cultivation then found to be measured and assessed at Rs. 2 an acre, the waste remaining at five annas an acre.

For second class waste.—From the first to the end of the fifth year, at one anna and a quarter an acre.

From the sixth to the end of the tenth year, at two annas and a half an acre.

Cultivation then found to be measured and assessed at Re. 1-4 an acre, the waste remaining at two annas and a half an acre.

11. It shall be a condition of the sale that at the end of the tenth year of the lease, or as soon after as the Collector may think proper, a measurement of the land under cultivation may be made, and the assessment re-adjusted in respect of the area so found,

[*Government Gazette, 15th June* 1880.]

১৮৮০ সাল ৭ মে।—আইনের অধীন চট্টগ্রাম প্রদেশের পতিত ভূমির ক্ষুদ্র২ লাটের কৃষিকার্য্যার্থ পাট্টা দিবার নিম্নলিখিত বিধি সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।

আইনের অধীন চট্টগ্রাম প্রদেশের সীমান্তর্গত যে পতিত ভূমি গবর্ণমেণ্টের সম্পত্তি ও যাহা কোন তালুকী বা অন্য বন্দোবস্ত ভুক্ত নহে বা ভুক্ত করিবার আদেশ নাই, অল্পসম্পত্তিসম্পন্ন লোকে সামান্য দেশীয় কৃষিকার্য্যার্থ সময়ে২ তাহার প্রার্থনা করিলে, তৎপ্রতি এই বিধি বর্ত্তিবে।

২। পশ্চান্নির্দ্দিষ্ট বর্জ্জিত স্থল ছাড়া উক্তরূপে প্রার্থিত ঐ ভূমি প্রায় ৫০ একরের লাট করিয়া বিভক্ত করা যাইবে, এবং প্রকাশ্য নীলামে যাঁহার সর্ব্বোচ্চ ডাক হয় তাঁহাকে তাহার পাট্টা দেওয়া যাইবে। প্রার্থকদের ইচ্ছামতে অথবা যেরূপে সুবিধা হয় তাহা দেখিয়া কালেক্টর সাহেব ভূমি বিভক্ত করিয়া ভিন্ন২ লাট করিবেন, কিন্তু যত দূর স্পষ্ট করিয়া হইতে পারে নীলামের সময়ে তিনি তত দূর স্পষ্ট করিয়া অতি সাবধানে লাটের সীমা নির্দ্দিষ্ট করিবেন।

৩। ঐ জিলার সাধারণ পুনঃবন্দোবস্তের বৎসর পর্য্যন্ত, অর্থাৎ ১৮৯৮ সাল পর্য্যন্ত, প্রত্যেক স্থলেই প্রথম পাট্টা প্রবল থাকিবে, এবং তৎকালে যে নিয়ম ও মিয়াদ অবধারিত হয় সেই নিয়মে ও মিয়াদে পুনঃ বন্দোবস্ত করিয়া লইবার স্বত্ব পাট্টাদারের থাকিবে; কিন্তু ঐ পুনঃবন্দোবস্ত ২০ বৎসরের কম মিয়াদে হইবে না।

৪। পাট্টা দিবার যোগ্য পতিত ভূমির কোন২ খণ্ড মনোনীত করিয়া সময়ে২ নীলামে ধরা যাইবে। এই বলিয়া একটি সাধারণ নোটিস দেওয়া যাইবে যে, নির্দ্দিষ্ট মৌজার বা স্থানের অন্তর্গত পতিত ভূমির পাট্টা প্রার্থনানুরূপ ৫০ একরের অনধিক লাট করিয়া নির্দ্দিষ্ট তারিখে প্রকাশ্য নীলামে ধরা যাইবে, এবং যাঁহারা উক্ত ভূমির এক বা একাধিক লাট ডাকিতে চাহেন তাঁহারা নোটিস জারী হইবার তারিখ অবধি এক মাস মধ্যে লিখিয়া প্রার্থনা জানাইবেন।

৫। এই সাধারণ নোটিস A চিহ্নিত ক্রোড়পত্রের পাঠে হইবে, এবং বন্দোবস্তী কার্য্যকারকের ও কালেক্টর সাহেবের আফিসে ও গ্রাম যে পোলীস থানার এলাকাভুক্ত হয় সেই পোলীস থানায় এবং উক্ত ভূখণ্ড যে২ গ্রামের অন্তর্গত বা পার্শ্ববর্ত্তী সেই২ গ্রামের কোন সুপ্রকাশ স্থানে ঐ নোটিসের নকল লটকাইয়া তাহা জারী করা যাইবে।

৬। উক্ত নোটিসে পাট্টার যে প্রার্থনাপত্র চাওয়া যায়, তাহাতে এই২ কথা লিখিবার আদেশ থাকিবে,

(১) প্রার্থকের নাম, তাঁহার পিতার নাম, ও বাসস্থান;

(২) প্রার্থিত ভূমির পরিমাণ, অবস্থান, সীমা ও সাধারণ বর্ণনা বিস্তারিত জরীপ না করিয়া যত দূর জানিতে পারা যায় তাহার বিশেষ বিবরণ।

৭। যে সকল ভূখণ্ডের নিমিত্ত প্রর্থনা হয় সাধারণ নোটিসের নির্দ্দিষ্ট তারিখে তৎসমুদয় নীলামে ধরিয়া যাঁহার সর্ব্বোচ্চ ডাক হয় তাঁহাকে পাট্টা করিয়া দেওয়া যাইবে।

৮। পরে যে সকল ভূখণ্ডের নিমিত্ত প্রার্থনা হয় তৎসমুদয় সময়ে২ নীলাম ধরিয়া পূর্ব্বোক্তরূপে পাট্টা করিয়া দেওয়া যাইবে।

৯। নীলামের সময়ে কালেক্টর সাহেব সাবধানে জ্ঞাপন করিবেন যে এই বিধির নিয়মাধীনে নীলাম হইতেছে।

১০। পাট্টা প্রকাশ্য নীলামে ধরিবার সময়ে প্রত্যেক স্থলে কালেক্টর সাহেব বা বন্দোবস্তী কার্য্য-কারক বা নীলাম করণক্ষম অন্য কার্য্যকারক আপন বিবেচনামতে ভূখণ্ড গুলিকে প্রথম বা দ্বিতীয় শ্রেণীর পতিত ভূমি বলিয়া ধরিয়া তদনুসারে তাহার প্রথম রাজস্বের হার অবধারিত করিতে পারিবেন। উক্ত হার গুলি এইরূপ হইবে,—

প্রথম শ্রেণীর পতিত ভূমির নিমিত্ত।—প্রথম অবধি পঞ্চম বৎসরের শেষ পর্য্যন্ত একর প্রতি দুই আনা।

ষষ্ঠ অবধি দশম বৎসরের শেষ পর্য্যন্ত একর প্রতি পাঁচ আনা।

শেষোক্ত সময়ে যত ভূমি আবাদ হইয়াছে দেখা যায় তাহা মাপিয়া একর প্রতি ২৲ টাকা রাজস্ব ধরা যাইবে, ও অবশিষ্ট পতিত ভূমির একর প্রতি পাঁচ আনা ধরিতে হইবে।

দ্বিতীয় শ্রেণীর পতিত ভূমির নিমিত্ত।—প্রথম অবধি পঞ্চম বৎসরের শেষ পর্য্যন্ত একর প্রতি পাঁচ পয়সা।

ষষ্ঠ বৎসর অবধি দশম বৎসরের শেষ পর্য্যন্ত একর প্রতি আড়াই আনা।

শেষোক্তসময়ে যত ভূমি আবাদ হইয়াছে দেখা যায় তাহা মাপিয়া একর প্রতি ১০ রাজস্ব ধরা যাইবে, ও অবশিষ্ট পতিত ভূমির একর প্রতি আড়াই আনা ধরিতে হইবে।

১১। নীলামের একটি নিয়ম এই হইবে যে, পাট্টা লইবার দশম বৎসরের শেষে, অথবা তাহার পর কালেক্টর সাহেব যখন উচিত বোধ করেন, আবাদী ভূমি মাপ করা যাইতে পারিবে, এবং তদ্রূপে যত ভূমি দৃষ্ট হয় উপরিলিখিত হারানুসারে তাহার রাজস্বের পুনঃ বন্দোবস্ত হইতে পারিবে। তৎকালে যে

according to the above rates. Any *sunn* and *gorjon kholas* found shall also then be assessed at fair rates. One more similar measurement and re-adjustment of the assessment may be made at any time after the end of the fifteenth year, after which no further measurement or re-adjustment of assessment shall be made till the lease expires.

12. The purchasers of the lots, within one week after the auction, shall deposit the amount of the first year's rental, which shall be taken to cover the expense of mapping, measuring, and demarcating the lots; and no further payment on this account shall be required from the lessee. But the lessee shall bear the cost of clearing the boundary trace when it passes through jungle. If the amount of the first year's rental be not deposited within one week as required above, plus the estimated cost of clearing the boundary trace when necessary, the sale may at the discretion of the Collector be held void, and the lease again put up to auction.

13. An amin shall then be deputed to the village to measure and map the lots and to demarcate the boundaries.

14. The map shall be on the scale of 32 inches to the mile, and shall show all natural features of the plots, such as khals and hills, and shall also show all public pathways. The position of the plot shall in every case be fixed by an offset taken from some permanent and recognizable landmark in the vicinity.

15 The amin shall prepare a field-book of each lot, showing clearly the position and identification of the lands lying within its boundary and also the total area.

16. In demarcating the lots, natural boundaries shall be followed as far as possible. The boundaries shall in every case be further demarcated by marks, consisting of posts or tree-stems set in mounds of earth at every angle of the boundary On receipt of the amin's report a lease shall be granted to the purchaser in a form which shall be the counterpart of the form of kabuliyat given in Appendix B, together with a copy of the amin's map.

17. If at the time of giving possession of the lot to the lessee any dispute shall arise as to its boundaries or its identity with the lot of which he purchased the lease, the purchaser shall be bound by the decision of the Collector, and if dissatisfied therewith, may throw up the lease, in which case the amount paid as purchase money will be repaid to him without interest, after deducting any actual expenses incurred on survey, demarcation, or otherwise.

18. Any land covered by the lease which may at any time be required for a public purpose, may be taken up by Government free of cost, a reduction being made in the rent payable under the lease proportional to the area taken up by Government; but the value of any improvement or property therein shall be paid to the lessee, and shall be assessed under the provisions of the law in force for the time being for the acquisition of land for public purposes.

19. The Government reserves to itself the right to all minerals on the lands which may be leased, together with such rights of way and other reasonable facilities as may be requisite for working, getting, and carrying away such minerals

20. The title conveyed by the lease shall be heritable and transferable, provided that no transfer shall be made of less than the whole area, and that no transfer shall be valid as against Government, but shall, on the contrary, be equivalent to a surrender of the lease, unless notice of the transfer shall have been given by the transferee to the Collector within two months of the transfer

21 No sub-tenure inconsistent with the conditions, or for a period beyond the term of the lease, can be granted by the lessee, and if the lessee creates an undertenure he shall be bound to impose a condition prohibiting his undertenant from creating any lower undertenure. Such undertenant shall be bound to let to cultivating ryots only.

22. In the case of lands exposed to salt-water inundation and requiring to be protected by embankment, the above rules shall be subject to the following modifications :—

(*a*) The Collector or other officer empowered in that respect may, at his discretion, offer such lands to auction in lots of such area greater than 50 acres as may be applied for either by a single applicant or by several applicants jointly : provided that such area be not more than can, in the circumstances of the

নূন ও গর্জ্জন খোলা ভূমি দেখা যায় উপযুক্ত ভাবে তাহারও রাজস্ব ধরা যাইবে। পঞ্চদশ বৎসর শেষ হইবার পর যে কোন সময়ে আবার তদ্রূপ ভূমির মাপ ও রাজস্বের পুনঃবন্দোবস্ত করা যাইতে পারিবে। তাহার পর যাবৎ পাট্টার মিয়াদ গত না হয় আর ভূমি মাপ বা রাজস্বের পুনঃ বন্দোবস্ত করা যাইবে না।

১২। লাট খরীদারেরা নীলামের পর এক সপ্তাহ মধ্যে প্রথম বৎসরের খাজানার টাকা আমানত করিবেন। লাটের নকশা প্রস্তুত করিবার ও ভূমি মাপিবার ও সীমার চিহ্ন দিবার ব্যয় বহনার্থ ঐ টাকা লওয়া যাইবে; এবং এই হিসাবে পাট্টাদারের নিকট আর টাকা চাহা যাইবে না। কিন্তু সীমার রেখা জঙ্গলের মধ্য দিয়া গেলে তাহা পরিষ্কার করিবার খরচ পাট্টাদারের দিতে হইবে। প্রথম বৎসরের খাজানার টাকা ও আবশ্যক হইলে সীমার রেখা পরিষ্কার করিবার আনুমানিক খরচ উপরিলিখিত আদেশমতে এক সপ্তাহ মধ্যে আমানত করা না গেলে, কালেক্টর সাহেব আপন বিবেচনামতে বিক্রয় অসিদ্ধ করিতে পারিবেন, ও পাট্টা পুনর্ব্বার নীলামে ধরা যাইতে পারিবে।

১৩। তাহা হইলে লাট মাপিবার ও তাহার নকশা প্রস্তুত করিবার ও সীমার চিহ্ন দিবার নিমিত্ত ঐ ভূমি যে গ্রামে থাকে সেখানে একজন আমীন পাঠাইতে হইবে।

১৪। ৩২ ইঞ্চিতে এক মাইল হয় এই স্কেলে নকশা প্রস্তুত করিতে হইবে; ঐ নকশায় খাল ও পাহাড় প্রভৃতি ভূখণ্ডের প্রাকৃতিক লক্ষণ ও সমুদয় সরকারী পথ প্রদর্শিত হইবে। নিকটস্থ কোন স্থায়ী ও পরিজ্ঞেয় ভূচিহ্ন হইতে এড়ো রেখা লইয়া প্রত্যেক স্থলে উক্ত ভূখণ্ডের অবস্থান স্থির করিতে হইবে।

১৫। আমীন প্রত্যেক লাটের ফীল্ডবুক প্রস্তুত করিবেন; তাহাতে উহার সীমান্তর্গত ভূমির অবস্থান ও স্বরূপ ও মোট পরিমাণ দেখাইতে হইবে।

১৬। লাটের সীমার চিহ্ন দিবার সময় যত দূর পারা যায় প্রাকৃতিক সীমা অবলম্বন করিতে হইবে। আর সীমার প্রত্যেক কোণে মাটির ঢিপি করিয়া তন্মধ্যে খুঁটা বা গাছের গুঁড়ি পুতিয়া প্রত্যেক স্থলে সীমা চিহ্নিত করিতে হইবে। আমীনের রিপোর্ট পাওয়া গেলে, B চিহ্নিত ক্রোড়পত্রের কবুলিয়তের পাঠের অনুরূপ পাঠে ক্রেতাকে পাট্টা দেওয়া যাইবে, ও তৎসঙ্গে আমীনের নকশার এক কেতা নকল দেওয়া যাইবে।

১৭। পাট্টাদারকে লাট দখল দিবার সময়ে উহার সীমাসম্বন্ধে অথবা তিনি যে লাটের পাট্টা লইয়াছেন তাহার সহিত উহার একতা সম্বন্ধে যদি কোন বিবাদ উপস্থিত হয়, ক্রেতা কালেক্টর সাহেবের নিষ্পত্তিদ্বারা বদ্ধ হইবেন, এবং তাহাতে অসন্তুষ্ট হইলে পাট্টা ত্যাগ করিতে পারিবেন, এবং তাহা হইলে জরীপ করিতে বা চিহ্ন দিতে বা প্রকারান্তরে বাস্তবিক যত ব্যয় হইয়াছে তাহা কাটিয়া লইয়া তাঁহার প্রদত্ত ক্রয়ের টাকা বিনা সুদে তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে।

১৮। পাট্টার অন্তর্গত কোন ভূমি কোন সময়ে রাজকীয় কার্য্যের নিমিত্ত গ্রহণ করা আবশ্যক হইলে, গবর্ণমেণ্ট তাহা বিনামূল্যে লইতে পারিবেন। গবর্ণমেণ্ট যত ভূমি লন তদনুসারে পাট্টাক্রমে দেয় খাজানা কমাইয়া দেওয়া যাইবে। কিন্তু তাহার উৎকর্ষসাধন করিবার বা তদন্তর্গত সম্পত্তির মূল্য পাট্টাদারকে দেওয়া যাইবে, এবং রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমিগ্রহণার্থে যে আইন যৎকালে চলিত থাকে তাহার বিধানমতে ঐ মূল্য ধার্য্য করা যাইবে।

১৯। যে ভূমির পাট্টা দেওয়া যায় তাহার ধাতুপ্রভৃতি খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবে, তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করা ও যুক্তিসঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক, তাহা করিতে পারিবেন।

২০। পাট্টাদ্বারা যে স্বত্বাধিকার প্রদত্ত হইল তাহা পুত্র পৌত্রাদিক্রমে ভোগ্য ও হস্তান্তর যোগ্য হইবে। কিন্তু হস্তান্তর করিতে হইলে সমুদয় ভূমিই হস্তান্তর করিতে হইবে, কতক অংশ নয়, এবং গবর্ণমেণ্টের বিরুদ্ধে কোন হস্তান্তর করণ সিদ্ধ হইবে না, প্রত্যুত হস্তান্তর করণাবধি দুই মাসের মধ্যে হস্তান্তরক্রমে প্রাপ্তা হস্তান্তর হইবার সম্বাদ কালেক্টর সাহেবকে না দিলে পাট্টা ত্যাগকরণ তুল্য ফল হইবে।

২১। পাট্টাদার পাট্টার নিয়মের বিরুদ্ধে কিম্বা পাট্টার মিয়াদাতিরিক্ত কালের নিমিত্ত কোন অধীন তালুক সৃষ্টি করিতে পরিবেন না, এবং পাট্টাদার অধীন তালুক সৃষ্টি করিলে ঐ অধীন তালুকদার নিম্নতর তালুক সৃষ্টি করিবেন না তাঁহাকে এই নিষেধাত্মক নিয়মে বদ্ধ করিতে বাধ্য থাকিবেন। ঐ অধীন তালুকদার কেবল কৃষিকারী রায়তদিগকে জমি বিলি করিতে পারিবেন।

২২। যে ভূমিতে লোণা জল প্রবেশ করিতে পারে ও যাহা বাঁধ দিয়া রক্ষা করিতে হয়, সেই ভূমি সম্বন্ধে উপরিলিখিত বিধি নিম্নলিখিতরূপে পরিবর্ত্তিত করিতে হইবে।—

(ক) একজন কিম্বা কএকজন একত্র হইয়া প্রার্থনা করিলে কালেক্টর সাহেব বা তৎকার্য্যক্ষম অন্য কার্য্যকারক স্বীয় বিবেচনামতে ৫০ একরের অধিক পরিমাণের লাট করিয়া উক্ত ভূমি নীলামে ধরিতে পারিবেন। কিন্তু স্থানের অবস্থা বিবেচনা করিয়া দেখিলে যাহা ক্রমাগত এক লাইন বাঁধদ্বার সফলরূপে রক্ষা করা যাইতে পারে ঐ ভূমি তদধিক পরিমাণের হইবে না, এবং একজন প্রার্থকের সহিত

locality, be effectively protected by a single continuous outer line of embankment, and shall in no case exceed 200 acres if settled with a single applicant, or 50 acres per each applicant if with several applicants jointly.

(*b.*) The outer boundary of the grant having been duly demarcated and boundary marks placed by the amin, the applicants shall be required, on pain of forfeiture of the grant in case of default, to complete the demarcation of boundary, within one year from the date of auction, by the erection, at their own cost, of the necessary embankment.

(*c.*) In the case of a joint application by several persons, the distribution amongst them of the land within the joint embankment shall be matter of private agreement amongst themselves, and they shall be jointly and severally responsible for the rent of the whole.

23. The rent payable on waste lands leased under these rules shall be paid to the same persons and in the same manner as the revenue payable from Noabad taluks. The last days of payment will be the same as those fixed for payment of Government revenue by zemindars in the Chittagong district.

24. Payment of the rent due on leases granted under these rules shall be enforced and arrears realized by the same process as in the case of Noabad taluks.

NOTICE

[*Appendix A, referred to in Rule* 5.]

Is hereby given that leases of such waste lands situated in mouza as may be applied for, and as are not included in, or required for inclusion in any other settlement, will be put up at auction to the highest bidder in lots of 50 acres or under, on the The leases will run till the end of the year 1897, but the lessee will acquire the right to the land in perpetuity, subject to resettlement after periods of twenty years. All persons wishing to obtain leases of any such lands of the said mouza are required to file applications in the office of the Settlement Officer, Chittagong, within one month from this day.

The applications must be in writing, on paper, bearing an eight-anna court-fee stamp as required by law, and must contain the following particulars :—

(1.) The name, father's name, and the residence of the applicant.

(2.) A specification of the area, situation, boundaries, and general description of the land applied for so far as they can be ascertained without a detailed survey.

[*Appendix B, referred to in Rule* 16.]

Form of Kabuliyat.

Temporary Settlement of Lot , Mouza , Thana , Zillah

Description of land.	Total land.	Uncultivated land.	Cultivated land	Assessment per acre of cultivated land shown in column 4.		Assessment per acre of uncultivated land shown in column 3.		Jumma of each year. Column 6+8.		Instalment.
				Year	Rate.	Year.	Rate.	Year.	Amount.	
1	2	3	4	5	6	7	8	9	10	11
Mehal Noabad ... ... Lot ... . Lessee ... .. . By survey of 18										Month of

[*Government Gazette*, 15*th June* 1880.]

বন্দোবস্ত হইলে তাহার পরিমাণ কোন স্থলে ২০০ একরের অধিক হইবে না কিম্বা কএক জন প্রার্থকের সহিত একত্রে বন্দোবস্ত হইলে জন প্রতি ৫০ একরের অধিক হইবে না।

(খ) আমীন প্রদত্ত ভূমির বহিঃ সীমা নিয়মিতরূপে চিহ্নিত করিলে ও সীমার চিহ্ন সংস্থাপন করিলে পর, ত্রুটি হইলে ঐ ভূমি জব্দ হইবে এই দণ্ডের নিয়মে প্রার্থকদিগকে আদেশ করা যাইবে যে তাঁহারা নীলামের তারিখ অবধি এক বৎসরের মধ্যে আপন ব্যয়ে আবশ্যক বাঁধ প্রস্তুত করিয়া সীমার চিহ্নদান কার্য্য সমাপ্ত করেন।

(গ) কএক জন একত্রে প্রার্থনা করিলে, তাঁহারা একত্রে যে বাঁধ দেন তদন্তর্গত ভূমি আপনা আপনি বণ্টন করিয়া লইবেন, এবং সমুদয় ভূমির খাজানা নিমিত্ত তাঁহারা একত্র ও স্বতন্ত্র দায়ী থাকিবেন।

২৩। এই বিধিমতে যে পতিত ভূমির পাট্টা দেওয়া যায় তাহার খাজানা নয়াবাদ তালুকের রাজস্ব যে ব্যক্তিদিগকে যেরূপে দিতে হয় সেই ব্যক্তিদিগকে সেইরূপে দেওয়া যাইবে। চট্টগ্রাম জিলায় জমীদারদের গবর্ণমেন্টের রাজস্ব দিবার যে২ তারিখ অবধারিত আছে, সেই২ তারিখই খাজানা দিবার শেষ দিন হইবে।

২৪। এই বিধিমতে প্রদত্ত পাট্টাক্রমে যে খাজানা পাওনা হয়, তাহা তলব করিতে ও যে বাকী পড়ে তাহা আদায় করিতে নয়াবাদ তালুকে যে প্রণালী অবলম্বিত হয় সেই প্রণালী অবলম্বন করা যাইবে।

৫ ধারার উল্লিখিত A চিহ্নিত ক্রোড়পত্র।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে অমুক মৌজার অন্তর্গত যে পতিত ভূমির জন্য প্রার্থনা হয় ও যাহা অন্য কোন বন্দোবস্ত ভুক্ত নহে বা ভুক্ত করিবার আদেশ নাই, সেই ভূমির পাট্টা অমুক তারিখে ৫০ একরের বা তাহার কম পরিমাণের লাট করিয়া যাঁহার সর্ব্বোচ্চ ডাক হয় তাঁহাকে নীলামে বিক্রয় করা যাইবে। ঐ পাট্টা ১৮৯৭ সালের শেষ পর্য্যন্ত প্রবল থাকিবে, কিন্তু বিশ২ বৎসরান্তর পুনঃবন্দোবস্তের নিয়মাধীনে পাট্টাদার ঐ ভূমিতে চিরকালীন স্বত্ব পাইবেন। যাঁহারা উক্ত মৌজার অন্তর্গত ঐ ভূমির পাট্টা লইতে চাহেন তাঁহারা অদ্যকার তারিখ অবধি এক মাসের মধ্যে চট্টগ্রামের বন্দোবস্তী কার্য্যকারকের আফিসে প্রার্থনাপত্র দাখিল করিবেন।

প্রার্থনাপত্র আইনের আদেশমত আট আনা মূল্যের কোর্ট ফী ইষ্টাম্প যুক্ত কাগজে লিখিতে হইবে, এবং তাহাতে এই ২ কথা লেখা থাকিবে।

(১) প্রার্থকের নাম, তাঁহার পিতার নাম, ও বাসস্থান।

(২) প্রার্থিত ভূমির পরিমাণ, অবস্থান, সীমা ও সাধারণ বর্ণনা বিস্তারিত জরীপ না করিয়া যত দূর জানিতে পারা যায় তাহার বিশেষ বিবরণ।

১৬ ধারার উল্লিখিত B ক্রোড়পত্র।

কবুলিয়তের পাঠ।

অমুক জিলার অমুক থানার অমুক মৌজার
অমুক লাটের কিয়ৎকালীন বন্দোবস্ত।

ভূমির বর্ণনা।	মোট ভূমি।	অনাবাদী ভূমি।	আবাদী ভূমি।	৪ ঘরে প্রদর্শিত আবাদী ভূমির একর প্রতি যত রাজস্ব ধরা যায়।		৩ ঘরে প্রদর্শিত অনাবাদী ভূমির একর প্রতি যত রাজস্ব ধরা যায়।		প্রত্যেক বৎসরের জমা অর্থাৎ ৬+৮ ঘর।		কিস্তি।
				বৎসর	হার	বৎসর	হার	বৎসর	টাকা	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
মহাল নয়াবাদ লাট .. পাট্টাদার ... ১৮ সালের জরীপদ্বারা										অমুক মাসের।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

1. I enter into a temporary jungleboori settlement at progressive rates for the above-mentioned lands for a term of years, from 12 B to B, and agree* to pay the revenue mentioned above during the aforesaid period, and hereby enter into this engagement with the following conditions; and I declare the said engagement binding not only on myself, but also on my heirs, representatives, and assignees precisely as if it had been executed by them.

* In the case of joint leases under Rule 22, insert here the words "and hereby jointly and severally bind ourselves" and alter the wording throughout as necessary.

2. I will pay annually the aforesaid revenue to such person and at such place as the Collector may direct in accordance with the instalments therein set forth,—that is to say, from the first to the end of the fifth year Rs. , from the sixth to the end of the tenth year Rs. . At the end of the tenth year, or as soon after as the Collector may think proper, a measurement may be made, and the area then found under cultivation shall thenceforth be assessed at the said rate of an acre, the waste remaining at annas an acre. All *sunn* and *gorjon kholas* then found will also be thenceforth assessed at fair rates. One similar measurement and adjustment of assessment may be made at any time after the expiration of the fifteenth year; and I will regularly pay the amount of assessment as so re-adjusted.

3. The title conveyed by this lease is heritable and transferable, provided however that I am not empowered to divide this lot or to transfer it except as a whole, or to create therein any undertenure beyond the term of lease, or on terms inconsistent with the terms thereof. No transfer shall be valid as against Government, but on the contrary be equivalent to a surrender of this lease, unless notice of the transfer be given by the transferee to the Collector within two months of the transfer.

4. If I create any undertenure, I will impose on the undertenant a condition that he shall not create any lower undertenure, but shall let the land to cultivating ryots only. Any undertenure which may be created by any person to whom I may sublet, shall be invalid and liable to be set aside.

5. I shall not raise any objection to the full and punctual payment of the said revenue on the score of inundation, drought, depredation by wild beasts, diluvion, desertion, death, or other accident affecting the value of the said land or the outturn thereof; and I shall have no claim to abatement of revenue on any such account.

6. On the occurrence of any arrear in the payment of revenue, the Collector may sell the lot by auction under the provisions of Act XI of 1859, or recover the amount due by issue of certificates under any law for the time being in force relating to the recovery of arrears of revenue or of other public demands

7. I shall not interfere with any right of the villagers relating to grazing cattle and taking fuel. I shall not fell any of the following timbers growing on the lands of my settlement without the special permission of the Collector, nor shall I allow any other person to do so; and I have no power to sell them. Such trees are exclusively Government property:—

1. Jarool.	4. Shagoon.	7. Chowangiri.
2. Telsur.	5. Gurjun.	8. Chagaroshi.
3. Toon.	6. Chapalish.	9. Gamar.

8. I have no right to rivers, fisheries, and mines, which are all Government property. The Government also reserves to itself the right to all minerals on the lands, together with such rights of way and other reasonable facilities as may be requisite for working, getting, and carrying away such minerals.

9. Beyond the fixed Government revenue and the things mentioned above, the Government shall have no claim to any profit which may accrue from the land included in this engagement during the currency of this engagement.

10. Any land covered by the lease which may at any time be required for a public purpose may be taken up by Government free of cost, a deduction being made in the amount of assessment payable under the lease proportional to the area so taken up, and compensation being made for the value of any improvement or property therein under the provisions of the law in force for the time being for the acquisition of land for public purposes.

[*Government Gazette*, 15*th June* 1880.]

১। আমি সন ১২ সাল অবধি সন ১২ সাল পর্য্যন্ত এত বৎসর মিয়াদে ক্রমে বর্দ্ধনশীল হারে উপরিলিখিত ভূমির কিয়ৎকালীন জমাবৃদ্ধি বন্দোবস্ত করিয়া লইয়া পূর্ব্বোক্ত মিয়াদ কালে উপরিলিখিত রাজস্ব দিতে সম্মত * হইলাম, এবং নিম্নলিখিত নিয়মে এই নিয়মপত্র লিখিয়া দিলাম; উক্ত নিয়মপত্রে কেবল যে আমিই আবদ্ধ হইব এমন নহে, আমার উত্তরাধিকারী ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ও আমি স্বয়ং এই দলীল লিখিয়া দিলে যেরূপ আবদ্ধ হইতেন ঠিক সেইরূপ আবদ্ধ হইবেন।

* ২য় ধারামতে একত্র পাট্টা লওয়া গেলে "একত্র ও স্বতন্ত্র রূপে আপনাদিগকে আবদ্ধ করিলাম" এই স্থলে এইং কথা দিতে হইবে এবং সর্ব্বত্র আবশ্যকমত শব্দ পরিবর্ত্তন করিতে হইবে।

২। কালেক্টর সাহেব যে ব্যক্তিকে ও যে স্থানে দিবার আদেশ করেন সেই ব্যক্তিকে আমি সেই স্থানে এই নিয়মপত্রের কিস্তি অনুসারে বৎসরং উক্ত রাজস্ব দিব, অর্থাৎ প্রথম অবধি পঞ্চম বৎসরের শেষ পর্য্যন্ত এত টাকা, ও ষষ্ঠ অবধি দশম বৎসরের শেষ পর্য্যন্ত এত টাকা দিব। দশম বৎসরের শেষে অথবা তাহার পর কালেক্টর সাহেব যত শীঘ্র উচিত বোধ করেন, ভূমি মাপ করা যাইতে পারিবে, এবং যত ভূমি আবাদ হইয়াছে দেখা যায় তাহার একর প্রতি এত হারে রাজস্ব ধরা যাইবে, ও অবশিষ্ট পতিত ভূমির একর প্রতি এত আনা। তৎকালে যে সুন ও গর্জ্জন খোলা ভূমি দেখা যায় তাহার উপর উপযুক্ত হারে রাজস্ব ধরা যাইবে। পঞ্চদশ বৎসর অতীত হইলে পর কোন সময়ে তদ্রূপ ভূমির মাপ ও রাজস্বের বন্দোবস্ত করা যাইতে পারিবে; এবং পুনঃবন্দোবস্ত করিয়া যত টাকা রাজস্ব ধার্য্য হয় আমি তাহা নিয়মিতরূপে দিব।

৩। পাট্টা দ্বারা যে স্বত্বাধিকার প্রদত্ত হইল তাহা পুত্র পৌত্রাদিক্রমে ভোগ্য ও হস্তান্তর যোগ্য, কিন্তু আমি এই লাট বিভাগ করিতে অথবা সমুদয় লাট ভিন্ন কতক অংশ হস্তান্তর করিতে অথবা তাহাতে পাট্টার মিয়াদাতিরিক্ত বা নিয়ম বিরুদ্ধ কোন অধীন তালুক সৃষ্টি করিতে ক্ষমতাপন্ন নহি। কোন হস্তান্তরকরণ গবর্ণমেণ্টের বিরুদ্ধে সিদ্ধ হইবে না, প্রত্যুত হস্তান্তর করণাবধি দুই মাসের মধ্যে হস্তান্তর ক্রমে প্রাপ্ত হস্তান্তর হইবার সংবাদ কালেক্টর সাহেবকে না দিলে পাট্টা ত্যাগ করণ তুল্য ফল হইবে।

৪। আমি কোন অধীন তালুক সৃষ্টি করিলে, অধীন তালুকদারকে এই নিয়মে বদ্ধ করিব যে তিনি নিম্নতর তালুক সৃষ্টি করিবেন না, ও কেবল কৃষিকারী রায়তদিগকেই জমি বিলি করিবেন। আমার নিকটে ভূমি পাইয়া কোন ব্যক্তি যে অধীন তালুক সৃষ্টি করেন, তাহা অসিদ্ধ হইবে ও অন্যথা করা যাইতে পারিবে।

৫। জলপ্লাবন বা অনাবৃষ্টি বা বন্য জন্তুর উপদ্রব বা শিকস্তী বা প্রজার পলায়ন বা মৃত্যু বা অন্য যে দুর্ঘটনাক্রমে ভূমির মূল্য বা উৎপন্ন কমিয়া যায় তন্নিমিত্ত আমি সম্পূর্ণ ও নিয়মিতরূপে উক্ত রাজস্ব দিতে কোন আপত্তি করিব না; এবং তদ্রূপ কোন কারণে রাজস্ব কম করিয়া দিতে আমার কোন দাওয়া থাকিবে না।

৬। রাজস্ব বাকী পড়িলে, কালেকটর সাহেব ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে নীলাম করিয়া লাট বিক্রয় করিতে পারিবেন, অথবা বাকী রাজস্ব বা অন্য রাজকীয় প্রাপ্য আদায় করণ সম্পর্কীয় যে আইন যৎকালে বলবৎ থাকে সেই আইনমত সর্টিফিকেট প্রচার করিয়া প্রাপ্য টাকা আদায় করিতে পারিবেন।

৭। গ্রামবাসিদের গবাদি চরাইবার ও কাষ্ঠ লইবার যে কোন স্বত্ব থাকে আমি তাহাতে হস্তক্ষেপ করিব না। কালেকটর সাহেবের বিশেষ অনুমতি ব্যতিরেকে আমি আমার বন্দোবস্তী ভূমির উপরিস্থ নিম্নলিখিত বাহাদুরী কাষ্ঠ কাটিব না বা অন্য কাহাকে কাটিতে দিব না; এবং আমি তাহা বিক্রয় করিতে ক্ষমতাপন্ন নহি। এই সকল বৃক্ষ কেবল গবর্ণমেণ্টের সম্পত্তি।—

(১) জারুল।	(৪) সেগুন।	(৭) চোয়াঙ্গিরি।
(২) তেলসুর।	(৫) গর্জ্জন।	(৮) চগরশি।
(৩) তুঁত।	(৬) চপলিশ।	(৯) গামার।

৮। নদী বা জলকর বা খনির উপর আমার কোন স্বত্ব নাই, তৎসমুদয় গবর্ণমেণ্টের সম্পত্তি। ভূমির ধাতু প্রভৃতি খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিল, তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক, তাহা করিতে পারিবেন।

৯। এই নিয়মপত্র যত কাল চলিত থাকে তত কাল নির্দ্দিষ্ট গবর্ণমেণ্টের রাজস্ব ও উপরিলিখিত দ্রব্যাদির অতিরিক্ত গবর্ণমেণ্ট এই নিয়মপত্রের অন্তর্গত ভূমি হইতে উৎপন্ন কোন লভ্যের দাওয়া করিতে পারিবেন না।

১০। পাট্টার অন্তর্গত কোন ভূমি কোন সময়ে রাজকীয় কার্য্যার্থে গ্রহণ করিবার প্রয়োজন হইলে, গবর্ণমেণ্ট তাহা বিনা মূল্যে লইতে পারিবেন। তদ্রূপে যে পরিমাণের ভূমি গৃহীত হয় তদনুসারে পাট্টাক্রমে দেয় রাজস্বের টাকা কমাইয়া দেওয়া যাইবে, এবং রাজকীয় কার্য্য নিমিত্ত ভূমি গ্রহণার্থ যৎকালে যে আইন বলবৎ থাকে তাহার বিধানমতে ঐ ভূমির উৎকর্ষসাধনের খরচ বা তদন্তর্গত সম্পত্তির মূল্য ধরিয়া ক্ষতি পূরণ করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

11. I shall be at liberty to bring under cultivation waste lands covered by this engagement and to fix rent thereon.

12. † I will from time to time erect and repair the embankments, drainage channels, and outlets, in order to prevent the encroachment of any sea or river on the said lands, or the great accumulation of the water thereon. In case of my failure to do so, the Government may enter on the land and take up the repairs, and may recover the costs of the same with all incidental charges, as if the same were an arrear of revenue due on this lot.

† In the case of leases granted under rule 22. " I (or we) will within years from the date of this lease, erect and thenceforward from time to time repair and renew such sufficient embankments, drainage channels, and outlets, as shall serve effectually to protect the said lands from any encroachment of any sea or river, or any great accumulation of water thereon In case of my (or our) failure to do so, the Government may enter on the land and take up the repairs, and may recover the costs of the same with all incidental charges, as if the same were an arrear of revenue due from the lot.

9. I will not allow any thief, dacoit, proclaimed offender, or notable bad character to find refuge within the precincts of the said lands. I will promptly furnish all information which I am or may be required by law to give. I will aid the police in the apprehension of offenders.

13. For violation of any of the conditions of this engagement, the Government will be at liberty to annul this engagement, and thereupon I shall lose all right in the lot.

14. Unless I am evicted from the lot during the currency of the present settlement in accordance with the conditions of this agreement, I or my heirs or assigns shall be entitled, at the end of this term of settlement, to resettlement on such terms and for such period not being less than twenty years as may then be fixed by Government, but in case of my refusal to engage for the payment of the amount of revenue which Government may hereafter deem expedient to fix for the land included in this engagement, I shall be liable to ejectment from the land, and I having no proprietary right, shall not have any claim to malikanah.

H. J. Reynolds,
Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3082A.

The 26th May 1880.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Bishenpore Bench of Magistrates in the district of Bankoora, and are vested with the powers of a Magistrate of the Third Class :—

Baboo Kali Kumar Aikat, Landholder.
,, Ram Chunder Kit, Merchant.

The 27th May 1880.—The Lieutenant-Governor accepts the resignation tendered by the undermentioned gentlemen of their appointments as Honorary Magistrates in the district of Purneah :—

Hakim Zain-uddin Hossein. | Kumar Padmanand.
Mr. G. S. Hayes.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Jehanabad Bench of Magistrates in the district of Hooghly, and are vested with the powers of a Magistrate of the Third Class :—

Baboo Baikantha Nath Roy, Talookdar.
,, Bhogobutty Churn Banerjee, Talookdar.
,, Kedar Nath Roy, Talookdar.
Meah Mosiuddin Ahmed, Talookdar.
Baboo Peary Mohun Roy, Zemindar.
,, Shib Lall Misser, Talookdar.
,, Woomesh Chunder Mitter, Assistant Surgeon.

The 28th May 1880.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Mr. H. Thompson of his appointment of Honorary Magistrate in the district of Howrah.

[*Government Gazette*, 15*th June* 1880.]

১১। আমি এই নিয়মপত্রের অন্তর্গত পতিত ভূমি ইচ্ছাক্রমে আবাদ করিতে পারিব ও তাহার উপর খাজানা ধার্য্য করিতে পারিব।

১২। † উক্ত ভূমির উপর সমুদ্র বা নদীর আক্রমণ বা তথায় অধিক জলসংগ্রহ নিবারণার্থ আমি সময়ে২ বাঁধ ও পয়োপ্রণালী ও জল নির্গমপথ প্রস্তুত ও মেরামত করিব। আমার ইহাতে ত্রুটি হইলে, গবর্ণমেণ্ট ভূমিতে প্রবেশ করিয়া মেরামত কর্ম্ম করিতে পারিবেন, এবং মেরামত করিবার ও আনুষঙ্গিক সকল খরচ এই লাটের বাকী রাজস্বের ন্যায় আদায় করিয়া লইতে পারিবেন।

৯। আমি কোন চোর, ডাকাইত, প্রকাশিত অপরাধী, বা প্রসিদ্ধ বদমাইসকে উক্ত ভূমির সীমার মধ্যে আশ্রয় লইতে দিব না। আইনক্রমে আমার প্রতি যে সকল সম্বাদ দিবার আদেশ আছে বা হয়, আমি অবিলম্বে তাহা দিব। অপরাধিদিগকে ধৃত করণার্থে আমি পোলীসের সাহায্য করিব।

† ২২ ধারামতে প্রদত্ত পাট্টা হইলে, "সমুদ্র বা নদীর আক্রমণ হইতে বা ভূমির উপর অধিক হইতে উক্ত ভূমি জাল করিয়া রক্ষা করণার্থে যে বাঁধের ও পয়োপ্রণালীর ও জল নির্গম পথের প্রয়োজন, আমি (বা আমরা) তাহা এই পাট্টার তারিখ অবধি এত বৎসরের মধ্যে প্রস্তুত করিব ও তদবধি সময়ে২ মেরামত করিয়া নূতন করিয়া দিব। আমার (বা আমাদের) ইহাতে ত্রুটি হইলে, গবর্ণমেণ্ট ভূমিতে প্রবেশ করিয়া মেরামত কর্ম্ম করিতে পারিবেন, এবং মেরামত করিবার ও আনুষঙ্গিক সকল খরচ এই লাটের বাকী রাজস্বের ন্যায় আদায় করিয়া লইতে পারিবেন।"

১৩। এই নিয়মপত্রের কোন নিয়ম ভঙ্গ হইলে, গবর্নমেণ্ট এই নিয়মপত্র অসিদ্ধ করিতে পারিবেন, তাহা হইলে এই লাটে আমার কোন স্বত্ব থাকিবে না।

১৪। এই বন্দোবস্ত চলিত থাকিবার সময়ে এই নিয়মপত্রের নিয়মমতে আমাকে এই লাট হইতে বিচ্যুত করা না গেলে, আমি বা আমার উত্তরাধিকারী বা আসেনীরা এই বন্দোবস্ত শেষ হইলে পর গবর্ণমেণ্ট যে নিয়ম ও বিশ বৎসরের অনধিক যে মিয়াদ অবধারিত করেন, সেই নিয়মে ও সেই মিয়াদে পুনঃ বন্দোবস্ত করিতে অধিকারী হইব বা হইবে। কিন্তু এই নিয়মপত্রের অন্তর্গত ভূমির উপর গবর্ণমেণ্ট ভবিষ্যতে যত টাকা রাজস্ব ধার্য্য করা বিহিত বোধ করেন, আমি তত টাকা দিবার নিয়মে বদ্ধ হইতে অস্বীকার করিলে, আমাকে উক্ত ভূমি হইতে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে, এবং আমার কোন মালিকী স্বত্ব না থাকাতে আমি মালিকানার দাওয়া করিতে পারিব না।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৩০৮২ A নম্বর।

১৮৮০ সাল ২৬ মে।—নিম্নলিখিত মহাশয়েরা বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ভূম্যধিকারি শ্রীযুত বাবু কালীকুমার আয়কৎ।
সওদাগর শ্রীযুত বাবু রামচন্দ্র কিৎ।

১৮৮০ সাল ২৭ মে।—নিম্নলিখিত মহাশয়েরা পুরনিয়া জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

শ্রীযুত হকিম জৈনুদ্দীন হুসেন। । শ্রীযুত কুমার পদ্মানন্দ।
শ্রীযুত জি, এস, হেস সাহেব।

নিম্নলিখিত মহাশয়েরা হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

তালুকদার শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ রায়।
ঐ ঐ বাবু ভগবতীচরণ বন্দ্যোপাধ্যায়।
ঐ ঐ বাবু কেদারনাথ রায়।
ঐ ঐ মিঞা মসিউদ্দীন আহম্মদ।
জমীদার শ্রীযুত বাবু পেয়ারী মোহন রায়।
তালুকদার „ বাবু শিবলাল মিত্র।
আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত বাবু উমেশচন্দ্র মিত্র।

১৮৮০ সাল ২৮ মে।—শ্রীযুত এচ, তামসন সাহেব হাবড়া জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

The 1st June 1880.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Purna Chunder Gangooly of his appointment as Honorary Magistrate in the district of Bhagulpore.

Baboo Udoy Ram Marwari is appointed to be an Honorary Magistrate for the Bench of Magistrates at Colgong, in the district of Bhagulpore, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 8th June 1880.—Mr. J. T. Jarbo, Deputy Magistrate and Deputy Collector, Chittagong Hill Tracts, is vested with powers equivalent to those of a Magistrate of the Second Class.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th June 1880.—Under Section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Moulvie Bazlur Rahim, authorizing him, with effect from the 19th April last, to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police station of Patuakhali in the district of Backergunge.

HORACE A. COCKERELL.
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION

The 7th June 1880.—It is hereby notified that under Section 10 of Act I (B.C.) of 1869 (entitled an Act for the Prevention of Cruelty to Animals), and under Section 3 of Act III (B.C.) of 1869 (an Act to enable Police Officers to arrest without warrant persons guilty of cruelty to animals), the Lieutenant-Governor sanctions the extension of the provisions of both Acts to the undermentioned places in the district of Pubna:—

Mirzapore.
Mohish Kangla.
Shoya
Koyra.
Baruca.
Char Chandari.
Sota Koyra.
Kalipore
Bara Koyra.
Chak Koyra.
Kawa Kala.
Chandal Bayra.
Dagachi.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

CIVIL BUILDINGS.

The 5th June 1880.

No. 104.—*Notification.*—The declaration No. 65, dated the 15th March 1879, under Section 6 of Act X of 1870 of the Government of India, issued by this Government for the acquisition of certain land for the District Engineer's and the Road Cess Committee's offices on the east of Taltolly khal, in the town of Sudharam, in the Noakhally district, which was published at page 210 of the *Calcutta Gazette* of the 19th March 1879, is hereby cancelled.

LOCAL COMMUNICATIONS.

The 7th June 1880.

No. 105.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a new section of road from Dhumchur to Bhanubihi Hât, 1st section of the Sundeep road running through the villages of Ashodia, Chabirpaik, Dalalpur, Jagodanundo, Sonadia, and Panair Tek,

১৮৮০ সাল ৭ জুন।—শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র গঙ্গোপাধ্যায় ভাগলপুর জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

শ্রীযুত বাবু উদয়রাম মাড়ওয়ারি ভাগলপুর জিলার অন্তর্গত [illegible] বালর্গাঁয়ের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ৮ জুন।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, টি, অ্যর্কো সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতার তুল্য ক্ষমতা পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৭ জুন।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ার-মতে রেজিষ্টরী করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী বজলুর রহমানকে লাইসেন্স দিয়া বাকরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালী পোলীস থানার এলাকার মধ্যে গত আপ্রিল মাসের ১৯ তারিখ অবধি মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৭ জুন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ১ আইনের ১০ ধারা ও জন্তুর প্রতি নির্দ্দয়াচারের অপরাধিদিগকে বিনা পরওয়ানায় ধৃত করণার্থে পোলীসের কর্ম্মকারকদিগকে ক্ষমতাপ্রদানার্থে ১৮৬৯ সালের বঙ্গীয় ৩ আইনের ১ ধারামতে ঐ২ আইনের বিধান পাবনা জিলার অন্তর্গত নিম্নলিখিত সকল স্থানে প্রচলিত হইবার আজ্ঞা করিলেন।

মির্জাপুর।	বাক্কা।	বড় কয়রা।
মহিষ কাঙ্গলা।	চর চাঁদারি।	চক কয়রা।
শোয়া।	সোতা কয়রা।	কাওয়া কালা।
কয়রা।	কালীপুর।	চাপাল বাড়া।

দাগাচি।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ৫ জুন।

		স্মৃতি বা ব্যবস্থাশাস্ত্র (A নব্য)				
১। শ্রীশশধর ভট্টাচার্য্য	১০০৲	শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন	...	পূর্ব্বস্থলী	স্মৃতিভূষণ	প্রসন্নকুমার ঠাকুরের দত্ত ছাত্র বৃত্তি মাসিক ৮৲ টাকা।
২ শ্রীকৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য	৫০৲	শ্রীদুর্গাচরণ তর্করত্ন	৫০৲	কালিপাড়া	স্মৃতিরত্ন	পার্ব্বতীদেবীর দত্ত পুরস্কার ৫০ টাকা।
২ শ্রীগয়ারাম ভট্টাচার্য্য	৫০৲	শ্রীরঘুনাথ ন্যায়পঞ্চানন		পূর্ব্বস্থলী	স্মৃতিকণ্ঠ	নারায়ণচন্দ্র আচার্য্য চৌধুরীর দত্ত পুরস্কার ৫০৲ টাকা।
শ্রীঅশোকচন্দ্র ভট্টাচার্য্য	২৫৲	শ্রী[illegible] তর্কালঙ্কার	১০০৲	শহর শেরপুর	স্মৃতিরত্ন।	
শ্রীকালীকৃষ্ণ [illegible]	২৫৲	শ্রী[illegible] বাগীশ		পূর্ব্বস্থলী	ঐ	শ্রীমতী রাণী স্বর্ণময়ীর দত্ত পুরস্কার অধ্যাপককে ৫০৲ টাকা।
শ্রীকেদারেশ্বর ভট্টাচার্য্য	২৫৲	শ্রী[illegible] তর্করত্ন		বালীপাড়া	স্মৃতিভূষণ।	
শ্রীনীলকণ্ঠ ভট্টাচার্য্য	২০৲	শ্রী[illegible] ন্যায়পঞ্চানন		পূর্ব্বস্থলী	স্মৃতিকণ্ঠ।	
শ্রীশারদাচরণ ভট্টাচার্য্য		শ্রী[illegible] স্মৃতিভূষণ		[illegible]	স্মৃতিভূষণ	ঐ
শ্রীযাদবচন্দ্র গোস্বামী	..	শ্রী[illegible] বিদ্যারত্ন		মূলাজোড় সংস্কৃত কালেজ।	ঐ	
শ্রীজনার্দ্দন ভট্টাচার্য্য	.	শ্রী[illegible] তর্কালঙ্কার	...	শহর শেরপুর	স্মৃতিরত্ন।	
শ্রীমথুরানাথ ভট্টাচার্য্য	..		.		ঐ	
শ্রীশশীভূষণ ভট্টাচার্য্য	.	শ্রী[illegible] ন্যায়রত্ন		[illegible]পুর	স্মৃতিভূষণ।	
শ্রীভূতনাথ ভট্টাচার্য্য	.	শ্রী[illegible] বিদ্যারত্ন	৫০৲	বিল্বপুকুর	স্মৃতিকণ্ঠ।	
শ্রীচণ্ডীচরণ মুখোপাধ্যায়	.	শ্রীমধুসূদন স্মৃতিরত্ন	—	কলিকাতা	স্মৃতিভূষণ।	
শ্রীরামগোপাল গোস্বামী	..	শ্রীতারা[illegible]	.	বৈদ্যবাটী	ঐ	
শ্রীব্রজনাথ ভট্টাচার্য্য	...	শ্রীখুদিরাম ন্যায়ভূষণ	৫০৲	গুপ্তিপাড়া	স্মৃতিরত্ন।	
শ্রীলক্ষ্মীকান্ত ভট্টাচার্য্য	.	শ্রীগুরুদাস সিদ্ধান্তবাগীশ	৫০৲	মুক্তাগাছা	স্মৃতিকণ্ঠ।	
		স্মৃতি বা ব্যবস্থাশাস্ত্র (B প্রাচীন)				
শ্রীহরিনাথ ভট্টাচার্য্য	..	শ্রীপঞ্চানন স্মৃতিরত্ন	...	[illegible]	স্মৃতিশিরোমণি	
		দর্শন শাস্ত্র A—তর্কশাস্ত্র।				
শ্রীজয়নাথ ভট্টাচার্য্য	...	শ্রীগঙ্গাধর বিদ্যারত্ন	৫০৲	গুপ্তিপাড়া	তর্কালঙ্কার	ভোলানাথ দত্তের দত্ত পুরস্কার ৫০ টাকা।
		B ন্যায় দর্শন।				
শ্রীকাশীশ্বর ভট্টাচার্য্য	১০০৲	শ্রীদীনবন্ধু ন্যায়রত্ন	১০০৲	কোন্নগর	তর্কবাগীশ	ধনপৎ সিংহের দত্ত পুরস্কার ১৫ টাকা ও হরকুমার ঠাকুরের স্বর্ণকেয়ূর।
শ্রীচণ্ডীচরণ ভট্টাচার্য্য	...	ঐ	...	ঐ	তর্কবাগীশ	জগন্মোহন মুখোপাধ্যায়ের দত্ত পুরস্কার ৫০ টাকা।
শ্রীজানকীনাথ ভট্টাচার্য্য	...	শ্রীরামধন তর্কপঞ্চানন	২০০৲	কৌড়োকদি	তর্করত্ন	পার্ব্বতী দেবীর দত্ত পুরস্কার ৫০ টাকা।

ফোর্ট উইলিয়ম, ১৮৮০ সাল তারিখ ৩০ মে।

এ, ডবলিউ, ক্রোফট, সাধারণের শিক্ষাসংক্রান্ত কার্য্যের ডৈরেক্টর।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 22, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২২ জুন।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MARCH 1880.

HON'BLE H. L. DAMPIER.

No. 1.

Rules for the conduct of civil suits having been issued by the Superintendent and Remembrancer of Legal Affairs with his circular No. 1243, dated 11th December 1879, the accompanying supplementary rules are circulated under the authority of the Board of Revenue, Lower Provinces, in pamphlet form, pending their issue as a chapter of the 2nd volume, new edition, of the Board's Rules.

Copies of these rules are being forwarded for the use of each Commissioner and District and Sub-divisional Officer. Managers of Wards' and attached estates and of other properties under the control and supervision of the officers of the Revenue Department can obtain copies from the Superintendent of Government Printing, Bengal, on payment of the price fixed.

HON'BLE C. T. BUCKLAND.

No. 2.

Salt pass stations 2 and 3—*i.e.* the pass stations of Tengrakali and Bhaitghur, in the district of Midnapore—should be struck out of the list of pass stations at page 15 of the revised Salt Manual.

2. Between the words "Orissa" and "however" in line 20, rule 5, page 3 of the revised Salt Manual, insert the words "and the district of Midnapore."

HON'BLE H. L. DAMPIER.

No. 3.

IT has been decided that the sale proceeds of waste paper should in future be credited to "XXIII—Miscellaneous," and the following correction should accordingly be made in clause 12, section VII, chapter XI, page 254 of the Board's Rules :—

For the words "Miscellaneous Land Revenue" substitute "XXIII—Miscellaneous."

No. 4.

IN submitting Return No. X, District Officers are requested to note in future at the foot of it how many, out of the number of estates entered in column 31, table I, are waste land lots temporarily held revenue-free under the new Waste Land Lease Rules, or other estates on which revenue will become payable at a known date, and the dates on which each such lot or estate will become liable for revenue.

HON'BLE C. T. BUCKLAND.

No. 5.

THE following headings are added to the form of Register No. 7 of excise cases, at page 276 of the Board's Rules, volume I, new edition :—

8. Amount of reward ordered.
9. Names of parties to receive reward.
10. Date of payment.
11. Receipt of payee.

NOTE.—This register should be examined by the Collector once a month, and explanation called for when the rewards have not been paid.

[illegible] *Gazette*, [illegible] June 1880.]

রাজস্ব বিষয়ক সরক্যুলর।

১৮৮০ সা° মার্চ মাস।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

১ নম্বর।

রাজকীয় মোকদ্দমার সুপরিন্টেণ্ডেন্ট ও প্রয়োজক সাহেব আপনার ১৮৭৯ সালের ১১ ডিসেম্বরের ১২৪৩ নম্বর সরক্যুলরের সহিত দেওয়ানী মোকদ্দমা চালাইবার বিধি প্রকাশ করাতে, নিম্নপ্রদেশের রেভিনিউ বোর্ডের অনুমতিক্রমে এতৎসংযুক্ত পরিশিষ্ট বিধি পুস্তিকাকারে প্রচার করা গেল এই বিধি বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের দ্বিতীয় বালামের একটি অধ্যায় হইয়া পরে বাহির হইবে।

প্রত্যেক কমিশ্যনর সাহেবের ও জিলার ও মহকুমার কর্তৃপক্ষের নিকট এই বিধি পাঠান যাইতেছে। রাজানুপালিত ও ক্রোকক্বত মহালের এবং রাজস্ব-বিভাগীয় কর্তৃপক্ষদের কর্তৃত্ব ও তত্ত্বাবধানাধীন অন্য সম্পত্তির কার্য্যাধ্যক্ষেরা অবধারিত মূল্য দিলে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছাপাখানার সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের স্থানে ঐ বিধি পাইতে পারিবেন।

মান্যবর শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

২ নম্বর।

লবণ বিষয়ক সংশোধিত পুস্তকের ১৫ পৃষ্ঠায় ছাড় দিবার ষ্টেশনের যে ফর্দ্দ আছে, তাহা হইতে মেদিনীপুর জিলায় লবণের ছাড় দিবার ২ ও ৩ নং ষ্টেশন, অর্থাৎ টেঙ্গরাখালীর ও ভৈতগড়ের ছাড় দিবার ষ্টেশন উঠাইয়া দিবে।

২। লবণ বিষয়ক সংশোধিত পুস্তকের ৩ পৃষ্ঠায় ৫ ধারার ২০ পংক্তিতে "উড়িষ্যায়" এই শব্দের পর "ও মেদিনীপুর জিলায়" এই কথা দিতে হইবে।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

৩ নম্বর।

ইহা স্থির করা হইয়াছে যে, অকর্ম্মণ্য কাগজ বিক্রয়ের টাকা ভবিষ্যতে "২৩।—বিবিধ" এই ঘরে জমা দেওয়া যাইবে, এবং এই নিমিত্ত বোর্ডের বিধিপুস্তকের ২৫৪ পৃষ্ঠায় ১১ অধ্যায়ের ৭ পরিচ্ছেদের ১২ ধারায় নিম্নলিখিত সংশোধন করিতে হইবে।—

"বিবিধ ভূরাজস্ব" এই কথার পরিবর্ত্তে "২৩।—বিবিধ" এই কথা দিতে হইবে।

৪ নম্বর।

জিলার কর্তৃপক্ষদিগকে অনুরোধ করা যাইতেছে যে, ১০ নং রিটর্ণ পাঠাইবার সময়ে তাঁহারা যেন ভবিষ্যতে উহার তলভাগে এই২ বিষয়ের মন্তব্য লিখিবেন, যথা, ১ নং টেবিলের ৩১ ঘরে যে২ মহাল লেখা থাকে তন্মধ্যে কতগুলি পতিত ভূমির পাট্টা দেওনবিষয়ক নূতন বিধিমতে কিয়ৎকালের নিমিত্ত বিনা রাজস্বে ভোগকৃত পতিত ভূমির লাট, অথবা নির্দ্দিষ্ট তারিখ অবধি যাহার রাজস্ব দিতে হইবে এরূপ অন্য মহাল, এবং যে২ তারিখ অবধি তদ্রূপ প্রত্যেক লাট বা মহালের প্রতি রাজস্ব দিবার দায় বর্ত্তিবে।

মান্যবর শ্রীযুত সি টি, বকলাণ্ড সাহেব।

৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ১ বালামের ২৭৬ পৃষ্ঠায়, আবকারী মোকদ্দমার ৭ নং রেজিষ্টরের পাঠে নিম্নলিখিত শীর্ষকগুলি যোগ করা গেল।—

৮। যত টাকা পুরস্কার দিবার আজ্ঞা হয়।

৯। যাঁহারা পুরস্কার পাইবেন তাঁহাদের নাম।

১০। দিবার তারিখ।

১১। গৃহীতার রসীদ।

মন্তব্য।—কালেক্টর সাহেব মাসে একবার এই রেজিষ্টর পরীক্ষা করিয়া দেখিবেন এবং পুরস্কারের টাকা না দেওয়া হইয়া থাকিলে কৈফিয়ত তলব করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

No. 6.

For the word "monthly" in line 2, clause 4, section VII, page 23 of the revised Salt Manual, substitute the word "quarterly."

Civil Suits.

Section I.—Suits to be conducted under instructions from the Legal Remembrancer.

1. All suits, including those connected with the estates of wards of court, or with other estates the property of individuals in charge of the revenue authorities, should be conducted in accordance with the rules issued by the Legal Remembrancer.

2. Special attention is called to rule 19, section I of those rules, in which it is laid down that a copy of the brief shall be sent by the Commissioner or the Collector to the Board for information :—

(*a.*) In all cases or classes of cases involving revenue questions in which the Board may by general orders so direct.

(*b.*) In all cases of importance in which the Commissioner or Collector may think that the Board, as the chief revenue authority, should be informed of the facts.

3. With reference to clause (*b*) of paragraph 2 above, the Board require that a copy of the brief shall be submitted to them. The copy of the brief required is a copy of the statement of facts which is drawn up for the Legal Remembrancer according to paragraph 17 of that officer's rules and of any other papers which may be material to a proper understanding of the merits of the case.

(*a.*) In all cases in which a suit is brought against Government or the Court of Wards to contest, set aside, or modify any proceedings of the revenue authorities in which the Board have taken a part; in cases affecting the right of Government to lands taken possession of as islands; and in cases affecting the right of Government to assess alluvial increments.

(*b*) In cases instituted by under-tenants or ryots to contest enhancements of rent, whether in Government estates, wards' estates, or in estates the property of private individuals, brought under settlement under Bengal Act VIII of 1879. In such cases, when several suits are instituted on similar grounds, it will only be necessary to send up copy of the brief in one typical case, with a report explanatory of the general circumstances.

4. It should further be understood that the Legal Remembrancer has been requested to consult the Board in cases involving general revenue questions, or affecting seriously the interests of Government in the Revenue Department.

5. The Board of Revenue is, under the Court of Wards Act, 1379, the Court of Wards, but under section 15 of the above Act the Board have delegated to Commissioners the power of ordering a suit to be brought on behalf of a ward, and of ordering all other things to be done which may be requisite for the proper conduct of any suit in which a ward is concerned.

6. Careful attention should be paid to the instructions issued by the Accountant-General regarding the adjustment of charges against wards' and other estates on account of fees for work done in the Legal Remembrancer's Office.

Section II.—Suits to be conducted or instituted without reference to the Legal Remembrancer.

1. Attention is drawn to rule 16 of the Rules of the Legal Remembrancer for the conduct of civil suits, under which certain suits will be conducted or brought without reference to the Legal Remembrancer.

2. Clause 1 of that rule refers to Government suits as well as wards' suits; clause 2 to wards' suits only. To the institution of such suits, as well as to their being conducted without reference to the Legal Remembrancer, the sanction of the Commissioner will in each case be necessary. After institution, Government suits (in all cases) and wards' suits as a

৬ নম্বর।

লবণ বিষয়ক সংশোধিত পুস্তকের ২৩ পৃষ্ঠায় ৭ পরিচ্ছেদের ৪ ধারার ২ পংক্তিতে "মাসিক" এই শব্দের পরিবর্ত্তে "ত্রৈমাসিক" এই শব্দ দিতে হইবে।

দেওয়ানী মোকদ্দমা সম্পর্কীয় পরিশিষ্ট বিধি।

১ পরিচ্ছেদ।—রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের আদেশমতে যে সকল মোকদ্দমা চালাইতে হইবে।

১। রাজানুপালিত ব্যক্তিদের মহাল সংক্রান্ত ও রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন ব্যক্তি বিশেষের সম্পত্তি স্বরূপ অন্য মহাল সংক্রান্ত মোকদ্দমা সমেত সমুদয় মোকদ্দমা রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রকাশিত বিধি অনুসারে চালাইতে হইবে।

২। ঐ বিধির ১ পরিচ্ছেদের ১৯ ধারার প্রতি বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। ঐ ধারায় বিধান আছে যে, কমিশ্যনর বা কালেক্টর সাহেব নিম্নলিখিত মোকদ্দমার বোর্ডের অবগতি নিমিত্ত মোকদ্দমার ব্রীফ বা সংক্ষিপ্ত বিবরণের এক প্রস্থ নকল পাঠাইবেন, অর্থাৎ,

(ক) রাজস্ব বিষয়ক প্রশ্নঘটিত যে সকল মোকদ্দমায় বা যে সকল শ্রেণীর মোকদ্দমায় বোর্ড সাধারণ আজ্ঞা দিয়া ঐ রূপ আদেশ করেন।

(খ) যে সকল গুরুতর মোকদ্দমায় কমিশ্যনর কি কালেক্টর সাহেব বিবেচনা করেন যে, রাজস্ব বিষয়ক প্রধান কর্ত্তৃপক্ষ বলিয়া বোর্ডকে সমুদয় বৃত্তান্ত অবগত করা উচিত।

৩। উপরি লিখিত ২ ধারার (খ) প্রকরণ উপলক্ষে বোর্ড আদেশ করিতেছেন যে, ব্রীফের এক প্রস্থ নকল তাঁহাদের নিকট পাঠাইতে হইবে। ব্রীফের যে এক প্রস্থ নকল চাই তাহাতে রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রণীত বিধির ১৭ ধারামতে বৃত্তান্তের যে বর্ণনাপত্র লেখা যায় তাহার নকল এবং মোকদ্দমার দোষ গুণ ভাল করিয়া বুঝিবার নিমিত্ত যে কাগজপত্র প্রয়োজনীয় তাহার নকল দিতে হইবে।

(ক) বোর্ড যাহাতে হস্তক্ষেপ করিয়াছেন রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষদের এরূপ কোন আনুষ্ঠানিক কার্য্যের প্রতিবাদ করিবার বা তাহা অসিদ্ধ বা পরিবর্ত্তিত করিবার নিমিত্ত গবর্ণমেন্টের বা কোর্ট অব ওয়ার্ডসের বিরুদ্ধে যে সকল মোকদ্দমা উপস্থিত হয়, এবং দ্বীপ বলিয়া যে ভূমি অধিকৃত হয় তাহাতে গবর্ণমেন্টের স্বত্ব লইয়া যে২ মোকদ্দমা হয়, এবং পৈবস্তী ভূমির উপর গবর্ণমেন্টের রাজস্ব ধার্য্য করিবার স্বত্ব লইয়া যে২ মোকদ্দমা হয়, তৎসমুদয় মোকদ্দমার উক্ত ব্রীফের নকল পাঠাইতে হইবে।

(খ) গবর্ণমেন্টের বা রাজানুপালিত ব্যক্তিদের মহালেই হউক, অথবা ১৮৭৯ সালের বঙ্গীয় ৮ আইনমতে বন্দোবস্তাধীনে আনীত সামান্য কোন ব্যক্তির সম্পত্তিস্বরূপ মহালেই হউক, খাজানা বৃদ্ধির প্রতিবাদ করণার্থে অধীন প্রজা বা রায়ত মোকদ্দমা উপস্থিত করিলেও, ব্রীফের নকল পাঠাইতে হইবে। এরূপ স্থলে একই প্রকার হেতু মূলক নানা মোকদ্দমা উপস্থিত করা গেলে, সাধারণ অবস্থার ব্যাখ্যাঘটিত রিপোর্টসহ একটি আদর্শ মোকদ্দমার ব্রীফের নকল পাঠাইলেই চলিবে।

৪। ইহাও বুঝিতে হইবে যে, রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রতি আদেশ করা গিয়াছে যে তিনি সাধারণ রাজস্ববিষয়ক প্রশ্নঘটিত অথবা রাজস্বসংক্রান্ত কার্য্যবিভাগে গুরুতররূপে গবর্ণমেন্টের স্বার্থঘটিত সকল মোকদ্দমায় বোর্ডের পরামর্শ জিজ্ঞাসা করিবেন।

৫। কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন অনুসারে রেবিনিউ বোর্ড কোর্ট অব ওয়ার্ডস হইয়াছেন, কিন্তু উক্ত আইনের ১৫ ধারামতে বোর্ড কোন রাজানুপালিত ব্যক্তির পক্ষে মোকদ্দমা উপস্থিত করিবার আজ্ঞা এবং রাজানুপালিত কোন ব্যক্তি যে মোকদ্দমায় লিপ্ত থাকেন, তাহা সুচারু রূপে চালাইতে হইলে অন্যান্য যাহা কিছু করিবার প্রয়োজন হয় তাহা করিবার আজ্ঞা দিবার ক্ষমতা কমিশ্যনর সাহেবদের প্রতি অর্পণ করিয়াছেন।

৬। রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের আফিসে যে কার্য্য হয়, তাহার ফীর নিমিত্ত রাজানুপালিত ও অন্য মহালের বিরুদ্ধে যে খরচ বিলি হইবে, তৎসম্বন্ধে আকৌণ্টাণ্ট জেনরল সাহেব যে আদেশ দেন, তাহার প্রতি সতর্কতাসহকারে মনোযোগ করিতে হইবে।

২ পরিচ্ছেদ।—রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া যে সকল মোকদ্দমা চালাইতে বা উপস্থিত করিতে হইবে।

১। রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রণীত দেওয়ানী মোকদ্দমা চালাইবার বিধির ১৬ ধারার প্রতি মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। ঐ ধারামতে কোন ২ মোকদ্দমা রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া চালান বা উপস্থিত করা যাইতে পারিবে।

২। ঐ ধারার প্রথম প্রকরণে গবর্ণমেন্টের ও রাজানুপালিত ব্যক্তিদের মোকদ্দমার ও দ্বিতীয় প্রকরণে কেবল রাজানুপালিত ব্যক্তিদের মোকদ্দমার কথা আছে। উক্তরূপ মোকদ্দমা উপস্থিত করিতে ও রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া চালাইতে হইলে, প্রত্যেক স্থলে কমিশ্যনর সাহেবের অনুমতি আবশ্যক হইবে। মোকদ্দমা উপস্থিত করা গেলে, কমিশ্যনর সাহেবের তত্ত্বাবধানের

general rule, will be conducted by the Collector under the supervision of the Commissioner, but in the case of large estates with experienced Managers, the conduct of such suits may, with the sanction of the Commissioner, be left to Managers.

3. Collectors or Managers, before instituting or defending such suits, should obtain the opinion of the local pleader employed by them, and should be careful not to enter upon any suit which may probably involve important issues without reference to the Legal Remembrancer or Board.

4. The Board's previous sanction will not be requisite; but to enable them to exercise a general supervision over this litigation, a quarterly return—No. XXIG, pages 299 and 301, Volume I, Board's Rules—must be submitted for each district, through the Commissioner, in the form given below. The return will be in three Parts, of which the first two will not be in tabular form.

5. The return will be due in the Commissioner's Office on the 15th July, October, January, and April; and in the Board's Office on the 1st August, November, February, and May, respectively.

6. Commissioners should review the returns when forwarding them in all cases in which they show an unfavourable result.

7. Whenever the Commissioner sees reason to apprehend that any case is likely to assume unforeseen importance, he should call for such information as will enable him to judge whether the advice of the Legal Remembrancer is necessary, and if such advice seems necessary, should forward the papers to the Legal Remembrancer.

8. Whenever an appeal appears to be necessary in a case conducted without reference to the Legal Remembrancer, a reference should be made to the Board so as, if possible, to admit of their passing orders in time for the institution of the appeal; but if orders are not received in time, the appeal may be instituted.

9. The papers sent up should be—

1. Copy of plaint.
2. Copy of reply.
3. Copy of decision.
4. Copy of grounds of appeal.
5. Copy of Government pleader's opinion.
6. Collector's remarks.

10. No appeal can under any circumstances be made to the High Court without reference to the Legal Remembrancer.

Return of Court of Wards' suits conducted without reference to the Legal Remembrancer under Rule 16, Section I, of the Legal Remembrancer's Rules for the quarter ending

PART I.

Suits instituted during the quarter under report.

This Part will not be in tabular form. The suits will be entered consecutively. Information will be given regarding each suit under the following heads, as far as the suit has progressed during the quarter under report:—

1. Serial number of the suit in the return.
2. Court in which suit is instituted, and number of suit in that court.
3. Date of institution.
4. Name of Ward's estate.
5. Names of parties.
6. Value of suit.
7. Purport of plaint.
8. Date of filing defence.
9. Purport of defence.
10. Issues fixed, if any, or any other material order passed during the quarter under report.
11. Reference to any correspondence which may have passed with the Board in connection with the subject of the suit.

[*Government Gazette, 22nd June* 1880.]

অধীনে কালেক্টর সাহেব গবর্ণমেন্টের মোকদ্দমা সকল স্থলেই ও রাজানুপালিত ব্যক্তিদের মোকদ্দমা সাধারণতঃ চালাইবেন; কিন্তু কোন বৃহৎ মহালের বহুদর্শী কার্য্যাধ্যক্ষ থাকিলে, কমিশ্যনর সাহেবের অনুমতিক্রমে উক্তরূপ মোকদ্দমা চালাইবার ভার উক্ত কার্য্যাধ্যক্ষের উপর রাখা যাইতে পারিবে।

৩। উক্তরূপ মোকদ্দমার অনুষ্ঠান বা প্রতিবাদ করিবার পূর্ব্বে কালেক্টর সাহেব বা কার্য্যাধ্যক্ষ যে স্থানীয় উকীলকে নিযুক্ত করেন তাঁহার মত লইবেন, এবং যে মোকদ্দমায় গুরুতর কথা উঠিবার সম্ভাবনা রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে বা বোর্ডের সাহেবদিগকে জিজ্ঞাসা না করিয়া তদ্রূপ কোন মোকদ্দমায় প্রবৃত্ত হইবেন না।

৪। বোর্ডের পূর্ব্বানুমতি আবশ্যক হইবে না; কিন্তু এইরূপ মোকদ্দমার যাহাতে তাঁহারা সাধারণ তত্ত্বাবধান করিতে পারেন তজ্জন্য প্রত্যেক জিলার নিমিত্ত বোর্ডের বিধি পুস্তকের ১ অধ্যায়ের ২৯৯৩০০১ পৃষ্ঠার ২১ G নম্বর ত্রৈমাসিক রিটর্ণ নিম্নলিখিত পাঠে কমিশ্যনর সাহেব দ্বারা পাঠাইতে হইবে। রিটর্ণের তিন ভাগ থাকিবে, তন্মধ্যে প্রথম দুই ভাগ টেবিলের অর্থাৎ নক্সার আকারে হইবে না।

৫। ঐ রিটর্ণ কমিশ্যনর সাহেবের আফিসে জুলাই ও অক্টোবর ও জানুয়ারি ও আপ্রিল মাসের ১৫ তারিখে এবং বোর্ডের আফিসে আগষ্ট ও নবেম্বর ও ফেব্রুয়ারি ও মে মাসের ১ তারিখে দিতে হইবে।

৬। রিটর্ণ ভাল রূপ স্পষ্ট না হইলে তাহা পাঠাইবার সময়ে কমিশ্যনর সাহেব তাহার সমালোচনা করিবেন।

৭। কোন মোকদ্দমার অদৃষ্টপূর্ব্ব গুরুত্ব হইয়া উঠিবার সম্ভাবনা, কমিশ্যনর সাহেব এরূপ আশঙ্কা করিবার কারণ দেখিলে, রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের উপদেশ লওয়া আবশ্যক কি না ইহা বিচার করিয়া দেখিবার নিমিত্ত যে বিবরণের প্রয়োজন হয় তাহা চাহিয়া পাঠাইবেন, এবং উক্ত উপদেশ আবশ্যক বোধ হইলে, কাগজপত্র রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের নিকট পাঠাইবেন।

৮। রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া যে মোকদ্দমা চালান যায় তাহাতে আপীল করা আবশ্যক বোধ হইলে, বোর্ডের সাহেবদিগকে এরূপে ঐ কথা জানাইতে হইবে যে সম্ভবতঃ তাঁহারা আপীল উপস্থিত করিবার সময় থাকিতে আজ্ঞা দিতে পারেন; কিন্তু সময়ের আজ্ঞা না পাওয়া গেলে, আপীল উপস্থিত করা যাইতে পারিবে।

৯। এইং কাগজ উপরে পাঠাইতে হইবে।

১। আরজীর বা আবেদনপত্রের নকল।
২। জবাবের বা উত্তরের নকল।
৩। রায়ের বা নিষ্পত্তির নকল।
৪। আপীলের হেতুর নকল।
৫। গবর্ণমেন্টের উকীলের মতের নকল।
৬। কালেক্টর সাহেবের মন্তব্য।

১০। রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া, যে কোন অবস্থায় হউক, হাই কোর্টে আপীল করা যাইতে পারিবে না।

রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের প্রণীত বিধির ২ পরিচ্ছেদের ১৬ ধারামতে অমুক তারিখপর্য্যন্ত ত্রৈমাসে রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া কোর্ট অব ওয়ার্ডসের যে সকল মোকদ্দমা চালান যায় তাহার রিটর্ণ।

প্রথম ভাগ।

যে ত্রৈমাস সম্বন্ধে রিপোর্ট হইতেছে তন্মধ্যে যে মোকদ্দমা উপস্থিত করা যায়।

এই ভাগ নক্সার আকারে হইবে না। ক্রমানুসারে মোকদ্দমাগুলি লেখা থাকিবে। যে ত্রৈমাস সম্বন্ধে রিপোর্ট হইতেছে তন্মধ্যে মোকদ্দমার কার্য্য যত দূর চলিয়াছে তত দূর পর্য্যন্ত প্রত্যেক মোকদ্দমা সম্বন্ধে নিম্নলিখিত শীর্ষকানুযায়ী সংবাদ দিতে হইবে।

১। রিটর্ণে মোকদ্দমার ক্রমিক নম্বর।
২। যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায় ও উক্ত আদালতে মোকদ্দমার নম্বর।
৩। মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ।
৪। রাজানুপালিত মহালের নাম।
৫। পক্ষদের নাম।
৬। যত মূল্যের মোকদ্দমা।
৭। আবেদনপত্রের মর্ম্ম।
৮। জবাব দাখিল করিবার তারিখ।
৯। জবাবের মর্ম্ম।
১০। যদি কোন বিচার্য্য ধার্য্য করা যায় তাহা, ও যে ত্রৈমাস সম্বন্ধে রিপোর্ট হইতেছে তন্মধ্যে অন্য কোন প্রয়োজনীয় আজ্ঞা হইয়া থাকিলে তাহা।
১১। মোকদ্দমার বিষয় লইয়া বোর্ডের সহিত চিঠিপত্র চলিয়া থাকিলে তাহার উল্লেখ।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

PART II.

Progress made during the quarter ending , in suits instituted in quarters previous to that under report.

This Part will not be in tabular form. Each suit will be entered consecutively, and for each suit the following particulars will be given :—

1. Specification of the quarter in which the suit appeared in Part I, with its serial number in Part I of that quarter.
2. Names of parties.
3. Reference to any entries relating to this suit in Part II of previous quarter.
4. Brief account of the progress made during the quarter under report, with purport of defence filed, issues fixed, and of any important orders passed or steps taken.
5. If the suit is decided, the purport of decision, the amount of decree, order as to costs, by whom payable, and other details.

PART III.

Pending suits in which no material progress has been made during the quarter under report.

This Part will be in tabular form, the headings of the columns being as follows —

1. Reference to the last entry of the suit in Parts I, II, or III
2. Names of parties.
3. Stage at which the suit had arrived at the end of the quarter previous to that under report.
4. Explanation of want of progress in the disposal of the suit in the quarter under report.

N.B.—Where several suits are similar in their circumstances, such as suits for rent for a particular period, they need not be entered separately. It will be sufficient to enter one typical suit in detail, with a note that there are so many other similar suits pending in the same court.

SECTION III.—MISCELLANEOUS.

1. Every public officer is liable to be left individually to defend a suit brought against him in his official capacity.

2. Whenever the Commissioner is of opinion that a public officer should be left to defend in his individual capacity any suit brought against him in his official capacity, he shall submit the case for the orders of the Board of Revenue, if the officer concerned is an officer subordinate to the Board.

3. Where the head of the district exercises both revenue and judicial powers, the assistant to the principal district officer must, in communication with the Government pleader, where there is such an officer, or where there is not, with a pleader selected from the local courts, prepare the pleadings in all Government suits, and send them to the Superintendent and Remembrancer of Legal Affairs, through the Commissioner, for orders and instructions, care only being taken that no case is made over to the assistant for trial which he has previously taken part in preparing

4. Collectors are not, as a rule, permitted to grant any copies of correspondence between the several officers of Government on the subject of suits without previous sanction obtained from the Board of Revenue. Copies of correspondence which has passed between the Legal Remembrancer and the Commissioner or Collector may, however, be given with the sanction of the Legal Remembrancer

[*Government Gazette*, 22nd *June* 1880.]

দ্বিতীয় ভাগ।

রিপোর্টের পূর্ব্ব ত্রৈমাসে যেং মোকদ্দমা উপস্থিত করা যায়, অমুক তারিখ পর্য্যন্ত ত্রৈমাসে তাহা যতদূর অগ্রসর হইয়াছে।

এই ভাগ নক্সার আকারে হইবে না। প্রত্যেক মোকদ্দমার কথা একাদিক্রমে লেখা যাইবে, এবং প্রত্যেক মোকদ্দমা সম্বন্ধে নিম্নলিখিত বিবরণ প্রদত্ত হইবে।—

১। যে ত্রৈমাসে মোকদ্দমা প্রথম ভাগে দেখা যায় তাহার নির্দ্দেশ ও উক্ত ত্রৈমাসের প্রথম ভাগে উহার যে ক্রমিক নম্বর ছিল তাহা।

২। পক্ষদের নাম।

৩। পূর্ব্ব ত্রৈমাসের দ্বিতীয় ভাগে এই মোকদ্দমা সম্বন্ধে কোন কথা লেখা থাকিলে তাহার উল্লেখ

৪। যে জবাব দাখিল, যে ইস্যু ধার্য্য ও যে প্রয়োজনীয় আজ্ঞা কৃত বা উপায় অবলম্বিত হয়, তাহার মর্ম্মসহ মোকদ্দমা রিপোর্টের ত্রৈমাসে যত দূর পর্য্যন্ত চলিয়াছে তাহার সংক্ষেপ বিবরণ।

৫। মোকদ্দমার নিষ্পত্তি হইয়া থাকিলে, নিষ্পত্তির মর্ম্ম, যত টাকার ডিক্রী, খরচা সম্বন্ধে আজ্ঞা, যাহার দিতে হইবে, ও অন্যান্য বিস্তারিত বিবরণ।

তৃতীয় ভাগ।

যে সকল উপস্থিত মোকদ্দমা সম্বন্ধে রিপোর্টের ত্রৈমাসমধ্যে বিশেষ কোন কার্য্য হয় নাই।

এই ভাগ নক্সার আকারে হইবে, ঘরের শীর্ষকগুলি পশ্চাল্লিখিত রূপ হইবে।

১। প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় ভাগে মোকদ্দমার কথা শেষবার লিখিবার উল্লেখ।

২। পক্ষদের নাম।

৩। রিপোর্টের পূর্ব্ব ত্রৈমাসের শেষে মোকদ্দমা যে অবস্থায় দাঁড়াইয়াছিল।

৪। রিপোর্টের ত্রৈমাসে মোকদ্দমার নিষ্পত্তি সম্বন্ধে কার্য্য না হইবার কৈফিয়ৎ।

টীকা।—কোন বিশেষ কালের খাজানার মোকদ্দমার ন্যায় নানা মোকদ্দমা সদৃশাবস্থাপন্ন হইলে, সমুদয় গুলির কথা স্বতন্ত্ররূপে লিখিবার প্রয়োজন নাই। বিস্তারিতরূপে একটি আদর্শ মোকদ্দমার কথা লিখিয়া সেই আদালতে তাদৃশ এত গুলি মোকদ্দমা উপস্থিত আছে, এইরূপ মন্তব্য কথা লিখিলেই চলিবে।

৩ পরিচ্ছেদ।—বিবিধ।

১। কোন রাজকীয় কার্য্যকারকের পদোপলক্ষে তাঁহার বিরুদ্ধে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, তিনি নিজে ঐ মোকদ্দমার প্রতিবাদ করিবেন, এরূপ দায় তাঁহার উপর বর্ত্তিতে পারে।

২। কোন রাজকীয় কার্য্যকারকের পদোপলক্ষে তাঁহার বিরুদ্ধে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, তিনি নিজে ঐ মোকদ্দমার প্রতিবাদ করিবেন, কমিশ্যনর সাহেবের এরূপ মত হইলে, যদি ঐ কার্য্যকারক বোর্ডের অধীন হন, তবে কমিশ্যনর সাহেব ঐ মোকদ্দমা সম্বন্ধে বোর্ডের আজ্ঞা পাইবার নিমিত্ত তাহা বোর্ডে পাঠাইবেন।

৩। জিলার কর্ত্তৃপক্ষের মাল ও বিচার সম্পর্কীয় উভয় প্রকার ক্ষমতা থাকিলে, জিলার প্রধান কর্ত্তৃপক্ষের সহকারী, গবর্ণমেণ্টের উকীল থাকিলে তাঁহার সহিত পরামর্শ করিয়া, কিম্বা গবর্ণমেণ্টের উকীল না থাকিলে স্থানীয় আদালতের যে উকীলকে মনোনীত করেন তাঁহার সহিত পরামর্শ করিয়া, গবর্ণমেণ্টের সমুদয় মোকদ্দমার হেতুবাদ প্রস্তুত করিবেন, এবং আদেশ ও উপদেশ নিমিত্ত তাহা কমিশ্যনর সাহেবের দ্বারা রাজকীয় মোকদ্দমার সুপারিণ্টেণ্ডেণ্ট ও প্রয়োজক সাহেবের নিকট পাঠাইবেন। কিন্তু উক্ত সহকারী যে মোকদ্দমা প্রস্তুত করিয়াছেন তাহার বিচার করিবার ভার তাঁহার প্রতি না দেওয়া হয়, এই বিষয়ে কেবল সাবধান হইতে হইবে।

৪। মোকদ্দমা সম্বন্ধে গবর্ণমেণ্টের নানা কার্য্যকারকদের মধ্যে যে চিঠিপত্র চলে, রেবিনিউ বোর্ডের অনুমতি পূর্ব্বে না লইয়া কালেক্টর সাহেবেরা তাহার নকল দিতে পারেন না, এইটি সামান্য বিধি। কিন্তু রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের সহিত কমিশ্যনর সাহেবের বা কালেক্টর সাহেবের যে চিঠিপত্র চলিয়াছে, রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেব অনুমতি দিলে, তাহার নকল দেওয়া যাইতে পারিবে।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A. AND B. L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 22, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২২ জুন।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

জিলা বর্দ্ধমান।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের শরত অনুসারে বর্দ্ধমান জেলার স্থিত নিম্নের লিখিত মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা বর্দ্ধমানের কালেক্টরিতে ইংরাজি ১৮৮০ সালের ২৮ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৮৭সালের ১৫ আষাঢ় সোমবার নিলামে বিক্রয় হইবে খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্বাপেক্ষায় অধিক মূল্য দিতে স্বীকার করিবেন তাহাকে বিক্রয় করা যাইবে। খরিদারকে সেই মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবে। এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকাস্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবে কেবলমাত্র তিনি ধার্য্য রাজস্ব আদায় দিতে থাকিবেন।

২। মহালের প্রজাদিগের পাট্টার শরত এবং বন্দবস্তের কাগজাতে ও প্রচলিত আইনানুসারে যাহার যে স্বত্ব স্বীকার করা হইয়াছে তাহা বজায় রাখিয়া এই বিক্রয় করা যাইবে খরিদার খোদকস্তা রাইয়ত দিগের যে রাইয়তেরা রিভিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমাবন্দিতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। যদি খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হয় তবে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে।

৪। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে। বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনের দিবা ২প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবে ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে দাখিল না করিলে বিক্রয় রহিত ও অগ্রিম দের টাকা সরকারে জব্দ হইয়া প্রথম তুলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া এই মহাল ত্রুটিকারি খরিদারের ঝুকিতে পুনরায় নীলাম করা যইবে ইতি।

খাসমহালের লিষ্টির নম্বর।	তৌজির নম্বর।	মাহালের ও পরগনার নাম।	ভূমির পরিমাণ একরের হিসাব।			ধার্য্য রাজস্ব।	নির্দ্ধারিত মূল্য।	মন্তব্য।
			একর	রোড	পোল			
৫৮ নং	২৬৫১ নং	মিমদহ পং সাতসৈকা।	২	৩	১৬	২৲	১০৲	

F. WYER, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

নিলামের ইস্তাহার।

জিলে ত্রিপুরা ইস্তাহারনামা কালেক্টরি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎলিখিত মহালের গবর্ণমেন্টের জমীদারী স্বত্ব ইংরেজি ১৮৮০ সনের ২৮ জুন মোতাবেক ১২৮৭ বাং ১৫ আষাঢ় সোমবার ত্রিপুরা জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক খরিদদারগণ নিম্নলিখিত নিয়ম অনুসারে বাধ্য হইবেক।

বিক্রয়ের নিয়ম।

১। মহালের নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহার নিকট বিক্রয় করা যাইবেক ক্রেতাকে মহালের ভূম্যধিকারী বলিয়া গণ্য করা যাইবেক এবং চিরস্থায়ী নির্দ্দিষ্ট রাজস্ব দিবার নিয়মে ঐ মহালে গবর্ণমেন্টের যে জমিদারী স্বত্ব আছে তাহা সমুদয় হস্তান্তর হইয়া ক্রেতাকে সম্পূর্ণরূপে বর্ত্তিবেক।

২। বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রচলিত আইন হইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বাহাল থাকিবে, রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাসন্দীতে যেং বসতি রায়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতাকে তাহাদিগের স্বত্ব মানিতে হইবেক।

৩। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

৪। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দাখীল করিতে হইবে, বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেন্টে জব্দ হইবে, ও প্রথমস্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে ঐ মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে ইতি ১৮৮০ ইং ৫ আপ্রিল।

ষ্টেটমেন্টের নম্বর	জিলার বহীতে নম্বর	মাহাল ও পরগনার নাম	ন্যুনাধিক বত একর পরিমাণ এঃ রুড. পোল, গজ	ধার্য্য করা রাজস্ব	নিলামের প্রথমডাক	মন্তব্য।
২৩৭	১০২৬	তং ফরকাবাদ তালুক মনোওর হোসন	২ । ১ । ৯ । ১২¾	২১৩৯	৮৪৸৶	সন ১২৮৭ সনের ১ বৈশাখ হইতে নিলাম গণ্য হইবেক।

F. JONES, *Collector.*

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে নিম্নলিখিত ১।২।৭ পোল সিঃ চিহ্নিত জমি যাহা রেইলওযে কোম্পানি ত্যাগ করিয়াছে তাহা ১৮৮০ সালের ২৮ জুন মোং ১২৮৭। ১৫ আষাঢ় সোমবার তারিখে মোং রাণীগঞ্জের সবডিবিজানের কাছারিতে নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে বিক্রয় হইবেক আর খরিদারকে নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে হইবেক।

১। খরিদের মূল্য ১০০৲ টাকার কম হইলে তাহা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে।

২। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক। বিক্রয়ের দিবস একদিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনের দিবা ২ প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবে; ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে ২ প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে; দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথমস্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া এই মহল ত্রুটিকারী খরিদারের ঝুকিতে পুনরায় নিলাম করা যাইবে ইতি।

উল্লেখিত জমি নির্দ্ধারিত মূল্যের উচ্চ মূল্যে লাখারাজস্বরূপ বিক্রয় করা যাইবেক এবং খরিদারকে আইনানুসারে সর্টিফিকেট দেওয়া যাইবে ইতি।

খাসমহালের রেজিষ্টরির নম্বর।	জেলার বোলের নম্বর।	পরগনা ও মহালের নাম।	ন্যুনাধিক পরিমাণ।	নির্দ্ধারিত মূল্য	মন্তব্য।
৫১	১	কুওয়াম বাজার পং সেরগড়।	এঃ রোঃ পোঃ ১-২-৭	১,০০০৲	নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত নিলামে বিক্রীত হইবে।

F. WYER, *Collector.*

[*Government Gazette, 22nd June* 1880.]

জিলা যশোহর।

নিলামের ইস্তাহার।

ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা যশোহরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৮ মার্চ্চ শেষ তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বেরন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২৮ জুন মোং ১২৮৭ সালের ১৫ আষাঢ় তারিখে ঐ জেলার কালেক্টর সাহেবের কাচারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণীর চিরস্থায়ী জমাধার্য্য হওয়া মহাল।

১৮৮ নং তৌজির মহল কিঃ মামুদপুর পঃ ইসফপুর মালিক গোবিন্দচন্দ্র রায় ও মৌলবী ওবেদুল্লা ও মৌলবী টহুরান আমিনউল্লা ও বিবি এজ্জেতেন্নেছা ও মুক্তকেশী দাস্যার নামীয় ৭২৯।৵২ টাকা সদর জমার তালুক ১৯৮৵৬ টাকা বাকী রাজস্ব আদায় কারণ নিলাম হইবেক।

১৯২ নং তৌজির মহাল কিঃ মাধবপাসা পঃ ইসফপুর মালিক বনমালি বসু ও বৈকুণ্ঠনাথ বসু ওরফে ভারতচন্দ্র বসু বীরচাঁদ বসু ও বরদাকান্ত বসু ও পঞ্চানন বসু ও ঈশ্বরচন্দ্র বসু ও উপেন্দ্রচন্দ্র ও কিরণচন্দ্র রায় নাবালগের নামে ২৫৮৭৶৪ টাকা সদর জমার তালুক লেখা যায় তাহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনমতে হিসাব পৃথক থাকায় ২ হিস্যা পঞ্চানন বসু ও ৩ হিস্যা উপেন্দ্রচন্দ্র ও কিরণচন্দ্র রায় নাবালগের নামীয় ৯৮৮৶১০॥ টাকা সদর জমার মহালে বাকী না থাকায় ছাড়িয়া দেওয়া গেল ১ হিস্যা বনমালি বসু ও বৈকুণ্ঠনাথ বসু ওরফে ভারতচন্দ্র বসু ও বীরচন্দ্র ও বরদাকান্ত বসুর নামীয় ১৫৯৮৷৶৫॥ টাকা সদর জমার মহালে বাকী থাকায় ৷৵৭॥ আনা বাকী রাজস্ব আদায় জন্য নিলাম হইবেক।

২৬৩ নং তৌজির মহাল মৌজে সবাফপুর পঃ সাহোষ রাজা বরদাকণ্ঠ রায়বাহাদুর ও বৈকুণ্ঠনাথ বসু ওরফে ভারতচন্দ্র বসু ও বীরচাঁদ বসু ও বরদাকান্ত ও পঞ্চানন ও ঈশ্বরচন্দ্র বসুর নামে ২১২৪৷৵৮ টাকা সদর জমার তালুক লেখা যায় তাহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনানুসারে হিসাব পৃথক থাকায় ২ হিস্যা পঞ্চানন বসু ও ঈশ্বরচন্দ্র বসুর নামীয় ৭৯৬৷৵১॥ টাকা সদর জমার মহালে বাকী না থাকায় ছাড়িয়া দেওয়া গেল ১ হিস্যা রাজা বরদাকণ্ঠ রায় বাহাদুর ও বৈকুণ্ঠনাথ বসু ওরফে ভারতচন্দ্র বসু ও বীরচাঁদ বসু ও বরদাকান্ত বসুর নামীয় ১৩২৮৵৬॥ টাকা সদর জমার মহালে বাকী থাকায় ৫০৵৭॥ টাকা বাকী রাজস্ব আদায় জন্য নিলাম হইবেক।

E. H. RUDDOCK, *Collector.*

জেলা যশোহর কালেক্টরী।
সন ১৮৮০। ২১ মে।

জিলা বর্দ্ধমান।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বর্দ্ধমানের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮০ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ সালের ২৫ জুন মোং ১২৮৭। ১২ আষাঢ় শুক্রবার তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে সন ১৮৮০। ৫ মে।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল কিবল সরকারী রাজস্বর জন্য নিলাম।

৫৯ নং তৌজি মহাল মোহনপুর পরগণে বাধা মালিক মনকৃষ্ণ মুখোপাধ্যায় সদরজমা ১৯৫৩৷৶.১ টাকা বাকী ৫৩৪৶৯ টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

১২৩ নং তৌজিভুক্ত মহাল ছোটাপুর পরগনে ছোটাপুর মালিক হিরামণী দাসী, মাতঙ্গিনী দাসী হারাধন মুস্তোফি, তারামণী দাসী, প্রসন্নকুমার মুস্তোফি, নীলরতন মুখোপাধ্যায়, সারদাপ্রসাদ মুখোপাধ্যায়, গিরিবালা দেবী, তারামণী দাসী, লক্ষ্মীদাস মুস্তোফি, বিশ্বম্ভর বসু, নগেন্দ্রনাথ মিত্র মজুমদার, দেবেন্দ্রনাথ মিত্র মজুমদার, সুরেন্দ্রনাথ মিত্র মজুমদার, নাবালগ মণীন্দ্রনাথ মিত্র মজুমদার অলিমাতা শ্রীমত্যা লক্ষ্মীমণী দাসী, শ্রীমত্যা তিনকড়ী দাসী ও শ্রীমত্যা যাদুমণী দাসী, দ্বারকানাথ চৌধুরী, যোগেন্দ্রগতি মুস্তোফি নাবালগের অলিমাতা ভুবনমোহিনী দাসী, মাধবগতি মুস্তোফি দ্বারকাগতি মুস্তোফি, শ্রীমতী অভিরামণী দাসী ওগয়রহ ভগবতী গতি মুস্তোফি, উন্মাদ নাবালগ শরতচন্দ্র ঘোষ চারুচন্দ্র ঘোষ সুরেশচন্দ্র ঘোষের অলিমাতা শ্রীমত্যা মধুমণী দাসী ক্ষেত্রনাথ মুস্তোফি চন্দ্রগতি মুস্তোফি অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায়, শ্রীমত্যা পঞ্চু দেব্যা, রাধিকাপ্রসাদ নাগ, লক্ষ্মীদাস মুস্তোফি, রাজকৃষ্ণ সিংহ, চণ্ডীলাল সিংহ, কালিদাস সিংহ, নাবালগের অলি ও অছি তস্য পিতামহী শ্রীমত্যা বিলাসমণী দাসী, মধুসূদন চৌধুরী, রাধাজীবন মুস্তোফি, ধর্ম্মদাস মুস্তোফি সদরজমা ২০৪৪।/৮ টাকা বাকী ৭১।৶৭ টাকা।

৫১১৩ নং তৌজিভুক্ত মহাল চান্দুটে পরগনে সাহাবাদ মালিক সৈএদ মহামুদ এহিয়া, আক্তাওর রহমান, সৈএদ আবদুল সেলাম, নাবালগের তবফ মেনেজার শ্রীমননারায়ণ মুখোপাধ্যায়, আবদুল কর্ত্তা, খবিরা বিবি, সৈদা বিবি, সৈএদ মহামুদ মুছা সদরজমা ৯০৮।।/১ টাকা বাকী ৫০৩৸৯ টাকা।

৬২৩৭ নং তৌজিভুক্ত মহাল কল্যাণপুর পরগনে অম্বিকা মালিক সৈএদ হামেদল হক, আবদুল সাদেক, আবদুল অহুদ, খোদেজা বিবি, যদুনাথ পাল, এনাএতআলি, মফিজদ্দীন, কাজুতু বিবি বাজুতু বিবি, কাজতু বিবি, ফজলে রহমান ওরফে আল্লারাখা, আমনেছা বিবি, সৈএদ তোফজল আলি, হামেদল হক, তফীএতনেছা বিবি ওগয়রহ আফজলল হক সদরজমা ৮৬৩।।৶৪ টাকা বাকী ১৸/১০ টাকা।

F. WYLE, *Collector.*

জিলা ত্রিপুরা।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহ দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা ত্রিপুরার অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবি ১৮৮০ ইং সালের ২৮ মার্চ রবিবার থাকাহেতু ২৯ মার্চ দিবসে দেও হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮০ ইং সালের ২৩ জুন মোং ১২৮৭ বাং ১০ আষাঢ় বুধবার দিবসে প্রকাশ্য নিলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৮০ ইং সাল তারিখ ৪ মেই।

তফসিল।

তৌজি নম্বর।	এরেজেষ্টরের নম্বর।	মহালের নাম।	মালিকের নাম ও ধাম ও স্বত্বের বিবরণ এবং সীমা।	সদর জমা।	বাকী।	
২৫	৪৯৬	দুর্গাপুর তপা ভং দুর্গাপুর	আলম রাজা ওরফে ইধন গাজী চৌধুরি পিং আহম্মদ রাজা চৌধুরী সাং ওলচাপাতা পং সরাইল হাল সাং বারপাইকা কাছারি ভং কবকাবাদ ষ্টেশন টুবগী বাগরা ভুম্যধিকারি . ।/৬।।=	৮২৮।৶১১৲৬৸		এই দুই অংশ নিলাম হইবেক না।
			মাহামদ গাজী চৌধুরী সাং রূপসা পং সিংহের গাও সতকার্য্যে নির্ব্বাহার্থে কর্ম্মাধ্যক্ষ ... ।/৬।।=	৮২৮।০		
			।।৶১৩। —	১৬৫৬৸৶১১৲৬৸		
			উমেদরাজা চৌধুরি পিং মৃত আহাম্মদ রাজা চৌধুরী সাং পং তথা ভুম্যধিকারি ... ।/৬।।=	৮২৮।৶১১ ৲১৩। ক্রান্ত	১৯৮/৬	এই অংশ নিলাম হইবেক।
			১	২৪৮৫।৶১১	১৯৮/৬	

প্রকাশ থাকে যে উক্ত মহালের ।/৬।।= ক্রান্ত অংশ মালিক উমেদ রাজা চৌধুরী রাজস্ব মং ৮২৮।৶ ১৲১৩। ক্রান্তের হিসাব যে ১৮৫৯ ইং ১১ আইনের ১০ ধারানুযায়ী পৃথক হইয়াছে ঐ অংশের বাকী পড়াতে তাহা নিলাম হইবেক।

F. JONES, *Offg. Collector.*

[*Government Gazette, 22nd June* 1880.]

জেলা মেদিনীপুর।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহারদ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৮০ সালের ২৮ মার্চ দিবসে দেও হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮০। ২৬ জুন আমলি ১২৮৭ সালের ১৪ আষাঢ় বাঙ্গলা ১২৮৭ সালের ১৩ আষাঢ় শনিবার দিবসে প্রকাশ্য নিলামে নিরবশেষে বিক্রয় হইবে।
১৮৮০ সাল তারিখ ১৭ মে।

তফসীল।

তায়দাদ নম্বর।	এঃ রেজিষ্টরী নম্বর।	তৌজী নম্বর।	মহাল ও পরগনার নাম।	মালিকের নাম।	সদর জমা।	যে সরকারী বাকী রাজস্ব জন্য নিলাম হইবেক।	কৈফিয়ত।
				চিরবন্দোবস্ত।			
১	২৩০	১৫৫৭	মঃ কাঁটাপাল পং খড়গপুর।	কুঞ্জবেহারি রায় ও শ্রীনাথচরণ পাল ও রাধাকৃষ্ণ দে ও দ্বারিকানাথ পাল ও ক্ষেত্রমোহন পাল ও প্রাণগোবিন্দ নাগ ও জ্ঞানেন্দ্রকুমার ও জ্যোতিন্দ্রকুমার ও রবীন্দ্রকু ও নগেন্দ্রকুমার ও যোগেন্দ্রকুমার ও গুণেন্দ্রকুমার নাগ নাবালকগণ কোর্ট অবওয়ার্ডসের অধীন মেনেজার দ্বারিকানাথ পাল।	মায় রোড় ফণ্ড ১০৩০৲	১৫৪৮৵৪	
২	৪০০	২৫৯	মঃ খাশীরাম বাড় ওঃ কুলডিহী পং খান্দার	লক্ষ্মীনারায়ণ দাস মহাপাত্র ও প্যারিমণী দাসী প্রকাশিত পার্ব্বতী দাসী ও কমলকামিনী দাসী ও ভগীরথ জানা ও মাণিকরাম খাটুয়া ও জন্মেজয় মল্লিক ও কৃষ্ণপ্রসাদ ও মধুসূদন অট্ট ও অযোধ্যারাম ও বলভরাম খাটুয়া ও কালীচরণ দত্ত ও তারামণী দাসী রামপ্রসাদ দাসের পত্নী ও সীতারাম ও রমানাথ ঘোষ ও মাণিকরাম খাটুয়া।	৫০২।৴১০		
				বাদ সীতারাম ও রমানাথ ঘোষ ও মাণিকরাম খাটুয়ার পৃথক হিসাব নিলাম হইবেক না।	১১৫॥৶৩		
				বাকী লক্ষ্মীনারায়ণ দাস মহাপাত্র ও প্যারিমণী দাসী প্রকাশিত পার্ব্বতী দাসী ও কমলকামিনী দাসী ও ভগীরথ জানা ও মাণিকরাম খাটুয়া ও জন্মেজয় মল্লিক ও কৃষ্ণপ্রসাদ ও মধুসূদন অট্ট ও অযোধ্যারাম ও বলভরাম খাটুয়া ও কালীচরণ দত্ত ও তারামণী দাসী রামপ্রসাদ দাসের পত্নীর এজমালী অংশ যাহার সরকারী বাকী ৮॥৬ জন্য নিলাম হইবেক।	৩৮৬।।৩৭	৮॥৬	
৩	৪১২	২৭১	মঃ বাড়বাশী পং খান্দার।	লক্ষ্মীচরণ সৎপতি ও গোলোকচন্দ্র দত্ত ও মাণিকরাম পাল ও ব্রজমোহন মহাপাত্র ও গঙ্গারাম ও খাশীরাম দে ও আনন্দমণী দেব্যা ও রঘুনাথ দাস মহাপাত্র ও লছমনপ্রসাদ ও সীতারাম দাস মহাপাত্র ও নরহরি মাহারিক ও প্যারিমণী দাসী বনিতা গুরুপ্রসাদ মজুমদার ও ভুবনচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও গঙ্গানারায়ণ ও স্বরূপনারায়ণ	১৯১৫৬৸৴১	১৬৬॥৶৮	

তপসিল নম্বর	রেজিষ্টরী নম্বর।	তৌজি নম্বর।	মহাল ও পরগনার নাম।	মালিকের নাম।	সদরজমা।	যে সরকারি বাকীর জন্য নিলাম হইবেক।	কৈফিয়ত।
				চিরবন্দোবস্ত।			
				মাইতি ও মাতঙ্গিনী দাসী মাতা মহাকেজ তারকনাথ ও ভোলানাথ মাইতি নাবালক ও খএরাত আলী ও শ্যামরাউত ও অক্ষয়নারায়ণ জানা ও স্বর্ণমণী ও নবীনচন্দ্র নাগ ও অক্ষয়রাম বেরা ও রামকৃষ্ণ চক্রবর্ত্তী ও রাম মোহন মাইতি ও বেচারাম আচার্য্য ও মধুসূদন মান্না ও শ্রীমতী যশোদামণী ও রত্নামণী ও তিলোত্তমা ও লালমোহন ও ভুবনমোহন ও ইন্দ্রনারায়ণ মেইকাপ ও রাধাচরণ সিংহ ও রাধামোহন ও ইন্দ্রমোহন পাল।			
১	৪১৪	২৭৩	মঃ নাশগেড়্যা ওরফে সাহাড়দা পং খান্দার।	উদয়চাঁদ জানা ও রামপ্রসাদ বেরা ও রাজীব ভুঞা ও রত্নমণী জওজে বৈকুণ্ঠনাথ জানা ও আনন্দরাম রায় ও বাবুরাম ভুঞা ও দ্বারিকানাথ ও মদনমোহন মাসান্ত ও তারামণী দাসী ও রামসাগর ভঞ্জ ও গোলোকচন্দ্র ও মধুসূদন ও গোপীনাথ ও লক্ষ্মীনারায়ণ ও রমানাথ ও শ্রীনিবাস মাসান্ত ও নবীনচন্দ্র নাগ ও গুরুসাহা ভকত তস্য মৃত ভ্রাতা রামভজন ভকত স্থলাভিষিক্ত গুরুসাহা ভকত ও গোলোকচন্দ্র মাসান্ত ও শ্রীনাথচন্দ্র নন্দী ও শিবপ্রসাদ ভঞ্জ ও রাজারাম জানা।	২১০১।৪		
				বাদ গোলোকচন্দ্র মাসান্ত ও মধুসূদন ও গোপীনাথ ও লক্ষ্মী নরায়ণ ও রমানাথ ও শ্রীনিবাস মাসান্তের পৃথক হিসাব নিলাম হইবেক না।	২০৩৲		
				বাদ নবীনচন্দ্র নাগের পৃথক হিসাব নিলাম হইবেক না।	১৭২।।০		
				বাদ গুরুসাহা ভকত তস্য মৃত ভ্রাতা. রামভজন ভকত স্থলাভিষিক্ত গুরুসাহা ভকতের পৃথক হিসাব নিলাম হইবেক না।	৬৬৪৴১১		
				বাদ গোলোকচন্দ্র মাসান্তের পৃথক হিসাব নিলাম হইবেক না।	৬০৴০		
				বাদ শ্রীনাথচন্দ্র নন্দীর পৃথক হিসাব নীলাম হইবেক না।	৫৩৴০		
				বাদ শিবপ্রসাদ ভঞ্জের পৃথক হিসাব নীলাম হইবেক না।	১৩০।৴৫		
				বাদ রাজারাম জানার পৃথক হিসাব নীলাম হইবেক না।	১২৯।৶		
					১৪৩২।৶৪		
				বাকী উদয়চাঁদ জানা ও রামপ্রসাদ বেরা ও রাজীব ভুঞা ও রত্নমণী জওজে বৈকুণ্ঠনাথ জানা ও আনন্দরাম রায় ও বাবুরাম ভুঞা ও দ্বারিকানাথ ও মদনমোহন মাসান্ত ও তারামণী দাসী ও রামসাগর ভুঞার এজমালী অংশ যাহার সরকারী বাকী ২৫৸১১ টাকা জন্য নীলাম হইবেক।	৬৬৮৲/	২৫৸১১	

[*Government Gazette*, 22nd *June* 1880.]

তফসিল নম্বর।	এঃ রেজিষ্টরী নম্বর।	তৌজী নম্বর।	মহাল ও পরগণার নাম।	মালিকের নাম।	সদরজমা।	যে সরকারী বাকী রাজস্ব জন্য নিলাম হইবেক।	কৈফিয়ত্‌।
				চিরবন্দোবস্ত।			
৫	৪১৫	২৭৪	মহবত চেয়ারা পং খাজার।	শ্রীনিবাস ও কৈলাসেশ্বর বসু ও রামচরণ ও তীর্থচরণ পাল।	১১১৵২	৶৫	
৬	৮২৬	৪৬৮	মং চাজুয়াল পং কিং খজাপুর।	ক্ষেত্রমোহন পাল ও দীনবন্ধু নন্দী স্বয়ং ও বক্তক নবদ্বীপচাঁদ নন্দী নাবালগ ও কীর্ত্তিবাস পাল ও শ্রীমত্যা ব্রহ্মময়ী দাসী ও শ্রীনাথচরণ পাল ও শ্যামাচরণ পাল ও শিবচন্দ্র পাল ও ঈশানচন্দ্র ও ভেজচন্দ্র পাল	৮২০॥৴৫	৩০॥৶৮	
৭	৯০২	৪৯৬	মঃ হেমাগড় পং কাশীযোড়া।	ভজহরী দে ও চন্দ্রশীখর রায় ও কৃষ্ণবল্লব রায় ও শ্রীকণ্ঠ রায় ও গুরুচরণ রায় ও দীননকৃষ্ণ রায়।	৫৪৮৸৶৬	৸৶৬	
৮	৯০৯	১৪	মঃ ভুঞা পং কেদার কুণ্ডু।	শ্রীধরচরণ নন্দী ও শ্রীমত্যা দাসীমণী দাসী।	১১৩৭৷৩	২৬৬৷০	
৯	১২২১	৬১৭	মঃ গোগ্রাস পং কাশীযোড়া।	শ্রীমত্যা আদরমণী দেব্যা ও রঘুনাথ দাস ও সীতানাথ দাস পদ্মরাজ মহাপাত্র ও শ্রীমত্যা ঈশ্বরীমণী দেব্যা ও খয়রাতআলি ও নবীনচন্দ্র বর্দ্ধন ও অরুণচন্দ্র বর্দ্ধন ও দ্বারিকানাথ মাল মেনেজার কোর্টঅবওয়ার্ডসের অধীন জ্ঞানেন্দ্রকুমার নাগ দিঃ	মায় পুলিস ১৫১২৶৩	৩৮৷৶৯	
১০	১৪২০	৭৯৫	মঃ জকলা পং খজাপুর।	দ্বারিকানাথ ও দর্পনারায়ণ সাসাত্ত ও শ্রীমত্যা যমুনামণী দাসী মাতা মহাকেন্দ্র সদানন্দ মাসাত্ত নাবালক ও বসুমতী দাসী মাতা রক্ষকনবদ্বীপচন্দ্র সাসান্ত ও শ্রীমতী প্রসন্নময়ী দাসী ও উমাচরণ মহাপাত্র।	৮৭৩॥৴	১৯২॥০	
				মিয়াদী।			
১১	১৪২৫	১২৮	মঃ জলামুঠা পং জলামুঠা	হরিপ্রিয়া দেব্যা ও আনন্দময়ী দেব্যা।	মায় রোডফণ্ড ৯৯২২৭॥	৪৬০৫২৸৴১০	
				চিরবন্দোবস্ত।			
১২	১৫৭৬	৮৯৩	মঃ কসবা পং এগরাচোর।	লক্ষ্মীনারায়ণ কর মহাপাত্র ও গঙ্গানারায়ন ও স্বরূপনারায়ন ও প্রতাপনারায়ণ ও দুর্গাপ্রসাদ পাহাড়ি।	৮৫৫।।৴৭	৫৸৴৭	
১৩	১৭০৮	৯৫২	মঃ থাগড্যা ড্যা পং সবঙ্গ	মধুসূদন ও কুন্তর নারায়ন রায় ও হরগোবিন্দ রায় পুত্রগণ ও শ্রীমত্যা শুয়াদেয়ী মাতা ও মংরক্ষক স্বত্তরায় নাবালগ বনিতা লক্ষ্মীনারায়ণ রায় ও কৌশল্যামণী ও আহ্লাদিনী দাসী ও মদনমোহন দে।	৭২৫॥৶২	৩২৫৷৷৵০	
১৪	১৭৭৬	৯৩৪	মঃ খণ্ডখোলা পং কাশীযোড়া	চাঁদহরি ও নবকুমার ও গোপীনাথ ও ঈশানচন্দ্র ও ত্রৈলোক্যনাথ মাইতি।	৯৬৩॥৴২	২৬৸১০	
				মিয়াদী।			
১৫	২০৫০	২৬০	মঃ মাজুয়ামুঠা ওঃ বালিযোড়া ও সরিস্কা বাদ ও মাজনামুঠা ও কসবাহিজলীর খাস পত্তিত জঃ দপাই পং মাজনামুঠা নিবারি	রাধিকাপ্রসন্ন চন্দ্র ..	মায় পাটয়ারি ৮৫১৪	৩৮৮৩৶০	

তরতিব নম্বর।	এঃ রেজিস্টরী নম্বর।	তৌজি নম্বর।	মহাল ও পরগণার নাম।	মালিকের নাম।	সদর জমা।	যে সরকারি জারী রাজস্বের নিলাম হইবেক।	কৈফিয়ত।
				চিরবন্দোবস্ত।			
১৬	২১	১১৫৯	মঃ শীতলাই পং সবঙ্গ	রামশঙ্কর বসু ও রামসুন্দর মহাপাত্র ও ক্ষেত্রমোহন মাসান্ত ও রামগোবিন্দ বসু ও বিক্রম মহাপাত্র ভ্রাদরে মহাফেজ বিনন্দরাম মহাপাত্র নাবালগ ও বিক্রম মহাপাত্র ও সৈয়দ মহম্মদ হুসেন।	৬৫৪।৶৪	১৫৲	
১৭	২১৫৮	১১৯০	মঃ পাতনকুল পং ভুঞামুঠা।	শ্রীমত্যা সত্যভামা ও শ্রীমতী ব্রহ্মময়ী পোষ্যমাতা ও রক্ষক উপেন্দ্রলাল রায় নাবালগ ও শ্রীমত্যা মাতঙ্গিনী দাসী মাতা ও রক্ষক তারকনাথ ও ভোলানাথ মাইতি নাবালগ।	৬৬১৷১৯	৩১০।০	
১৮	২১৫৯	১১৯১	মঃ পশ্চিম মাশড়্যা ওঃ বেতাল খটিয়াম পঃ ভুঞামুঠা।	আনন্দলাল রায় ও মত্যা সত্যভামা ও শ্রীমতী ব্রহ্মময়ী পোষ্য মাতা, রক্ষক উপেন্দ্রলাল রায় নাবালগ ও মুরারিলাল রায়।	৩৬২০।৶৵	১৩৯৸৵	
১৯	২২৯০	১২৬০	মঃ রোহিনান পং সবঙ্গ	মাণিকরাম ও আত্মারাম ও ভক্তারাম ও রাজীবলোচন ও কালীপ্রসাদ ও পঞ্চানন মজুমদার ও রামদেব ও ভারতচরণ বাকুড়া ও পদ্মলোচন ভুঞা ও শ্রীমতী বিরাজ মনমোহিনী ও তারাপ্রসাদ ও শিবনারায়ণ ও দীনবন্ধু দে নাবালগগণের মহাফেজ মাসিরাম দে ও রামকৃষ্ণ দে ও শ্রীমতী বিরাজ মনমোহিনী বাদ মাণিকরাম ও আত্মারাম ও ভক্তারাম ও রাজীবলোচন ও কালীপ্রসাদ ও পঞ্চানন মজুমদার ও রামদেব ও ভারতচরণ বাকুড়া ও পদ্মলোচন ভুঞার এজমালি অংশ নিলাম হইবেক না ... ১৬২৴১ বাদ তারাপ্রসাদ ও শিবনারায়ণ ও দীনবন্ধু দে নাবালগগণের মহাফেজ মাসিরাম দের পৃথক হিসাব নিলাম হইবেক না ... ৪৯৭।০ বাদ রামকৃষ্ণ দের পৃথক হিসাব নিলাম হইবেক না ... ১৮৫৲১০ বাদ শ্রীমতী বিরাজ মনমোহিনীর পৃথক হিসাব নিলাম হইবেক না ... ... ২১৯৷ বাকী শ্রীমতী বিরাজমনমোহিনীর পৃথক হিসাব যাহার সরকারি বাকি ২৪৯৷।০ জন্য নিলাম হইবেক।	১৫৯৫৸৶১০ ১০৬৩৸৴১১ ৫৩২৴১১,	২৪৯৷।০	
২০	২৫১৪	১৩২৪	মঃ সিমুলা পং ভুঞামুঠা	আনন্দলাল রায় ও শ্রীমত্যা ব্রহ্মময়ী পোষ্যমাতা রক্ষক ও মহাফেজ উপেন্দ্রলাল রায় নাবালগ ও শ্রীমত্যা সত্যভামা।	১০৭০৷৴৬	১৬৭।৴৬	

MIDNAPORE COLLECTORATE;
The 22nd May 1880.

J. C. PRICE,
Offg. Collector.

[*Government Gazette, 22nd June* 1880.]

জেলা পাবনা।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

কাছারি কালেক্টরি জেলা পাবনা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা অনুসারে জেলা পাবনার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল ১৮৮০ সালের ২৯ মার্চ তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আজ্ঞানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে ১৮৮০ সালের ১২ জুলাই মোতাবেক ১২৮৭ সালের ২৯ আষাঢ় সোমবার ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে ১৮৮০। ২১ মে।

নম্বর তৌজি।	নাম মহাল ও পরগনা	নাম মালিক।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
৬ নং	তিহি ফতেপুর পং ইসফসাহি।	শ্রীনাথ ভাদুড়ী বৈকুণ্ঠনাথ সান্যাল।	২৭২০।/০ পুঃ ৩৩/০	৩১২।।০ •	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরিক মধ্যে শ্রীনাথ ভাদুড়ী দিগরের এজমালী মায় পোলীস ১৩৭৭৸/০ আনা সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমতঃ কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়েনাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
৮ নং	কিঃ বেতাপেন্তক পং ঐ	রামকান্ত রায় ও জয়কৃষ্ণ রায়।	৬৬৩।।/০ পুঃ ৭।।০ •	৩।০ •	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরিক মধ্যে রামকান্তরায় জয়কৃষ্ণ রায়ের মায় পোলীস ৫৩৪৸০ আনা সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১২৪ নং	কিঃ পং বাজুচর্প পং বাজু চর্প।	আনন্দ চন্দ্র ভট্টাচার্য্য	২৮৯৯।।৶০ পুঃ ৬।৶০	২০৮৸/০ •	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরিক মধ্যে আনন্দচন্দ্র ভট্টাচার্য্যের এজমালি সদর জমা মায় পোলীস ৭২৩।।/০ আনা অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৩৩ নং	কিঃ পং বাজুচর্প পং বাজুচর্প।	শিবেন্দ্রনারায়ণ ভট্টাচার্য্য দিগর।	২৮৯৯।।৶০ পুঃ ৬।৶০	২০৮৸/০ •	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরিক মধ্যে শিবেন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য দিগরের এজমালি মায পোলীস ৭২৩।।/০ আনা সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা।
১৩৪ নং	ঐ ঐ	গুরুগোবিন্দ চৌধুরী	৯৬৬।।/০ পুঃ ২৶০	১২৬৲ •	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরিক মধ্যে গুরুগোবিন্দ চৌধুরী দিগরের মায় পোলীস ৪৮৪।৶ আনা এজমালি সদর জমা অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

নম্বর তৌজি	নাম মহাল ও পরগণা।	নাম মালিক।	সদরজমা।	বাকীর পরিমাণ	মন্তব্য।
১৩১ নং	কিং পং বাজুচর্প পং পং বাজুচর্প।	শম্ভুনাথ ভৌমিক …	৯৬৬॥/০ পুঃ ২✓০	৬৩৲ ০	এই মহাল ১৮৫৯।১১ আইনমত হিসাব পৃথক আছে সরিক মধ্যে শম্ভুনাথ ভৌমিক দীগরের মায় পোলিস ২৪।✓ আনা এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৭৩ নং	কিঃ তং মাভম …	মহেশ রাম গুরুচান্দ মজুমদার কৃষ্ণমণী চৌধুরাণী শম্ভুনাথ মজুমদার।	৮০৪।০ পুঃ ৮৶০	২৸০ ০	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরীক মধ্যে মহেশরাম মজুমদার দীগরের মায় পোলীস ৩২১৮✓ আনা এজমালি সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৭৫ নং	কিঃ তং শ্যামপুর পং আমিরাবাদ।	মুনশী মহাম্মদ হাফেজ দীগর।	৩১৫৬॥✓০ পুঃ ৫✓	১॥০ ০	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরিক মধ্যে মুনশী মহাম্মদ হাফেজের এজমালি মায় পোলীস ২৭০১৸৶ আনা সদর জমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নিলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১৭৬ নং	কিঃ তরফ 'কালীকানাড়ী' পং আমিরাবাদ।	কৃষ্ণমঙ্গল শাহা দিগর…	৫৩৬॥✓ পুঃ ৸✓০	৭।৶০ ০	এই মহাল ১৮৫৯। ১১ আইনমত হিসাব পৃথক আছে সরীক মধ্যে কৃষ্ণমঙ্গল শাহা দুর্য্যোধন শীকদার মথুরানাথ শাহা ও প্রসন্ননাথ শাহা ও নাবালগ কেদারনাথ শাহা দিগরেরমায় পোলীস ৪৪৭৸✓০ সদর জমার অংশে এইবাকীপড়ায় প্রথমত কেবল তাহাই নীলাম হইবেকপ্রকাশ থাকে যেঅংশে বাকী পড়েনাই তাহা নীলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
১০৫ নং	কিঃ কচ গোবিন্দপুর পং কাটার মহাল্লা।	বামাসুন্দরী দেব্যা ও গোবিন্দচন্দ্র লাহড়ী	১৫৬০৲ পুঃ ১৪৸৶০	৩৮৯৶০ ০	সম্পূর্ণ মহাল নীলাম হইবেক।
১৭৬ নং	কিং গুমাধারা গয়রহ পং সোণাবাজু।	কাশীচন্দ্র. গোপালকৃষ্ণ মৈত্র দিগর।	১৮৯১✓০	১০৸৶০	এই মহাল ১৮৫৯।১১ আইনমত হিসাব পৃথক আছে সরীক মধ্যে কাশীচন্দ্র গোপালকৃষ্ণ মৈত্রের ২১৩৷৶০ আনা সদরজমার অংশে এই বাকী পড়ায় প্রথমত কেবল তাহাই নীলাম হইবেক প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নীলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক।
